সংশোধিত ও পরিবর্দ্ধিত।

MATERIA MEDICA.

ভৈষজ্য বোধ।

ইংরাজী ১৮৮৫ সালের নূতন ব্রিটিশ ফার্ম্মাকোপিয়া অনুসারে ইংরাজী ঔষধ সকলের প্রস্তুত প্রণালী, প্রয়োগরূপ ও মাত্রা এবং ঐ সালে প্রকাশিত গ্যারড সাহেবের মেটিরিয়া মেডিকার ১১শ সংস্করণ অনুসারে ঔষধ সকলের শ্রেণীবিভাগ, ক্রিয়া ও ব্যবহারের সংক্ষিপ্ত বিবরণ।

দ্বিতীয় ভাগ।

উদ্ভিদ ও প্রাণীজ ঔষধ সকল।

(কতিপয় নূতন ঔষধ দেশীয় ঔষধ ও পেটেণ্ট ঔষধ সন্নিবেশিত)

ঢাকা, মেডিকেল স্কুলের কেমিকেল এসিষ্টাণ্ট

শ্রীসূর্য্যনারায়ণ ঘোষকর্ত্তৃক

প্রণীত ও প্রকাশিত।

দ্বিতীয় সংস্করণ।

ঢাকা—শুভসাধক যন্ত্রে, প্রিণ্টার শ্রীগোপীনাথ বসাক দ্বারা মুদ্রিত।

১৮৯০। ২১শে আগষ্ট।

মূল্য ১।০ এক টাকা চারিআনা মাত্র

কলিকাতা ২০১ কর্ণওয়ালিসষ্ট্রীট, মেডিকেল লাইব্রেরীতে প্রাপ্তব্য।

উদ্ভিদ্ ঔষধের সূচীপত্র।

উদ্ভিদ ঔষধ সকল।

রেননকিউলেসি শ্রেণী।

একোনাইট।

একোনাইটম নেপেলস (মনকস্হুড) নামক বৃক্ষের পত্র ও মূল ঔষধার্থে ব্যবহার হয়। ব্রিটনদেশে জন্মে।

একোনিটাই ফোলিয়া। একোনাইট লিভস্।

একোনাইট পত্র।

একোনাইট নেপেলস বৃক্ষের সদ্য পত্র ও পুষ্পিতশাখাগ্র।

প্রঃ—১। এক্সট্রাক্টম্ একোনিটাই। এক্‌ট্রাক্ট অব্ একোনাইট।

একোনাইটের সদ্যপত্র ও পুষ্পযুক্ত শাখাগ্র ১১২ পাউণ্ড পাথরের খলে মর্দ্দন করিয়া রস বাহির করিবে। এই রস হইতে গ্রিন এক্সট্রাক্ট প্রস্তুতের নিয়মানুসারে সার প্রস্তুত করিবে।

মাত্রা ।০—১ গ্রেণ।

একোনিটাই রেডিকস। একোনাইট রূট। একোনাইট মূল।

একোনাইট নেপেলস্ নামক বৃক্ষের শুষ্ক মূল।

প্রঃ—১। একোনাইটিনা।

২। লিনিমেণ্টম একোনিটাই (১ তং আউন্সে ১ আউন্স)

৩। টিংচুরা একোনিটাই (১ আউন্সে ৫৪॥০ গ্রেণ)

একোনাইটিনা। একোনিটাইন। একোনাইটের বীর্য্য।

নামান্তর—একোনাইসিয়া।

একোনাইট রুট চূর্ণ ১৪ পৌণ্ড, রেক্টিফাইড স্পিরিট, ডিষ্টিল্ড ওয়াটার, সলিউশন্ অব্ এমোনিয়া, বিশুদ্ধ ঈথর, ডাইলিউট সলফিউরিক এসিড প্রত্যেক যথা প্রয়োজন। একোনাইট মূলচূর্ণ স্পিরিটে টিংচার প্রস্তুত করিয়া, উহা হইতে স্পিরিট অন্তর করিবে। অবশিষ্ট সারকে স্ফুটিত জলে দ্রব করিয়া শীতল হইলে ফিল্টার করিবে। এমোনিয়া যোগে একোনাইটিনা পৃথক করিয়া ঈথার, সলফিউরিক এসিড, এমোনিয়া ও ডিষ্টিল্ড জলদ্বারা শোধিত করিয়া শুষ্ক করিয়া লইবে।

প্রয়োগরূপ—অঙ্গুয়েণ্টম একোনাইটিনি (১ আউন্সে ৮ গ্রেণ)

একোনিটাইন	৮ গ্রেণ বা ১ ভাগ।
রেক্টিফাইড স্পিরিট	॥০ তং ড্রাম " ৩॥০ তং ভাগ।
বেনজোয়েটেড লার্ড	১ আউন্স " ৫৫ ভাগ।

২। লিনিমেণ্টম একোনিটাই। লিনিমেণ্ট অফএকোনাইট।

একোনাইট রুট ৪০ নং চূর্ণ ...	২০ আউন্স।
কর্পূর	১ আউন্স।

রেক্টিফাইড স্পিরিট যোগে ৩০ তং আউন্স পূর্ণ করিবে। মেসিরেশন ও পর্কোলেশন করিয়া পরে কর্পূর যোগ করিবে।

৩। টিংচুরা একোনিটাই। টিংচার অফএকোনাইট।

একোনাইট রুট ৪০ নং চূর্ণ	২॥০ আউন্স।
রেক্টিফাইড স্পিরিট ...	১ পাইণ্ট।

আবদ্ধ পাত্রে একোনাইট রূপ ৪৮ ঘণ্টাকাল ১৫ আউন্স

স্পিরিটে ভিজাইয়া মধ্যে২ নাড়িয়া দিবে, পর্কোলেটারে রাখিয়া পরকোলেট করিবে, সমুদয় স্পিরিট অংশ নির্গত হইলে অবশিষ্ট ৫ আউন্স স্পিরিট দিয়া পর্কোলেট করিবে, পর্কোলেটারের মধ্যস্থ দ্রব্য চাপ দিয়া রস বাহির করত ফিলটার করিবে সমুদয় তরল দ্রব্য একত্র করিয়া স্পিরিট যোগে ১ পাইন্ট করিবে।

মাত্রা ৫—১৫ মিনিম।

ক্রিয়া—ধামনিক অবসাদক, বেদনা নিবারক, ঘর্ম্মকারক, প্রদাহনাশক, মূত্রকারক।

স্থানিক—বেদনানিবারক।

ব্যবহার—বাত, গাউট, নিউরালজিয়া, হাইপার্ট্রফিঅবদি হার্ট, ড্রপ্সি, জ্বর, প্রদাহ, সায়েটিকা, টিকডলরু, লম্বেগো।

স্থানিক—নিউরালজিয়া, বাত।

পডফাইলাই রাইজোমা। পডফাইলম রাইজোম।

(নামান্তর—পডফাইলাই রেডিক্স) ভেজিটেবেল মার্করি।

পডফাইলম পেলটেটম বৃক্ষের শুষ্ক মূল। এমেরিকার ইউনাইটেড্ ষ্টেটে জন্মে। চূর্ণের মাত্রা। ১০—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—পডফাইলাই রেজিনা।

(১) পডফাইলাই রেজিনা রেজিন অব্ পডফিলম।

পডফিলম রাইজোম ৪০ নং চূর্ণ .. ১ পাউণ্ড।

রেক্টিফাইড স্পিরিট .. ৩ পাইন্ট বা যথাপ্রয়োজন।

পডফিলম রাইজোম চূর্ণ স্পিরিট সহিত পর্কোলেশন করিবে, লব্ধ টিংচারকে ষ্টিলমধ্যে রাখিয়া অধিকাংশ স্পিরিট চুয়াইয়া অন্তর করিবে, অবশিষ্ট তরল দ্রব্যকে ইহার ৩ গুণ আয়তন জলে ক্রমে২ মিলাইবে ও নাড়িয়া দিবে, ২৪ ঘণ্টা স্থির ভাবে রাখিলে

রেজিন অধঃস্থ হইবে ইহাকে ফিল্টারে রাখিয়া ডিষ্টিল্ড জলে ধৌত করত শুষ্ক করিবে।

২। প্রয়োগরূপ—টিংচুরা পর্ডফিলাই (১ তং ড্রামে ১ গ্রেণ)।

রেজিন অব্ পডফিলম	·	১৬০ গ্রেণ বা ১ ভাগ।
রেক্টিফাইড স্পিরিট	·	১ পাইণ্ট „ ৫৪.৬৪ তং ভাগ।

দ্রব করিয়া ফিল্টার কর।

মাত্রা ১৫—৬০ মিনিম।

ক্রিয়া—বিরেচক, পিত্তনিঃসারক, জালাপ ও স্কেমনির ন্যায় তরল ভেদ হয়, পরিবর্ত্তক, শোষক।

(ড্রাষ্টিক পর্গেটিভ, কোলেগগ, অল্টারেটিভ, এবসার্বেন্ট)

ব্যবহার—কোষ্টবদ্ধ, শোথ, উদরী, পোর্টাল কন্জেশ্চন্।

ষ্টেফিসেগ্রি সেমিনা। ষ্টেভিসেকার সিডস্।

ডেলফিনিয়ম ষ্টেফিসগ্রিয়ার পক্ক শুষ্কবীজ। ইউরোপের দক্ষিণ অংশে জন্মে।

প্রঃ—অঙ্গুয়েণ্টম ষ্টেফিসগ্রি। অয়েণ্টমেণ্ট অফষ্টেভিসেকার।

ষ্টেভিসেকার বীজ	···	৪ আউন্স বা ১ ভাগ।
বেনজোয়েটেড লার্ড		৮ আউন্স বা ২ ভাগ।

বীজচূর্ণ লার্ডের সহিত মিলাইবে, ওয়াটার বাথের তাপে ২ ঘণ্টা পর্য্যন্ত চূর্ণবীজকে তরল উষ্ণ লার্ডে রাখিয়া, কেলিকো কাপড় দিয়া ছাঁকিয়া শীতল হইতে দিবে।

ইহাতে শতকরা ১০ ভাগ অয়েল অব্ ষ্টেফিসেকর আছে।

ক্রিয়া—মোটার নার্ভ সকলের ক্রিয়াহীন করে, ইহার বীর্য্য একোনিটাইন ন্যায় অবসাদক, পৃষ্ঠমজ্জার উপরে অবসা-

দন ক্রিয়া থাকাতে, ষ্ট্রিকনিয়া দ্বারা উৎপন্ন কম্পভলনন নিবারণ করিতে সক্ষম।

চূর্ণের মাত্রা ৩—১০ গ্রেণ কিন্তু কদাচ ব্যবহার হয়।

স্থানিক প্রয়োগে উকুনাদি কীট নষ্ট করে।

ব্যবহার—প্রধানতঃ উকুন নষ্ট করিতে ইহার চূর্ণ বা মলম ব্যবহৃত হয়।

সিমিসিফিউগি রাইজোমা। সিমিসিফিউগা।

(একটিই বেডিক্স)

সিমিসিফিউগা বা একটিই বেসিমোজার (ব্লাকস্নেকরুট) শুষ্ক রাইজোম ও মূল।

ক্রিয়া—বৃহৎমাত্রায়, বমনেচ্ছা ও বমন, দুর্ব্বলতা, শীরো-পীড়া উৎপাদন করে, হৃদপিণ্ডের উপর ডিজিটেলিসের ন্যায় বলকারক ক্রিয়া প্রকাশ করে কিন্তু এই ক্রিয়া অপেক্ষাকৃত মৃদু।

ব্যবহার—রিউমাটিকফিবার, কোরিয়া, লম্বেগো, বিশেষ প্রকার পিণ্ডবপারল হাইপো কনড্রায়েসিস, হৃদপিণ্ডের বলকারক ও আগ্নেয় বলকারকরূপেও ব্যবহার হয়, ব্রঙ্কাইটীস, থাইসিস ও একিউট ক্যাটার রোগে কফঃনিঃসারণ জন্য।

প্রয়োগরূপ—১। একসট্রাক্টম সিমিসিফিউগি লিকুইডম।
২। টিংচুরা সিমিসি ফিউগি।

১। একট্রাক্টম সিমিসিফিউগি লিকুইডম।

সিমিসিফিউগা ৬০ নং চূর্ণ	...	২০ আউন্স।
রেক্টিফাইড স্পিরিট	...	যথাপ্রয়োজন।

পর্কোলেসন্ ও ইভাপোরেশন্ করিয়া স্পিরিট যোগে পরিমাণ ২০ তং আউন্স করিবে। মাত্রা ৩—৩০ মিনিম।

*২। টিংচুরা সিমিসিফিউগা। (টিংচার অব্ একটিই।)

সিমিসি ফিউগা ৪০ নং চূর্ণ	...	২॥৹ আউন্স।
প্রুফ্স্পিরিট	...	১ পাইণ্ট।

১৫ আউন্স স্পিরিটে ৪৮ ঘণ্টাপর্য্যন্ত সিমিসি ফিউগি আবদ্ধ পাত্রে মেসিরেট করিয়া, মধ্যে২ নাড়িবে, পর্কোলেসন করিবে, পরে অবশিষ্ট ৫ আউন্স স্পিরিট সহ পর্কোলেসন করিয়া, অবশিষ্ট দ্রব্যকে প্রেস বা চাপদিবে, নির্গত রসকে ফিল্টার করিবে, উভয় তরল দ্রব্য একত্র করিয়া প্রুভ স্পিরিট যোগে ১ পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা ১৫—৬০ মিনিম।

মেগনলিয়েসি শ্রেণী।

এনিসি ষ্টেলেটাই ফ্রকটস। ষ্টার এনিসি ফ্রুট।

ইলিসিয়ম এনিসেটমবৃক্ষের শুষ্ক বীজ। দেখিতেমৌরিরমত, চীনদেশে জন্মে।

প্রয়োগরূপ—ওলিয়ম এনিসি। (বায়ীতৈল)

বীজ চুয়াইয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—আগ্নেয়, উত্তেজক, বায়ুনাশক।

মাত্রা ১—৪ মিনিম।

প্রয়োগরূপ—এসেনসিয়া এনিসি (৪ ভাগে ১ ভাগ)।

টিংচুরা কেম্ফরি কম্পাজিটা (একপাইণ্টে ॥৹ ড্রাম)

টিংচুরা ওপাই এমোনিয়েটা (১ পাইণ্টে ১ ড্রাম)

* যে সকল টিংচার প্রুভ স্পিরিট যোগে প্রস্তুত তাহাতে এই চিহ্ন দেওয়া গেল।

মেনিসপ্পারমেসি শ্রেণী।

কেলম্বিবেডিক্স। কলম্বারূট।

জেটিযরহিজা কেলম্বার (ককিউলস পামেটস) শুষ্ক মূল চক্রাকারে কাটা। আফ্রিকার পূর্ব্বাংশে জন্মে।

চূর্ণের মাত্রা। ৫—২০ গ্রেণ।

প্রঃ—এক্সট্রাক্টম কেলম্বি (১ পাউণ্ড হইতে প্রায় ২॥০ আউন্স)।
ইনফিউজম কেলম্বি ... (১ পাইণ্টে ১ আউন্স)।
টিংচুরা কেলম্বি ... (১ পাইণ্টে ২॥০ আউন্স)।
মিসচুরাফেরি এরোমেটিকা ... (১৬ তং আউন্সে ॥০ আউন্স)।

১। একস্‌ট্রাক্টম কেলম্বি। এক্সট্রাক্ট অফকলম্বা।

কলম্বা মূল ক্ষুদ্র ২ খণ্ডে কাটা .. ১ পাউণ্ড।
প্রুফ স্পিরিট .. . ৪ পাইণ্ট।

২ পাইণ্ট প্রুফস্পিরিটে কলম্বা ১২ ঘণ্টা মেসিরেট করিয়া ছাকিয়া পরে চাপদিয়া তরল ভাগ অন্তর করিবে। অবশিষ্ট ২ পাইণ্ট স্পিরিট সহ ঐ প্রক্রিয়া ২য় বার করিবে, উভয় তরল দ্রব্য একত্র করিয়া স্পিরিট চুয়াইয়া অন্তর করিবে। অবশিষ্ট ভাগ ওয়াটার বাথের তাপে উপযুক্তরূপ ঘন করিবে।

মাত্রা। ২—১০ গ্রেণ।

২। ইনফিউজম কেলম্বি। ইনফিউশন অফকলম্বা।

নামান্তর -কলম্বাওয়াটার।

কলম্বারূট ক্ষুদ্রৎ কাটা ... ॥০ আউন্স বা ১ ভাগ।
শীতল ডিষ্টিল্ড জল ... ১০ তং আউন্স বা ২০ তং ভাগ।

আবৃত পাত্রে অর্দ্ধঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা। ১—২ তং আউন্স।

* ৩। টিংচুরা কেলম্বি। টিংচার অফকলম্বা)

কলম্বা রুট ছোট ২ কাটা .. ... ২॥০ আউন্স।
প্রুফ্ স্পিরিট ... ... ১ পাইন্ট।

আবদ্ধ পাত্রে, ১৫ আউন্স স্পিরিটে, ৪৮ ঘণ্টাকাল কলম্বা মেসিরেট করিবে, মধ্যে২ নাড়িয়া দিবে, পর্কোলেটার যন্ত্রে ছাঁকিয়া লইবে, সমুদয় তরল দ্রব্য নির্গত হইলে অবশিষ্ট ৫ আ-উন্স স্পিরিট দিয়া পর্কোলেট করিবে, পর্কোলেটার মধ্যস্থ দ্রব্যকে চাপদিয়া নির্গত তরল অংশ ফিল্টার করিবে, সমুদয় তরল অংশ একত্র করিয়া, স্পিরিট যোগে ১ পাইন্ট পূর্ণকরিবে।

মাত্রা। ॥০—২ ড্রাম। ক্রিয়া—তিক্ত, আগ্নেয়, বলকারক।

ব্যবহার—অজীর্ণ, প্রদাহশূন্য গ্যাসট্রডিনিয়া, পাইরোসিস, বমন, জ্বরান্তে দুর্ব্বলতা, ক্ষুধামান্দ্য। গর্ভাবস্থার প্রাতঃ বমন,

পেরেরি রেডিক্স। পেরেরা রুট।

কনডোডেনড্রন টমেণ্টোসমের শুষ্কমূল। দক্ষিণ আমেরি-কার ব্রেজিল দেশে জন্মে। চূর্ণের মাত্রা। ৩০—৬০ গ্রেণ।

প্রয়োগরূপ—ডিককৃটম পেরিরি (১ পাইন্টে ১।০ আউন্স একসট্রাকটম পেরিরি লিকুইডম।

১। ডিককটম পেরেরি। ডিককৃসন্ অব্ পেরেরা।

পেরিরা রুট ২০ নং চূর্ণ ... ... ১।০ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার ... ... ১ পাইন্ট।

১৫ মিনিট ফুটাইয়া ছাঁকিবে, ডিষ্টিল্ড জলযোগে ১ পাইন্ট পূর্ণ করিবে।

মাত্রা। ১—২ আউন্স।

২। এক্সট্রাক্টম পেরেবি। এক্সট্রাক্ট অব্ পেরেরা।

পেরেরা মূল চূর্ণ নং ৪০ ... ... ১ পাউণ্ড।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার ১ গ্যালন বা যথাপ্রয়োজন।

পেরেরারুট জলে ২৪ ঘণ্টা ভিজাইয়া পর্কোলেটার যন্ত্রমধ্যে রাখিবে, উহাতে আরও ডিষ্টিল্ড জল যোগ করিবে, মৃদু গতিতে পর্কোলেট হইতে দিবে যে পর্য্যন্ত না ১ গ্যালন তরল দ্রব্য সঞ্চিত হয়। উহাকে ওয়াটার বাথেরতাপে শুষ্ক করিয়া পিল প্রস্তুত করিবার উপযোগী ঘণ করিবে।

মাত্রা। ১০—৩০ গ্রেণ।

৩। প্রঃ—এক্সট্রাক্টম পেরেবি লিকুইডম। লিকুইড্ এক্স-ট্রাক্ট অফ্ পেরিরা।

এক্সটাক্ট অব্ পেরেরা, ডিষ্টিল্ড ওয়াটার, রেক্টিফাইড স্পিরিট প্রত্যেক যথাপ্রয়োজন।

একতরল ভাগ রেক্টিফাইড স্পিরিট সহিত ৩ তিন তরল ভাগ ডিষ্টিল্ড জল মিলাইয়া একটী মিশ্রণ প্রস্তুত করিবে। এক্সট্রাক্ট পেরেরা ৪ ভাগ লইয়া এপরিমাণ উক্ত স্পিরিট ও জলের মিশ্রণে দ্রব করিবে যেন সমুদায়ে ১৬ তরল আউন্স লিকুইড এক্সট্রাক্ট প্রস্তুত হয়। প্রয়োজন হইলে ফিল্টার করিবে।

মাত্রা। ॥০—২ ড্রাম।

ক্রিয়া—কলম্বার ন্যায় তিক্ত বলকারক এভিন্ন মূত্রকারক। মূত্রাশয়ের উত্তেজক।

ব্যবহার—তিক্ত বলকারক জন্য প্রায় ব্যবহার হয় না। প্রধানতঃ মূত্রাধারের পুরাতন প্রদাহ, (ক্রনিক সিষ্টাইটিস) ক্রনিক পাইলাইটিস, ব্লাডারের মিউকস মেমব্রেনের উপর ইহার

বিশেষ প্রকার ক্রিয়া আছে বলিয়া অনেকেই বিশ্বাস করেন। প্রয়োজনমত হায়েসায়েমস, নাইট্রিক এসিড কিম্বা ক্ষার ঔষধ সহ ব্যবহার হয়।

পেপেভেরিসি শ্রেণী।

পেপেভেরিস কেপসিউলি। পপিকেপস্যুল। পোস্তেবঢেঁড়ী।

অহিফেন বৃক্ষের শুষ্কফল।

পেপেভরিস সমনিফিরম বৃক্ষের প্রায় পক্ক ফল। সিরিয়া, ইজিপ্ট ও ব্রিটনদেশে জন্মে। বঙ্গদেশের বিহারে জন্মে।

প্রঃ।—ডিককটম পেপেভরিস ... ১ পাইন্টে ২ আউন্স।

এক্সট্রাক্টম পাপেভরিস ... ৩ ভাগ হইতে প্রায় ১ভাগ

সিরপস পেপেভরিস .. .. ৩ ভাগে প্রায় ১ ভাগ।

১। ডিককৃটম পেপেভরিস। ডিককৃসন অব্ পাপি।

পোস্তঢেঁড়ির ক্বাথ।

পোস্তের ঢেঁড়িচূর্ণ . ২ আউন্স।

পরিশ্রুত জল ... ১॥ পাইন্ট।

১০ মিনিট কাল, আবৃত পাত্রে ফুটাইয়া ছাঁকিবে, ছাঁকাজলে পরিশ্রুত জল দিয়া ১ পাইন্ট পূর্ণ করিবে। ফোমেণ্টেশন জন্য ব্যবহার হয়।

২। এক্সট্রাক্টম পেপেভরিস। এক্সট্রাক্ট অফ্পপি।

পোস্তের সার।

বীজশূন্য পোস্তঢেঁড়ি ২০নং চূর্ণ ... ১ পাউণ্ড।

শোধিত সুরা . ২ আউন্স।

ফুটিত পরিশ্রুত জল ... যথাপ্রয়োজন।

২ পাইন্ট জলে পোস্তঢেঁড়ি গুলিকে মিলাইয়া ২৪ ঘণ্টা ভিজাইয়া

রাখিবে, ঘণ২ নাড়িয়া দিবে, পর্কোলেটার মধ্যে রাখিয়া আরও জল যোগ করিবে ও অল্পে২ পর্কোলেট বা তরল ভাগ নির্গত হইতে দিবে, যেপর্য্যন্ত না এক গেলেন সংগ্রহ হয়। ওয়াটার বাথের তাপে ঘন করিয়া পরিমাণ ১ পাইণ্ট করিবে, শীতল হইলে স্পিরিট যোগ করিবে। ২৪ ঘণ্টা স্থিরভাবে রাখিয়া পরিষ্কার অংশ ফিল্টার দ্বারা পৃথক করিয়া লইবে, ওয়াটার বাথের তাপে পিল প্রস্তুত করিবার উপযোগী ঘণ করিয়া হইবে।

মাত্রা। ২—৫ গ্রেণ।

৩। সিরপস প্যাপেভেরিস। সিরপ অফ পপিজ।

বীজশূন্য পোস্তের ঢেঁড়ি ২০ নং চূর্ণ	৩৬ আউন্স।
শোধিত সুরা	১৬ তং আউন্স।
শোধিত শর্করা	৪ পাউণ্ড।
স্ফুটিত পরিশ্রুত জল	যথাপ্রয়োজন।

৪ পাইণ্ট জলের সহিত পোস্তঢেঁড়ি মিশাইয়া ২৪ ঘণ্টা রাখিবে, ঘন২ নাড়িয়া দিবে। পর্কোলেটার মধ্যে রাখিয়া আরও জল দিবে, ও ধীরে২ পার্কোলেট করিবে, যে পর্য্যন্ত ২ গ্যালন তরল দ্রব্য সংগ্রহ হয়। ওয়াটার বাথের তাপে শুষ্ক করিয়া পরিমাণ ৩ পাইণ্ট করিবে। সম্পূর্ণ শীতল হইলে স্পিরিট যোগ করিবে, ১২ ঘণ্টা স্থির রাখিবে, ফিল্টার করিয়া, স্পিরিট চুয়াইয়া অন্তর করিবে। অবশিষ্ট তরল দ্রব্য ঘন করিয়া পরিমাণ ২ পাইণ্ট করিবে উহাতে শর্করা যোগ করিবে। পরিমাণ সমুদয়ে ৬॥ পাউণ্ড এবং আপেক্ষিক গুরুত্ব ১·৩৩০ হইবে।

মাত্রা। ১ তং ড্রাম।

ক্রিয়া—পোস্তেরঢেঁড়ি হইতে প্রস্তুত ঔষধ সকল অহিফেণ●

ন্যায় ক্রিয়া প্রকাশ করে, কিন্তু ইহার ক্রিয়া অপেক্ষাকৃত মৃদু ও অনিশ্চিত, বেদনাদি বারণ ও উত্তেজনা খর্ব্ব করিতে ডিককৃসন স্থানিক ব্যবহার হয়। সিরপপপি কাশের উগ্রতা হ্রাস ও শিশুদের অহিফেণঘটিত ঔষধ প্রয়োজন হইলে ব্যবহৃত হয়। শিশুদিগকে ব্যবহার করিতে বিশেষ সতর্কতা প্রয়োজন।

ওপিয়ম। টর্কি ওপিয়ম। আফিম।

এসিয়া মাইনরদেশস্থ পাপেভর সম্নিফিরম নামক বৃক্ষের ফল অপক্ক অবস্থায় ছেদন করিলে এক প্রকার রস বাহির হয়, এই রস আপনা হইতে ঘন হইয়া অহিফেণ উৎপন্ন করে। ইহা একটী বিষাক্ত ঔষধ।

অহিফেণ হইতে নিম্নলিখিত কয়েকটী অতি প্রয়োজনীয় দ্রব্য প্রস্তুত হয়।

মর্ফিনি এসিটাস, এসিটেট অব্ মর্ফিনি। মর্ফিনি হাইড্রো-ক্লোরাস, হাইড্রোক্লোরেট অব্ মর্ফিনি। মর্ফিনি সলফাস, সল-ফেট অব্ মর্ফাইন। কোডাইনা (নামান্তর—কোডিয়া)। এপো-মর্ফিমি হাইড্রোক্লোরাস, হাইড্রোক্লোরেট অফ এপোমর্ফাইন। এ-সিডম মেকনিকম, মেকনিক এসিড।

অহিফেণ হইতে যে কয়টি দ্রব্য এপর্য্যন্ত পৃথক করিতে পারা গিয়াছে তাহাদের নাম।

অম্ল—মেকনিক এসিড। থিবোল্যাকটিক এসিড।

উপক্ষার—মর্ফিনি। কোডিইন। কোডেমাইন। লডেনাইন। সিউডোমর্ফিন। পাপেভরিন। রিবেডিন। লেনথোপাইন। ক্রিপ-টোপাইন। মেকোনিডাইন। থিবেইন বা পেবামর্ফিন। নার্কটিন। ওপিয়েনাইন। পরফাইরক্সাইন।

সমক্ষারাম্ল—নার্সিন। মেকোনাইন বা ওপিন্কাইল।

এভিন্ন মর্ফিনি হইতে এপোমর্ফিনি, কোডিইন হইতে এপোকোডিইন,রিয়েডিন হইতে রিয়েজিনিন ও নার্কটিন হইতে কোটারনিন প্রস্তুত হয়।

অহিফেনের প্রয়োগরূপ।

১। কনফেকসিও ওপাই। কন্‌ফেকশন অফ্ ওপিয়ম।

অহিফেনাদি চূর্ণ	...	১০০ গ্রেণ বা ১ ভাগ।
শর্করার পাক	...	৩০০ গ্রেণ বা ৩ ভাগ।

মিলিত কর। (৪০ ভাগে প্রায় ১ ভাগ)। মাত্রা। ৫—২০ গ্রেণ।

২। এমপ্লাষ্ট্রম ওপাই। ওপিয়ম প্লাষ্টার।

অহিফেন সূক্ষ্মচূর্ণ	...	১ আউন্স বা ১ ভাগ।
রেজিন প্লাষ্ট্রার	...	৯ আউন্স বা ৯ ভাগ।

ওযাটার বাথের তাপে রেজিন প্লাষ্টার দ্রব করিবে, অহিফেন ক্রমে২ যোগ করিয়া উত্তমরূপ মিলিত করিবে। (১০ ভাগে ১ ভাগ)।

৩। এনিমা ওপাই। এনিমা অফ্ ওপিয়ম।

অহিফেণের অরিষ্ট (টিংচার অফ্ওপিয়ম)		॥০ ডং ড্রাম।
শ্বেতসারের মণ্ড	..	২ তং আউন্স।

(প্রতি আউন্সে, প্রায় ১ গ্রেণ অহিফেণ)।

৪। এক্সট্রাক্টম ওপাই। এক্সট্রাক্ট অফ্ ওপিয়ম।

অহিফেণ পাতলা খণ্ডে কাটা	...	১ পাউণ্ড।
পরিস্রুত জল	...	৬ পাইণ্ট।

২ পাইণ্টজলে আফিম ২৪ ঘণ্টাকাল ভিজাইয়া চাপদিয়া সমুদয় তরল ভাগ অন্তর করিবে। অদ্রব ছাঁকা অংশ পুনরায়

ক্রমান্বয়ে ২বার ২৪ ঘণ্টাকাল ২ পাইণ্ট করিয়া জলে উক্তরূপ ভিজাইয়া চাপদিয়া ছাঁকিয়া লইবে। তিনবারের নির্গত জলীয় ভাগ একত্র করিয়া, ফ্লানেল দিয়া ছাঁকিয়া লইবে। ওয়াটার বাথের তাপে শুষ্ককরিয়া পরিমাণ অর্দ্ধ পাউণ্ড করিবে।

ইহাতে শতকরা ২০ ভাগ মর্ফিনি থাকা আবশ্যক। একগ্রেণ এক্সট্রাক্ট ২ গ্রেণ অহিফেণের সমান। মাত্রা—॥০—২ গ্রেণ।

প্রয়োগরূপ—এক্সট্রাক্টম ওপাই লিকুইডম, ট্রোচিসাই ওপাই, ভাইনম ওপাই।

৫। এক্সট্রাকটম ওপাই লিকুইডম। লাইকর ও পাই সিডেটাইভস। বেটলিজ সলিউশন।

অহিফেনের সার	...	১ আউন্স।
পরিশ্রুত জল	..	১৬ তং আউন্স।
শোধিত সুরা	..	৪ তং আউন্স।

এক্সট্রাক্ট অফ ওপিয়ম জলে ১ঘণ্টাকাল ভিজাইয়া ঘণ২ নাড়িবে, স্পিরিট যোগ করিয়া ফিল্টার করিবে, পরিমাণ ১পাইণ্ট হইবে। ইহাতে শতকরা ১ ভাগ মর্ফিনি থাকা আবশ্যক। (এক তং আউন্সে প্রায় ২২ গ্রেণ এক্সট্রাক্ট।) মাত্রা। ১০—৪০ মিনিম।

৬। লিনিমেণ্টম ওপাই। লিনিমেণ্ট অফ্ ওপিয়ম।

টিংচার অফ্ ওপিয়ম	...	২ তং আউন্স বা ১ তং ভাগ।
লিনিমেণ্ট অব্ সোপ		২ তং আউন্স বা ১ তং ভাগ।

মিলিত করিয়া ফিল্টার করিবে। প্রায় ॥০ ড্রামে ১ গ্রেণ ওপিয়ম আছে। (২ ভাগে টিংচার ১ ভাগ)।

৭। পাইলিউলা সেপনিস কম্পজিটা। কম্পাউণ্ড পিল অফ্ সোপ।

নামান্তর—পাইলিউলা ওপাই।

অহিফেণ চূর্ণ	...	॥০ আউন্স বা ১ ভাগ।
কঠিন সাবান চূর্ণ	...	২ আউন্স বা ৪ ভাগ।
গ্লিশবিণ	...	যথাপ্রয়োজন।

আফিম ও সাবান মিলাইয়া গ্লিশবিণ সহিত মর্দ্দন কবিয়া উত্তমরূপে মিশ্রিত করিবে। ৫ গ্রেণে ১ গ্রেণ অহিফেন আছে।

মাত্রা—৩—৫ গ্রেণ।

৮। পাইলিউলা প্লম্বাইকম ওপিও। পিল অফ্‌লেড এণ্ড ওপিয়ম

এসিটেট অব্ লেড্ চূর্ণ	...	৩৬ গ্রেণ বা ৬ ভাগ।
অহিফেন চূর্ণ	...	৬ গ্রেণ „ ১ ভাগ।
কনফেকসন অব্ বোজেস	...	৬ গ্রেণ „ ১ ভাগ।

একত্রে উত্তমরূপে মিশ্রিত কবিবে। (৮ ভাগে ১ ভাগ অহিফেণ)। মাত্রা—৩—৫ গ্রেণ।

৯। পাইলিউলা ইপিকাকুয়ানহি কমসিলা। পিল অফ্ ইপিকাকুয়ানহাউইথ স্কুইল।

কম্পাউণ্ড পাউডাব অব্ ইপিকাকুয়ানহা		৩ আউন্স বা ৩ ভাগ।
স্কুইল চূর্ণ		১ আউন্স বা ১ ভাগ
এমনায়েকম চূর্ণ	...	১ আউন্স বা ১ ভাগ।
বাবগুড় (ট্রিকেল)	...	যথাপ্রয়োজন।

চূর্ণগুলি একত্রে মিলাইয়া গুড়ের সহিত মিলাইয়া চাপ কবিবে। (২৩ ভাগে প্রায় ১ ভাগ অহিফেণ)।

মাত্রা ৫—১০ গ্রেণ।

১০। পল্‌ভিস ক্রিটি এরোমাটিকস্ কম্‌ওপিও। এরোমেটিক পাউডার অফ্ চকএণ্ড ওপিয়ম।

সুগন্ধ খটিকাদি চূর্ণ	..	৯৮০ আউন্স বা ৩৯ ভাগ।

অহি[illegible]ন চূর্ণ ... ।০ আউন্স বা ১ ভাগ।

উত্তমরূপে মিলিত করিয়া সূক্ষ্ম চালনিতে ছাঁকিবে, পরে খলে অল্প মর্দ্দন করিয়া লইবে।

মাত্রা ১০—৪০ গ্রেণ। (৪০ ভাগে ১ ভাগ অহিফেণ)।

১১। পলভিস ইপিকাকুয়ানহি কম্পজিটস। কম্পাউণ্ড পাউডার অফ্ ইপিকাকুয়ানহা। নামান্তর—ডোভার্স পাউডার।

ইপিকাকুয়ানা চূর্ণ	.	॥০ আউন্স বা ১ ভাগ।
অহিফেণ চূর্ণ	...	॥০ আউন্স " ১ ভাগ।
সলফেট অব্ পটাসিয়ম	...	৪ আউন্স " ৮ ভাগ।

উত্তমরূপে মিলিত করিয়া, সূক্ষ্ম চালনিতে চালিবে, পরে খলে অল্প মর্দ্দন করিয়া লইবে।

মাত্রা ৫—১৫ গ্রেণ। (১০ ভাগে ১ ভাগ অহিফেণ)

প্রয়োগরূপ—প্যাইলিউলা ইপিকাকুয়ানহি কম[illegible]

১২। পলভিস্কাইনো কম্পজিটস। কম্পাউণ্ড পা[illegible]র অব্ কাইনো।

কাইনো চূর্ণ	..	৸০ আউন্স বা ১৫ ভাগ।
অহিফেণ চূর্ণ	...	।০ আউন্স " ১ ভাগ।
দারুচিনি চূর্ণ	...	১ আউন্স " ৪ ভাগ।

উত্তমরূপে মিলিত করিয়া সূক্ষ্ম চালনিতে ছাঁকিবে, পরে খলে অল্প মর্দ্দন করিয়া লইবে।

মাত্রা ৫—২০ গ্রেণ। (২০ ভাগে ১ ভাগ অহিফেণ)।

১৩। পলভিস্ ওপাই কম্পজিটস। কম্পাউণ্ড পাউডার-অব্ ওপিয়ম। অহিফেণাদি চূর্ণ।

অহিফেণ চূর্ণ ... ১॥০ আউন্স বা ৩ ভাগ।

গোলমরিচ চূর্ণ	...	২ আউন্স বা ৪ ভাগ।
শুণ্ঠি চূর্ণ	...	৫ আউন্স " ১০ ভাগ।
বিলাতি জিরা চূর্ণ	...	৬ আউন্স " ১২ ভাগ।
কতিলা চূর্ণ	...	॥০ আউন্স " ১ ভাগ।

একত্রে মিলিত করিয়া সূক্ষ্ম চালনিতে ছাঁকিবে, খলে অল্প মর্দ্দন করিয়া লইবে।

মাত্রা ২—৫ গ্রেণ। (১০ ভাগে ১ ভাগ অহিফেণ)

প্রয়োগরূপ—কনফেকসিও ওপাই (৪ ভাগে ১ ভাগ)

১৪। সপজিটরিয়া প্লম্বাই কম্পজিটা। কম্পাউণ্ড লেড্ সপজিটরি।

এসিটেট অব্ লেড	...	...	৩৬ গ্রেণ।
অহিফেণ চূর্ণ	...	...	১২ গ্রেণ।
অয়েল অব্ থিওব্রোমা	...	...	১৩২ গ্রেণ।

এসিটেট অফ্ লেড ও অহিফেণ ৪২ গ্রেণ অয়েল অফ্ থিওব্রোমা সহিত অল্পউষ্ণ মর্টারে মর্দ্দন করিবে, অবশিষ্ট অয়েল অব থিওব্রোমা মৃদু তাপে দ্রব করিয়া ইহার সহিত মিলাইবে, সমুদায় উত্তমরূপে মিলিত করিবে। তরল থাকিতে ১৫ গ্রেণ আয়তনের ছাঁচে ঢালিয়া শীতল হইতে দিবে, অথবা সমুদয় শীতল হইলে সমান ১২ ভাগে বিভক্ত করিয়া ১২টী সপজিটরি প্রস্তুত করিবে।

প্রতি সপজিটরিতে ১ গ্রেণ অহিফেণ ও ৩ গ্রেণ এসিটেট অব্ লেড আছে। ১৫ গ্রেণে ১ গ্রেণ অহিফেণ আছে।

* ১৫। টিংচুরা ওপাই। টিংচার অফ্ ওপিয়ম। (লডেনম)

অহিফেণ চূর্ণ	...	...	১॥০ আউন্স।

রেক্ টি স্পিরিট	...	...	১ পাইণ্ট।

আবৃত পাত্রে ৭ দিন ভিজাইয়া মধ্যে২ নাড়িয়া দিবে, ছাঁকিয়া নিংড়াইয়া পরীক্ষিত সুরাদ্বারা ১ পাইণ্ট পূর্ণ করিবে। (১ আউন্সে প্রায় ৩৩ গ্রেণ) কিম্বা (১৪॥০ মিনিমে ১ গ্রেণ)।

মাত্রা ৫—৪০ মিনিম।

প্রয়োগরূপ—এনিমা ওপাই, লিনিমেণ্টম ওপাই।

* ১৬। টিংচুরা কেম্ফরি কম্পজিটা। কম্পাউণ্ড টিংচার অব্ কেম্ফর (পেরিগরিক এলিকসার)

অহিফেণ চূর্ণ	...	...	৪০ গ্রেণ।
বেনজয়িক এসিড	...	...	৪০ গ্রেণ।
কর্পূর	...	...	৩০ গ্রেণ।
মউরির তৈল	...	...	॥০ তং ড্রাম।
পরীক্ষিত সুরা	...	...	১ পাইণ্ট।

আবৃত পাত্রে ৭ দিন ভিজাইয়া মধ্যে২ নাড়িয়া দিবে, পরে ছাঁকিয়া পরীক্ষিত সুরাদ্বারা ১ পাইণ্ট পূর্ণ করিবে।

মাত্রা ১৫—৬০ মিনিম। (১ আউন্সে ২ গ্রেণ অহিফেণ)

১৭। টিংচুরা ওপাই এমোনিয়েটা। এমোনিয়েটেড টিংচার অফ্ ওপিয়ম।

অহিফেণ চূর্ণ	...	১০০ গ্রেণ।
জাফ্রাণ খণ্ড২ কাটা	...	১৮০ গ্রেণ।
বেনজইক এসিড	...	১৮০ গ্রেণ।
মৌরির তৈল	...	১ তং ড্রাম।
এমোনিয়ার উগ্র দ্রব	...	৪ তং আউন্স।
শোধিত সুরা	...	১৬ তং আউন্স।

আবদ্ধ পাত্রে ৭ দিন ভিজাইয়া মধ্যে২ নাড়িবে, ছাঁকিয়া চাপ দিয়া তরল ভাগ সমুদয় পৃথক করিয়া ফিল্টার করিবে, রেক্টি ফাইড স্পিরিট যোগে ১ পাইন্ট পূর্ণ করিবে।

মাত্রা ॥০—১ ড্রাম। (১ আউন্সে ৫ গ্রেণ) অথবা (৯৬ মিনিমে ১ গ্রেণ ওপিয়ম আছে)

১৮। ট্রোচিসাই ওপাই। ওপিয়ম লোজেঞ্জেস।

অহিফেণের সার	...	৭২ গ্রেণ।
টিংচার অফ্ টোলু	...	॥০ আউন্স।
শোধিত শর্করা চূর্ণ		১৬ আউন্স।
আরবী গঁদ চূর্ণ		২ আউন্স।
যৈষ্টিমধুর সার		৬ আউন্স।
পরিশ্রুত জল		যথা প্রয়োজন।

ওয়াটার বাথের তাপে একষ্ট্রাক্ট অফ লিকরিস উষ্ণ করিবে, একষ্ট্রাক্ট অফ ওপিয়ম অল্প জল যোগে কোমল করিয়া উহার সহিত মিলাইবে, পরে টিংচার অফ টোলু মিলাইবে, তাপ দিতে থাকিবে, উপযুক্ত রূপ ঘন হইলে শ্লাব বা প্রস্তরের টালিতে রাখিবে, গঁদ ও শর্করা উত্তমরূপে মিলাইয়া উহার সহিত যোগ করিবে ও উত্তমরূপে মিলিত করিবে। উহা দিয়া ৭২০টী সমান লোজেঞ্জ প্রস্তুত করিয়া, উষ্ণ বায়ুপূর্ণ প্রকোষ্টে রাখিয়া অল্প তাপে শুষ্ক করিবে। প্রতিচাক্তিতে ১/১০ গ্রেণ একষ্ট্রাক্ট বা ১/৫ গ্রেণ ওপিয়ম অথবা ১/৪০ গ্রেণ মর্ফিন আছে।

মাত্রা ১—৬ লোজেঞ্জ। (৫ চাক্তিতে ১ গ্রেণ ওপিয়ম)

১৯। অঙ্গুয়েণ্টম গ্যালিকস ওপিও। অয়েণ্টমেণ্ট অফ গল্‌স এণ্ড ওপিয়ম।

মাজুফলের মলম্ ... ১ আউন্স বা ১৩·৬ ভাগ।
অহিফেণ চূর্ণ ... ৩২ গ্রেণ " ১ ভাগ।

অর্শরোগে ব্যবহার হয়। (১ আউন্সে ৩২ গ্রেণ) ১৩॥০ গেণে ১ গ্রেণ অহিফেণ।

২০। ভাইনম ওপাই। ওয়াইন অব ওপিয়ম।

এক্সট্রাক্ট অব ওপিয়ম ... ১ আউন্স বা ১ ভাগ।
দারুচিনি চূর্ণ · ৭৫ গ্রেণ " ৬ ভাগ।
লবঙ্গ চূর্ণ ... ৭৫ গ্রেণ " ৬ ভাগ।
সেরি আসব ... ১ পাইন্ট " ২০ তং ভাগ।

আবদ্ধ পাত্রে ৭ দিন ভিজাইবে, মধ্যে২ নাড়িবে। ফিল্টার করিলে প্রস্তুত হইবে।

মাত্রা ১০--৪০ মিনিম। (২২ মিনিমে ১ গ্রেণ এক্সট্রাক্ট বা ১১ মিনিমে ১ গ্রেণ ওপিয়ম। (১ আউন্সে প্রায় ২২ গ্রেণ এক্সট্রাক্ট। প্রতি ড্রামে ॥০ গ্রেণ মর্ফিনি)

হাইড্রোক্লোরেট অব্ মর্ফিনির প্রয়োগরূপ—

১। লাইকর মর্ফিনি হাইড্রোক্লোরেটিস। সলিউশন অফ্ হাইড্রোক্লোরেট অফ মর্ফিনি (১০০ ভাগে ১ ভাগ)।

হাইড্রোক্লোরেট অব্ মর্ফিনি ... ৯ গ্রেণ বা ১ ভাগ।
ডাইলিউট হাইড্রোক্লোরিক এসিড ১৮ মিনিম " ২ তং ভাগ।
শোধিত সুরা ·· ॥০ তং আউন্স " ২৪ তং ভাগ।
পরিস্রুত জল ... ১।৵০ তং আউন্স " ৭৩ তং ভাগ।

হাইড্রোক্লোরিক এসিড, স্পিরিট ও জল মিলিত করিয়া উহাতে হাইড্রোক্লোরেট অফ্ মর্ফিয়া দ্রব কর। মাত্রা ১০—৬০ মিনিম।

২। সপজিটরিয়া মর্ফিনি। মর্ফাইন সপজিটরি।

হাইড্রোক্লোরেট অব মর্ফিইনি	...	৬ গ্রেণ।
অয়েল অব্ থিওব্রোমা	...	১৭৪ গ্রেণ।

ঈষদুষ্ণ খলে ২৪ গ্রেণ অয়েল অফ্ থিওব্রোমা সহিত মর্ফিয়া মর্দ্দন করিবে। অবশিষ্ট অয়েল অব্ থিওব্রোমা মৃদু তাপে দ্রব করিয়া ইহাতে যোগ করিবে, শীতল হইলে ১২টী সপজিটরি প্রস্তুত করিবে।

৩। সপজিটরিয়া মর্ফিনি কমসেপোন। মর্ফাইন সপজিটরি উইথ সোপ।

হাইড্রোক্লোরেট অব্ মর্ফিনি	...	৬ গ্রেণ।
গ্লিশরিণ অব্ ষ্টার্চ	...	৩০ গ্রেণ।
কার্ডসোপ	...	১০০ গ্রেণ।

গ্লিশরিন অফ্ ষ্টার্চ ও সোপের সহিত হাইড্রোক্লোরেট অফ মর্ফিনি মিলিত করিয়া উহার সহিত যথাবশ্যক ষ্টার্চ মিশাইয়া উপযুক্তরূপ পাতলা করিবে। উহা হইতে ১২টী সপজিটরি প্রস্তুত করিবে। প্রতি সপজিটরিতে ॥০ গ্রেণ হাইড্রোক্লোরেট অফ্ মর্ফিয়া আছে।

৪। টিংচুরা ক্লোরোফর্মাই এট্ মর্ফিনি (ক্লোরোফরম দেখ)।

ইহার ১০ মিনিমে ;—

ক্লোরোফরম ... ১।০ মিনিম। ঈথর ৬০ মিনিম। শোধিত সুরা ১।০ মিনিম। হাইড্রোক্লোরেট অব্ মর্ফিনি এক গ্রেণের ৪৮ ভাগের ১ ভাগ, ডাইলিউট হাইড্রোসিয়ানিক এসিড ১ মিনিমের ৮ ভাগের ৫ ভাগ। মাত্রা ৫—১০ মিনিম।

৫। ট্রচিসাই মর্ফিনি। মর্ফাইন লোজেঞ্জস।

হাইড্রোক্লোরেট অব্ মর্ফিনি	..	২০ গ্রেণ।
টিংচার অব্ টোলু	...	॥০ তং আউন্স।
শোধিত শর্করা চূর্ণ	...	২৪ আউন্স।
আরবি গঁদ চূর্ণ	...	১ আউন্স।
আরবি গঁদের মণ্ড	...	যথাপ্রয়োজন।
পরিশ্রুত জল	...	॥০ তং আউন্স।

হাইড্রোক্লোরেট অফ মর্ফাইন জলে দ্রব করিয়া, ২ আউন্স মিউসিলেজ সহিত টিংচার অফ্ টোলুরমিশ্রণে যোগ করিবে। গম ও শর্করা একত্রে মিলাইয়া ইহাতে যোগ করিবে। প্রয়োজন হইলে মিউসিলেজ যোগে চাক্তি প্রস্তুতের উপযোগী করিবে। ৭২০ লোজেঞ্জ প্রস্তুত করিবে। প্রতি লোজেঞ্জে ১ গ্রেণের ৩৬ ভাগের ১ ভাগ মর্ফিনি। মাত্রা ১—৬ লোজেঞ্জ।

৬। ট্রচিসাই মর্ফিনি এট্ ইপিকাকুয়ানি। মর্ফাইন এণ্ড ইপিকাকুয়ানা লোজেঞ্জস।

হাইড্রোক্লোরেট অব্ মর্ফিনি	...	২০ গ্রেণ।
ইপিকাকুয়ানা সূক্ষ্ম চূর্ণ	..	৬০ গ্রেণ।
টিংচার অব্ টোলু	..	॥০ আউন্স।
শোধিত শর্করা	...	২৪ আউন্স।
আরবি গঁদ চূর্ণ	...	১ আউন্স।
আরবি গঁদের মণ্ড	..	যথাপ্রয়োজন।
পরিশ্রুত জল	...	॥০ তং আউন্স।

মর্ফাইন লোজেঞ্জস মত প্রস্তুত করিবে বিশেষ এইযে গঁদ ও শর্করা ইপিকাকুয়ানা সহিত মিলাইয়া একত্র করিবে। ৭২০

লোজেঞ্জ প্রস্তুত করিবে। মাত্রা ১—৬ লোজেঞ্জ।

প্রতি লোজেঞ্জে ১/৩৬ গ্রেণ হাইড্রোক্লোঃ মর্ফিনি ও ১/১২ গ্রেণ ইপিকাক।

এসিটেট অব্ মর্ফিনির প্রয়োগরূপ।—

১। লাইকর মর্ফিনি এসিটেটিস। সলিউশন অফ এসিটেট অফ মর্ফাইন। (১০০ ভাগে ১ ভাগ)

এসিটেট অব্ মর্ফিনি	..	৯ গ্রেণ।
ডাইলিউট এসিটিক এসিড	...	১৮ মিনিম।
রেক্টিফাইড স্পিরিট	.	॥০ তং আউন্স।
পরিশ্রুত জল	..	১॥০ তং আউন্স।

এসিড, স্পিরিট ও জল একত্র করিয়া উহাতে এসিটেট অব্ মর্ফিনি দ্রব করিবে।

হাইপো ডার্ম্মিক ইনজেকশন্ অব্ মর্ফিনির ৯০ মিনিমে ১ ভাগ শোধিত সুরা ও ২ ভাগ পরিশ্রুত জলের উচিত পরিমাণ মিলাইয়া ২ আউন্স পূর্ণ করিলে এই প্রয়োগরূপ প্রস্তুত হইতে পারে।

২। ইনজেকসিও মর্ফিনি হাইপোডার্ম্মিকা। হাইপোডার্ম্মিক ইনজেকশন অফ্ মর্ফাইন।

৯২ গ্রেণ হাইড্রোক্লোরেট অব্ মর্ফিন ২ আউন্স পরিশ্রুত জলে তাপদ্বারা দ্রব করিবে, এমোনিয়া যোগ করিয়া মর্ফিনিকে অধঃক্ষিপ্ত করিবে, এই অধঃক্ষিপ্ত মর্ফিনিকে, এসিটিক এসিড যোগে অল্প অম্লাক্ত ১ আউন্স পরিশ্রুত জলে দ্রব করিবে। তারপর ডিষ্টিল্ড জল যোগে ২ আউন্স পূর্ণ করিয়া ফিল্টার করিবে। (১০ মিনিমে ১ গ্রেণ।)

মাত্রা—হাইপোডার্ম্মিক ইনজেকশন্ জন্য ১—৫ মিনিম।

হাইড্রোক্লোরেট অব্ এপোমর্ফিনির প্রয়োগরূপ।—

ইনজেকশি ও এপমর্ফিনি হাইপোডার্ম্মিকা। হাই-পোডার্মিক ইনজেকশন অফ এপোমর্ফিইন।

হাইড্রোক্লোরেট অব্ এপোমর্ফিনি	...	২ গ্রেণ
কর্পূরের জল	...	১০০ মিনিম্।

দ্রব করিয়া ফিল্টার করিতে হইবে।

সদ্য প্রস্তুত করা কর্ত্তব্য। (১০০ ভাগে ২ ভাগ)।

মেকনিক এসিডের প্রয়োগরূপ,—

লাইকর মর্ফিনি বাইমেকনাস। সলিউশন অববাই মেকনেট অফমর্ফাইন।

হাইড্রোক্লোরেট অব্ মর্ফিনি	.	৯ গ্রেণ।
মেকনিক্ এসিড	...	৬ গ্রেণ।
শোধিত সুরা	..	॥০ তং আউন্স।

সলিউশন্ অব্ এমোনিয়া ও পরিশ্রুত জল যথাপ্রয়োজন।

হাইড্রোক্লোরেট অব্ মর্ফিয়া ২।০ ড্রাম পরিশ্রুত জলে তাপ দ্বারা দ্রব করিবে, এমোনিয়া দ্রবদ্বারা অধঃক্ষিপ্ত করিবে, যে পর্য্যন্ত ধৌত জল নাইট্রেট অব্ সিলভার যোগে অধঃক্ষিপ্ত হয় সে পর্য্যন্ত পরিশ্রুত জলদ্বারা ধৌত করিবে, ধৌত অধঃক্ষেপকে ১॥০ আউন্স পরিশ্রুত জলের সহিত মিলিত করিয়া মেকনিক এসিড ও শোধিত সুরা যোগে দ্রব করিবে। (১০০ ভাগে ১।০ ভাগ)

বাইমেকনেট অব্ মর্ফিনি টিংচার ওপিয়মেও যে পরিমাণ আছে ইহাতেও ঠিক সেই পরিমাণ। মাত্রা ৫—৪০ মিনিম।

অহিফেণঘটিত ঔষধের ক্রিয়া ও ব্যবহার।

অহিফেণ মধ্যে যেসকল দ্রব্য আছে তাহাদের প্রত্যেকের ক্রিয়াঃসমষ্টি অহিফেণ সেবনে প্রকাশ পায়, তন্মধ্যে যেসকল দ্রব্য অহিফেণ মধ্যে যত অধিক পরিমাণ থাকে সেই সকল দ্রব্যের ক্রিয়াগুলিই তত অধিক পরিমাণ প্রকাশ পায়।

১। থিবাইন—ইহার ক্রিয়া আক্ষেপ উৎপাদন করা, ষ্ট্রিক-নিয়া ও ব্রুসিয়ার ন্যায় ধনুষ্টংকারবৎ আক্ষেপ জন্মায়।

২। মর্ফিইন—নিদ্রাকারক ও আক্ষেপ উৎপাদক উভয় ক্রিয়াই মর্ফিইন দ্বারা উৎপন্ন হয়। মানবদেহে নিদ্রাকরণ ক্রিয়াই এত অধিক প্রকাশ পায় যে আক্ষেপ উৎপাদক ক্রিয়া প্রায় অনুভূত হয় না, তবে ব্যক্তিগতভাবে এই বিষয়ের বিপর্য্যয় দেখাযায়। অহিফেণের বেদনানিবারক ও নিদ্রা-কারকক্রিয়া প্রধানতঃ ইহার উপর নির্ভর করে, ইহাতে অহি-ফেণ সেবন ন্যায় শিরঃপীড়া, কোষ্ঠবদ্ধ, বমন ইচ্ছা ইত্যাদি লক্ষণ অতিঅল্প, উত্তেজন ক্রিয়া অল্প, ঘর্ম্মকরণক্রিয়া অল্প।

৩। ক্রিপটোপাইন—মর্ফিইন ন্যায় আক্ষেপ উৎপাদক ও নিদ্রাকরণ উভয় ক্রিয়াই আছে, মনুষ্যদেহে উত্তেজনা ক্রিয়া প্রকাশ পায় না, ইহা বেশ নিদ্রাকারক।

৪। কোডিইন—নিদ্রাকরণক্রিয়া সামান্য, বেদনা নিবারণ ক্রিয়া নাই। মাত্রা ।০—২ গ্রেণ, ব্যবহার—ডায়েবিটিস।

৫। নার্সিইন। ইহা ঔষধরূপে ব্যবহারের অযোগ্য।

৬। পেপেভরিন—ইহার হাইড্রোক্লোরেট লবণ, নিদ্রা-কারক ও মাদক।

৭। নিকোনাইন বা ওপিয়েনিন—মৃদু নিদ্রাকারক।

৮। নার্কোটিন—বলকারক ১—৩ গ্রেণ। পর্য্যায় নিবারক ৫—২০ গ্রেণ।

৯। এপোমর্ফিন—প্রবল বমনকারক। $\frac{1}{10}$—$\frac{1}{8}$ গ্রেণ হাইপোডার্ম্মিক।

১০। এপোকোডাইন—এপোমর্ফিইন ন্যায় কিন্তু অনেক নিস্তেজ। স্থানিক উত্তেজক।

১১। মেকোনিক এসিড—মাদকক্রিয়া অতি সামান্য।

অহিফেণের ক্রিয়া।

মাস্তিষ্ক উত্তেজক, মাদক, নিদ্রাকারক, বেদনানিবারক, আক্ষেপ নিবারক, কামোদ্দীপক, ধারক, ঘর্ম্মকারক, পর্য্যায় নিবারক, স্পর্শহারক।

(সেরিব্রাল ষ্টিমুলেণ্ট, নার্কটিক, হিপনটিক, এনোডাইন, এণ্টি-সম্পাজমডিক, এফ্রোডিসিয়াক, ডেসিকেণ্ট, ডায়েফোরেটিক)।

ব্যবহার—সকল প্রকার বেদনা ও আক্ষেপযুক্ত ব্যাধি,—নিউরালজিয়া, কলিক, পাথরি অবতরণ, ধনুষ্টঙ্কার, বিবিধ প্রদাহ, জ্বর, ডিলিরিয়ম ট্রিমেন্স, হেমরেজ, মিউকস ডিসচার্য্য, ডায়েবিটিস, ডায়েরিয়া, ডিসেণ্ট্রী, অনিদ্রা, উন্মাদ।

রিয়েডসপেটালা। রেড পপিপেটালস।

রেড্ বা করণ পপির সদ্য পুষ্পদল। ইংলণ্ড দেশে জন্মে।

প্রয়োগরূপ—সিরপসরিয়েডস। সিরপ অব্ রেড্ পপি।

রেড পপির সদ্য পাপড়ি	১৩ আউন্স।
শোধিত শর্করা	২।০ পাউণ্ড।
পরিশ্রুত জল	১ পাইণ্ট বা যথাপ্রয়োজন।
শোধিত সুরা	২॥০ তং আউন্স।

জল ওয়াটার বাথে উষ্ণ করিয়া উহাতে ক্রমে২ পুষ্পদল

গুলি যোগ করিবে, ঘনং নাড়িবে, পাত্র তাপ হইতে অন্তর করিয়া পাপড়িগুলি ১২ ঘণ্টা ভিজিতে দিবে, চাপদিয়া সমুদয় তরল অংশ অন্তর করিয়া ছাকিবে। উহাতে শর্করা যোগ করিয়া তাপে দ্রব করিবে। প্রায় সম্পূর্ণ শীতল হইলে স্পিরিট যোগ করিবে। ডিষ্টিল্ড জলযোগে সমুদয় ওজন মোট ৩ পাউণ্ড ১০ আউন্স করিবে। আপেক্ষিক গুরুত্ব ১·৩৩০ হইবে।

মাত্রা ১—৩ং ড্রাম।

ক্রিযা—অতি সামান্য। অহিফেণের ন্যায়, মাস্তিষ্ক উত্তেজক, মাদক, আক্ষেপ নিবারক। প্রধান দ্রব্য ইহাতে অল্প আছে এবং পরিমাণ ও অনিশ্চিত, ইহা প্রধানতঃ বংগের জন্য ব্যবহৃত হয়।

ক্রুসিফেরি বা ব্রেসিকেশি শ্রেণী।

সিনাপিস এলবি সেমিনা। হুয়াইট মাষ্টার্ড সিড, শ্বেতসর্ষপ রাই সর্ষপ—সিনাপিস এলবার পক্ক শুষ্ক বীজ, ব্রিটন দেশে জন্মে।

সিনাপিস নাইগ্রি সেমিনা। ব্লাক মাষ্টার্ড সিড, কাল সর্ষপ।

সিনাপিস নাইগ্রাবৃক্ষের শুষ্কপক্ক বীজ, ব্রিটন দেশে জন্মে।

সিনাপিস। মাষ্টার্ড। সর্ষপ।

কৃষ্ণ ও শ্বেত সর্ষপ চূর্ণ একত্রে মিলিত।

ওলিয়ম সিনাপিস। অয়েল অফ মাষ্টার্ড।

সর্ষপের বায়ী তৈল।

কৃষ্ণ সর্ষপ হইতে স্থায়ী তৈল বাহির করিয়া, থইল জলের সহিত চুয়াইয়া প্রস্তুত হয়।

প্রয়োগরূপ। বীজের)

১। কাটা প্লাজমা সিনাপিস। মাষ্টার্ড পুল্টিশ।

সর্ষপ চূর্ণ (মাষ্টার্ড) ... ২॥০ আউন্স বা যথা প্রয়োজন

তিসীর তৈল	২॥০ আউন্স।
স্ফুটিত জল	১০ আউন্স বা যথা প্রয়োজন
জল	যথা প্রয়োজন।

মাষ্টার্ড বা সর্ষপ চূর্ণ ২। ৩ আউন্স ঈষদুষ্ণ জলের সহিত মিলাইবে তিসির তৈল ৬—৮ আউন্স স্ফুটিত জলের সহিত মিলাইবে, উভয় মিশ্রণ একত্র করিবে ও উত্তমরূপে মিলাইবে।

২। কার্টা সিনাপিস। মাষ্টার্ড পেপার।

সর্ষপ চূর্ণ	১ আউন্স।
গটাপার্চ্চাদ্রব	২ তং আউন্স বা যথা প্রয়োজন।

গটাপার্চ্চা দ্রবে সর্ষপ মিলাইয়া অর্দ্ধতরল দ্রব্য প্রস্তুত করিবে, কার্টিজ পেপার নামক বিশেষ প্রকার কাগজের টুকরার একপার্শ্বে পাতলা রূপে লাগাইবে, বায়ুতে রাখিয়া শুষ্ক করিবে। গাত্রে লাগাইবার পূর্ব্বে এই কাগজ অল্প উষ্ণ জলে কয়েক সেকেণ্ড ডুবাইয়া লইবে। সচরাচর মাষ্টার্ড চূর্ণ অল্প জলের সহিত মিলাইয়া কাগজ কিম্বা কাপড়ে মাখাইয়া মাষ্টার্ড প্লাষ্টাররূপে ব্যবহার করা যায়।

প্রয়োগরূপ (তৈলের)

১। লিনিমেণ্টম সিনাপিস কম্পজিটম। কম্পাউণ্ড লিনিমেণ্ট অফ মাষ্টার্ড।

(ভলেটাইল) অয়েল অব্ মাষ্টার্ড ...	১তং ড্রাম বা ১০৪তং ভাগ
ঈথরিয়েল এক্সট্রাক্ট অব্ মেজিরিয়েন	৪০ গ্রেণ বা ১ ভাগ
কর্পূর	১২০ গ্রেণ বা ৩ ভাগ
রেড়ির তৈল ...	৫ তং ড্রাম বা ৭ তং ভাগ
শোধিত সুরা ...	৪ তং আউন্স বা ৪৪ তং ভাগ

এক্সট্রাক্ট অফ মেজেরিয়েন ও কর্পূর স্পিরিটে দ্রব করিয়া উহাতে ভলেটাইল অয়েল অব মাষ্টার্ড ও কেষ্টর অয়েল যোগ করিবে। ক্রিয়া—প্রবল উত্তেজক, বমনকারক, আগ্নেয়, (পাওয়ার ফুল ষ্টিমুলেণ্ট, এমেটিক, ষ্টমাকিক।

স্থানিক—প্রবল উগ্রতাসাধক ও ফোস্কাকারক।

(পাওয়ারফুল রুবিফেসিয়েণ্ট, ভেসিকেণ্ট)।

ব্যবহার—মাদক দ্রব্য দ্বারা বিষাক্ত, বমনজন্য, তরকারি ইত্যাদিতে আগ্নেয় জন্য।

স্থানিক—সিরস ও মিউকস মেম্ব্রেনের সামান্য প্রদাহে প্রত্যুগ্রতা জন্য নিকটস্থ অঙ্গে প্রয়োগ করা যায়, যথা ব্রঙ্কাইটীস এবং প্লুরিসি রোগে বক্ষের উপর পলস্ত্রা বা লিনিমেণ্ট ব্যবহার, আভ্যন্তরিক রক্তাধিক্য, নিউরেলজিয়া, স্পেজম, বেদনা। অবসন্নাবস্থায় উত্তেজনাজন্য। বাথব্যথেও প্রত্যুগ্রতা সাধন জন্য ব্যবহার হয়।

বমন জন্য মাত্রা ১—৪ ড্রাম। অল্পজলের সহিত সেব্য।

আর্মোরেসি রেডিক্স। হর্সর‍্যাডিস রূপ।

কক্লিয়েরিয়া আর্মরেসিয়া বৃক্ষের সদ্য মূল, ইউরোপের সর্ব্বত্র জন্মে, ব্রিটনদেশে চাস হয়। একোনাইট মূলের সহিত ভ্রম হয়।

প্রঃ—স্পিরিটস্ আমোরেসি কম্পজিটস্। কম্পাউণ্ড স্পিরিট অফ্ হর্সরেডিস।

হর্সরেডিস্ কট (ত্বক শূন্য)	...	২০ আউন্স।
বিটার অরেঞ্জপিল শুষ্ক ও ক্ষুদ্র২ খণ্ডে কাটা		২০ আউন্স।
জায়ফল চূর্ণ		॥০ আউন্স।

পরীক্ষিত সুরা	...	১ গ্যালন।
জল	...	৩ পাইন্ট।

মিলিত করিয়া মৃদুতাপে ১ গ্যালন চুয়াইবে।

মাত্রা ১—২ তং ড্রাম।

ক্রিয়া—ঘর্ম্মকারক, মূত্রকারক, আগ্নেয়।

স্থানিক—উত্তেজক,—উগ্রতাসাধক, লালনিঃসারক।

ব্যবহার—শর্ষপের ন্যায় মসলারূপে সদ্য অবস্থায় ব্যবহার হয়। অজীর্ণ, বাত, শোথ। স্থানিক—স্বরভঙ্গ।

পলিগেলেসি শ্রেণী।

সেনিগি রেডিক্স। সেনিগা রুট।

পলিগেলা সেনেগা নামক ক্ষুদ্র বৃক্ষের মূল, আমেরিকার ইউনাইটেড্‌ষ্টেট দেশে জন্মে। চূর্ণেরমাত্রা—২০—৬০ গ্রেণ।

প্রঃ ১। ইনফিউসম সেনেগি। ইনফিউশন অফসেনেগা।

সেনেগা চূর্ণ	...	॥০ আউন্স।
স্ফুটিত পরিশ্রুত জল	...	১০ তং আউন্স।

আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা ১—২ আউন্স।

* ২। টিংচুরা সিনেগি। টিংচার অফ সেনেগা।

সেনেগা মূল ৪০ নং চূর্ণ	...	২॥০ আউন্স।
পরীক্ষিত সুরা (প্রুভস্পিরিট)	..	২০ তং আউন্স।

আবদ্ধ পাত্রে ১৫ আউন্স স্পিরিটে সেনেগা ৪৮ ঘণ্টাকাল ভিজাইবে, মধ্যে২ নাড়িয়া দিবে পর্কোলেটারে রাখিয়া তরল অংশ পৃথক করিবে। বাকি ৫ আঃ স্পিরিট যোগে পর্কোলেট করিবে। পর্কোলেটারের মধ্যস্থ দ্রব্য চাপদিয়া উহার রস

বাহির করিয়া ফিল্টার করিবে, সমুদয় তরল দ্রব্য একত্র করিয়া স্পিরিট যোগে ১ পাইন্ট পূর্ণ করিবে।

মাত্রা ॥০—২ তং ড্রাম।

ক্রিয়া—উত্তেজক, কফঃনিঃসারক, ঘর্ম্মকারক, রজঃনিঃসারক, কদাচ মূত্রকারক। (এক্সপেক্টোরেণ্ট, ডায়ফোরেটিক, এমিনেগগ) (কদাচ) ডাইউরেটীক।

ব্যবহার—ক্রনিক নিউমোনিয়া, এস্থিনিক ও ক্রনিক ব্রঙ্কাইটীস, ক্রুপ, হুপিংকফ, ডিসমেনোরিয়া, হার্টডিজিজ।

ক্রামেরিয়া রেডিক্স। রেটানি রূট।

(১) পিরুভিয়েন রেটানি (ক্রামেরিয়া ট্রাবেণ্ড্রা) ও

(২) সাভানিলা রেটানি, ক্রামেরিয়া ইক্সিনা (ক্রামেরিয়া টমেণ্টোসা) নামক বৃক্ষের শুষ্কমূল। নিউগ্রানেডা ও ব্রেজিল-দেশে জন্মে।

প্রঃ—ইনফিউসম্ ক্রামেরি	.	১ পাইণ্টে ১ আউন্স।
টিংচুরাক্রামেরি	.	১ পাইণ্টে ২॥০ আউন্স।
পলভিস কেটিকিউ কম্পজিটস্		৫ ভাগে ১ ভাগ।

১। এক্‌ষ্ট্রাক্টম ক্রামেরি। এক্সট্রাক্টঅফরেটানি।

রেটানিমূল ৪০নং চূর্ণ	.	১ পাউণ্ড।
পরিশ্রুত জল	...	যথাপ্রয়োজন।

১॥০ পাইন্ট জলে রেটানিমূল ২৪ ঘণ্টা ভিজাইয়া পর্কোলেটার যন্ত্রে রাখিয়া আরও পরিশ্রুত জল দিবে, যে পর্য্যন্ত না ১২ পাইন্ট সংগৃহীত হয়, এই জল জলস্বেদন যন্ত্রে শুষ্ক করিয়া লইবে।

মাত্রা ৫—২০ গ্রেণ।

২। ইনফিউসম ক্রামেরি। ইনফিউশন অফ রেটানি।

রেটানি মূল ৪০ নং চূর্ণ	।৷০ আউন্স বা ১ ভাগ।
স্ফুটিত পরিশ্রুত জল	১০ তং আউন্স বা ২০ তং ভাগ।

আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা ১—২ তং আউন্স।

*। টিংচুরা ক্রামেরি। টিংচার অফ্ রেটানি।

রেটানি মূল ৪০ নং চূর্ণ	..	২৷৷০ আউন্স।
পরীক্ষিত সুরা	.	১ পাইণ্ট।

আবদ্ধ পাত্রে ২৫ আউন্স স্পিরিটে রেটানি ৩৮ ঘণ্টা ভিজাইয়া মধ্যে২ নাড়িয়া দিবে পরকোলেশন যন্ত্রে রাখিয়া ছাঁকিবে, সমুদয় তরল ভাগ পৃথক হইলে, অবশিষ্ট ৫ আউন্স স্পিরিট সহ পর্কোলেশন করিবে, পরে চাপ দিয়া তরল ভাগ সমস্ত বাহির করিয়া ফিল্টার করিবে ও পর্কোলেশনলব্ধ সমুদয় তরল দ্রব্য একত্র করিয়া স্পিরিট যোগে ১ পাইণ্ট করিবে।

মাত্রা ৷৷০—২ তং ড্রাম।

ক্রিয়া—প্রবল সঙ্কোচক। টেনিক এসিডের পরিবর্ত্তে ব্যবহার হইতে পারে। অন্ত্র প্রদাহ ও কোষ্টবদ্ধ থাকিলে ব্যবহার নিষিদ্ধ।

(পাওয়ারফুল এষ্ট্রীনজেণ্ট)

ব্যবহার—ক্রনিক ডায়েরিয়া ও ডিসেণ্ট্রি, বিবিধ রক্তস্রাব।

স্থানিক—ইহার টিংচার জলমিশ্র করিয়া বা ইনফিউজন দন্তমাড়ির শিথিলতা ও রক্তস্রাবে ইহার চূর্ণ বা কুল্লি। সোরথ্রোট, লিউকোরিয়া, প্রলাপ সম্এনাই।

লিনেসি শ্রেণী।

লিনাই সেমিনা। লিনসিড। তিসী।

লিনম ইউসিটেটিসিমম (কমন লিনসিড বা ফ্লাক্স) বৃক্ষের শুষ্ক পক্ক বীজ। ইংলণ্ড দেশে জন্মে।

(১) তিসির বীজ, (লিনাই সেমিনা) (২) খইল (লিনাই ফেরিনা) ও (৩) তৈল (ওলিয়ম লিনাই) ঔষধার্থে ব্যবহার হয়, বীজ নিষ্পেষনে তৈল প্রস্তুত হয়, খইল অবশিষ্ট থাকে। তিসীর-বীজে স্থায়ীতৈল, মিউসিলেজ ও অন্যান্য দ্রব্য থাকে, বীজের বাহীরে মিউসিলেজ ও ভিতর বাশস্যে তৈলথাকে,তৈল নিষ্পেষণ করিয়া লইলে, অয়েলকেক বা খইল থাকে ইহা চূর্ণকরিলেলিন-সিড মিল প্রস্তুত হয়।

| প্রঃখইলের— কাটাপ্লাজমা, লিনাই। লিনসিড পুল্টিস।

তিসির খইল	...	৪ আউন্স।
স্ফুটিত জল	..	১০ তং আউন্স।

তিসীর খইল জলের সহিত ক্রমে২ যোগ করিয়া অনবরত নাড়িয়া দিবে। ক্রিয়া—স্নিগ্ধ কারক, প্রদাহ নাশক।

চারকোল, কোনায়ম, মাষ্টার্ড ও ক্লোরিণ পুল্টিস (সোডি ক্লোরিনেটা) ইহা দ্বারা প্রস্তুত হয়।

বীজের—ইনফিউজন লিনাই। ইনফিউশন অফ লিনসিড্।

নামান্তর—(লিনসিড টি)

তিসী (অখণ্ড বা অভগ্ন)	...	১৫০ গ্রেণ বা ৩ ভাগ।
শুষ্ক যষ্টিমধু ২০ নং চূর্ণ	...	৫০ গ্রেণ " ১ ভাগ।

স্ফুটিত পরিশ্রুত জল   ১০ তং আউন্স বা ৮৭॥ তং ভাগ।

আবৃত পাত্রে ২ ঘণ্টাকাল ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা—যথেচ্ছা।

ক্রিয়া—ইনফিউসনের—মিউসিলেজ ও অল্পতৈল থাকাতে স্নিগ্ধকারক। (ডিমলসেণ্ট)

ব্যবহার—

সর্দ্দি ও মূত্রাশয়, মূত্রনালীর পীড়া, ডায়েরিয়া, ডিসেণ্ট্রি।

পুল্টিস স্নিগ্ধকারক, প্রদাহ নাশক, ব্যবহার—স্ফোটক, প্রদাহ ও পূজযুক্ত স্থান। তৈল স্নিগ্ধ- কারক—পোড়াঘায়ে লাগানযায় অথবা চুণের জলের সহিত মিলাইয়া প্রয়োগ করা যায়।

মাল্ভেসি শ্রেণী।

গসিপিয়ম, কটনউল, কার্পাস তুলা।

গসিপিয়ম বার্ব্বেডেন্স ও এই শ্রেণীস্থ অন্যান্য বৃক্ষের বীজের উপরিস্থ লোমবৎ সাদাপদার্থ বা তুলা। মেদময় পদার্থও অন্যান্য ময়লা পৃথক করিয়া শোধিত তুলা ব্যবহার হয়।

ক্রিয়া—আবরক

ব্যবহার—দগ্ধস্থানে, ইরিসিপেলাস, গাউটপীড়াক্রান্ত সন্ধিস্থান।

প্রয়োগরূপ—পাইরক্সিলিন, (গনকটন)।

৫ তং আউন্স সলফিউরিক ও ৫ তং আউন্স নাইট্রিক এসিডের মিশ্রণ মধ্যে, ১ আউন্স তুলা তিন মিনিটকাল ভিজাইয়া, উত্তমরূপে ধৌতকরতঃ জলস্বেদনযন্ত্রে শুষ্ক করিয়া লইবে। এই প্রকারে তুলা ঈথারাদিতে দ্রবনীয় হয়। ৩০০ তাপে বারুদের মত জ্বলিয়া উঠে।

গনকটন ঔষধে ব্যবহার হয় না, ইহা হইতে প্রস্তুত কলোডিয়ম ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ—(১) কলোডিয়ম (২) কলোডিয়ম ভেসিকেন্স।

কলোডিয়ম। কলোডিয়ন।

গন্কটন	·	১ আউন্স বা ১ ভাগ।
ঈথর	· ·	৩৬ তং আউন্স বা ৩৬ তং ভাগ।
রেক্টিফাইড স্পিরিট		১২ তং আউন্স " ১২ তং ভাগ।

ঈথর ও স্পিরিট একত্র মিলাইয়া গনকটন যোগ করিবে কয়েক দিন স্থিরভাবে রাখিয়া উপরের নির্ম্মল অংশ ঢালিয়া লইয়া আবদ্ধ পাত্রে রাখিবে।

প্রয়োগরূপ—কলোডিয়ম ফ্লেক্সাইল।

কলোডিয়ম ফ্লেক্সাইল। ফ্লেক্সেবল কলোডিয়ম।

কলোডিয়ম	···	১২ তং আউন্স বা ৪৮ তং ভাগ।
কেনেডা বালসম	···	॥০ আউন্স বা ২ ভাগ।
রেড়ির তৈল		।০ আউন্স বা ১ ভাগ।

মিশ্রিত করিয়া আবদ্ধ পাত্রে রাখিবে।

ক্রিয়া—আবরক, রক্তরোধক। সাধারণ কলোডিয়নের ন্যায় ইহার স্তর ফাটেনা।

ব্যবহার—কাটা ঘা, প্রদাহ, ইরিসিপেলাস, চর্ম্মরোগ, বসন্ত, জলৌকা দষ্ট স্থানে রক্তপাত, চুচুকবিদারণ ইত্যাদি।

কলোডিয়ম ভেসিকেন্স, ব্লিষ্টারিং কলোডিয়ন।

ব্লিষ্টারিং লিকুইড বা লাইকর ইপিস্পাসটিকস্	২০ আউন্স বা ২০ ভাগ।
পাইরক্সিলিন (গনকটন) · ·	১ আউন্স বা ১ ভাগ।

উপারযুক্ত বোতলে লাইকর ইপিসপাষ্টিকস্ রাখিয়া তাহাতে

গন্কটন যোগ করিবে এবং যে পর্য্যন্ত না দ্রব হয় নাড়িতে থাকিবে।

ক্রিয়া—ফোস্কাকারক, উগ্রতাসাধক।

ব্যবহার—ফোস্কা উৎপাদন জন্য ব্যবহৃত হয়, ইহা ব্যবহার করিলে শীঘ্র শুষ্ক হইয়া যায় ও যতদূর লাগান যায় কেবল সেই স্থানেই ফোস্কা হয় তাহার বাহিরে যায় না, এই দুইটী বিষয়ে ইহা অন্যান্য প্রকার ফোস্কাকারক অপেক্ষা শ্রেষ্ঠ।

অরেনসিয়েসি শ্রেণী।

(তিক্ত কমলানেবুর সদাত্বক, ফুল ও ফলের শুষ্ক ত্বক ঔষধে ব্যবহার)

১। অরেনসাই ফ্রক্টস। বিটার অরেঞ্জ। তিক্ত কমলালেবু।

সাইট্রস ভলগেরিস (সাইট্রস বিগারেডিয়া) নামক বৃক্ষের পক্কফল। ইউরোপের দক্ষিণভাগ ও স্পেন প্রভৃতিদেশে জন্মে।

প্রয়োগরূপ—টিংচুরা অরেনসাইবিসেণ্টিস।

(২) একোয়া অরেনসাই ফ্লোরিস। অরেঞ্জ ফ্লাওয়ার ওয়াটার।

বিটার অরেঞ্জ অর্থাৎ তিক্ত কমলালেবু ও সুইট অরেঞ্জ অর্থাৎ মিষ্টকমলালেবু এই উভয় প্রকার বৃক্ষের ফুল চুয়াইয়া প্রস্তুত জল। ফ্রান্সদেশে সচরাচর প্রস্তুত হয়।

প্রয়োগরূপ—সিরপস অরেন সাই ফ্লোরিস।

(৩) অরেনসাই কর্টেক্স। বিটার অরেঞ্জ পীল।

নামান্তর—অরাণ সাই পেরিকার্পিয়ম। বিটার অরেঞ্জ নামক তিক্ত নেবুর ফলের শুষ্কত্বক।

প্রঃ, ইনফিউজন অরেনসাই ... ১ পাইণ্টে ১ আউন্স।
" অরেনসাই কম্পজিটস .. ১ পাইণ্টে ৷৷০ আউন্স।
" জেনসিয়েনি কম্পজিটস ... ১ পাইণ্টে ১১০ গ্রেণ।
স্প্রিবিটস আর্ম্মবেসি কম্পজিটস ১ পাইণ্টে ২৷৷০ আউন্স।
টিংচুরা অরেনসাই ... ১ পাইণ্টে ২ আউন্স।
" সিঙ্কোনি কম্পজিটা ১ পাইণ্টে ১ আউন্স।
" জেনসিয়েনি কম্পজিটা ... ১ পাইণ্টে ৵০ আউন্স।

১। ইনফিউসম অরেনসাই। ইনফিউসন অফ

অরেঞ্জ পিল।

বিটার অরেঞ্জ পীল ক্ষুদ্র২ কাটা।০ আউন্স বা ৪ ভাগ।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার ১০ তং আউন্স বা ২০ তং ভাগ।
আবৃত পাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাঁকিয়া লইবে।
মাত্রা ১—২ তং আউন্স।

২। ইনফিউসম অরেনসাই কম্পজিটম।

কম্পাউণ্ড ইনফিউসন অফ অরেঞ্জ পিল।

বিটার অরেঞ্জপীল ক্ষুদ্র২ কাটা।০ আউন্স বা ৪ ভাগ।
সদ্য লেমন পীল ক্ষুদ্র২ কাটা ৫৬ গ্রেণ " ২ ভাগ।
লবঙ্গ চূর্ণ ... ২৮ গ্রেণ " ১ ভাগ।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার ১০ তং আউন্স বা ১৬০ তং ভাগ।
আবৃত পাত্রে ১৫ মিনিট কাল ভিজাইয়া ছাঁকিয়া লইবে।
মাত্রা ১—২ তং আউন্স।

৩। সিরপস অরেনসাই। সিরপ অব্ অরেঞ্জপীল।
টিংচার অফ্ অরেঞ্জপীল ১ তং আউন্স।

সিরপ ৭ তং আউন্স।

মিশ্রিত করিবে। আপেক্ষিক গুরুত্ব ১'২৮২ হওয়া আবশ্যক।

মাত্রা ১—তং ড্রাম। প্রয়োগরূপ—কনফেকসিও সর্সাকিউবিস।

✳ ৪। টিংচুরা অরেনসাই। টিংচার অফ অরেঞ্জপীল।

বিটার অরেঞ্জপীল ক্ষুদ্র২ কাটিয়া চূর্ণ করা .. ২ আউন্স।

প্রুফ্ স্পিরিট (পরীক্ষিত সুরা) .. ১ পাইন্ট।

আবৃত পাত্রে ৭ দিন ভিজাইয়া মধ্যে২ নাড়িয়া দিবে, পরে ছাঁকিয়া লইয়া, চাপদিয়া সমুদায় তরল অংশ বাহির করিবে। শেষে ফিল্টার করিয়া স্পিরিট যোগে ১ পাইন্ট পূর্ণ করিবে।

মাত্রা ১—২ তং ড্রাম।

প্রঃ—মিসচুরা ফেরি এরোমেটিকা .. ৩২ ভাগে ১ ভাগ।

সিরপস অরেনসাই ৮ ভাগে ১ ভাগ।

টিংচুরা কুইনাইনি।

৫। টিংচুরা অরেনসাই রিশেণ্টিস। টিংচার অফ্ ফ্রেস অরেঞ্জপীল।

বিটার অরেঞ্জের সদ্য ত্বক . ৩ আউন্স।

রেক্টিফাইড স্পিরিট ১ পাইন্ট।

সদ্য অরেঞ্জপালের রঞ্জিত (বাহিরের) অংশমাত্র ১৮ আউন্স স্পিরিটে ১ সপ্তাহ ভিজাইয়া রাখিবে, ঘন২ নাড়িয়া দিবে। উপরের তরল অংশ ঢালিয়া লইয়া, নীচের ত্বকযুক্ত অংশে চাপ দ্বারা উহার তরল অংশ বাহির করিয়া লইবে, উভয় তরল দ্রব্য একত্র করিয়া ফিল্টার করিবে, পরে প্রয়োজন হইলে স্পিরিট যোগে ১ পাইন্টপূর্ণ করিবে। মাত্রা—১—২ তং ড্রাম।

৬। ভাইনম অরেনসাই (প্রথম ভাগ ১৪৮ পৃষ্ঠা)
পুষ্প হইতে প্রস্তুত জলের প্রয়োগরূপ।

সিরপস অরেনসাই ফ্লোরিস। সিরপ অফ অরেঞ্জ ফ্লাওয়ার।

অরেঞ্জ ফ্লাওয়ার ওয়াটার ...		৮ তং আউন্স।
রিফাইণ্ড সুগার		৩ পাউণ্ড।
ডিষ্টিল্ড ওয়াটার	১৬ তং আউন্স। বা যথা প্রয়োজন।	

তাপ প্রয়োগে জলে চিনি দ্রব কর, ছাঁকিয়া লইয়া শীতল হইলে উহাতে উক্ত পুষ্পজল যোগকর, প্রয়োজন হইলে ডিষ্টিল্ড জল যোগ করিয়া পরিমাণ ৪॥০ পাউণ্ড করিবে, আপেক্ষিক গুরুত্ব ১·৩৩০ হইবে।

মাত্রা ১—তং ড্রাম।

ক্রিয়া—ত্বক—সুগন্ধ, তিক্ত, আগ্নেয়।

(এরোমেটিক, বিটার, ষ্টমাকিক)।

পুষ্প—কেবল সুগন্ধ।

ব্যবহার—অজীর্ণ রোগে ত্বকের প্রয়োগরূপ অন্যান্য ঔষধ সহিত ব্যবহৃত হয়। কুইনাইনের তিক্তাস্বাদ ইহার যোগে অনেক কম হয়, একোয়া অরেনসাই ফ্লোরিস ও সিরপ অরেনসাই ফ্লোরিস কেবল সুস্বাদ ও সুঘ্রাণ জন্য অন্যান্য ঔষধ সহিত ব্যবহার হয়, অরেঞ্জ ওয়াইন, সাইট্রেট অব আয়রণ ওয়াইন ও কুইনাইন ওয়াইন প্রস্তুত করিতে প্রয়োজন হয়।

(১) লিমোনিস কর্টেক্স। লেমনপীল। জম্বির ত্বক।

লেবুর ফলের ত্বক, ফলের রস ও ফলের ত্বক হইতে প্রস্তুত তৈল ঔষধার্থে ব্যবহার হয়।

সাইট্রস লিমনুম নামক ফলের খোলার বাহিরের সদ্য অংশ ইউরোপের দক্ষিণ অংশে জন্মে।

প্রঃ—ইনফিউসম অরেনসাই কম্পজিটম ১ পাইণ্টে ১১২, গ্রেণ।

„ কেনসিযেনি কম্পজিটম ১ পাইণ্টে ॥০ আউন্স।

ওলিয়ম লিমোনিস।

সিরপস লিমোনিস ... ১৸০ পাউণ্ডে ১ আউন্স।

টিংচুরা লিমোনিস . ১ পাইণ্টে ২॥০ আউন্স।

সিরপস লিমোনিস। সিরপঅফ লিমন।

সদ্য লেমন পীল	২ আউন্স।
ছাঁকা লেমনজুস ...	১ পাইণ্ট।
রিফাইণ্ড সুগর	২।০ পাউণ্ড।

জম্বির রস উত্তপ্ত করিবে ফুটিতে আরম্ভ হইলে ইহার সহিত জম্বির ত্বক মিলাইয়া আবৃত পাত্রে রাখিয়া দিবে, শীতল হইলে ফিল্টার করিয়া তাপ দ্বারা চিনি দ্রব করিবে। পরিমাণ সমুদায়ে ৩॥০ পাউণ্ড হইবে, আপেক্ষিক গুরুত্ব প্রায় ১•৪ হইবে।

মাত্রা ১ তং ড্রাম।

সিরপঅফ লেমনযোগে প্রস্তুত ঔষধ,—

লাইকর মেগনেসাই সাইট্রেটিস।

*টিংচুরা লেমোনিস। টিংচার অফ লিমনপিল।

সদ্য লেমনপীল ক্ষুদ্র ভাগে কাটা ...	২॥০ আউন্স।
প্রুফ স্পিরিট (পরীক্ষিত সুরা) ...	১ পাইণ্ট।

আবৃতপাত্রে ৭ দিন ভিজাইয়া মধ্যে ২ নাড়িয়া দিবে, ছাঁকিয়া লইয়া, নীচের অংশে চাপদ্বারা উহার রস বাহির করিয়া

লইবে, পরিশেষে উভয় তরল অংশ ফিল্টার করতঃ প্রুফস্পিরিট যোগে ১ পাইন্ট পূর্ণ করিবে।

মাত্রা ॥০—২ তং ড্রাম।

(২) ওলিয়ম লিমোনিস। অয়েল অফলেমন।

জম্বিরের বায়ী তৈল।

সদ্য লেমন পীল হইতে চাপদ্বারা বা চুয়াইয়া তৈল প্রস্তুত হয়, সিসিলি দেশ হইতে আমদানি হয়। মাত্রা ১—৪মিনিম। প্রঃ। লিনিমেণ্টম পটাসি আইওডিডাই কমসেপোন।

(১৪ তং আউন্সে ১ তং ড্রাম।

স্পিরিটস্ এমোনি এরোমেটিকস্।

(৩) লিমনিস সক্কস। লেমনজুস।

সাইট্রস লিমনস নামক বৃক্ষের পক্ক ফলের রস।

১ তং আউন্সে ৩৬— ৪৬ গ্রেণ সাইট্রিক এসিড থাকে।

মাত্রা—১—৪ ড্রাম ও তদূর্দ্ধ।

প্রঃ—সিরপস লিমনিস ... ৩৷৷০ পাউণ্ডে ১ পাইন্ট।

ক্রিয়া—লেমনপীল বা জম্বিরত্বক সুগন্ধ আগ্নেয়।

(এরোমেটিক, ষ্টমাকিক)।

বায়ী তৈল—উত্তেজক, বায়ুনাশক। (ষ্টিমুলেণ্ট, কার্ম্মিনেটিভ)।

স্থানিক—উত্তেজক, উগ্রতাসাধক।(ষ্টিমুলেণ্ট, রুবিফেসিয়েণ্ট)।

জুস—শৈত্যকারক। স্কর্ভিনাশক। (রিফ্রিজরেণ্ট, এণ্টি-স্কর্বিউটিক)।

ব্যবহার—জম্বির রস সাইট্রিক এসিডের পরিবর্ত্তে উচ্ছলন পানীয় প্রস্তুত করিতে ব্যবহার হইতে পারে, এক আউন্স ৩৬ হইতে ৪৬ গ্রেণ সাইট্রিক এসিডের তুল্য। এভিন্ন ইহা স্কার্ভি, বাত ও জ্বররোগে ব্যবহার্য্য।

বেলিফ্রক্টস। বেল ফ্রুট। বেলফল বা শ্রীফল।

ইগলি মারমিলস বৃক্ষের অর্দ্ধপক্ব শুষ্ক ফল, মালেবার ও করমণ্ডল নামক স্থান হইতে বিলাতে আমদানী হয়।

প্রয়োগরূপ—

এক্সট্রাক্টম বেলি লিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অফ বেল।

বেল	...	১ পাউণ্ড।
ডিষ্টিল্ড ওয়াটার	.	১২ পাইণ্ট।
রেক্টিফাইড স্পিরিট	...	৩ তং আউন্স।

বেল ৪ পাইণ্ট জলে ১২ ঘণ্টা ভিজাইয়া পরিষ্কার তরল অংশ পৃথক করিবে, ২য় বার ৪ পাইণ্ট জলে ১ ঘণ্টা ভিজাইয়া পরিষ্কার তরল অংশ পৃথক করিবে, ৩য় বার ৪ পাইণ্ট জলে ১ ঘণ্টা মেসিরেট করিয়া পরিষ্কার তরল অংশ অন্তর করিবে ও চাপদিয়া বেলের সমুদয় রস বাহির করিয়া লইবে। সমুদয় তরল অংশ একত্র করিয়া ফ্লানেল কাপড় দিয়া ফিল্টার করিবে, উহাকে তাপদ্বারা ঘন করিয়া ১৪ তং আউন্স করতঃ উহাতে ৩ আউন্স স্পিরিট যোগ করিবে। ১ তং আউন্সে প্রায় ১ আউন্স বেল থাকে। মাত্রা ১—২ তং ড্রাম।

ক্রিয়া—মৃদু বিরেচক, সঙ্কোচক, ধারক।

ব্যবহার—ডায়েরিয়া, ডিসেণ্ট্রি।

বিটনিরিয়েসি শ্রেণী।

ওলিয়ম থিওব্রোমেটিস। অয়েল অফ থিওব্রোমা।

নামান্তর—কেকোবটর।

থিওব্রোমা কেকেওর বীজচূর্ণ হইতে তাপ ও চাপদ্বারা প্রস্তুত সংযতস্থায়ী তৈল। ৮৬—৯৫ তাপে দ্রব হয়।

এই বৃক্ষ ওয়েষ্ট ইণ্ডিজ ও দক্ষিণ আমেরিকায় জন্মে।

প্রয়োগরূপ—সপজিটরিয়া এসিডাই টেনিসাই।

” হাইড্রাবর্জাইরাই।

” আইওড ফর্ম্মাই।

” মর্ফিনি।

” প্লম্বাই কম্পজিটা।

ক্রিয়া—স্নিগ্ধকারক, পোষক।

ব্যবহার—ইহার ভৌতিকগুণ জন্য অর্থাৎ সাধারণ বায়ুর তাপে কঠিন, কিন্তু দেহের তাপে দ্রব হয়, এই গুণ জন্য অধিকাংশ সপজিটরি ও পেসারি প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

ইরিথ্রক্সিলেসি।

কোকা, কোকা, (কুকা)।

ইরিথ্রক্সিলন কোকা নামক বৃক্ষের শুষ্ক পত্র। দক্ষিণ আমেরিকায় জন্মে মাত্রা ॥০—২ ড্রাম।

প্রঃ—১। এক্সট্রাক্টম কোকেই লিকুইডম।

২। কোকেইনি হাইড্রক্লোরাস।

এক্সট্রাক্টম কোকেই লিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অব কোকা।

কোকা চূর্ণ ৪০ নং .. ... ২০ আউন্স।

প্রুফ্ স্পিরিট .. .. যথা প্রয়োজন।

২ পাইণ্ট স্পিরিট সহিত কোকা মিলাইয়া আবৃত পাত্রে ৪৮ ঘণ্টা ভিজাইবে, পরে পর্কোলেটার যন্ত্রে রাখিয়া তরল দ্রব্য সমুদয় নির্গত হইয়া গেলে, নূতন স্পিরিট যোগে পর্কোলেসন করিতে থাকিবে যে পর্যন্ত না কোকা সারহীন হয়। প্রথমকার ১৫ আউন্স তরল দ্রব্য পৃথক রাখিয়া, অবশিষ্ট অংশকে

জলস্বেদন যন্ত্র দ্বারা সফ্‌ট এক্সট্রাক্ট মত ঘন করিয়া উক্ত ১৫ আউন্স তরল দ্রব্য যোগ করিবে এবং স্পিরিট যোগে পরিমাণ এক পাইণ্ট পূর্ণ করিবে।

ক্রিয়া—ইহার পত্র চর্ব্বণ করিলে—প্রবল পোষক, উত্তেজক এবং সম্ভবতঃ মাদক। (পাওয়াবফুল রেসটোরেটিভ, ষ্টিমুলেণ্ট, নার্কটিক) মাত্রা ॥০ হইতে ২ ড্রাম।

ব্যবহার—দক্ষিণ আমেরিকার অধিবাসীরা ইহা খাইয়া অনাহারে শ্রম করিয়া ক্লিষ্ট হয় না।

কোকেইনি হাইড্রোক্লোরাস। হাইড্রোক্লোরেট অফ কোকেইন।

এসিড সংযুক্ত এলকোহলিক একষ্ট্রাক্ট অফ কোকে কার্ব্বনেট অব্ সোডিয়মযোগে ক্ষারাক্তকরতঃ ঈথার সহিত সঞ্চালন করিবে, ঈথারযুক্ত তরল অংশ পৃথক করিয়া ঈথার চুয়াইয়া ফেলিলে যে দ্রব্য অবশিষ্ট থাকে, তাহাকে অম্লাক্ত জল সহিত মিলাইয়া কার্ব্বনেট অব্ সোডা যোগে পুনরায় ক্ষারাক্তকরতঃ ঈথার যোগ করিবে, ঈথারযুক্ত তরল দ্রব্য পৃথক করিয়া ঈথার চুয়াইয়া লইবে, যথাপদ্ধতি বর্ণহীন করতঃ হাইড্রোক্লোরিক এসিড যোগে সমক্ষারাম্ল করিয়া দানা বান্ধিয়া বিশুদ্ধ করিলেই প্রস্তুত হয়।

দানাময় শুষ্ক চূর্ণ প্রায় বর্ণহীন, জল, এলকোহল ও ঈথারে সহজে দ্রব হয়। জলীয় দ্রাবণের আস্বাদ তিক্ত, জিহ্বায় দিলে ঝিন্‌২ বোধ হইয়া ঐ স্থান অবশ হয়, চক্ষে দিলে কনীনিকা প্রসারিত হয় ও কনজংটাইভা ও কর্ণিয়ায় স্পর্শানুভবতা খর্ব্ব বা লোপ হয়। মাত্রা ½—১ গ্রেণ।

প্রয়োগরূপ—লেমেলি কোকেইনি। ডিস্ক অব্ কোকেইন।

কিছু গ্লিশরিণযুক্ত জিলাটিনের ডিস্ক প্রত্যেক ওজনে প্রায় এক গ্রেণের ৫০ ভাগের এক ভাগ এবং এক গ্রেণের দুই শত ভাগের ১ ভাগ হাইড্রোক্লোরেট অব্ কোকেইন সংযুক্ত।

ক্রিয়া—স্থানিক—স্পর্শহারক। চক্ষের কনিনীকা প্রসারক।

কোকেইন উপাক্ষার—দৈহিক তাপ বৃদ্ধি করে, নাড়িচঞ্চল, শ্বাসপ্রশ্বাস দ্রুত করে।

ব্যবহার—স্থানিক স্পর্শহরণ জন্য আজকাল চক্ষুরোগে ইহা অধিক ব্যবহৃত হইতেছে, হাইড্রোক্লোরেট অব্ কোকেইনের জলীয় দ্রব জিহ্বায় দিলে ঝিনং বোধ হইয়া ঐ স্থান অবশ হয়, চক্ষে দিলে অতি শীঘ্র কনজংটাইভার স্পর্শ বোধ অন্তরিত হয়, পরে কণীনিকা প্রসারিত ও দৃষ্টি বৈষম্য উৎপন্ন হয়। সিমপেথি-টিক নার্ভের পরিধিস্থ অন্ত বা পেরিফেরাল অন্তে ক্রিয়া প্রকাশ করিয়া ঐ প্রকার অবস্থা উৎপন্ন করে। শতকরা ১০ ভাগ জলীয় দ্রাবণ শ্লৈষ্মিক ঝিল্লিতে প্রয়োগে বা শতকরা ৪ ভাগ দ্রাবণ সব্কিউটে নিয়স ইনজেক্সনে ও উক্ত প্রকার স্থানিক স্পর্শহরণ গুণ প্রকাশ পায়। চক্ষের মাইনর অপারেশন বিশেষতঃ টিরিজিয়ম নামক ভাস্কিউলার গ্রোথ কর্ত্তন ও কেটারেক্ট অপা-রেশন করিতে এই দ্রব্য বিশেষ উপযোগী এবং আজকাল এই কার্য্যে ইহা অতি বিস্তীর্ণ ভাবে ব্যবহৃত হইতেছে। এই দ্রব্য ব্যবহারে দেখিতেং কনজংটাইভার স্পর্শবোধ লোপ হয়, এই অবস্থায় অপারেশন করিলে রোগীর কিছুমাত্র কষ্ট হয় না। চক্ষে প্রয়োগ জন্য ইহার লেমিলিকনজংটাইভায় প্রয়োগ করা হইয়া থাকে।

কোকা ওয়াইন আকারে অর্থাৎ ওয়াইন অব্ কোকা বৃদ্ধ ব্যক্তিদিগকে দেওয়া হয়। এই আকারে ইহা স্নায়বীয় বলকারক।

কাফিনা, কাফিইন, কাওয়া।

(নামান্তর—কাফিইনা, থিইনা, গোয়েরানিনা)

ইহা একপ্রকার উপক্ষার, সচরাচর কেমিলিয়া থিয়া নামক বৃক্ষের শুষ্ক পত্র (চা) অথবা কাফিয়া আরেবিকা নামক বৃক্ষের বীজ (কাওয়া) হইতে প্রাপ্ত হওয়া যায়।

উক্ত পত্র বা বীজের জলীয় ইনফিউজন ঘনকরতঃ উহার কষায় ও বর্ণ দ্রব্য পৃথক করিয়া অবশিষ্ট অংশ হইতে প্রস্তুত হয়।

গন্ধহীন, বর্ণহীন, দানাময়, ৮০ ভাগ শীতল জলে দ্রবণীয় দ্রাবণ ঈষৎ তিক্তাস্বাদ, ক্লোরোফরম, রেক্টিফাইড স্পিরিট ও উষ্ণ জলে দ্রব হয়। মাত্রা ১—৫ গ্রেণ।

প্রয়োগরূপ—কাফিনি সাইট্রাস। সাইট্রেট অব কাফিইন।

সাইট্রিক এসিড ও কাফিইনের মৃদু যৌগিক পদার্থ।

কাফিইন	১ আউন্স।
সাইট্রিক এসিড	১ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	২ আউন্স।

সাইট্রিক এসিড জলে দ্রব করিয়া উহাকে উষ্ণ করতঃ উহার মধ্যে কাফিইন দ্রব করিবে, জলস্বেদন যন্ত্রের তাপে শুষ্ক করিবে, তাপ প্রয়োগকালে বিশেষতঃ যত ঘন হইতে থাকে অনবরত নাড়িবে, শেষে সূক্ষ্ম চূর্ণ করিয়া লইবে।

শ্বেতবর্ণ, গন্ধহীন চূর্ণ, ঈষৎ অম্ল ও তিক্তাস্বাদযুক্ত।

মাত্রা ২—১০ গ্রেণ।

ক্রিয়া—কাফিইন ও সাইট্রেট অব্ কাফিইন মূত্রকারক।—স্নায়বিয় বলকারক।

ব্যবহার—কার্ডিয়েক ড্রপ্সি, (ক্রনিক ব্রাইটস্ ডিজিজ-সংযুক্ত ড্রপ্সিতে উপকার হয় না এবং অভ্যাস দ্বারাও গুণ খর্ব্ব হয়) এভিন্ন নানাপ্রকার শীরোপীড়া, টিকডলক, হেমিক্রেনিয়া এবং নিউরালজিয়া।

পূর্ণমাত্রায় সেবনে বমন ও বমন ইচ্ছা হয় এজন্য অল্প মাত্রায় পুনঃ২ ব্যবহার কর্ত্তব্য।

গাটফেরি শ্রেণ।

কেম্বজিয়া, গ্যেম্বোজ।

গার্সিনিয়া হেনবুরাই নামক বৃক্ষ হইতে প্রাপ্ত গদ ও ধুনা-যুক্ত রস। শ্যামদেশ হইতে আমদানি হয়। চীনদেশ ও লঙ্কা-দ্বীপে জন্মে। মাত্রা ১—৪ গ্রেণ।

প্রয়োগরূপ—পাইলিউলা গেম্বজিয়া কম্পজিটা (১ ভাগে প্রায় ৬ ভাগ)।

কম্পাউণ্ড পিল অব্ গ্যেম্বোজ।

গ্যাম্বোজ চূর্ণ	১ আউন্স বা ১ ভাগ।
বার্বেডোজ এলোজ চূর্ণ	১ আউন্স বা ১ ভাগ।
কম্পাউণ্ড পাউডার অব্ সিনেমন	১ আউন্স বা ১ ভাগ।
হার্ডসোপ চূর্ণ .	২ আউন্স বা ২ ভাগ।
সিরপ ...	যথা প্রয়োজন।

চূর্ণ গুলিকে একত্রে মিশ্রিত করিয়া, সিরপ যোগে একত্র মর্দ্দন করিয়া উত্তমরূপে মিলাইয়া লইবে। মাত্রা ৫—১০ গ্রেণ।

ক্রিয়া—অতি বিবেচক, জলবৎ পাতলা ভেদ হয়।

(ড্রষ্টিক এবং হাইড্রোগগ পর্গেটিভ।)

কথনং পেটে বেদনা ও বমন হয় কখন মূত্রকারক।

ব্যবহার—বিবেচন জন্য ড্রপ্সি ও মাস্তিষ্কীয় পীড়া, টেপওয়ারম ক্রিমি।

কেনেলেসি শ্রেণী।

কেনেলিকর্টেক্স। কেনিলা এলবা বার্ক।

কেনিলা আলবা বা লরেল লিভড্ কেনেলা নামক বৃক্ষের শুষ্ক ত্বক, বাহিরের উপত্বকবিবর্জিত। ওয়েষ্টইণ্ডিজ দেশে জন্মে।

প্রয়োগরূপ—ভাইনম বিয়াই ১ পাইণ্টে ৬০ গ্রেণ।

ক্রিয়া—সুগন্ধ, আগ্নেয়, তিক্ত বলকারক।

(এরোমেটিক, ষ্টমাকিক এবং বিটার টনিক)

ব্যবহার—এটনিক ডিসপেপসিয়া, পূর্ব্বে ক্রনিক গাউট রিউমাটিজম, সেকেণ্ডারি সিফিলিস রোগে, মেজেরিয়ণ, সাসাফ্রাস প্রভৃতির ন্যায় ব্যবহার হইত কিন্তু এখন ইহার এপ্রকার ব্যবহার নাই। কেবল ভাইনম বিয়াইরূপেই ইহার যা কিছু ব্যবহার হয়। চূর্ণের মাত্রা ১৫—৩০ গ্রেণ।

ভাইটেসি শ্রেণী।

ইউভি। রেইজিন্স। কিসমিস বা শুষ্কাঙ্গুর।

ভাইটিস ভিনিফেরা, গ্রেপভাইন বা দ্রাক্ষার পক্কফল। রৌদ্র বা তাপ দ্বারা শুষ্ক করা হয়।

পারস্য ও ইউরোপের নানাস্থানে জন্মে, স্পেন দেশ হইতে আমদানী হয়।

কিসমিস মধ্যে অধিক পরিমাণ দ্রাক্ষাশর্করা ও এসিড

টার্ট্রেট অব্ পটাসিয়ম আছে, ইহা হইতে সুরা প্রস্তুত করিয়া লইলে যে ক্লেদ থাকে তাহাকে আর্গল বলে, এই আর্গল হইতে টার্টারিক এসিড প্রস্তুত হয়।

প্রঃ—১। টিংচুরা কার্ডেমোমাই কম্পজিটা। ২ টিংচুরা সেনি।

ক্রিয়া—মৃদু শৈত্যকারক কিন্তু ঔষধ রূপে কখন একা ব্যবহৃত হয় না। অন্যান্য ঔষধাদি সুমিষ্ট করিতে ব্যবহৃত হয়।

ভাইনম জেরিকম, সেরি আসব।

প্রথমভাগ ১৪৮ পৃষ্ঠা দেখুন।

জাইগোফিলেনী শ্রেণী।

১। গোয়েসাই লিগনম। গোয়েকম উড্।

গোয়েকম অফিসিনেল নামক বৃক্ষের কাষ্ঠের ভিতরের অংশ। জামেকা ও সেন্টডোমিঙ্গো দেশে জন্মে।

প্রয়োগরূপ—ডিককটম সার্জি কম্পজিটম (১ পাইণ্টে ।০ আউন্স)

২। গোয়েসাই রেজিনা। গোয়েকম রেজিন।

গোয়েকম অফিসিনেল ও গোয়েকম সেংক্টম নামক বৃক্ষ হইতে স্বভাবতঃ নিস্থত বা কর্ত্তন কিম্বা তাপদ্বারা প্রাপ্ত রজন।

মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রঃ—মিসচুরা গোয়েসাই . ১ তং আউন্সে ১১ গ্রেণ।

পাইলিউলা হাইড্রারজিরাই সবক্লোরিডাই কম্পজিটা ২॥০ ভাগে ১ ভাগ।

টিংচুরা গোয়েসাই এমোনিয়েটা ১ তং আউন্সে ৮৮ গ্রেণ।

মিসচুরা গোয়েসাই। গোয়েকমমিকশ্চার।

গোয়েকম রেজিন ... ॥০ আউন্স বা ১ ভাগ।

৫—

শোধিত শর্করা	॥০ আউন্স" ১ ভাগ।
আরবিগঁদ চূর্ণ	।০ আউন্স"॥০ ভাগ।
দারুচিনির জল	১ পাইন্ট" ৪০ তং ভাগ।

গোয়েকম, শর্করা ও গঁদের সহিত মর্দ্দন করিয়া ক্রমে ২ দারুচিনির জল যোগ করিবে।

মাত্রা ॥০—২ তং আউন্স।

টিংচুরা গোয়েসাই এমোনিয়েটা। এমোনিয়েটেড টিংচার অফ গোয়েকম।

গোয়েকম রেজিন চূর্ণ .. ৪ আউন্স।

এরোমেটিক স্পিরিট অব্ এমোনিয়া যথা প্রয়োজন ১৫ তং আউন্স এরোমেটিক স্পিরিট অব্ এমোনিয়া মধ্যে গোয়েকম উত্তমরূপে আবৃত পাত্রে সাত দিন ভিজাইয়া রাখিবে মধ্যে ২ নাড়িয়া দিবে, ফিল্টার করিয়া যথাবশ্যক এরোমেটিক স্পিরিট অব এমোনিয়া যোগে ১ পাইন্ট পূর্ণ করিবে।

মাত্রা ॥০—১তং ড্রাম।

২। কুইনাইনি হাইড্রোক্লোরাস। হাইড্রোক্লোরেট অব্ কুইনাইন।

সলফেট অব্ কুইনাইন প্রস্তুতের প্রক্রিয়া মত করিবে, কেবল সলফিউরিক এসিড স্থানে হাইড্রোক্লোরিক এসিড ব্যবহার করিবে। মাত্রা ১—১০ গ্রেণ।

ইহার প্রয়োগরূপ।

টিংচুরা কুইনাইনি। টিংচার অফ্ কুইনাইন

হাইড্রোক্লোরেট অব্ কুইনাইন	...	১৬০ গ্রেণ।
টিংচার অব্ অরেঞ্জপিল		১ পাইন্ট।

মৃদুতাপে টিংচার মধ্যে কুইনাইন দ্রব করিয়া আবদ্ধ পাত্রে ৩ দিন রাখিবে, মধ্যে২ নাড়িবে। ফিল্টার করিবে।

মাত্রা ॥০—২ তং ড্রাম। (১ তং ড্রামে ১ গ্রেণ)

ভেলিরিয়েনেট অব্ কুইনান (ভেলিরিয়েন সহিত উক্ত হইবে)।

সিঙ্কোনা বার্কের প্রয়োগরূপ।

১। ডিককৃটম সিঙ্কোনি। ডিককৃসন অফ্ সিঙ্কোনা।

রেড সিঙ্কোনা বার্ক ২০ নং চূর্ণ	.	১।০ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১ পাইণ্ট।

আবৃতপাত্রে ১০ মিনিট ফুটাইবে, শীতল হইলে ছাঁকিয়া ডিষ্টিল্ড জল যোগে ১ পাইণ্ট পূর্ণ করিবে।

মাত্রা ১—২ তং আউন্স।

২। এক্সট্রাক্টম সিঙ্কোনি লিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অফ সিঙ্কোনা।

রেড্ সিঙ্কোনা বার্ক ৬০ নং চূর্ণ		২০ আউন্স।
হাইড্রোক্লোরিক এসিড	...	৫ তং ড্রাম।
গ্লিশরিণ	...	২॥০ তং আউন্স।
রেক্টিফাইড স্পিরিট } ডিষ্টিল্ড ওয়াটার }		যথা প্রয়োজন।

এসিড, গ্লিশরিণ ও ৫ পাইণ্ট জল একত্র করিয়া আবৃতপাত্রে ৪৮ ঘণ্টা সিঙ্কোনাবার্ক মেসিরেট করিবে, ঘনং নাড়িয়া পর্কোলেট করিবে, জলদিয়া পর্কোলেট করিবে, যে পর্য্যন্ত না ১৫ পাইণ্ট সংগ্রহ হয়। ১৮০ তাপে ঘন করিয়া পরিমাণ এক পাইণ্ট করিবে। মাত্রা ৫—১০ মিনিম।

১০০ ভাগে ১২॥ ভাগ রেক্টিফাইড স্পিরিট ও ৫ ভাগ সিঙ্কোনা এলকেলয়েড আছে।

৩। ইন্ফিউসম সিঙ্কোনি এসিডম বা এসিড ইনফিউসন অফ সিঙ্কোনা। (ইনফিউসম সিঙ্কোনি)।

রেড সিঙ্কোনা বার্ক ৪০নং চূর্ণ ॥০ আউন্স বা ১ ভাগ।

এরোমেটিক সলফিউরিক এসিড ১ তং ড্রাম" ।০ তং ভাগ।
বষেলিং ডিষ্টিল্ড ওয়াটার ১০ তং আউন্স" ২০ তং ভাগ।

আবৃতপাত্রে এক ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা ১—২ তং আউন্স।

৪। * টিংচুরা সিঙ্কোনি। টিংচার অফ সিঙ্কোনা।

রেড্ সিঙ্কোনা বার্ক ৪০নং চূর্ণ	...	৪ আউন্স।
প্রুফ্স্পিরিট	...	১ পাইণ্ট।

মেসিরেশন ও পার্কোলেশন দ্বারা প্রস্তুত করিবে।

পরিমাণ ১ পাইণ্ট হইবে। মাত্রা ॥০—২ তং ড্রাম।

* ৫। টিংচুরা সিঙ্কোনি কম্পজিটা। কম্পাউণ্ড টিংচার অফ সিঙ্কোনা।

রেড্ সিঙ্কোনা বার্ক ৪০নং চূর্ণ		...	২ আউন্স।
বিটার অরেঞ্জপিল ক্ষুদ্র২ কাটা ও চূর্ণ		..	১ আউন্স।
সর্পেণ্টরি রাইজোম চূর্ণ		...	॥০ আউন্স।
জাফ্রাণ	...	...	৫৫ গ্রেণ।
কোচিনেল চূর্ণ	...	..	১৮ গ্রেণ।
প্রুফ্ স্পিরিট	..	.	১ পাইণ্ট।

মেসিরেসন ও পর্কোলেসন দ্বারা প্রস্তুত করিবে।

পরিমাণ এক পাইণ্ট হইবে। মাত্রা ॥০—২ তং ড্রাম।

ক্রিয়া—সিঙ্কোনা বার্কের ক্রিয়া ইহার উপক্ষার সকলের উপর নির্ভর করে, কিন্তু সিঙ্কো-টেনিক এসিড ও সিঙ্কোনা-রেড্ থাকাতে, ইহার উপক্ষার সকলের ক্রিয়া হইতে সিঙ্কোনার ক্রিয়া কিছু বিভিন্ন। আগ্নেয়, বলকারক, উত্তেজক, পর্য্যায় নিবারক, সঙ্কোচক।

সিঙ্কোনা বার্ক হইতে প্রাপ্ত উপক্ষার সকলের ক্রিয়া।

কুইনাইনের ক্রিয়া,—

১। নীচশ্রেণীস্থ উদ্ভিদ ও জন্তুর উপর সাংঘাতিক ক্রিয়া প্রকাশ করে, এমতে ইহা পচন উৎপাদনের নিবারণ খর্ব্বতা বা ব্যাঘাৎ উৎপাদন করে।

২। পাকরসের দ্রবকরণ গুণ, মূত্রোৎসেচন প্রভৃতি উৎসেচন উৎপাদনের ব্যাঘাৎ উৎপাদন করে।

৩। বর্ণহীন রক্তকণিকার স্বাভাবিক গতির খর্ব্বতা ও ইহাদের স্থান পরিবর্ত্তনের গতিরোধ করে।

৪। বৃহৎমাত্রায় হৃদপিণ্ডের ক্রিয়ারোধ করিয়া হঠাৎ রক্তচাপের অল্পতা, আক্ষেপ ও মৃত্যু উৎপাদন করে।

৫। মস্তিষ্ক ও পৃষ্ঠমজ্জার উপর অবসাদন ক্রিয়া প্রকাশ করিয়া রিফ্লেক্স মুভ্‌মেণ্টস শক্তি হ্রাস ও পরিশেষে ইহাকে নষ্ট করে।

৬। সুস্থদেহের তাপ হ্রাস করে কিন্তু রক্তে গলিত দ্রব্যাদি মিলিত হইয়া তাপাধিক্য হইলে ঐ তাপ বিলক্ষণ খর্ব্ব করে।

কুইনিডাইন, সিঙ্কোনাইন, ও সিঙ্কোনিডাইনের উপরিউক্ত প্রথম তিনটী ক্রিয়া আছে। পচন নিবারক বিষয় চারিটী উপক্ষারই প্রায় সমান, কুইনাইন ও কুইনিডাইন একরূপ, সিঙ্কোনিডাইন দ্বিতীয়, সিঙ্কোনাইন তৃতীয়।

এমতে কুইনাইন,—

বলকারক, পর্য্যায় নিবারক, পচন নিবারক, তাপাধিক্য নিবারক। (টনিক, এণ্টিপিরিয়ডিক, এণ্টিসেপ্‌টিক, এণ্টিপাইরেটিক)।

কুইনাইনের ব্যবহার।

অল্পমাত্রায় বলকরণ জন্য—দুর্ব্বল রোগীদের ক্ষুধাবৃদ্ধি করিয়া অত্যন্ত দুর্ব্বল অবস্থার কলিকোয়েটিভ সোয়েটিং বা উপসর্গিক ঘর্ম্মাধিক্য নিবারণ জন্য।

পর্য্যায় নিবারক বলিয়া—মেলেরিয়াঘটিত জ্বর, পর্য্যায় জ্বর, স্বল্পবিরাম জ্বর, মেলেরিয়া সংযুক্ত স্নায়ুশূল, যকৃত ও প্লীহায় রক্তাধিক্য।

বিশেষপ্রকার স্নায়ুশূল, বিশেষতঃ পর্য্যায় ভাবাপন্ন।

৫—২০ গ্রেণ মাত্রায় সন্তাপাধিক্য নিবারণ জন্য—যে কোন কারণে দেহের তাপাধিক্য হউক না কেন ইহা ব্যবহার করা যাইতে পারে। এই তাপ হ্রাস ক্রিয়া স্থায়ী নহে ১—৪৮ ঘণ্টাকাল মাত্র স্থায়ী।

টাইফস, এণ্টিরক জ্বর, রিউমটিক জ্বর, স্কার্লেটিনা, নিউমোনিয়া ও থাইসিস রোগের হেক্‌টিক জ্বরে ব্যবহার হয়।

একিউট ইনফ্লামেশন রোগে প্রয়োগ করিলে পূয়োৎপাদন নিবারণ করে।

রক্তের পচন অবস্থায় নানাপ্রকার রোগে বৃহৎ মাত্রায় মহোপকারী (পিওরপারল ও সার্জিকেল সেপ্টিসিমিয়া রোগে বিলক্ষণ উপকারী)। কণ্টিনিউড ফিবার। উত্তেজক ও পচন নিবারক জন্য কুইনাইন স্থানিক ব্যবহার হইতে পারে—অন্‌হেলদি অল্‌সর গণার পচাবা ও মজ্জন জন্য স্পঞ্জিং। প্রভৃতি রোগে ব্যবহার হয়।

কুইনিডাইন, সিঙ্কোনাইন এবং সিঙ্কোনি ডাইনের ক্রিয়া কুইনাইন সদৃশ কিন্তু উহা অপেক্ষা গুণে অনেক কম।

সিঙ্কোনা বার্কের ক্রিয়া।

যদিও সিঙ্কোনা বার্কের ক্রিয়া ইহার মধ্যস্থ উপক্ষারের উপর নির্ভর করে তথাচ ইহাতে সিঙ্কো-টেনিক এসিড ও সিঙ্কোনা রেড নামক দ্রব্য থাকাতে ইহা টেনিক ও গেলিক এসিডের ন্যায় প্রবল সঙ্কোচক। কুইনাইন যে যে ক্রিয়া জন্য যে সকল রোগে ব্যবহার হয় বার্ক ও সেই সকল রোগে সেই ক্রিয়ার জন্য ব্যবহার হইতে পারে, কিন্তু এত অধিক পরিমাণ ব্যবহার করিতে হয় যে সহ্য হয়না তজ্জন্য ইহা অনেক স্থলে অযোগ্য।

সঙ্কোচক ক্রিয়া প্রয়োজন হইলে এবং অত্যন্ত দুর্ব্বল অবস্থায় হৃদপিণ্ডের দুর্ব্বলতায় কুইনাইন অপেক্ষা বার্ক শ্রেষ্ঠ।

যে যে বার্কে যে যে উপক্ষার যে পরিমাণ থাকে তাহার তালিকা,

সিঙ্কোনা কেলিসিয়া অধিক পরিমাণ কুইনাই।
সিঙ্কোনা অফিসিনেলিস ... সিঙ্কোনাইন।
সিঙ্কোনা সক্সিরুব্রা কুইনাইন ও সিঙ্কোনাইন সমান পরিমাণ।
কার্থেজিনা বার্ক কুইনিডাইন ও সিঙ্কোনিডাইন অধিক।

ইপিকাকুয়ানহা। ইপিকাকুয়ানহা।

সিফেইলিস ইপিকাকুয়ানা বৃক্ষের শুষ্কমূল, ব্রেজিল দেশে জন্মে।

চূর্ণের মাত্রা—কফঃনিঃসারক—॥০—২ গ্রেণ, বমনকরণ জন্য—১৫—৩০ গ্রেণ।
পিত্ত নিঃসারণজন্য ।০—২ গ্রেণ. একিউ ডিসেণ্টি ২০—৩০ গ্রেণ
প্রঃ—পাইলিউলা কোনাই কম্পজিটা ৬ ভাগে প্রায় ১ ভাগ।

পাইলিউলা ইপিকাকুয়ানি কমসিলা	২৩ ভাগে প্রায় ১ ভাগ।
পলভিস ইপিকাকুয়ানি কম্পজিটস	১০ ভাগে ১ ভাগ।
ট্রোচিসাই ইপিকাকুয়ানি ...	প্রতি লোজেঞ্জে ।০ গ্রেণ।
" মর্ফিনি এট্ ইপিকাকুয়ানি	প্রতি লোজেঞ্জে $\frac{1}{২}$ গ্রেণ।
ভাইনম ইপিকাকুয়ানি ...	১ তং আউন্সে ২২ গ্রেণ।

১। পাইলিউলা ইপিকাকুয়ানহি কমসিলা। পিল অফ্ ইপিকাকুয়ানহি উইথস্কুইল।

কমপাউণ্ড পাউডার অব্ ইপিকাকুয়ানা	৩ আউন্স বা ৩ ভাগ।
স্কুইলচূর্ণ ...	১ আউন্স বা ১ ভাগ।
এমোনায়েক চূর্ণ	১ আউন্স " ১ ভাগ।
ট্রিকেল	যথাপ্রয়োজন।

মাত্রা ৫—১০ গ্রেণ

২। পলভিস ইপিকাকুয়ানি কম্পজিটস। কম্পাউণ্ড পাউডার অফ্ ইপিকাকুয়ানহা। ডোভর্স পাউডর।

ইপিকাকুয়ানা চূর্ণ ...	॥০ আউন্স বা ১ ভাগ।
অহিফেণ চূর্ণ ...	॥০ আউন্স " ১ ভাগ।
সলফেট অব্ পটাসিয়ম ...	৪ আউন্স " ৮ ভাগ।

মাত্রা ৫—১৫ গ্রেণ।

প্রঃ—পাইলিউলা ইপিকাকুয়ানি কমসিলা ৭ ভাগে ৩ ভাগ।

৩। ট্রোচিসাই ইপিকাকুয়ানহি। ইপিকাকুয়ানা লোজেঞ্জস।

ইপিকাকুয়ানা চূর্ণ	১৮০ গ্রেণ।
রিফাইণ্ড সুগার চূর্ণ ...	২৫ আউন্স।

গম একেসিয়া চূর্ণ ... ১ আউন্স।
মিউসিলেজ অব্ গম একেসিয়া ... ২ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার ১ তং আউন্স বা যথা প্রয়োজন।

৭২০ লোজেঞ্জ প্রস্তুত করিবে। প্রতি লোজেঞ্জে ।০ গ্রেণ ইপিকাক আছে। মাত্রা ১—৩ লোজেস।

৪। ভাইনম ইপিকাকুয়ানহি। ইপিকাকুয়ানহা ওয়াইন।

ইপিকাকুয়ানা স্থূল চূর্ণ ... ১ আউন্স।
এসিটিক এসিড ১ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার যথা প্রয়োজন।
সেরি ১ পাইণ্ট।

এসিটিক এসিডে ইপিকাক ২৪ ঘণ্টা মেসিরেট করিবে। পর্কোলেটারে রাখিয়া তরল ভাগ পর্কোলেট করিবে, পর্কোলেটারে ডিষ্টিল্ড জল দিয়া পর্কোলেট করিবে যে পর্য্যন্ত না সমুদয়ে ১ পাইণ্ট তরল দ্রব্য সংগৃহীত হয়। উহাকে ওয়াটার বাথের তাপে শুষ্ক করিয়া লব্ধ দ্রব্যকে চূর্ণ করত সেরি মধ্যে ৪৮ ঘণ্টা মেসিরেট করিবে, মধ্যে২ নাড়িয়া দিবে। ফিল্টার করিবে।

মাত্রা ৫—৪০ মিনিম কফ নিঃসারক। ৩—৬ তং ড্রাম বমনকারক। ১ মিনিম মাত্রায় বমন নিবারক।

শিশুদের জন্য কফনিঃসারক মাত্রা ২—১০ মিনিম।
বমনকারক ॥০—১ ড্রাম।

ক্রিয়া—স্থানিক—কাঁচাস্থান বা মিউকসমেম্ব্রেনে প্রয়োগে উগ্রতাসাধক। বৃহৎ মাত্রায় বমনকারক। (এমেটিক) ইহার ক্রিয়া মাষ্টার্ড ও সলফেট অফ্ জিঙ্কের ন্যায় দ্রুত নহে।

অল্পমাত্রায়—কফনিঃসারক, ঘর্ম্মকারক, ধামনিক অবসাদক।

পিত্ত নিঃসারক৭ (এক্সপেক্টোরেণ্ট, ডায়ফোরেটিক, ভাসকিউ-লার সিডেটিভ) কোলেগগ। বৃহৎমাত্রায় একিউট ডিসেণ্ট্রি নিবারক।

ব্যবহার—জ্বর, ব্রনকাইটিস নিউমোনিয়া, ইত্যাদি বক্ষগহ্বরের পীড়া,—ক্রুপ, ডিস্পেপসিয়া, ডিসেণ্ট্রি, ডায়েরিয়া, উষ্ণপ্রধান দেশের একিউট ডিসেণ্ট্রি, কেটার, ডিসপেপসিয়া।

কেটিকিউ। কেটিকিউ। খদির।

নামান্তর—কেটিকিউ পেলিডম্ (পাণ্ডু খদির)

খদির ২ প্রকার পাণ্ডু ও কৃষ্ণ। পাণ্ডু খদিরই ফার্ম্মাকোপিয়ায় গৃহীত।

অনকেরিয়া গ্যামবিয়ার বৃক্ষের পত্র ও তরুণ শাখা হইতে প্রস্তুত একষ্ট্রাক্ট। সিঙ্গাপুর প্রভৃতি স্থানে জন্মে।

মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রং—ইনফিউসম কেটিকিউ ·	১ তং আউন্সে ১৬ গ্রেণ।
পলভিস কেটিকিউ কম্পজিটস ···	২॥০ ভাগে ১ ভাগ।
টিংচুরা কেটিকিউ ·	১ আউন্সে ৫৪॥০ গ্রেণ।
ট্রচিসাই কেটিকিউ ·	প্রতি লোজেঞ্জে ১ গ্রেণ।

১। ইনফিউসম কেটিকিউ। ইনফিউসন অব্ কেটিকিউ

কেটিকিউ স্থূল চূর্ণ ···	১৬০ গ্রেণ বা ৫৩ ভাগ।
সিনেমন বার্ক চূর্ণ ···	৩০ গ্রেণ বা ১ ভাগ।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার ···	১০ আউন্স বা ১৪৯ তং ভাগ।

আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

মাত্রা ১—২ তং আউন্স।

১। পলভিস কেটিকিউ কম্পজিটস। কম্পাউণ্ড পাউডার অফ্ কেটিকিউ।

কেটিকিউ চূর্ণ	..	৪ আউন্স বা ৪ ভাগ।
কাইনো চূর্ণ		২ আউন্স বা ২ ভাগ।
বেটানি মূল চূর্ণ	...	২ আউন্স বা ২ ভাগ।
সিনেমন বার্ক চূর্ণ	...	১ আউন্স বা ১ ভাগ।
নটমেগ চূর্ণ	...	১ আউন্স বা ১ ভাগ।

মাত্রা ২০—৪০ গ্রেণ।

৩। * টিংচুরা কেটিকিউ। টিংচার অফ্ কেটিকিউ।

কেটিকিউ স্থূল চূর্ণ	.	২৷৷০ আউন্স।
সিনেমন বার্ক চূর্ণ	.	১ আউন্স।
প্রুফ স্পিরিট	...	১ পাইন্ট।

মেসিরেশন ও পর্কোলেশন দ্বারা প্রস্তুত করিবে। পরিমাণ ১ পাইন্ট হইবে। মাত্রা ৷৷০—২ তং ড্রাম।

৪। ট্রোচিসাই কেটিকিউ। কেটিকিউ লোজেঞ্জেস।

কেটিকিউ চূর্ণ	.	৭২০ গ্রেণ।
রিফাইণ্ড সুগার চূর্ণ	...	২৫ আউন্স।
গম একেসিয়া চূর্ণ	...	১ আউন্স।
মিউসিলেজ অব্ গম একেসিয়া		২ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।

৭২০ লোজেঞ্জ প্রস্তুত করিবে। প্রতি লোজেঞ্জে ১ গ্রেণ কেটিকিউ আছে। মাত্রা ১—৩ লোজেঞ্জ।

ক্রিয়া—প্রবল সঙ্কোচক। (ভেরিপাওয়ারফুল এসট্রিনজেন্ট)।

ব্যবহার—পাইরোসিস সংযুক্ত ডায়েরিয়া, বিশেষ প্রকার এটনিক ডিস্পেপ্সিয়া, হেমরেজ, মিউকস ডিসচার্গা।

স্থানিক—মলম আকারে ব্যবহার হইতে পারে, এভিন্ন স্বরভঙ্গ, তালু ও ইউভিলার শিথিলতা ইত্যাদিতে স্থানিক ব্যবহার হয়।

ভেলিরিয়েনসি।

ভেলিরিয়েনি রাইজোমা। ভেলিরিয়েন রাইজোম।

নামান্তর—ভেলিরিয়েন রেডিক্স।

ভেলিরিয়েনা অফিসিনেলিস নামক বৃক্ষের শুষ্ক রাইজোম ও ক্ষুদ্র মূল। ব্রিটনদেশে চাস হয়। চূর্ণের মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রঃ—ইনফিউসম ভেলিরিয়েনি	...	১ পাইন্টে ২২০ গ্রেণ।
টিংচুরা ভেলিরিয়েনি		১ পাইন্টে ২৷৷০ আউন্স।
" এমোনিয়েটা	...	১ পাইন্টে ২৷৷০ আউন্স।

ইনফিউসম ভেলিরিয়েনি। ইনফিউশন অফ ভেলিরিয়েন।

ভেলিরিয়েন রাইজোম চূর্ণ	...	।০ আউন্স বা ১ ভাগ।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	...	১ তং আউন্স বা ৪০ ভাগ।

আবৃত পাত্রে ১ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে।

মাত্রা ১—২ তং আউন্স।

* টিংচুরা ভেলিরিয়েনি। টিংচার অফ ভেলিরিয়েন।

ভেলিরিয়েন রাইজোম ৪০ নং চূর্ণ	..	২৷৷০ আউন্স।
প্রেফ স্পিরিট	..	১ পাইন্ট।

মেসিরেশন ও পর্কোলেশন দ্বারা প্রস্তুত করিবে। পরিমাণ ১ পাইন্ট হইবে। মাত্রা ১—২ তং ড্রাম।

টিংচুরা ভেলিরিয়েনি এমোনিয়েটা। এমোনিয়েটেড্
টিংচার অফ্ ভেলিরিয়েন।

ভেলিরিয়েন রাইজোম	...	২॥০ আউন্স।
এরোমেটিক স্পিরিট অব্ এমোনিয়া	...	১ পাইন্ট।

পরিমাণ এক পাইন্ট হইবে। মাত্রা—॥০—১ ড্রাম।

ক্রিয়া—প্রবল স্নায়ব উত্তেজক, আক্ষেপনিবারক স্নায়বিয় বলকারক
(পাওয়ারফুল ষ্টিমুলেণ্ট, এণ্টিস্পাজমডিক)

ব্যবহার—হিষ্টিরিয়া—ও হিষ্টিরিয়া ঘটিত স্পেজম, হেমিক্রেনিয়া, গ্লোবস, পেল্পিটেসন, এাভস কোরিয়া, ইপিলেপ্সি, হাইপোকনড্রায়েসিস।

সোডাই ভেলিরিয়েনাস। ভেলিরিয়েনেট অফ্ সোডিয়ম।

এমাইলিক এলকোহল		৪ তং আউন্স।
সলফিউরিক এসিড	...	৬।॥০ তং আউন্স।
বাইক্রোমেট অব্ পটাসিয়ম	...	৯ আউন্স।
সলিউসন অব্ সোডা		৬।॥০ আং বা যথাপ্রয়োজন।
জল	.	॥০ গ্যালন।

এমাইলিক এলকোহল, ডাইলিউট সলফিউরিক এসিড ও বাইক্রোমেট অব্ পটাসিয়ম একত্রে চুয়াইয়া, চুয়ান লব্ধ দ্রব্যকে সোডা দ্বারা সমক্ষারাম্ল করিয়া শুষ্ক করিলে প্রস্তুত হয়, এই দ্রব্যকে অগ্নির তাপে উষ্ণ করিয়া শীতল হইতে দিবে।

ক্রিয়া—স্নায়বীয় উত্তেজক, আক্ষেপনিবারক।

মাত্রা ১—৫ গ্রেণ।

ব্যবহার—ভেলিরিয়েনের ন্যায় কিন্তু ভেলিরিয়েনেট অব্ জিঙ্ক প্রস্তুত করিতেই ব্যবহার হয়।

জিনসাই ভেলিরিয়েনাস। ভেলিরিয়েনেট অফ্ জিঙ্ক।

সলফেট অব্ জিঙ্ক ...	৫।০ আউন্স।
ভেলিরিয়েনেট অব্ সোডিয়ম ...	৫ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার ...	যথা প্রয়োজন।

সলফেট অফ জিঙ্ক ও ভেলিরিয়েনেট অফ সোডিয়ম ভিন্ন২ পাত্রে জলে দ্রব করিয়া উভয়কে উষ্ণ করিবে, ফুটিতে আরম্ভ হইলে একত্র করিবে, শীতল হইলে দানা বান্ধিতে থাকিলে দানাসকল উঠাইয়া লইবে, অবশিষ্ট তরল দ্রব্য বা মাদার লিকার ঘন করিয়া পুনরায় দানা বান্ধিলে ঐদানা ও অন্তর করিবে, উভয় দানা একত্র করিয়া ধৌত ও শুষ্ক করিয়া লইবে।

এভিন্ন ভেলিরিয়েনিক এসিক কার্ব্বনেট অব্ জিঙ্ক দ্বারা সমক্ষারাম্ল করিয়াও প্রস্তুত হয়। মাত্রা ১—৩ গ্রেণ।

ক্রিয়া—স্নায়বীয় বলকারক ও আক্ষেপনিবারক, ক্রিমিনাশক। (নার্ভাইন টানিক, এণ্টিস্পাজমডিকা)

ব্যবহার—হিষ্টিরিয়া, কোরিয়া, ইপিলেপ্সি, নানাপ্রকার স্নায়ুশূল, শিরোপীড়া।

কম্পোজিটি।

পাইরিথ্রাই রেডিক্স পেলিটরি রুট। আকরকরা।

এনাসাইক্লস পাইরিথ্রম বৃক্ষের শুষ্ক মূল, বার্বেরি, স্পেইন প্রভৃতি স্থানে জন্মে।

প্রঃ। টিংচুরা পাইরিথ্রি। টিংচার অফ্ পেলিটরি।

পেলিটরি রুট ৪০ নং চূর্ণ ...	৪ আউন্স।
রেক্টিফাইড স্পিরিট ...	১ পাইণ্ট।

মেসিরেশন ও পর্কোলেশন দ্বারা প্রস্তুত করিবে।

পরিমাণ—১পাইণ্ট পূর্ণ করিবে।

ক্রিয়া—স্থানিক উত্তেজক, লালনিঃসারক।

ব্যবহার—দন্তের নিউরালজিয়া, মুখের মধ্যে কোন স্থান অবশ হইলে, গলার মধ্যে শিথিলতা, এফোনিয়ারোগে স্থানিক ব্যবহার হয়। টিংচার, জলের সহিত কুল্লিরূপে ব্যবহার হয়, আভ্যন্তরিক ব্যবহার হয় না।

সেণ্টোনিকা। সেণ্টোনিকা।

আর্টিমিসিয়া মেরিটিমা নামক বৃক্ষের মঞ্জরী বা অবিকাশিত কুসুম গুচ্ছ। রুশিয়াদেশ হইতে আমদানি হয়।

মাত্রা ১০—৬০ গ্রে।

প্রঃ—সেণ্টনিনম। সেণ্টোনিন।

সেণ্টনিকা হইতে প্রস্তুত দানাময় দ্রব্য, নিম্নলিখিত দ্রব্য যোগে প্রস্তুত হইতে পারে।

সেণ্টনিকা চূর্ণ ..	১ পাউণ্ড।
শ্লেকড্ লাইম	৭ আউন্স।
হাইড্রোক্লোরিক এসিড	যথা প্রয়োজন।
সলিউয়ন অব্ এমোনিয়া	১০ তং আউন্স।
রেক্টিফাইড স্পিরিট	১৪ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	যথা প্রয়োজন।

তাম্র কিম্বা বঙ্গ মণ্ডিত লৌহ পাত্রে এক গেলনজল ও পাঁচ আউন্স চুণের সহিত ১ ঘণ্টাকাল ফুটাবে। শক্ত কাপড়ে ছাঁকিবে ও দৃঢ় চাপ দিয়া রস বাহির করিয়া লইবে। কাপড় মধ্যস্থ দ্রব্যকে অবশিষ্ট চুণ ও অর্দ্ধ গেলন জলে অর্দ্ধ ঘণ্টা ফুটাইয়া পূর্ব্বের মত ছাঁকিবে। উক্ত ২ বারে লব্ধ তরল দ্রব্যকে মিলিত

করিয়া স্থিরভাবে রাখিবে, উপরের পরিষ্কার অংশ সাবধানে পাত্রান্তর করিয়া তাপে ঘন করিয়া ১৷৷০ পাইন্ট করিবে। উষ্ণ থাকিতে উহাতে হাইড্রোক্লোরিক এসিড যোগ করিবে ও উত্তম রূপে নাড়িতে থাকিবে। যেপর্য্যন্ত না স্থায়ীভাবে অল্প অম্ল হয় ৫ দিন স্থিরভাবে রাখিবে অধঃক্ষেপ নীচে পড়িবে। উপরে যে তৈল ভাসে তাহাকে অন্তর করিবে। তরল অংশের অধিকাংশ অন্তর করিয়া অধঃক্ষিপ্ত দ্রব্যকে কাগজের ফিল্টারে রাখিয়া শীতল ডিষ্টিল্ড জলদিয়া উত্তম রূপে ধৌত করিবে। ৫ আউন্স জলে এমোনিয়া মিলাইয়া তদ্দারা ধৌত করিবে, পরিশেষে শীতল ডিষ্টিল্ড জলে ধৌত করিবে যেপর্য্যন্ত ধৌত জল বর্ণহীন না হয়। ফিল্টার শুদ্ধ অধঃক্ষেপ (ছাঁকা দ্রব্য) ব্লটিং কাগজের মধ্যে চাপিয়া শুষ্ককরতঃ উষ্ণ স্থানে রাখিয়া শুষ্ক করিবে। কাগজ হইতে অধঃক্ষেপ চাঁছিয়া লইয়া এনিমেল চার কোল যোগ করিবে। ৯ আউন্স রেক্টিফাইড স্পিরিটে অর্দ্ধঘণ্টা ভিজাইয়া দশমিনিট ফুটাবে। গরম করিয়া ফিল্টার করিবে ফিল্টারস্থ চারকোলকে এক আউন্স স্ফুটিত স্পিরিট দ্বারা ধৌত করিবে নির্গত স্পিরিট যুক্ত দ্রব্যকে ২ দিবস শীতল অন্ধকার স্থানে রাখিলে দানা বান্ধিবে। দানাছাঁকিয়া অবশিষ্ট তরল দ্রব্যকে ঘন করিয়া পুনরায় দানা বান্ধিবে, সমুদয় দানা একত্র করিয়া পুনরায় ৪ আউন্স স্ফুটিত স্পিরিটে দ্রব করিয়া পূর্ব্ববৎ দানা বান্ধিবে, অন্ধকারে শুষ্ক করিয়া নীলবোতলে রাখিবে।

মাত্রা ২—৬ গ্রেণ। ছেলেদের জন্য ১—৩ গ্রেণ।

ট্রোচিসাই সেণ্টনিনাই। সেণ্টনিন লোজেঞ্জেস।

সেণ্টনিন ... ৭২০ গ্রেণ।

রিফাইণ্ড সুগার চূর্ণ	.	২৫ আউন্স।
গম একেসিয়া চূর্ণ	*	১ আউন্স।
মিউসিলেজ অব গম্ একেসিয়া	...	২ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	..	যথাপ্রয়োজন।

৭২০ লোজেঞ্জ প্রস্তুত করিবে। প্রতি লোজেঞ্জে ১ গ্রেণ সেণ্টনিন। মাত্রা ১—৬ লোজেঞ্জ।

ক্রিয়া—ক্রিমিনাশক, রাউণ্ড ওয়ারমে বিশেষ উপকারী।

(এনথেলমিণ্টিক)

ব্যবহার—রাউণ্ড ওয়ারম বা বড়২ গোল ক্রিমিরোগেই ইহা বিশেষ ফলপ্রদ, টেপ ওয়ারম ও থ্রেড ওয়ারমে উপকার হয়না। সেণ্টনাইন সেবনে মূত্র হরিদ্রা ও দৃষ্টি হরিদ্রা হয় উহাক্ষনিক।

এনথিমিডিস ফ্লোরেস। কেমোমাইল ফ্লাওয়ার। বাবুনাপুষ্প।

এনাথেমিস নোবিলিস বা কমন কেমোমাইল বৃক্ষের পুষ্প। ইংলণ্ডদেশে জন্মে।

প্রঃ—এক্স্ট্রাক্টম এন্থিমিডিস।

ইনফিউসম এন্থিমিডিস ... ১০ তং আউন্সে ॥০ আউন্স।

ওলিয়ম এন্থিমিডিস

ওলিয়ম এন্থিমিডিস। অয়েল অফ কেমোমাইল।

কেমোমাইল ফুল চুয়াইয়া ব্রিটনদেশে প্রস্তুত তৈল।

প্রয়োগরূপ—এক্‌ট্রাক্টম এন্থিমিডিস।

তৈলের মাত্রা ১—৪ মিনিম।

ফুলের প্রয়োগরূপ।

ইনফিউসম এন্থিমিডিস। ইনফিউসন অফ

কেমোমাইল (কেমোমাইলটী)।

কেমোমাইল ফ্লাওয়ার	...	।৷০ আউন্স বা ১ভাগ।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	...	১০তং আউন্স বা ২০তং ভাগ।

১৫ মিনিটকাল আবৃত পাত্রে ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা ১—৪ তং আউন্স।

ফুল ও তৈলের প্রয়োগরূপ।

এক্‌সট্রক্টম এন্থিমিডিস। এক্সট্রাক্ট অফ্‌ কেমোমাইল।

কেমোমাইল ফ্লাওয়ার	...	১ পাউণ্ড।
অয়েল অব্‌ কেমোমাইল	...	১৫ মিনিম।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১ গ্যালন।

জলের সহিত কেমোমাইল ফ্লাওয়ার সিদ্ধ করিবে যে পর্যান্ত না পরিমাণ অর্দ্ধেক হয়, ছাঁকিয়া নিংড়াইবে ও ফিল্টার করিবে, ওয়াটার বাথের তাপে শুষ্ক করিয়া পিল প্রস্তুতের উপযোগী ঘন হইলে, তৈলযোগ করিয়া প্রক্রিয়া শেষ করিবে।

মাত্রা ২—১০ গ্রেণ।

ক্রিয়া—সুগন্ধ, আগ্নেয়, বলকারক (উত্তেজক, বায়ুনাশক) (এরোমাটিক, ষ্টমাকিক, টনিক ষ্টিমুলেণ্ট, কার্ম্মিনেটিভ)

বৃহৎ মাত্রায় বিশেষতঃ উষ্ণ ইনফিউসন বমনকারক।

তৈল—উত্তেজক, বায়ুনাশক।

ব্যবহার—এটনিক ডিসপেপসিয়া, বমনকারক ঔষধের সাহার্য্য জন্য। (দৌর্ব্বল্য, পালাজ্বর, পাচড়া)

তৈল—বিরেচক ঔষধের সহিত মিশান হয়।

টেরাক্সেসাই রেডিক্স। ডেনডিলিয়ন রুট।

টেরাক্সিকম অফিসিনেল বৃক্ষের সদ্য ও শুষ্ক মূল, ইংলণ্ড দেশে জন্মে।

প্রঃ—ডিককটম টেরাক্সেসাই (শুষ্ক) ১ পাইন্টে ১ আউন্স।

এক্সট্রাকটম টেরাক্সেসাই (সদ্য)

" " লিকুইডম (শুষ্ক)

সক্কস টেরাক্সেসাই (সদ্য)

শুষ্ক মূলের প্রয়োগরূপ।

ডিককটম টেরাকসেসাই। ডিককশন অফ্ টেরাকসিকম।

শুষ্ক ডেনডিলিয়ন রুট খণ্ড২ ও চূর্ণ		১ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	..	১ পাইন্ট।

অবৃত পাত্রে ১০ মিনিট ফুটাইয়া ছাঁকিবে। ডিষ্টিল্ড ওয়াটার যোগে ১ পাইন্ট পূর্ণ করিবে। মাত্রা ২—৪ আউন্স।

এক্সট্রাকটম টেরাকসেসাই লিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অফ্ ডেণ্ডিলিয়ন।

শুষ্ক ডেনডেলিয়ন রুট ২০ নং চূর্ণ	৪০ আউন্স।
প্রুফ স্পিরিট	৪ পাইন্ট।
ডিষ্টিল্ড ওয়াটার	যথা প্রয়োজন।

পরিমান ৪০ আউন্স হইবে। মাত্রা ।০—২ তং ড্রাম।

সদ্য মূলের প্রয়োগরূপ।

এক্সট্রাকটম টেরেকসেসাই। এক্সট্রাক্ট অফ্ টেরাক্সেকম।

সদ্য ডেনডিলিয়নরুট	...	৪ পাউণ্ড।

চূর্ণ করিয়া চাপদ্বারা রস বাহির করিবে, স্থিরভাবে রাখিয়া দিবে উপরের পরিষ্কার অংশে ২১২ ফাঃতাপ ১০ মিনিট কাল প্রয়োগ করিবে, ছাকিয়া লইয়া জলস্বেদনযন্ত্র দ্বারা ১৬০ ফাঃ অনধিক তাপ প্রয়োগ করিতে থাকিবে যে পর্য্যন্ত না এক্সট্রাক্ট পিল বান্ধিবার উপযোগী হয়। মাত্রা ৫—৩০ গ্রেণ

সক্কস টেরেক্সেসাই। জুস অফ্ টেরাক্সেকম।

সদ্য ডেনডেলিয়ন রুট ৮ পাউণ্ড।

রেক্টিফাইড স্পিরিট যথা প্রয়োজন।

পাথরের খলে ডেণ্ডিলিয়ন রুট চূর্ণ করিবে, চাপদ্বারা রস বাহির করিবে, প্রতি তিন ভাগ রসে ১ ভাগ স্পিরিট যোগ করিবে, ৭ দিন স্থির ভাবে রাখিয়া দিয়া ফিল্টার করিবে।

মাত্রা ১—২ ফ্লুং ড্রাম।

ক্রিয়া—পিত্তনিঃসারক, মৃদু বিরেচক, পরিবর্ত্তক, মূত্রকারক, স্বেদসঞ্জনক, বলকারক, আগ্নেয়।

(কোলেগগ, লাক্সেটিভ, অলটারেটিভ, ডাইউরেটিক ডায়েফোরেটিক, টনিক, ষ্টমাকিক।

ব্যবহার—যকৃতে রক্তাধিক্য হিপাটিক অবষ্ট্রাকশন জন্য ড্রপ্সি, ক্রনিক এনলার্জমেণ্ট অব দি লিভার।

লেকটুকা। লেটুস।

লেকটুকা ভাইরোসা নামক পুষ্পিত বৃক্ষ। ইংলণ্ড দেশে জন্মে।

প্রঃ—এক্সট্রাক্টম লেকটিউসি। এক্সট্রাক্ট অফ্ লেটুস।

চাপদ্বারা নির্গত রস হইতে গ্রীণ এক্সট্রাক্ট প্রস্তুতের নিয়ম অনুসারে প্রস্তুত করিবে। মাত্রা ৫—১৫ গ্রেণ।

ক্রিয়া—নিদ্রাকারক, মাদক। বেদনা নিবারক, স্নায়বিয় অবসাদক। (হিপনটিক, নার্কটিক) এনোডাইন, শিডেটিভ।

ব্যবহার—অহিফেন অপেক্ষা অনেক মৃদু হইলেও উহার পরিবর্ত্তে নিদ্রাকরণ ও কাশের উগ্রতা হ্রাস জন্য ব্যবহৃত হয়, যাহা হউক ইহার ক্রিয়া অত্যন্ত মৃদু।

আর্ণিকা রাইজোমা। আর্ণিকারাইজোম।

আর্ণিকা মনটেনা বৃক্ষের রাইজোম ও ক্ষুদ্র মূল, ইউরোপের পার্ব্বত্য প্রদেশে জন্মে।

প্রঃ—টিংচুরা আর্ণিকি। টিংচার অফ আর্ণিকা

আর্ণিকারাইজোম ৪০ নং চূর্ণ	...	১ আউন্স।
রেক্টিফাইড স্পিরিট		১ পাইণ্ট।

পর্কোলেশন দ্বারা প্রস্তুত করিয়া স্পিরিট যোগে একপাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা ॥০—১ ড্রাম।

ক্রিয়া—মাস্তিস্ক উত্তেজক, মাদক, ঘর্ম্ম ও মূত্রকারক উগ্রতা সাধক। (ষ্টিমুলেণ্ট, ইরিটেণ্ট)।

ব্যবহার—নার্ভস হেডেক, ক্রনিকরিউমাটিক পেইন্ কিন্তু প্রধানতঃ স্থানিক ব্যবহার হয়—টিউমার, স্প্রেণ, ক্রইজ বা আহত স্থানে প্রয়োগ করা যায়, অমিশ্র টিংচার বা জল মিলাইয়া লোসনরূপে ব্যবহার হয়, কথন২ লিনিমেণ্টের সহিত মিলাইয়াও ব্যবহার হয়।

লোবিলিয়েসি।

লোবিলিয়া। লোবিলিয়া।

লোবিলিয়া ইনফ্লেটা, ইণ্ডিয়ান টোবাকো নামক শুষ্ক পুষ্পিত বৃক্ষ, ইউনাইটেড ষ্টেটে জন্মে।

প্রঃ—টিংচুরা লোবিলি · ১ আউন্সে ৫৪॥০ গ্রেণ।

টিংচুরা লোবেলি ঈথিরিয়া ... ১ আউন্সে ৫৪॥০ গ্রেণ।

* টিংচুরা লোবিলি। টিংচার অফ লোবিলিয়া।

লোবিলিয়া ৪০ নং চূর্ণ · ২॥০ আউন্স।

প্রূফ স্পিরিট ·· ১ পাইন্ট।

মেশিরেশন ও পর্কোলেশন দ্বারা প্রস্তুত করিবে স্পিরিট যোগে এক পাইন্ট পূর্ণ করিবে।

মাত্রা ১০—৩০ মিনিম।

টিংচুরা লোবিলি ঈথিরিয়া॥ ঈথরিয়েল টিংচার অফ লোবিলিয়া।

লোবিলিয়া স্থূলচূর্ণ ২॥০ আউন্স।

স্পিরিট অব্ ঈথর ১ পাইন্ট।

মেসিরেশন দ্বারা প্রস্তুত করিবে। পরিমাণ ১ পাইন্ট করিবে।

মাত্রা ১০—৩০ মিনিম।

ক্রিয়া—অল্প মাত্রায়—কফ নিঃসারক, ঘর্ম্মকারক।

আক্ষেপনিবারক (এক্সপেকটরেণ্ট, ডায়েফোরেটিক)।

বৃহৎ মাত্রায়—বমনকারক বা বিরেচক।

ব্যবহার—স্পেজমডিক এজমা, শ্বাস কষ্ট সংযুক্ত শ্বাস যন্ত্রের অন্যান্য পীড়া। মূত্রকারক ঔষধ সহিত মিলাইয়া কোন২ রোগে ব্যবহার হয়।

ইবিকেশী।

ইউভি অর্সাই ফোলিয়া। বেয়ারবেরিলিভস্।

আর্কটোষ্টাফাইলস বৃক্ষের পত্র। ইউরোপের উত্তর ভাগ ও আমেরিকায় জন্মে। পত্র চূর্ণ ১০—২০ গ্রেণ।

প্রঃ—ইনফিউসম ইউভি অর্সাই। ইনফিউশন অফ্ বেয়ার বেরি।

বেয়ার বেরিলিভস চূর্ণ	...	।।০ আউন্স বা ১ ভাগ।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার		১০ তং আউন্স ২০ তং ভাগ।

আবৃত পাত্রে ১ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা —১—২ তং আউন্স।

ক্রিয়া—সঙ্কোচক, মূত্রকারক। অল্প বলকারক।

(এষ্ট্রীনজেন্ট, ডাইউরেটিক)

ব্যবহার—মূত্রাধার ও মূত্রনালীর পীড়া যথা,—
ক্রনিক কেটার অফ্ দ ব্লাডার, গ্লিট, মূত্র যন্ত্রের পীড়া।

সেপোটেসি।

গটাপর্কা। গটাপর্কা।

ডিচপ্সিস গট্টা (আইসোনেনড্রা গট্টা) বা টেবানটী বৃক্ষের ঘনীভূত রস। বোর্ণিও ও সুমাত্রা প্রভৃতি স্থানে জন্মে।

প্রঃ—লাইকর গটাপর্কা, সলিউশন অব্ গটাপর্কা।

গটাপর্কা পাতলা খণ্ড	...	১ আউন্স।
ক্লোরোফরম	...	৮ তং আউন্স।
কার্ব্বনেট অব্ লেড সূক্ষ্মচূর্ণ		১ আউন্স।

লাইকর গটাপর্কা যোগে প্রস্তুত ঔষধ—কার্টা সিনাপিস।

ক্রিয়া—আবরক। ব্যবহার—গটাপর্কা টিস্যু ও গটাপর্কা স্প্লিণ্ট রূপে ব্যবহার হয়। লোসন প্রয়োগ করিয়া ও পুল্টিস এবং ফোমেণ্টেসন কার্য্যে আবরণ জন্য ব্যবহার হয়।

ষ্টিরেকেসি ।

বেনজোইনম । বেনজোইন । লোবান ।

ষ্টাইবেক্স বেনজোইন বা বেঞ্জামিনট্রি নামক বৃক্ষের ত্বক কর্ত্তন করিয়া পাওয়া যায়, ইহা বালসামিক রেজিন অর্থাৎ তৈল ও ধুনাযুক্ত রস, বায়ুতে ঘন হইয়া যায়। সুমাত্রা, সায়েম বর্ণিও প্রভৃতি স্থানে জন্মে। চূর্ণ   ১০—৩০ গ্রেণ।

প্রঃ। এসিডম বেনজোইকম।

এডেপ্স বেনজোয়েটস	...	৫০ ভাগে ১ ভাগ।
টিংচুরা বেনজোয়েনি কম্পজিটা		১ তং আউন্সে ৪৪ গ্রেণ।

অঙ্গুয়েণ্টম সিটেসিনাই।

এসিডম বেনজোইকম। বেনজোইক এসিড।

বেনজোইন (লোবান) সবলিমেসন বা উর্দ্ধপাদন করিয়া প্রস্তুত অম্ল বিশেষ।   মাত্রা   ১০—১৫ গ্রেণ।

প্রঃ—টিংচুরা কেম্ফর কম্পজিটা	...	১ তং আউন্সে ২ গ্রেণ।
" ওপাই এমোনিয়েটা		১ তং আউন্সে ৯ গ্রেণ।
ট্রোচসাই এসিডাই বেনজোয়েসাই প্রতি লোজেঞ্জে		॥০ গ্রেণ।

ইহার লবণ—এমোনাই বেনজোয়াস।

টিংচুরা বেনজোয়েনি কম্পজিটা (ফ্রায়ার্স বালসম।)

বেনজোইন সূক্ষ্মচূর্ণ	...	২ আউন্স।
প্রিপেয়ার্ড ষ্টোরাক্স	.	১॥০ আউন্স।
বালসম অব টোলু	...	॥০ আউন্স।
সকোট্রাইন এলোজ	...	১৬০ গ্রেণ।
রেক্টিফাইড স্পিরিট	...	১ পাইণ্ট।

মেসিরেশন দ্বারা প্রস্তুত করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

ট্রচিসাই এসিডাই বেন্জোয়েসাই।

বেনজোইক এসিড	...	৩৬০ গ্রেণ।
রিফাইণ্ড সুগার চূর্ণ	...	২৫ আউন্স।
গমএকেসিয়া চূর্ণ		১ আউন্স।
মিউসিলেজ অফ্ গমএকেসিয়া	...	২ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রযোজন।

৭২০০ লোজেঞ্জ প্রস্তুত করিবে।

প্রতি লোজেঞ্জে ॥০ গ্রেণ বেনজোইক এসিড আছে।

মাত্রা ১—৬ লোজেঞ্জ।

ক্রিয়া—বেনজোইন—উত্তেজক কফঃনিঃসারক।

(ষ্টিমুলেণ্ট, এক্সপেকটোরেণ্ট)।

স্থানিক—উত্তেজক।

বেনজোইক এসিড—মূত্রকারক। পিত্তনিঃসারক।

ব্যবহার—বেনজোইক এসিড মূত্রধারের বিবিধ পীড়ায় ব্যবহৃত হয়, মূত্রের ক্ষারত্ব ও মূত্রাশয়ের উত্তেজনা এবং মূত্রের দুর্গন্ধে বিশেষ উপযোগী।

এমোনাই বেনজোয়াস। বেনজোয়েট অফ্ এমোনিয়া।

সলিউশন্ অব্ এমোনিয়া	...		৩ তং আউন্স বা যথাপ্রয়োজন।
বেনজোইক এসিড	...	...	২ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	...	৪ তং আউন্স

৩ তং আউন্স সলিউশন্ অব্ এমোনিয়া জলমিশ্র করিয়া উহাতে বেনজোইক এসিড দ্রব করিবে, এমোনিয়ায় ভাগ

কিছু অধিক রাখিয়া, তাপে ঘন করিতে থাকিবে দানা বান্ধিলে ঐ দানা পৃথক করিয়া লইবে।

ক্রিয়া—মূত্রকারক, ঈষৎ উত্তেজক। মূত্রযন্ত্রের শ্লৈষ্মকঝিল্লির ঈষৎ উত্তেজক। (ডাইউরেটিক, শ্লাইট ষ্টিমুলেণ্ট,)।

ব্যবহার—ক্রনিক সিষ্টাইটিস, মূত্রে ফস্ফেটিক ডিপজিট।

মাত্রা ১০—২০ গ্রেণ।

ওলিয়েনি।

ওলিয়ম অলিভি। সুইট অয়েল। জলপাই তৈল।

টেবেল অয়েল। সেলাড অয়েল।

ওলিয়া ইউরোপিয়া (ইউরোপিয়েন অলিভ) বৃক্ষের পক্ক-ফল নিপীড়ন করিয়া প্রস্তুত তৈল। এই বৃক্ষ ভূমধ্যস্থ সাগরের নিকটবর্ত্তী স্থানে জন্মে। মাত্রা ১ ড্রাম—১ আউন্স।

ক্রিয়া—স্নিগ্ধকারক, আর্দ্রকারক, আবরক, অধিকমাত্রায় মৃদু বিরেচক।

প্রঃ। কার্টা ইপিসপাসটিকা।

এমপ্লাষ্ট্রম এমোনায়েসাইকম হাইড্র বর্জাইরো।

" হাইড্রারর্জাইরাই। অঙ্গুয়েণ্টম কেন্থারাইডিস।

" পাইসিস। " হাইড্রারর্জাইরাই কম্পজিটম।

" প্লম্বাই। " হাইড্রারর্জাইরাই নাইট্রেটিস।

" সেপোনিস ফসকম। " ভিরাট্রিনি।

এনিমা মেগনেসি সলফেটিস। লিনিমেণ্টম কেলসিস।

লিনিমেণ্টম এমোনি। " কেম্ফরি।

সেপো ডিউরস। হার্ডসোপ। কঠিন সাবান।

নামান্তর—হোয়াইট কাষ্টিল সোপ।

অলিভ অয়েল ও সোডা যোগে প্রস্তুত সাবান।

মাত্রা ৫—২০ গ্রেণ।

প্রঃ লিনিমেন্টম সেপোনিস। পাইলিউলা গেম্বোজি কম্পোজিটা।
পাইলিউলা এলোজ বার্বেডেনসিস। " রিয়াই কম্পজিটা।
পাইলিউলা এলোজ এট্ এসাফিটিডি। " সেপোনিস কম্পজিটা।
" সকট্রাইনি। " সিলি কম্পজিটা।

লিনিমেন্টম সেপোনিস (ওপোডেলডক্)।

হার্ডসোপ ক্ষুদ্র২ খণ্ড	..	২ আউন্স বা ১৬ ভাগ।
কর্পূর ...	...	১ আউন্স " ৮ ভাগ।
অয়েল অব্ রোজমেরি	...	৩ তং ড্রাম বা ৩তং ভাগ।
রেক্টিফাইড স্পিরিট	...	১৬ তং আউন্স " ১২৮ তং ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার	.	৪ তং আউন্স " ৩২ তং ভাগ।

জলের সহিত স্পিরিট যোগ করিয়া উহাতে রোজমেরি তেল যোগ করিবে, পরে সাবান ও কর্পূর যোগ করতঃ, ৭০ ফাঃ তাপের অনধিক উত্তাপে ৭ দিন ভিজাইয়া রাখিবে মধ্যে২ নাড়িয়া দিবে, ফিল্টার করিয়া লইলেই প্রস্তুত হইবে।

প্রয়োগরূপ—লিনিমেন্টম ওপাই।

পাইলিউলা সেপোনিস কম্পজিটা (পাইলিউলা ওপাই)

ওপিয়ম	...	.	॥০ আউন্স।
হার্ডসোপ	...	..	২ আউন্স।

গ্লিশিরিণ ... ... যথা প্রয়োজন।

মাত্রা—৩০-৫ গ্রেণ।

সেপো সোলিস। সফ ট্‌সোপ। কোমল সাবান।

ওলিভ অয়েল ও পটাশ যোগে প্রস্তুত। মাত্রা ৫—২০ গ্রেণ।

সফটসোপ যোগে প্রস্তুত ঔষধ।

লিনিমেণ্টম টেরিবিন্থিনি .. ১৭৷৷০ ভাগে ২ ভাগ।

সেপো এনিমেলিস। কার্ডসোপ। জান্তব সাবান।

শোধিত প্রাণীজবসা (প্রধানতঃ ষ্টিয়েরিণ) ও সোডাযোগে প্রস্তুত।

যে সকল ঔষধে কার্ডসোপ ব্যবহৃত হয় তাহাদের নাম।

এমপ্লাষ্ট্রম রেজিনি।

" সেপোনিস।

" " ফসকম।

এক্সট্রাক্টম কলসিন্থিডিস কম্পজিটম।

লিনিমেণ্টম পটাসি আইওডিডাই কম সেপোন্।

পাইলিউলা ফস্ফোরাই।

" স্কেমনাই কম্পজিটা।

সপজিটরিয়া এসিডাই কার্ব্বলিসাই কম সেপোন্।

" " টেনিসাই কম্ সেপোন।

" মর্ফিনি কম সেপোন্।

এমপ্লাষ্ট্রম সেপোনিস। সোপপ্লাষ্টার।

কার্ডসোপ	...	৬ আউন্স বা ৬ ভাগ।
লেডপ্লাষ্টার	...	২।০ পাউণ্ড " ৩৬ ভাগ।
রেজিন	...	১ আউন্স " ১ ভাগ।

লেডপ্লাষ্টার মৃদুতাপে দ্রব করিয়া সোপ ও রেজিন উহাতে যোগ করিবে. তরল হইলে উত্তমরূপে নাড়িতে থাকিবে যেপর্য্যন্ত না উপযুক্তরূপ ঘন হয়, তারপর তাপ হইতে অন্তর করিবে।

ইহার প্রয়োগরূপ—এমপ্লাষ্ট্রম কেলিফেসিয়েন্স।

এমপ্লাষ্ট্রম সোপে নিস ফসকম। ইহার বর্ণ কটা।

ব্রাউনসোপ প্লাষ্টার (এমপ্লাষ্ট্রম সিরেটাই সেপোনিস)

কার্ড সোপ চূর্ণ	...	১০ আউন্স বা ১০ ভাগ।
ইওলোউয়াক্স	..	১২॥০ আউন্স " ১২॥০ ভাগ।
ওলিভ অয়েল	...	১ পাইন্ট " ২০ তং ভাগ।
অকসাইড অব লেড	..	১৫ আউন্স " ১৫ ভাগ।
ভিনিগার	..	১ গ্যালন " ১৬০ তং ভাগ।

ভিনিগার ও অকসাইড অব্ লেড একত্র ষ্টিমবাথ বা উষ্ণ বাষ্প তাপে ফুটাইতে থাকিবে, অনবরত নাড়িয়া দিবে, অক্সাইড অব্ লেড ভিনিগার সহিত উত্তমরূপে মিলিয়া গেলে সাবান যোগ করিয়া পুনরায় ফুটাইবে অধিকাংশ জল ভাগ শুষ্ক হইয়া গেলে মোম ও তৈল একত্রে গলাইয়া ইহাতে যোগ করিবে ও অনবরত নাড়িতে থাকিবে, সমুদায় জল ভাগ সম্পূর্ণরূপ অন্তরিত হইয়া প্লাষ্টার উপযোগী হইলে প্রস্তুত হইবে।

ক্রিয়া—ও লিভঅয়েল—ইমলসন্ আকারে পোষক স্নিগ্ধকারক, বৃহৎ মাত্রার মৃদু বিরেচক।

সোপ—অম্লনাশক, অন্যান্য ঔষধ সহিত পিল ইত্যাদি আকারে ব্যবহার হয়।

স্থানিক—ভৌতিক ক্রিয়া জন্য লিনিমেণ্ট প্রভৃতি ইহার যোগে প্রস্তুত হয়।

মাত্রা—ওলিভ অয়েল ১ তং ড্রাম—১ তং আউন্স, হার্ড ও সফ্‌ট সোপ ৫—২০ গ্রেণ।

এসিডম ওলিইকম। ওলিইক এসিড।

তরল মেদজ অম্ল।

ওলিইন সাবান অবস্থা প্রাপ্ত হইলে বা অত্যুত্তপ্ত বাষ্প মেদে প্রয়োগ করিলে প্রস্তুত হয়।

ক্রিয়া ও ব্যবহার—এলাকেলইডস ইহাতে দ্রব হয়। ধাতুর অক্সাইড সকলের সহিত মিলিয়া ওলিয়েট লবণ প্রস্তুত করে, সাধারণ স্থায়ী তৈল অপেক্ষা পাতলা, এজন্য সহজে গাত্রে লাগান যাইতে পারে, চর্ম্মে লাগাইলে শীঘ্র শোষিত হইয়া যায়, ঐস্থানে কোন তেলাদাগ থাকে না।

ওলিয়েট ও ওলিয়িক এসিড যুক্ত ঔষধ,

ওলিয়েটম হাইড্রাবর্জাইরাই। ওলিয়েটম জিনসাই।

অঙ্গুয়েণ্টম জিমসাই ওলিয়েটাই।

ওলিয়েটম হাইড্রাবর্জাইরাই। ওলিয়েট অফ মার্কিরি।

ইওলো অকসাইড অব মার্কিরি	১ আউন্স বা ১ ভাগ।
ওলিইক এসিড ..	৯ আউন্স " ৯ ভাগ।

ওলিইক এসিড একটী মর্টারে রাখিয়া ক্রমাগত নাড়িতে থাকিবে উহাতে অক্সাইড অব্‌ মার্কিরি যোগ করিবে এবং যে পর্য্যন্ত না সমুদয় দ্রব হয় মধ্যে২ নাড়িয়া দিবে।

ক্রিয়া ও ব্যবহার—পারদ ঘটিত বিবিধ মলমের পরিবর্ত্তে

ওলিয়েট অব্ মার্কিথি ব্যবহারে বিশেষ সুবিধা এই যে ওলিয়িক এসিড থাকাতে শীঘ্র শোষিত হইবা যায়।

ওলিয়েটম জিনসাই। ওলিয়েট অব্ জিঙ্ক।

অক্সাইড অব্ জিঙ্ক	..	১ আউন্স বা ১ ভাগ।
ওলিয়িক এসিড		৯ আউন্স " ৯ ভাগ।

ওলিয়িক এসিডে অক্সাইড অব্ জিঙ্ক যোগ করিয়া নাড়িয়া দিবে, দুই ঘণ্টা স্থির ভাবে রাখিবে তার পর ওয়াটার বাথদ্বারা উত্তপ্ত করিতে থাকিবে যে পর্য্যন্ত না অক্সাইড অব্ জিঙ্ক দ্রব হয়।

প্রঃ—অঙ্গুয়েণ্টম জিনসাই ওলিয়েটাই। অয়েণ্টমেণ্ট অফ্ ওলিয়েট অফ্ জিঙ্ক।

ওলিয়েট অব্ জিঙ্ক	১ আউন্স।
সফ্টপেরাফিণ	১ আউন্স।

মৃদু তাপে মিশাইবে, যে পর্য্যন্ত না প্রায় শীতল হয় ক্রমাগত নাড়িতে থাকিবে।

ব্যবহার—ওলিয়েট অব জিঙ্ক—ইহা সহজে শোষিত হয় না, একজিমা ও ঘর্ম্মাধিক্যের স্থান শুষ্ক রাখিবার জন্য ব্যবহার হয়, ইহার মলম ও এই কার্য্যে ব্যবহার করা যাইতে পারে।

গ্লিশিরিনম। গ্লিশিরিণ।

এক প্রকার মিষ্ট দ্রব্য, মেদ ও স্থায়ী তৈল জলীয় দ্রব্যের সহিত মিলিত হইয়া প্রস্তুত হয় ইহাতে অল্প জল থাকে।

মাত্রা ১—২ ড্রাম।

প্রঃ—এক্সট্রাক্টম সিঙ্কোনি লিকুইড। সমুদয় লেমিলি মধ্যে।

গ্লিশিরিনম এসিডাই কার্ব্বলিসাই। লিনিমেণ্টস আইওডাই।
" " গেলিসাই। " পটাসি আইও ডিডাই।
" " টেনিসাই। " " কম সেপোন।
" এলুমিনিস। মেল বোরেসিস।
" এমলাই। পাইলিউলা এলোজ এট্মর্হি
" বোরেসিস। " রিয়াই কম্পজিটা।
" প্লম্বাই সব এসিট। " সেপোনিস কম্পজিটা।
" ট্রাগে কান্থি। টিংচুরা কাইনো।
অঙ্গুয়েণ্টম আইওডাই।

১। গ্লিশিরিনম এসিডাই কার্ব্বলিসাই।

কার্ব্বলিক এসিড .	১ আউন্স বা ১ ভাগ।
গ্লিশিরিণ	৪ তং আউন্স বা ৪ ভাগ।

একত্রে খলে মর্দ্দন করিবে যে পর্য্যন্ত না উত্তমরূপে মিলিত হয় অথবা মিশ্রণকে উষ্ণ করিয়া মিলাইবে।

২। গ্লিশিরিনম এসিডাই গেলিসাই।

গেলিক এসিড ..	১ আউন্স বা ১ ভাগ।
গ্লিশিরিণ .	৪ তং আউন্স " ৪ ভাগ।

পর্সিলেইনডিসে রাখিয়া একত্রে নাড়িয়া মিলাইবে, ওয়াটার বাথের তাপ প্রয়োগ করিবে যে পর্য্যন্ত না সম্পূর্ণ দ্রব হয়।

৩। গ্লিশিরিনম এসিডাই টেনিসাই।

টেনিক এসিড	১ আউন্স বা ১ ভাগ।
গ্লিশিরিণ	৪ তং আউন্স " ৪ ভাগ।

পর্সিলেইনডিসে রাখিয়া নাড়িয়া দিবে, ওয়াটার বাথের তাপ প্রয়োগ করিবে যে পর্য্যন্ত না সম্পূর্ণ দ্রব হয়।

৪। গ্লিসিরিনম এলুমিনিস।

এলম চূর্ণ	...	১ আউন্স বা ১ ভাগ।
গ্লিসিরিণ	.	৫ তং আউন্স " ৫ ভাগ।

পর্সিলেইনডিসে রাখিয়া নাড়িয়া দিবে, যে পর্য্যন্ত না দ্রব হয় মৃদু তাপ প্রয়োগ করিবে, দ্রব হইলে স্থিরভাবে রাখিয়া দিবে, উপরের পরিষ্কার অংশ সাবধানে ঢালিয়া লইবে।

৫। গ্লিসিরিনম এমিলাই।

ষ্টার্চ্চ		১ আউন্স বা ১ ভাগ।
গ্লিশরিণ	...	৫ তং আউন্স বা ৫ তং ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার		৩ তং আউন্স বা ৩ তং ভাগ।

পর্সিলেইনডিসে রাখিয়া উত্তমরূপে নাড়িয়া দিবে, তাপ প্রয়োগ করিয়া ক্রমাগত নাড়িতে থাকিবে, যে পর্য্যন্ত অর্দ্ধ স্বচ্ছ জেলির মত হয়।

গ্লিসিরিনম এমিলাইযুক্ত ঔষধ ;—

সপজিটরিয়া এসিডাই কার্ব্বলিসাই কম্ সেপোন।

" " টেনিসাই

" মর্ফিনি কম্ সেপোন।

৬। গ্লিসিরিনম বোরেসিস।

বোরাক্স চূর্ণ		১ আউন্স বা ১ ভাগ।
গ্লিসিরিণ	...	৪ তং আউন্স বা ৪ তং ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার	...	২ তং আউন্স বা ২ তং ভাগ।

খলে মর্দ্দন করিতে থাকিবে যে পর্য্যন্ত না সোহাগা দ্রব হয়

অথবা মৃদু তাপে সোহাগা দ্রব করিয়া লইবে।

৭। গ্লিসিরিনম প্লম্বাই সব এসিটেটিস।

এসিটেট অব্ লেড	..	৫ আউন্স।
অক্সাইড অব্ লেড চূর্ণ		৩॥০ আউন্স।
গ্লিসিরিণ		১ পাইন্ট।
ডিষ্টিল্ড ওয়াটার	..	১২ তং আউন্স।

একত্রে মিলিত করিয়া ১৫ মিনিটকাল ফুটাইবে, পরে ফিল্টার করিয়া, তাপ দ্বারা শুষ্ক করিতে থাকিবে যে পর্য্যন্ত না জল শুষ্ক হয়। মোট ১ পাইন্ট হইবে।

প্রয়োগরূপ—অঙ্গুয়েণ্টম গ্লিসিরিণি প্লম্বাই সব এসিটেটিস।

৮। গ্লিসিরিনম ট্রেগেকান্থি।

ট্রেগেকান্থ চূর্ণ	.	১১০ গ্রেণ বা ৩ ভাগ।
গ্লিসিরিণ	.	১ তং আউন্স বা ১২ তং ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার	.	৭৪ তং গ্রেণ বা ২ তং ভাগ।

ট্রেগেকান্থ গ্লিসিরিণ সহিত খলে মিলাইবে, উহাতে জল যোগ করিয়া, মর্দ্দন করিতে থাকিবে, যে পর্য্যন্ত না জেলির মত দ্রব্য প্রস্তুত হয়।

ক্রিয়া—গ্লিসিরিণ—ভৌতিক গুণের জন্যই ব্যবহৃত হয়, চর্ম্মরোগে লোসন সহিত মিলান হয়, কোন স্থান আর্দ্র রাখিতে, এবং ডায়েবিটিস রোগে চিনির পরিবর্ত্তে ও অন্যান্য রোগে কডলিভার অয়েলের পরিবর্ত্তেও আভ্যন্তরিক ব্যবহার হয়। এতদ্ভিন্ন স্নিগ্ধকারক, আর্দ্রকারক, আবরক, পোষক মৃদু বিরেচক।

মেনা। মেনা।

ফ্রাক্সিনস ওর্নস নামক বৃক্ষের ত্বকচ্ছেদন করিলে যে শর্করা

যুক্ত ঘন রস বাহির হয় তাহাকে মেনা কহে। গুঁড়িতে ছেদন করিয়া দিলে রস বাহির হয়। সিসিলি ও কেলেব্রিয়া দেশে বৃক্ষের চাষ হয়।

মাত্রা ৬০ গ্রেণ—১ আউন্স। উষ্ণ দুগ্ধ সহ প্রয়োগ করিবে শিশুদের জন্য ১—ড্রাম।

ক্রিয়া—মৃদু বিরেচক, মিষ্ট বলিয়া ছেলেদের জন্য উপযোগী। কখনং পেটে বেথা ও পেট ফাঁপা জন্মে। সদ্যাবস্থায় পোষক।

লোগানিয়েসি।

নক্সভমিকা। নক্সভমিকা। কুঁচিলা।

ষ্ট্রীকনস নক্সভমিকা বা কুচিলা বৃক্ষের বীজ। ইষ্ট ইণ্ডিজ স্থান হইতে আমদানি হয়।

ইহাতে ষ্ট্রীকনিয়া ও ব্রুসিয়া আছে। চূর্ণের মাত্রা ২—৫ গ্রেণ।
প্রঃ—এক্সট্রাক্টম নিউসিস ভমিসি (শতকরা ১৫ ভাগ উপক্ষার) ষ্ট্রীকনিয়া।

টিংচুরা নিউসিস ভমিসি·· ১ তং আউন্সে ১ গ্রেণ উপক্ষার।

১। এক্সট্রাক্টম নিউসিস ভমিসি। এক্সট্রাক্ট অফ্ নক্সভমিকা।

নক্সভমিকা	...	১ পাউণ্ড।
রেক্টিফাইড স্পিরিট	.	৬৪ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১৬ তং আউন্স।

ভগ্ন বীজকে প্রথমে ৩ ঘণ্টাকাল ২১২ ফাঃ তাপে উষ্ণ করিবে, তারপর চূর্ণ করিয়া রেক্টিফাইড স্পিরিট ও জলে

ভিজাইয়া, পর্কোলেসন ও ইভাপোরেসন দ্বারা প্রস্তুত করিবে।

মাত্রা ॥০—২ গ্রেণ।

শতকরা ১৫ ভাগ উপক্ষার।

ইহার প্রয়োগরূপ—টিংচুরা নিউসিস ভমিসি।

২। টিংচুরা নিউসিস ভমিসি। টিংচার অব্ নক্সভমিক।

এক্সট্রাক্ট অব্ নক্সভমিকা	..	১৩৩ গ্রেণ।
ডিষ্টিল্ড ওয়াটার	.	৪ তং আউন্স।
রেক্টিফাইড স্পিরিট	...	যথা প্রয়োজন।

জলের সহিত উপযুক্ত পরিমাণ স্পিরিট মিলাইয়া পরিমাণ ২০ আউন্স করিবে। ১ তং আউন্সে নক্সভমিকার উপক্ষার এক গ্রেণ থাকে। মাত্রা ১০—২০ মিনিম।

ষ্ট্রীকনিনা। ষ্ট্রিকনাইন (ষ্ট্রীকনিয়া)।

নক্সভমিকা	...	১ পাউণ্ড।
এসিটেট অব্ লেড	...	১৮০ গ্রেণ।
সলিউশন অব্ এমোনিয়া	...	যথা প্রয়োজন।

শোধিত সুধা ও জল। যথা প্রয়োজন।

কুচিলাবীজ জলীয় বাষ্প মধ্যে রাখিয়া ভেপার বাথ বা হট এয়ার বাথে শুষ্ক করিবে, জাঁতাতে চূর্ণ করিবে, স্পিরিট ও জলের মিশ্রণে মৃদুতাপে ঐ চূর্ণ ভিজাবে। স্পিরিট চুয়াইয়া অবশিষ্ট তরল দ্রব্যে এসিটেট অফ্লেড যোগ করিবে তাহাতে বর্ণদ্রব্য ও রজনাদ অধঃক্ষেপ হইবে, জলে ষ্ট্রীকনিয়া ও ব্রুসিয়া দ্রব থাকিবে ঐ জল ফিল্টার করিয়া উহাতে এমোনিয়া যোগ করিবে। তাহাতে ষ্ট্রীকনিয়া ও ব্রুসিয়া অধঃস্থ হইবে। ১২ ঘণ্টা

স্থির রাখিয়া ফিল্টার করিবে ফিল্টারস্থ ষ্ট্রিকনিয়া ও ব্রুসিয়াকে ধৌত ও শুষ্ক করিয়া রেকটিফাইড স্পিরিটে ফুটাইয়া দ্রব করিবে। স্পিরিটের অধিকাংশ চুয়াইয়া অবশিষ্ট তরলদ্রব্যকে ঘন করিয়া রাখিয়াদিলে ষ্ট্রিকনিয়া দানা বান্ধিবে। উহাকে শোধিত ও শুষ্ক করিয়া লইবে। মাত্রা ৳—½ গ্রেণ।

প্রঃ—লাইকর ষ্টিকনাইনি হাইড্রোক্লোরেটিস

সলিউশন অফ হাইড্রোক্লোরেট অব ষ্ট্রিকনিয়া।

(১০০ ভং গ্রেণে১গ্রেণ।)

ষ্টীকনাইনের দানা	..	৯ গ্রেণ বা ১ ভাগ।
ডাইলিউটেড হাইড্রোক্লোরিক এসিড ১৪ মিনিম	"	২ ভং ভাগ।
রেক্টিফাইড স্পিরিট	...	॥০ ভং আউন্স বা ২৪ ভং ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১৷০ ভং আউন্স বা ৭৩ ভং ভাগ।

হাইড্রোক্লোরিক এসিড ৪ ড্রাম জলের সহিত মিলাইয়া তাহাতে মৃদুতাপে ষ্ট্রীকনাইন দ্রব করিবে তারপর স্পিরিট ও অবশিষ্ট জল যোগ করিবে। মাত্রা ৫—১০ মিনিম।

ষ্ট্রীকনিয়া ও নক্সভমিকা—ক্রিয়া—স্নায়বিয় বলকারক, আগ্নেয়, (কামোদ্দীপক। স্পাইনেল কর্ডেয় বলকারক, ইনটেস-টাইনের স্নায়ুবিব বলকারক। (টনিক, ষ্টমাকিক, এফ্রো-ডিসিয়াক।)

ব্যবহার—ডিস্পেপসিয়া, পাইরোসিস, কোষ্ঠবদ্ধ রোগে বিরেচক সহিত, সাধারণ পক্ষাঘাতে, (বিশেষতঃ সীসদ্বারা উৎপন্ন পক্ষাঘাত) পেরালিসিস অব দি ব্লাডার, হেমিপ্লিজিয়া, পেরাপ্লিজিয়া, রোগান্তে অতিশয় দুর্ব্বলতা, হিষ্টিরিয়া ব্যাধির

সহিত অত্যন্ত দুর্ব্বল অবস্থা, স্নায়ুবলের খর্ব্বতা জন্য শ্বাসকষ্ট, কোরিয়া, কোন কোন প্রকার আক্ষেপযুক্ত ব্যাধি।

জেলসিমিয়ম। ইওলো জেসমাইন।

জেলসিমিয়ম নিটিডিয়ম (জেলসিমিয়ম সেমপারভিরেন্স) বৃক্ষের শুষ্ক রাইজোম ও ক্ষুদ্র মূল। উত্তর আমেরিকায় জন্মে।

মাত্রা ৫—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ—এক্সট্রাক্টম জেলসিমাই এলকোহলিকম।

জেলসিমিয়ম ৬০ নং চূর্ণ	...	১ পাউণ্ড।
রেক্টিফাইড স্পিরিট ডিষ্টিল্ড ওয়াটার	প্রত্যেক	যথা প্রয়োজন।

জেলসিমিয়ম ২ পাইন্ট স্পিরিট সহিত মিলাইবে, ৪৮ ঘণ্টা পর্য্যন্ত আবৃত পাত্রে রাখিয়া দিবে।

পর্কোলেটার যন্ত্রে রাখিয়া সমুদয় স্পিরিট নির্গত হইলে জল দিয়া পর্কোলেসন করিবে যে পর্য্যন্ত না, ২ পাইন্ট তরল দ্রব্য সংগৃহীত হয়, ওয়াটার বাথের তাপে উক্ত তরল পদার্থকে উপযুক্তরূপ ঘন করিয়া লইবে।

মাত্রা ॥০—২ গ্রেণ।

*২। টিংচুরা জেলসিমিয়ম।

জেলসিমিয়ম ৪০ নং চূর্ণ	..	২॥০ আউন্স।
প্রূফ স্পিরিট		১ পাইন্ট।

আবৃত পাত্রে ১৫ তং আউন্স স্পিরিটে জেলসিমিয়ম ৪৮ ঘণ্টাকাল ভিজাইবে, মধ্যে২ নাড়িয়া দিবে, পর্কোলেসন করিবে সমুদয় স্পিরিট নির্গত হইয়া গেলে অবশিষ্ট ৫ আউন্স স্পিরি

দিয়া পার্কোলেসন করিতে থাকিবে, তারপর পার্কোলেটারের মধ্যস্থ দ্রব্যকে চাপ দ্বারা উহার রস বাহির করিয়া ফিল্টার করিবে, সমুদয় দ্রব দ্রব্য একত্রে যোগ করিয়া স্পিরিট যোগে পরিমাণ ১ পাইন্ট করিবে। মাত্রা ৫—২০ মিনিম।

ক্রিয়া—জেলসিমিয়মের ক্রিয়া কোনায়মেক স্থায় কিন্তু জেলসিমিয়ম প্রথমে স্নায়ুমূলে ক্রিয়া প্রকাশ করে এবং সেন্‌সরি ও মোটার উভয় প্রকার ক্রিয়ার বৈলক্ষণ্য উৎপাদনকরে। আক্ষেপনিবারক পর্য্যায় নিবারক, অবসাদক বেদনানিবারক। ব্যবহার—বিবিধ স্নায়ুশূল, রিউমাটিজম ও পৈসিক আক্ষেপ।

এসক্লিপী য়েডেসি শ্রেণী।

হেমিডেসমাইন্ডিকস। হেমিডেসমসরুট। অনন্তমূল।

হেমিডেসমস ইণ্ডিকা, ইণ্ডিয়ান সারজাপেরিলার শুষ্ক মূল, ভারতবর্ষে জন্মে।

প্রঃ—সিরপস হেমিডেসমাই। সিরপ অফ হেমিডিসমিস

হেমিডেসমস রুট চূর্ণ	..	৪ আউন্স।
রিফাইণ্ড সুগার	..	২৮ আউন্স।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	...	১ পাইন্ট।

হেমিডেসমসরুট ৪ ঘন্টাকাল আবৃতপাত্রে জলে ভিজাইবে, ছাঁকিয়া লইয়া জলভাগ স্থিরভাবে রাখিয়া দিবে, উপরের পরিষ্কার অংশ ঢালিয়া লইয়া শর্করা যোগকরতঃ মৃদুতাপে শর্করা দ্রব করিবে।

মোট পরিমাণ ওজনে ২ পাউণ্ড ১০ আউন্স হইবে।

মাত্রা ॥০—১ ডং ড্রাম।

ক্রিয়া—সার্জার ন্যায় পরিবর্ত্তক, সার্জার পরিবর্তে ব্যবহার হয়। বলকারক, ঘর্ম্মকারক, মূত্রকারক।

ব্যবহার—উপদংশজ চর্ম্মরোগ এবং মূত্রযন্ত্রের কোন২ ব্যাধি।

জেনসিয়েনেসি শ্রেণী।

জেনসিয়েনি রেডিক্স। জেনসিয়েন রূট।

জেনসিয়েনা লুটিয়া বা ইওলো জেনসিয়েনের শুষ্ক মূল। মার্সিলিজ ও অন্যান্য ফরাসী বন্দর হইতে আমদানি হয়।

মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রঃ—একষ্ট্রাক্টম্ জেনসিয়েনি

ইনফিউসম জেনসিয়েনি কম্পজিটম ১ পাইণ্টে ১১০ গ্রেণ।

টিংচুরা জেনসিয়েনি কম্পজিটা ১ পাইণ্টে ১॥০ আউন্স।

১। একসট্রেক্টম জেনসিয়েনি।

জেনসিয়েন মূল খণ্ড২	১ পাউণ্ড।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	১ গ্যালন।

জলে জেনসিয়েন ২ ঘণ্টাকাল ভিজাইয়া ১৫ মিনিট সিদ্ধ করিবে, ছাঁকিয়া চাপদ্বারা মূল হইতে সমুদয় জলভাগ বাহির করিয়া লইবে, ওয়াটার বাথের তাপে উপযুক্তরূপ ঘন করিয়া লইবে। মাত্রা ২—১০ গ্রেণ।

২। ইনফিউসম জেনসিয়েনি কম্পজিটা।

জেনসিয়েন রূট খণ্ড২	...	৫৫ গ্রেণ বা ১ ভাগ।
বিটার অরেঞ্জ পীল খণ্ড২	.	৫৫ গ্রেণ বা ১ ভাগ।
সদ্য লেমন পীল খণ্ড২	...	।০ আউন্স বা ২ ভাগ।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	...	১০৩২ আউন্স বা ৮০৩২ ভাগ

আবৃত পাত্রে ॥০ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা ১—২ তং আউন্স।

* ৩। টিংচুরা জেনসিয়েনি কম্প জিটা।

জেনসিয়েন রুট খণ্ড২ ও চূর্ণ করা	১॥০ আউন্স।
বিটার অরেঞ্জ পীল খণ্ড২ কাটিয়া চূর্ণ করা	৸০ আউন্স।
কার্ডেমম সিডস চূর্ণ .	।০ আউন্স।
প্রুফ স্পিরিট ...	১ পাইণ্ট।

মেসিরেশন পর্কোলেশন দ্বারা প্রস্তুত করিবে। স্পিরিট যোগে১ পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা—॥০—২ ড্রাম।

ক্রিয়া—তিক্ত, আগ্নেয়, বলকারক।

(সিম্পল বিটার, ষ্টমাকিক, টনিক।)

ব্যবহার—রোগান্তে দুর্ব্বলতা, অজীর্ণ।

চিরেটা। চিরতা।

ওফিলিয়া চিরতা নামক বৃক্ষ, বৃক্ষের সমুদয় অংশ ব্যবহার হয়, ভারতবর্ষের উত্তর অংশে জন্মে।

প্রঃ—১। ইনফিউসম চিরেটি। ইনফিউসম অফ চিরতা।

চিরেতা ক্ষুদ্র২ কাটা ...	।০ আউন্স বা ১ ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার ১২০ ফাঃউষ্ণ ১০ তং আউন্স বা ৪০ তং ভাগ।	

আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা ১—২ তং আউন্স।

*২। টিংচুরা চিরেটি। টিংচার অফ চিরতা।

চিরেটা ক্ষুদ্র২ কাটিয়া চূর্ণ করা ... ২॥০ আউন্স।

প্রুফ স্পিরিট ... ১ পাইন্ট।

আবৃত পাত্রে ১৫ তং আউন্স স্পিরিটে চিরেতা ৪৮ ঘণ্টা কাল ভিজাইয়া মধ্যেং নাড়িয়া দিবে তারপর পর্কোলেসন করিবে সমুদয় তরল অংশ নির্গতহইয়া গেলে অবশিষ্ট ৫ আউন্স। স্পিরিট দিয়া পর্কোলেশন করিতে থাকিবে, পর্কোলেটারের মধ্যস্থ দ্রব্যকে চাপ দ্বারা নিংড়াইয়া তরল অংশ একত্রে মিলিত করিয়া স্পিরিট যোগে ১ পাইন্ট পূর্ণ করিবে।

মাত্রা ॥০—২ তং ড্রাম।

ক্রিয়া—জেনসিয়েনির মত। তিক্ত বলকারক আগ্নেয়। ব্যবহার-অজীর্ণ ও রোগান্তে দুর্ব্বল অবস্থায়।

কনভলভিউলেসি।

স্কেমনি রেডিক্স। স্কেমনি রূট।

কণভলভিউলস স্কেমনিয়ার শুষ্ক মূল।

সিরিয়া ও এসিয়ামাইনর দেশে জন্মে। স্মর্ণাদেশ হইতে আমদানী হয়।

প্রয়োগরূপ—স্কেমোনি রেজিনা।

স্কেমোনিয়ম। স্কেমোনি।

গঁদ ও ধুনাযুক্ত রস, কনভলভিউলস স্কেমনিয়া নামক বৃক্ষের জীবিত মূল ছেদন করিলে নির্গত হয়।

মাত্রা ৫—১০ গ্রেণ।

প্রঃ। মিসচুরা স্কেমনাই .. ১ তং আউন্সে ৩ গ্রেণ রেজিনাস্কেমোনি।

স্কেমনি রেজিনা। রেজিন অব্ স্কেমোনি।

স্কেমোনি রুট স্থূল চূর্ণ ... ৮ আউন্স।

রেক্টিফাইড স্পিরিট ... যথা প্রয়োজন।
ডিষ্টিল্ড ওয়াটার ... যথা প্রয়োজন।

মাত্রা ৩—৮ গ্রেণ।

প্রঃ—কনফেকসিও স্কেমোনাই ... ৩ ভাগে প্রায় ১ ভাগ।
এক্সট্রাক্টম কলোসিন্থ্ ডিস কম্পজিটস ৭ ভাগে প্রায় ১ ভাগ।
পাইলিউলা কলসিন্থ্ ডিস কম্পাজিটা ৩ ভাগে প্রায় ১ ভাগ।
" স্কেমোনাই কম্পজিটা ... ৩ ভাগে প্রায় ১ ভাগ।
পলভিস স্কেমোনাই কম্পজিটস . ২ ভাগে ১ ভাগ।

স্কেমোনির প্রযোগরূপ ;—

মিসচুরা স্কেমনাই।

স্কেমোনি চূর্ণ ... ৬ গ্রেণ বা ১ ভাগ।
দুগ্ধ ২ তং আউন্স" ১৪৬ তং ভাগ।

দুগ্ধের সহিত স্কেমোনি মিশাইয়া নাড়িতে থাকিবে যে পর্য্যন্ত না সমানরূপে ইমলসন প্রস্তুত হয়, ব্যবহার কালে সদ্য প্রস্তুত করিয়া লওয়া কর্ত্তব্য। মাত্রা ১—৩ তং আউন্স।

রেজিন অব্ স্কেমোনির প্রযোগরূপ।

১। কণফেকসিও স্কেমনাই।

রেজিন অব্ স্কেমোনাই চূর্ণ ... ৬ আউন্স বা ৪৮ ভাগ।
জিঞ্জার সূক্ষ্মচূর্ণ ... ৩ আউন্স" ২৪ ভাগ।
অয়েল অব্ কেরওয়ে ... ।০ তং আউন্স" ২ তং ভাগ।
অয়েল অব্ ক্লোভস ৴ তং আউন্স" ১ তং ভাগ।
সিরপ . ৬ তং আউন্স" ৪৮ তং ভাগ।
ক্লেরিফাইড হনি ৩ আউন্স বা ২৪ ভাগ।

সিরপ ও হনির সহিত চূর্ণ ঔষধ সকলকে মর্দ্দন করিয়া উত্তমরূপে মিলিত করিবে, তার পর তৈল দুইটী যোগ করিয়া উত্তমরূপে মিলাইবে। মাত্রা ১০—৩০ গ্রেণ।

২। পাইলিউলা স্কেমোনাই কম্পজিটা।

রেজিন অব্ স্কেমোনি	..	১ আউন্স বা ১ ভাগ।
রেজিন অব্ জালাপ	...	১ আউন্স " ১ ভাগ।
কার্ডসোপ		১ আউন্স " ১ ভাগ।
ষ্ট্রংটিংচার অব্ জিঞ্জার		১ তং আউন্স" ১ তংভাগ।
রেক্টিফাইড স্পিরিট		২ তং আউন্স বা ২ তং ভাগ।

স্পিরিট ও টিংচার সোপ ও রেজিনে যোগ করিয়া, মৃদু তাপে দ্রব করিবে, তারপর ওয়াটার বাথের তাপে স্পিরিট উড়াইয়া দিবে, পিল প্রস্তুত হইতে পারে তদুপযুক্ত ঘন হইলেই প্রস্তুত হইবে।

মাত্রা ৫—১৫ গ্রেণ।

৩। পলভিস স্কেমোনাই কম্পজিটস।

স্কেমনি রেজিন	..	৪ আউন্স বা ৪ ভাগ।
জালাপ		৩ আউন্স " ৩ ভাগ।
জিঞ্জার		১ আউন্স " ১ ভাগ।

উত্তমরূপে মিলিত করিয়া, সূক্ষ্ম চালনি দিয়া ছাঁকিয়া লইবে, পরে খলে অল্প মর্দ্দন করিয়া লইবে।

মাত্রা ১০—২০ গ্রেণ। ক্রিয়া—অতিবিরেচক। (ড্রাষ্টিক পর্গেটীভ)

ব্যবহার—অন্যান্য বিরেচক ঔষধের ক্রিয়া বৃদ্ধি করিতে উহাদের সহিত ব্যবহার হয়, মস্তিষ্কের পীড়া ও শোথাদি রোগ, টর্পিডিটি অব্ বাওয়েলস ও ছেলেদের জন্য ক্রিমিনাশক রূপে।

জালাপা। জালাপ।

আইপোমিয়া পর্গার শুষ্ক মূল বা কন্দ।

মেক্সিকো দেশ হইতে আমদানী হয়। প্রকৃত জালাপ ভিরা-ক্রুজ জালাপ নামে পরিচিত। মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রঃ—এক্‌সট্রাকটম জালাপি।

পলভিস জালাপি কম্পজিটস	...	৩ ভাগে ১ ভাগ।

রেজিনা জালাপি।

টিংচুরা জালাপি	...	১ তং আউন্স ৪৫॥ গ্রেণ।

১। জালাপি রেজিনা।

জালাপ হইতে রেক্টিফাইড স্পিরিট দ্বারা প্রস্তুত রজন বিশেষ। মাত্রা ২—৫ গ্রেণ।

প্রয়োগরূপ—পাইলিউলা স্কেমোনাই কম্পজিটা।

২। এক্‌ট্রাকটম জালাপি।

জালাপ স্থূল চূর্ণ		১ পাউণ্ড।
রেক্টিফাইড স্পিরিট		৪ পাইন্ট।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১ গ্যালন।

মাত্রা ৫—১৫ গ্রেণ।

৩। পলভিস জালাপি কম্পজিটস।

জালাপ চূর্ণ	...	৫ আউন্স বা ৫ ভাগ।
এসিড টার্ট্রেট অব্ পটাসিয়ম		৯ আউন্স " ৯ ভাগ।
জিঞ্জারচূর্ণ	...	১ আউন্স " ১ ভাগ।

মাত্রা ২০—৬০ গ্রেণ।

* টিংচুরা জালাপি।

জালাপ ৪০ নং চূর্ণ ... ২॥০ আউন্স।

প্রুফ স্পিরিট ... ১ পাইণ্ট।

মাত্রা ॥০—১ তং ড্রাম। মেশিরেশন ও পর্কোলেশনে প্রস্তুত করিবে।

ক্রিয়া—প্রখর বিবেচক। ক্রিমিনাশক। (ব্রিস্ক পর্গেটিভ)

ব্যবহার—কোষ্ঠবদ্ধ, প্রদাহ রোগে বিবেচন জন্য, ড্রপ্সি, ছেলেদের পেটে ক্রিমি।

সোলেনেসি।

কেপসিসাই ফ্রুকটস। কেপসিকমফ্রুট। লঙ্কামরিচ।

কাইন পেপার। চিলিপেপার।

কেপসিকম ফাসটিজিয়েটমের শুষ্কপক্ক ফল, জেনজিবার হইতে আমদানী হয়। মাত্রা ॥০—২ গ্রেণ।

প্রঃ—১। টিংচুরা কেপসিসাই।

কেপসিকম ফ্রুট চূর্ণ ৸০ আউন্স।

রেক্টিফাইড স্পিরিট ... ১ পাইণ্ট।

মেশিরেশন ও পর্কোলেশন করিয়া স্পিরিট যোগে ১ পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা ১০—২০ মিনিম।

ক্রিয়া—প্রবল স্থানিক উত্তেজক, সেবন করিলে সার্ব্বাঙ্গিক উত্তেজক। আগ্নেয়।

ব্যবহার—প্রধানতঃ তরকারির মসলারূপেই ব্যবহার হয়। কখনং এটনিক ডায়েরিয়া, ডিস্‌পেপসিয়া, অজীর্ণ। অত্যন্ত অবসন্ন অবস্থা, কুল্লিরূপে মুখে ঘা, গলার ভিতর ঘা, এবং স্থানিক উগ্রতাসাধন জন্য ব্যবহার হইতে পারে

এট্রোপেসি শ্রেণী।

বেলেডোনি ফোলিয়া। বেলেডোনা লিভস।

এট্রোপা বেলেডোনা বা ডেড্লিনাইটসেড বৃক্ষের সদ্য ও শুষ্ক পত্র সংযুক্ত তরুণ শাখাগ্র। ব্রিটন দেশে জন্মে।

প্রঃ—এক্সট্রাকটম বেলেডনি · ১০০ ভাগ হইতে ৪ ভাগ।
সকস বেলেডোনি
টিংচুরা বেলেডোনি ১ পাইন্টে ১ আউন্স।

বেলেডোনা রেডিক্স। বেলেডোনা রূট।

এট্রোপা বেলেডোনার শুষ্ক মূল, ব্রিটণ দেশে চাস হয় অথবা জর্ম্মনি দেশ হইতে আমদানী হয।

প্রঃ—এট্রোপিনা
লিনিমেণ্টম বেলেডোনি ১ তঃ আউন্সে ১ আউন্স।
এক্সট্রাকটম বেলেডোনি এলকোহলিকম।

বেলেডোনা পাত্রের প্রয়োগরূপ।

১। এক্‌ষ্ট্রাকটম বেলেডোনি। এক্সট্রাক্ট অফ বেলেডনা।
পত্র ও তরুণ শাখা হইতে প্রস্তুত গ্রিণ এক্সট্রাক্ট।
মাত্রা ।০—১ গ্রেণ।

২। সকস বেলেডোনা। জুস অফ বেলেডনা।

বেলেডোনার সদ্য পত্র ও তরুণ শাখা ৭ পাউণ্ড।
রেক্টিফাইড স্পিরিট ··· যথা প্রয়োজন।

পাথরের খলে বেলেডোনা পত্র মর্দ্দন করিয়া চাপ দ্বারা রস বাহির করিবে, ৩ ভাগ রসে ১ ভাগ স্পিরিট যোগ করিবে। ৭ দিন পরে ফিল্টার করিবে। মাত্রা ৫—১৫ মিনিম।

৩। * টিংচুরা বেলেডোনি। টিংচার অফ বেলেডনা।

বেলেডোনা লিভস	...	২০ নং চূর্ণ ১ আউন্স।
প্রূফ স্পিরিট	...	১ পাইন্ট।

মেশিরেশন ও পার্কোলেশন করতঃ স্পিরিট দ্বারা ১ পাইন্ট পূর্ণ করিবে। মাত্রা ৫—২০ মিনিম।

বেলেডোনা মূলের প্রয়োগরূপ।

১। লিনিমেণ্টম বেলেডোনি। লিনিমেণ্ট অফ বেলেডনা।

বেলেডোনা রূট সূক্ষ্মচূর্ণ	.	২০ আউন্স।
কর্পূর	...	১ আউন্স।

রেক্টিফাইড স্পিরিট দ্বারা ৩০ আউন্স পূর্ণ করিবে।

২। এক্‌ষ্ট্রাক্টম বেলেডোনি এলকোহলিকম।

বেলেডোনা মূল চূর্ণ, রেক্টিফাইড স্পিরিট ও জল যোগে মেসিরেশন, পার্কোলেসন ও ইভাপোরেশনদ্বারা প্রস্তুত করিবে।

মাত্রা $\frac{1}{16}$—$\frac{1}{4}$ গ্রেণ।

ইহার প্রয়োগরূপ।

এমপ্লাষ্ট্রম বেলেডোনি, অঙ্গুয়েণ্টম বেলেডোনি।

৩। এমপ্লাষ্ট্রম বেলেডোনি। বেলেডনা প্লাষ্টার।

এলকোহলিক এক্সট্রাক্ট অব্ বেলেডোনা		৪ আউন্স।
রেজিন প্লাষ্টার	..	৮ আউন্স।
সোপ প্লাষ্টার	...	৮ আউন্স।

ওয়াটার বাথের তাপে প্লাষ্টার দুইটী দ্রব করিবে উহাতে এক্সট্রাক্ট যোগ করিয়া উত্তমরূপে মিলিত করিবে।

৪। অঙ্গুয়েণ্টম বেলেডোনি। অয়েণ্টমেণ্ট অফ বেলেডনা।

এলকোহলিক এক্সট্রাক্ট অব্ বেলেডনা		৫০ গ্রেণ বা ১ ভাগ।
বেনজোয়েটেড লার্ড	...	১ আউন্স বা ৯ ভাগ।

উত্তমরূপে মিলাইবে।

৫। এট্রোপিনা। এট্রোপাইন। এট্রোপিয়া।

বেলেডোনা মূল হইতে প্রস্তুত উপক্ষার বিশেষ।

বেলেডোনা রুট সদ্য শুষ্ক ও স্থূল চূর্ণ		২ পাউণ্ড।
রেক্টিফাইড স্পিরিট	...	১০ পাইণ্ট।
শ্লেকড্ লাইম	...	১ আউন্স।
ডাইলিউট সলফিউরিক এসিড		যথা প্রয়োজন।
কার্ব্বনেট অব্ পটাসিয়ম		যথা প্রয়োজন।
ক্লোরোফরম	...	৩ তং আউন্স।
পিউরিফাইড এনিমেল চারকোল		যথা প্রয়োজন।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১০ তং আউন্স।

স্পিরিট দ্বারা টীংচার প্রস্তুত করিবে। চূণ যোগে সর্ব্ব দ্রব্য ও অর্গানিক এসিড অধঃক্ষেপ করিবে। ফিল্টার করিয়া তরল দ্রব্যে সলফিউরিক এসিড যোগ করিবে, তাহা অতিরিক্ত চূর্ণ অধঃস্থ হইবে ও সলফেট অফ্ এট্রোপিনা হইবে। তিনচতুর্থাংশ স্পিরিট চুয়াইয়া অন্তর করিবে। জলযোগ করিয়া ফুটাইবে যে পর্য্যন্ত স্পিরিটের গন্ধথাকে। উহাতে সাবধানে কার্ব্বনেট অব পটাস যোগ করিয়া অল্পক্ষারাক্ত করিবে, তাহাতে রঞ্জন অধঃস্থ হইবে। এইরঞ্জন থাকাতে এট্রোপিনা দানা বান্ধে না, তরলদ্রব্য ৬ ঘণ্টাকাল স্থির রাখিয়া ফিল্টার করিবে। তরল দ্রব্য কার্ব্ব-

নেট অফ্ পটাস যোগে ক্ষারাক্ত করিলে এটোপিনা মুক্ত হইবে, ইহাতে ক্লোরোফরম, যোগ করিয়া নাড়িবে, স্থির রাখিলে ক্লোরোফরমে এটোপিনা দ্রব হইয়া নীচে থাকিবে। উহাকে অন্তর করিয়া ক্লোরোফরম চুয়াইয়া অন্তর করতঃ বিমিশ্র এট্রোপিনাকে রেক্টিফাইড স্পিরিট ও জান্তবাঙ্গার যোগে শোধিত করিয়া দানা বান্ধিবে।

১ পাউণ্ড বেলেডনায় ২০ গ্রেণ এট্রোপিনা আছে।

প্রঃ—এট্রোপাইনি সলফাস ‥ ১০তং আউন্সে ৪ গ্রেণ।

অঙ্গুয়েণ্টম " ... ১ আউন্সে ৮ গ্রেণ।

১। অঙ্গুয়েণ্টম এটোপাইনি। অয়েণ্টমেণ্ট অফ এট্রোপাইন।

এট্রোপাইন	.	৮ গ্রেণ বা ১ ভাগ।
রেক্টিফাইড স্পিরিট	...	॥০ তং ড্রাম বা ৩০ তং ভাগ।
বেনজোয়েটেড লার্ড		১ আউন্স বা ৫৫ ভাগ।

এট্রোপাইন স্পিরিটে দ্রব করিয়া লার্ডের সহিত উত্তমরূপে মিলাইয়া লইবে।

২। এট্রোপিনি সলফাস। সলফেট অফ এট্রোপাইন।

এট্রোপাইন	...	১২০ গ্রেণ।
ডিষ্টিল্ড ওয়াটার	...	৪ তং ড্রাম।
ডাইলিউট সলফিউরিক এসিড	.	যথা প্রয়োজন।

প্রঃ—লাইকর এট্রোপাইনি সলফেটিস ১০০ তং গ্রেণে ১ গ্রেণ। লেমিলি এট্রোপাইনি।

৩। লাইকর এট্রোপাইনি সলফেটিস।

সলফেট অব্ এট্রোপাইন ... ৯ গ্রেণ বা ১ ভাগ।

কেম্ফার ওয়াটার ... ১৬৷৷০ তং ড্রাম বা ৯৯ তং ভাগ।

মাত্রা ১—৪ মিনিম।

৪। লেমিলি এট্রোপাইনি।

কিছু গ্লিশিরিনযুক্ত জিলাটিনের ডিস্ক প্রত্যেক ওজনে $\frac{১}{৫০}$ গ্রেণ এবং এক গ্রেণের পাঁচ হাজার ভাগের এক ভাগ সলফেট অব্ এট্রোপাইন সংযুক্ত।

ক্রিয়া—বেলেডোনার প্রধান ক্রিয়া ইহার মধ্যস্থ এট্রোপাইনের উপর নির্ভর করে।

মস্তিষ্ক উত্তেজক, মাদক, নিদ্রাকারক, বেদনানিবারক, আক্ষেপনিবারক, কাণিনিকা প্রসারক, দুগ্ধরোধক, (ষ্টিমুলেণ্ট, নার্কটিক, হিপ্‌নটিক, এনোডাইন, এণ্টিসপেজমডিক, মেড্রায়েটিক, ল্যাক্টিফউজ।)

স্থানিক—বেদনানিবারক। ঘর্ম্মরোধক।

ব্যবহার—স্থানিক—হাইপারস্থিসিয়া, নিউরালজিয়া, ঘর্ম্মাধিকা, দুগ্ধরোধ জন্য স্তনে, কার্বঙ্কল, চক্ষুপীড়ায় কাণিনিকা প্রসারিত করিয়া চক্ষু পরীক্ষা জন্য, আইরাইটীস, কেলেবারবীণের ক্রিয়ায় বিপরীত ক্রিয়া জন্য, হাইপর মেট্রোপিয়া, গ্লকোমা, আলসার অব্ দি কর্ণিয়া।

আভ্যন্তরিক—এট্রোপিনা আভ্যন্তরিক ব্যবহার হয় না কদাচ হাইপোডার্ম্মিকরূপে (১) অহিফেণ, প্রুসিক এসিড ও ফাইজসটিগমাইন দ্বারা বিষাক্ত অবস্থায়। মাত্রা—হাইপোডার্ম্মিকরূপে $\frac{১}{২০০}$—$\frac{১}{১০০}$ গ্রেণ।

(২) ক্রনিক কনষ্টিপেশন নামক কোষ্ঠবদ্ধ রোগে।

(৩) শিশুদের ও পেরাপ্লিজিয়া রোগীর ইনকণ্টিনেন্স অব্ ইউরিণ রোগে।

(৪) অতি ঘর্ম্ম রোগে।

(৫) ছেলেদের অত্যধিক লালানির্গমন (পারদ সেবন জন্য নহে)।

(৬) ইপিলেপ্সি, কোরিয়া, পারটুসিস, লেরিনজিসমস ষ্ট্রীডুলস, এজমা।

(৭) নিউরেলজিয়া, গেসটো ডিনিয়া, কলিক এবং ইউটেরাস, ব্লাডার ও রেক্টম প্রভৃতির স্ফিংটার পেশীর আক্ষেপ।

(৮) ডায়েবিটিস রোগের মূত্রের পরিমাণ হ্রাস করিতে।

(৯) স্কার্লেটিনা রোগে প্রতিসেধকরূপে।

এট্রোপিয়া চক্ষুরোগে ও মলম আকারে অধিক ব্যবহার হয়, আভ্যন্তরিক ব্যবহার হয় না, কদাচ হাইপোডার্মিকরূপে ব্যবহার হয়।

ষ্ট্রেমনাই সেমিনা। ষ্ট্রেমনিয়ম সিডস। ধুতুরা বীজ।

ডাটুরা ষ্ট্রেমোনিয়ম বা থরণ এপেলের শুষ্ক পক্ক বীজ। ব্রিটনদেশে চাষ হয়।

প্রাঃ—এক্সট্রাক্টম ষ্ট্রেমোনাই।

ষ্ট্রেমোনিয়মসিড, ঈথার, ডিষ্টিল্ড ওয়াডার ও রেক্টিফাইড স্পিরিট যোগে প্রস্তুত হয়।

মাত্রা ।০—॥০ গ্রেণ।

* টিংচুরা ষ্ট্রেমোনাই।

ষ্ট্রেমনিয়ম সিড্স	...	২॥০ আউন্স।
প্রূফ স্পিরিট	.	২০ তং আউন্স।

মাত্রা ১০—৩০ মিনিম।

ক্রিয়া—বেলেডোনার ন্যায়, কিন্তু শ্বাশযন্ত্রের উপর আক্ষেপ নিবারক ক্রিয়া প্রবল।

ব্যবহার—এজমা রোগে চুরটদ্বারা ধূমপান, এবং টিংচার সেবন ইহার এক্সট্রাক্ট আক্ষেপযুক্ত কাশ, গেসটোডিনিয়া প্রভৃতিতেও ব্যবহার হয়। চক্ষুরোগ মৃগী।

হায়শায়মাই ফোলিয়া। হেনবেন লিভস। খরসানি আজোয়ান।

হায়েসায়েমস নাইগার বা হেনবেন বৃক্ষের সদ্য পত্র ফুল ও তৎসংযুক্ত শাখাগ্র। ব্রিটনদেশে জন্মে।

প্রঃ ১। এক্সট্রাক্টম হায়েসায়েমাই। এক্সট্রাক্ট অফ্ হেনবেন।

সদ্য হায়েসায়েমাই পত্র, পুষ্পিত শাখা ও তরুণ শাখা হইতে প্রস্তুত হরিৎসার। (গ্রীণ এক্সট্রাক্ট)।

মাত্রা ৫—১০ গ্রেণ।

ইহার প্রয়োগরূপ—পাইলিউলা কলোসিন্থডিস এট হায়েসায়েমাই ৩ ভাগে ১ ভাগ।

২। সকুকস হায়েসায়েমাই। জুস অফ হেনবেন।

পুষ্পিত শাখা, পত্র ও তরুণ শাখা মর্দ্দন করিয়া রস বাহির করিবে, প্রতি তিন ভাগে এক ভাগ রেক্টিফাইড স্পিরিট যোগ করিবে, ৭ দিন পরে ফিল্টার করিয়া লইবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

৩। * টিংচুরা হায়েসায়েমাই। টিংচার অফ হেনবেন।

হেনবেন পত্র ও পুষ্পিত শাখা স্থূল চূর্ণ	...	২॥০ আউন্স
প্রুফ স্পিরিট	...	২০ তং আউন্স

পরিমাণ ১ পাইণ্ট হইবে। মাত্রা ॥০—১ তং ড্রাম।

ক্রিয়া—বেলেডোনা ও ষ্ট্রেমনিয়মের ক্রিয়া মত কিন্তু ইহার মাস্তিষ্ক উত্তেজক ক্রিয়া অনেক মৃদু। মাদক, বেদনা নিবারক কণিণীকা প্রসারক।

ব্যবহার—বেদনা ও স্নায়বীয় উত্তেজনায় অহিফেণ ব্যবহারের সুযোগ না থাকিলে হায়োসায়েমস ব্যবহার্য্য। গনোরিয়া, সিষ্টাইটিস প্রভৃতি রোগে ইহা ব্যবহারে বিশেষ উপকার হয়। বাত, গাউট, শ্বাস কাশ। বেদনা, অনিদ্রা, কাশ, আক্ষেপ, বিরেচক ঔষধের ক্রিয়া মাধুর্য্য জনক।

ট্যাবেসাই ফোলিয়া। টোবাকো লিভস্। তামাকের পত্র।

নাইকোটিয়েনা টাবেকম, ভার্জিন টোবাকো নামক বৃক্ষের শুষ্ক পত্র, আমেরিকায় জন্মে।

ক্রিয়া—প্রবল অবসাদক (হৃদপিণ্ডের অবসাদক) মূত্রকারক। নিরাপদ নয় বলিয়া অভ্যন্তরিক ব্যবহার হয় না।

স্থানিক—প্রবল উগ্রতাসাধক—লাল নিঃসারক, নস্যরূপে কখন ব্যবহার হয় এবং কোন ২ প্রকার এজমা রোগে ইহার ধূম পান উপকারী।

স্ক্রফিউলেরিয়েসি।

ডিজিটেলিস ফোলিয়া। ডিজিটেলিস লিভস।

ফক্সগ্লোভলিভস।

ডিজিটেলিস পারপিউরা বৃক্ষের শুষ্ক পত্র ইংলণ্ড দেশ হইতে সংগৃহীত হয়। পাত্রের মাত্রা ॥০—১॥০ গ্রেণ।

প্রঃ—১। ইনফিউসম ডিজিটেলিস। ইনফিউসন অব্ ডিজিটেলিস।

শুষ্ক ডিজিটেলিস পত্র ... ২৮ গ্রেণ বা ১ ভাগ।

বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার ১০ তং আউন্স " ৩৫৬ তং ভাগ।

আবৃত পাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা ২—৪ তং ড্রাম।

*২। টিংচুরা ডিজিটেলিস।

ফক্স গ্লোভলিভস্ ২০ নং চূর্ণ ২॥০ আউন্স।
প্রূফ স্পিরিট ... ১ পাইণ্ট

মেশিরেশন ও পর্কোলেশন দ্বারা প্রস্তুত করিবে। পরিমাণ ১ পাইণ্ট হইবে। মাত্রা ৫—১০—৩০ মিনিম।

ক্রিয়া—হৃদপিণ্ডের অবসাদক, মূত্রকারক। অল্প মাত্রায় হৃদপিণ্ডের বলকারক, শৈত্যকারক, জরায়ু সঙ্কোচক।

ব্যবহার হৃদপিণ্ডের বিবিধ পীড়া, বিশেষতঃ মাইট্রেল ভাল্বের পীড়া, ড্রপ্সি, তরুণ প্রদাহ, বিবিধ রক্তস্রাব, ডিলিরিয়ম-ট্রিমেন্স, একিউট মেনিয়া।

লাবিয়েটি।

ওলিয়ম রোজমেরিনি। অয়েল অফরোজমেরি।

রোজমেরিনি অফিসিনেলিস বৃক্ষের পুষ্পিত শাখাগ্র হইতে ব্রিটনদেশে চুয়ান তৈল। ইউরোপের দক্ষিণ অংশে জন্মে।

মাত্রা ১—৪ মিনিম।

প্রঃ—টিংচুরা লেভেণ্ডুলি কম্পজিটা ... ১ পাইণ্টে ৫ মিনিম।
লিনিমেণ্টম সেপোনিস ৭ তং আউন্সে প্রায় ১ তং ড্রাম।
স্পিরিটস রোজমেরিনি .. ৫০ ভাগে ১ ভাগ।

স্পিরিটস রোজ মেরিনি। স্পিরিট অফ্ রোজমেরি।

অয়েল অব্ রোজমেরি ... ১ তং আউন্স।

রেক্টিফাইড স্পিরিট ... ৪৯ ডং আউন্স।

মাত্রা ॥০—১ ডং ড্রাম।

ক্রিয়া—প্রবল উত্তেজক। বায়ু নাসক।

ব্যবহার—হিষ্টিরিয়া, নার্ভস হেডেক।

স্থানিক—উগ্রতাসাধন জন্য ব্যবহার হয়।

ওলিয়ম লেভেণ্ডুলি। অয়েল অফ্ লেবেণ্ডার।

লেভেণ্ডুলা ভিরা বা কমনলেভেণ্ডার পুষ্প চুয়াইয়া প্রস্তুত তৈল, ইউরোপের দক্ষিণ ভাগে জন্মে (ফ্রেঞ্চলেবেণ্ডার বা অয়েল অব্ স্পাইক কখনং ইহার পরিবর্ত্তে ব্যবহার হয়)।

মাত্রা—১—৪ মিনিম।

প্রঃ—লিনিমেণ্টম কেম্ফরি কম্পজিটম ১ পাইণ্টে ৬০ মিনিম।

স্পিরিটস লেভেণ্ডুলি ... ৫০ ভাগে ১ ভাগ।

টিংচুরা লেভেণ্ডুলি কম্পজিটা ১ পাইণ্টে ৪৫ মিনিম।

১। টিংচুরা লেভেণ্ডুলি কম্পজিটা। কম্পাউণ্ড টিংচার অফ লেভেণ্ডার।

নামান্তর—স্পিরিটস লেভেণ্ডুলি কম্পজিটস।

অয়েল অব্ লেভেণ্ডার ৯০ মিনিম ১॥০ ডং ড্রাম।

অয়েল অব্ রোজমেরি . ১০ মিনিম।

সিনেমন বার্ক চূর্ণ ... ১৫০ গ্রেণ।

নটমেগ চূর্ণ ... ১৫০ গ্রেণ।

রেড সেণ্ডাল উড ... ৩০০ গ্রেণ।

রেক্টিফাইড স্পিরিট ... ২ পাইণ্ট।

পরিমাণ ২ পাইণ্ট হইবে। মাত্রা ॥০—২ ডং ড্রাম।

ইহার প্রয়োগরূপ—লাইকর আর্সিনিকেলিস।

২। স্পিরিটস লেভেণ্ডুলি। স্পিরিট অফ লেভেণ্ডার।

অয়েল অব্ লেভেণ্ডার ১ তং আউন্স।

রেক্টিফাইড স্পিরিট। ৪৯ তং আউন্স।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

ক্রিয়া—অয়েল অব্ লেভেণ্ডার—বায়ুনাশক, আগ্নেয়, উত্তেজক, আক্ষেপ নিবারক।

ব্যবহার—হিষ্টিরিয়া, হাইপোকনড্রায়েসিস ও অন্যান্য স্নায়বীয় পীড়া, এভিন্ন উদ্ধানযুক্ত কলিক রোগেও ব্যবহার হয়।

মেন্থি পিপারেটি অলিয়ম। অয়েল অফ্ পেপারমিণ্ট।

মেন্থা পিপারেটা, পিপারমিণ্ট নামক সদা পুষ্পিত বৃক্ষ হইতে ব্রিটন দেশে চুয়ান তৈল, ইংলণ্ড দেশে জন্মে।

মাত্রা ১—৪ মিনিম।

প্রঃ—একোয়া মেন্থি পিপারিটি ১ গ্যালনে ১॥০ তং ড্রাম।

এসেনসিয়া মেন্থি পিপারিটি ৫০ ভাগে ১ ভাগ।

পাইলিউলা রিয়াই কম্প জিট ১ ড্রামে—প্রায় ১ মিনিম।

স্পিরিটস মেন্থ পিপারিটি ৫০ ভাগে ১ ভাগ

টিংচুরা ক্লোরোফর্ম্মাই এট মর্ফিন ১ তং আউন্সে ১ মিনিম।

১। একোয়া মেন্থি পিপারেটা। পিপারমিণ্ট ওয়াটার।

অয়েল অফ্ পিপারমিণ্ট ১॥০ তং ড্রাম।

জল ১॥০ গেলন।

এক গেলন চুয়াইবে। মাত্রা ১—২ আউন্স।

ইহার প্রয়োগরূপ—মিসচুরা ফেরি এরোমেটিকা।

২। এসেনসিয়া মেন্থি পিপারিটি। এসেন্স অফপিপারমিণ্ট

অয়েল অব্ পিপারমিণ্ট ১ তং আউন্স বা ১ তং তৌল।

রেক্টিফাইড স্পিরিট . ৪ তং আউন্স = ৪ তং ভাগ।

মাত্রা ১০—২০ মিনিম।

৩। স্পিরিটস মেন্থি পিপারিটি। স্পিরিট অফ পেপারমিন্ট।

অয়েল অব্ পিপারমিন্ট ১ তং আউন্স।

রেক্টিফাইড স্পিরিট .. ৪৯ তং আউন্স।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

ক্রিয়া—আগ্নেয়, উত্তেজক, বায়ুনাশক।

(ষ্টিমুলেণ্ট, কার্ম্মিনেটিভ)

ব্যবহার—উদ্মান রোগে ও বিরেচক ঔষধের সহিত উহাদের ক্রিয়া মাধুর্য্য জন্য ব্যবহৃত হয়।

মেন্থল। মেন্থল (ফুল পেপারমিণ্ট)।

সদ্য মেন্থা আর্ভেনসিস চীনদেশীয় পিপারমিণ্ট তৈল চুয়াইয়া প্রাপ্ত তৈল শীতল করিয়া প্রস্তুত হয়।

বর্ণহীন, উদ্বায়ী দানাময়, পেপারমিণ্ট ন্যায় গন্ধ, জিহ্বায় দিলে ঝাঁজ বোধ হয়, জলে অল্প দ্রব হয়, রেক্টিফাইড স্পিরিটে সহজে দ্রবণীয়। সলফেট অফ্ মেগনেসিয়ার ন্যায় দানা।

মাত্রা ॥০—২ গ্রেণ।

ক্রিয়া—পচননিবারক, স্থানিক স্পর্শহারক, উত্তেজক, বায়ুনাশক।

(এণ্টিসেপটিক, লোকেল এনিস্থেটিক, ষ্টিমুলেণ্ট, কার্ম্মিনেটিভ)

ব্যবহার—ফেসিয়েল নিউরালজিয়া, সায়েটিকা, প্লুরোডিনিয়া রোগে স্থানিক ব্যবহার হয়, ডিফিউজিবল ষ্টিমুলেণ্টরূপে কখন২ আভ্যন্তরিক ব্যবহার হয়।

ওলিয়ম মেন্থিভিরিডিস। অয়েল অব্ স্পিয়রমিণ্ট।

পুদিনা তৈল।

সদ্য ও পুষ্পিত মেন্থাভিরাইডস পুদিনা বৃক্ষ চুয়াইয়া প্রস্তুত

তৈল। ইংলণ্ডদেশে জন্মে। মাত্রা ১—৪ মিনিম।

প্রঃ—একোয়া মেন্থা ভিবিডিস।

অয়েল অব্ স্পিয়ারমিণ্ট .. ১।।০ ডং ড্রাম।
জল ১।।০ গেলন।

এক গেলন চুয়াইবে। মাত্রা ১—২ ডং আউন্স।

ক্রিয়া—আগ্নেয় উত্তেজক, বায়ুনাশক।

ব্যবহার—পেট ফাঁপা, বিরেচক ঔষধ সহিত।

থাইমল। থাইমল।

ঘনীভূত তৈল, থাইমস ভলগেরিস, গার্ডেন থাইম, মনার্ডা, পংকটেটা, হর্সমিণ্ট এবং কেবল একোয়ানের বাষ্পীতৈল হইতে পাওয়া যায়।

তৈলকে কষ্টিক সোডা যোগে সাবান অবস্থা প্রাপ্ত হইতে দিলে ঐ সাবান পৃথক করতঃ উহাতে হাইড্রোক্লোরিক এসিড যোগ করিয়া অথবা তৈল মৃদুতাপে চুয়াইয়া প্রস্তুত হয়। দানা-দার, তীব্র সুগন্ধ শীতল জলে মগ্ন হয়, কিন্তু ১১০ হইতে ১২৫ দাঃ তাপে দ্রব হয় তখন জলে ভাসে, শীতলজলে অল্পদ্রবণীয়, এলকোহল ঈথার ও ক্ষার জলে সহজে দ্রব হয়।

মাত্রা ।।০—২ গ্রেণ।

ক্রিয়া—প্রবল পচনানবারক, স্পর্শহারক, সংক্রমাপহ।

(পাওয়ারফুল এণ্টিসেপ্টিক)।

ইহার দ্রাবণ স্প্রেদ্বারা ব্যবহার হয়, অথবা কার্ব্বলিক এসিড গজ ইত্যাদির ন্যায় ইহা ক্ষতেও ড্রেসিংরূপে ব্যবহার হয়।

স্থানিক—রিংওয়ারম, সোরাএসিস ও একজিমা প্রভৃতিতে ব্যবহার হয়, ডিফথিরিয়া ও টাইফসজ্বরে আভ্যন্তরিক ব্যবহার হইয়া থাকে।

হয়।

পলিগোনেসি শ্রেণী।

রিয়াই রেডিক্স। রুবার্ব্বরুট। রেউটিনি।

রিয়ম পামেটম, রিয়ম আফিসিন্যল প্রভৃতি বৃক্ষের শুষ্ক নিস্তকমূল।

চীন ও তিব্বতদেশ হইতে পাওয়া যায়।

চূর্ণের মাত্রা ৫—২০ গ্রেণ।

প্রঃ এক্সট্রাক্টম রিয়াই

ইনফিউসম রিয়াই ...	১০ তং আউন্সে ১১ গ্রেণ।
পাইলিউলা রিয়াই কম্পজিটা	৪ ভাগে প্রায় ১ ভাগ।
পলভিস রিয়াই কম্পজিটস ...	৯ ভাগে ২ ভাগ।
সিরপস রিয়াই	
টিংচুরা রিয়াই .	১ আউন্সে ৪৪ গ্রেণ।
ভাইনম রিয়াই	১ আউন্সে ৩৩ গ্রেণ।

১। এক্সট্রাক্টম রিয়াই। এক্সট্রাক্ট অফ্ রুবার্ব্ব।

রুবার্ব্ব রুট ৬০ নং চূর্ণ	১ পাউণ্ড।
প্রুফ স্পিরিট, ডিষ্টিল্ড ওয়াটার	যথাপ্রয়োজন।

মাত্রা ৫—১৫ গ্রেণ।

২। ইনফিউসম রিয়াই। ইনফিউসন অফ্ রুবার্ব্ব।

রুবার্ব্ব রুট পাতলা খণ্ড .	।০ আউন্স বা ১ ভাগ।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	১০ তং আউন্স বা ৪০ তং ভাগ।

অর্দ্ধ ঘণ্টাকাল আবৃত পাত্রে ভিজাইয়া ছাঁকিতে হইবে।

মাত্রা ১—২ ড্রাম আউন্স।

৩। পাইলিউলা রিয়াই কম্পোজিটা।

কম্পাউণ্ড রুবার্ব পিল।

রুবার্ব রুট চূর্ণ	.	৩ আউন্স বা ৬ ভাগ।
সকোট্রাইন এলোজ চূর্ণ	..	২।০ আউন্স বা ৪॥০ ভাগ।
মার চূর্ণ	...	১॥০ আউন্স বা ৩ ভাগ।
হার্ডসোপ	...	১॥০ আউন্স বা ৩ ভাগ।
অয়েল অব্ পিপারমিন্ট	...	১॥০ ড্রাম বা ৵০ ভাগ।
গ্লিসিরিণ		১ আউন্স বা ২ ভাগ।
ট্রিকেল (ওজনে)	...	প্রায় ৩ আউন্স বা ৬ ভাগ।

মাত্রা ৫—১০ গ্রেণ।

৪। পল্ভিস রিয়াই কম্পজিটস (গ্রেগোরিজ পাউডার)

রুবার্ব রুট চূর্ণ	...	২ আউন্স বা ২ ভাগ।
লাইট মেগনেসিয়া		৬ আউন্স বা ৬ ভাগ।
জিঞ্জার চূর্ণ	...	১ আউন্স বা ১ ভাগ।

মাত্রা ২০—৬০ গ্রেণ। বালকের জন্য ১০—২০ গ্রেণ বিরেচক।

৫। সিরপস রিয়াই। সিরপ অফ্ রুবার্ব।

রুবার্ব রুট ২০ নং চূর্ণ	...	২ আউন্স।
করিয়েণ্ডার রুট ২০ নং চূর্ণ	...	২ আউন্স।
রিফাইণ্ড সুগার	..	২৪ আউন্স।
রেক্টিফাইড স্পিরিট	...	৮ ড্রাম আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	২৪ ড্রাম আউন্স।

পরিমাণ ১৷০ পাইন্ট হইবে।

মাত্রা ১—৪ তং ড্রাম।

*৬। টিংচুরা রিয়াই। টিংচার অফ রুবার্ব।

রুবার্ব রুট ২০ নং চূর্ণ	...	২ আউন্স।
কার্ডেমম সিডস		।০ আউন্স।
কোরিয়েণ্ডার ফ্রুট চূর্ণ	..	।০ আউন্স।
জাফ্রাণ	..	।০ আউন্স।
প্রূফ স্পিরিট	.	১ পাইণ্ট।

পরিমাণ ১ পাইণ্ট হইবে।

মাত্রা ১—২ তং ড্রাম আগ্নেয়। ৪—৮ তং ড্রাম বিরেচক।

৭। ভাইনম রিয়াই। ওযাইন অফ রুবার্ব।

রুবার্ব রুট স্থূল চূর্ণ		১॥০ আউন্স।
কেনেলা বার্ক স্থূল চূর্ণ		৬০ গ্রেণ।
সেরি	.	১ পাইণ্ট।

সেরি দ্বারা এক পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা ১—২ তং ড্রাম।

ক্রিয়া—অল্পমাত্রায় আগ্নেয়, অল্প সঙ্কোচক, বৃহৎমাত্রায় বিরেচক। (ষ্টমাকিক, এষ্ট্রীনজেণ্ট, পর্গেটিভ)

ব্যবহার—ডায়েরিয়া, ডিস্পেপসিয়া, কোষ্ঠবদ্ধ।

মাইরিসষ্টিকেসি।

মাইরিসটিকা। নট্‌মেগ। জায়ফল।

মাইরিসটিকা ফ্রাগ্রান্স, (মাইরিসটিকা অফিসিনেলিস) বৃক্ষের বীজ। বাণ্ডাদ্বীপে জন্মে। নট মেগ বা জায়ফলের উপবিষ্ট আবরণঝিল্লিকে জৈত্রি বা মেসবলে।

প্রঃ—ওলিয়ম মাইরিসটিসি

এক্সপ্রেসন।

পলভিস কেটিকিউ কম্পজিটস . ১০ ভাগে ১ ভাগ।

" ক্রিটি এরোমেটিকস .. ১৬ ভাগে প্রায় ১ ভাগ

টিচুরা লেভেণ্ডুলি কম্পজিটা .. ১ পাইন্টে ৭৫ গ্রেণ।

স্পিরিটস আমোনিয়েসি কম্পজিটস .. ১ গেলনে ॥০ আউন্স।

১। ওলিয়াম মাইরিসটিসি এক্সপ্রেসম।

(মাইরিসটিস এডেপস)

তাপ ও চাপ দ্বারা জায়ফল হইতে প্রস্তুত স্থায়ী তৈল॥

প্রঃ—এমপ্লাষ্ট্রম কোলফোনযেন্দা, এমপ্লাষ্ট্রম পাইসিস।

২। ওলিয়ম মাইরিসটিসি। ভলেটাইল অয়েল অব নট্‌মেগ।

নটমেগ চুয়াইয়া ব্রিটনদেশে প্রস্তুতবায়ী তৈল।

মাত্রা ১—৪ মিনিম।

প্রঃ—পাইলিউলা এলোস সকোট্রিনা।

স্পিরিটস এমোনি এরোমেটিকস ৩০০ ভাগে প্রায় ১ ভাগ।

" মাইরিস টিস ৫০ ভাগে ১ ভাগ।

৩। স্পিরিট মাইরিসটিসি। স্পিরিট অব্ নটমেগ।

ভলেটাইল অয়েল অব্ নট্‌মেগ ১ তং আউন্স।

রেক্টিফাইড স্পিরিট .. ৪৯ তং আউন্স।

মাত্রা ॥০—১ ড্রাম।

প্রয়োগরূপ—মিসচুরা ফেরি কম্পজিটা।

ক্রিয়া—সুগন্ধ, ঈষৎ উত্তেজক, বায়ু নাশক।

(এরোমাটিক, জেণ্টেল ষ্টিমুলেণ্ট, কার্মিনেটিভ, অধিক মাত্রায় নার্কটিক।)

ইহার চাপ দ্বারা লব্ধ তৈল (এক্সপ্রেসড অয়েল) স্থানিক উগ্রতাসাধক।

লবেঙ্গি।

সিনেমোমাই কর্টেক্স্। সিনেমন বার্ক। দারুচিনি।

সিনামম জিলানিকম, বৃক্ষের ত্বকের আভ্যন্তরিক অংশ। লঙ্কা দ্বীপ হইতে আমদানী হয়। মাত্রা ১০—৩০ গ্রেণ।

প্রঃ—একোয়া সিনেমোমাই	·	১ গ্যালনে ২০ আউন্স।
ডিককটম হিমাটক্সিলাই		১ পাইন্টে ৫৫ গ্রেণ।
ইনফিউসম কেটিকিউ	···	১ পাইন্টে ৬০ গ্রেণ।
ওলিয়ম সিনেমোমাই		
পলভিস কেটিকিউ কম্পজিটস		১০ ভাগে ১ ভাগ।
” সিনেমোমাই কম্পজিটস		৩ ভাগে ১ ভাগ।
” ক্রিটা এরোমাটিকস		১২ ভাগে ১ ভাগ।
” কাইনো কম্পজিটস		৫ ভাগে ১ ভাগ।
টিংচুরা কার্ডেমোমাই কম্পজিটা		১ পাইন্টে ॥০ আউন্স।
” কেটিকিউ	···	১ পাইন্টে ১ আউন্স।
” সিনেমোমাই		১ পাইন্টে ২॥০ আউন্স।
” লেভেণ্ডুলি কম্পজিটা		১ পাইন্টে ৭৫ গ্রেণ।
” ভাইনম ওপাই	:	১ পাইন্টে ৭৫ গ্রেণ।

১। একোয়া সিনেমোমাই। সিনেমন ওয়াটার।

সিনেমন বার্ক চূর্ণ	···	২০ আউন্স।
জল	···	২ গেলন।

১ গেলন চুয়াইবে। মাত্রা ১—২ আউন্স।

সিনেমন ওয়াটার যোগে প্রস্তুত,—

মিসচুরা ক্রিটি

” গ্নোয়েসাই

সিরচুরা স্পিরিটস্ ভাইনাই গেলিসাই

২। পলভিস সিনেমোমাই কম্পজিটস।
(পলভিস এরোমেটিকস)

সিনেমন বার্ক চূর্ণ	..	১ আউন্স।
কার্ডেমম সিডস চূর্ণ		১ আউন্স।
জিঞ্জার চূর্ণ		১ আউন্স।

মাত্রা ৫—১০ গ্রেণ।

ইহার প্রয়োগরূপ।

পাই লিউলা এলোজ এট্ ফেরি	৩৷০ ভাগে ১ ভাগ।
" গেম্বে জি কম্পজিটা	৬ ভাগে প্রায় ১ ভাগ।

* ৩। টিংচুরা সিনেমোমাই। টিংচার অব্ সিনেমন

সিনেমন বার্ক স্থূল চূর্ণ	২৷৷০ আউন্স।
প্রুফ স্পিরিট	১ পাইণ্ট।

পরিমাণ ১ পাইণ্ট হইবে। মাত্রা ৷৷০—১ ড্রাম।

৪। স্পিরিটস সিনেমোমাই। স্পিরিট অব্ সিনেমন

অয়েল অব্ সিনেমন	.	১ তং আউন্স।
রেক্টিফাইড স্পিরিট		৪৯ তং আউন্স।

মাত্রা ৷৷০—১ তং ড্রাম।

ইহার প্রয়োগরূপ—এসিডম সল্ফিউরিকম এরোমাটিকম।

৫। ওলিয়ম সিনেমোমাই। অয়েল অব্ সিনেমন

সিনেমন বার্ক হইতে চুয়াইয়া প্রস্তুত তৈল।

মাত্রা ১—৪ মিনিম।

প্রয়োগরূপ—স্পিরিটস সিনেমোমাই।

ক্রিয়া—দারুচিনি—উত্তেজক, সুগন্ধ, বায়ুনাশক, সঙ্কোচক,

(ষ্টিমুলেণ্ট, এরোমেটিক, কার্ম্মিনেটিভ, এষ্ট্রীনজেণ্ট।)

ব্যবহার—অন্যান্য ঔষধ সহিত, ডায়েরিয়া।

অয়েল—উদবাষ্কান ও বিরেচক ঔষধ সহিত।

কেম্ফোরা। কেম্ফর। কর্পূর।

সিনেমোমম কেম্ফোরা কাষ্ঠ হইতে প্রাপ্ত সংগত বায়ী তৈল চীন ও জাপান দেশে প্রস্তুত হয়। ব্রিটন দেশে শোধিত হয়।

মাত্রা ১—১০ গ্রেণ।

প্রঃ—একোয়া কেম্ফোরি।

লিনিমেণ্টম একোনিটাই	.	১ তং আউন্সে ২২ গ্রেণ।
" বেলেডোনি	..	১ তং আউন্সে ২২ গ্রেণ।
" কেম্ফোরি	...	৫ ভাগে প্রায় ১ ভাগ।
লিনিমেণ্টম কেম্ফোরি কম্পজিটম		১ তং আউন্সে ৫৪।০ গ্রেণ।
" ক্লোরোফর্ম্মাই	.	১০ ভাগে ১ ভাগ।
" হাইড্রার্জাইরাই	..	১৫ ভাগে ১ ভাগ।
" ওপাই	..	১০ ভাগে প্রায় ১ ভাগ।
" সেপোনিস	.	২১ ভাগে ১ ভাগ।
" সিনাপিস কম্পজিটম		১৬ ভাগে ১ ভাগ।
" টেরিবিন্থিনি	.	২০ ভাগে ১ ভাগ।
" " এসিটিকম		১১ ভাগে ১ ভাগ।
স্পিরিটস কেম্ফোরি		১০ ভাগে ২ ভাগ।
টিংচুরা কেম্ফরি কম্পজিটা	...	১ তং আউন্সে ১।।০ গ্রেণ।
অঙ্গুয়েণ্টম হাইড্রার্জাইরাই কম্পাজিটম		১৩।। আউন্সে ১।। আউন্স।

১। একোয়া কেম্ফোরি। কেম্ফর ওয়াটার।

নামান্তর—মিসচুরা কেম্ফোরি।

কেম্ফর চূর্ণ . .. ।।০ আউন্স।

ডিষ্টিল্ড ওয়াটার ... ... ১ গেলন।

একটী পাতলা কাপড়ে কর্পূর পুটলির মত বান্ধিবে, একটি কাচদণ্ডে বান্ধিয়া তদ্বারা বোতলের জলের নীচে ডুবাইয়া রাখিবে, বোতলের মুখ বন্ধ করিবে, ব্যবহারের পূর্ব্বে অন্ততঃ দুইদিন ভিজাইয়া রাখা চাই, তারপর ইচ্ছামত জল-ঢালিয়া ব্যবহার করা যাইতে পারে।

১ আউন্সে ॥০ গ্রেণ কর্পূর থাকে। মাত্রা ১—২ আউন্স।

কর্পূরের জল যোগে প্রস্তুত ঔষধ।

ইনজেকসিও এপোমর্ফিন হাইপোডার্ম্মিকা।

" আর্গোটিন হাইপোডার্ম্মিকা।

লাইকর এ্যাট্রোপিনিসলফাস।

২। লিনিমেণ্টম কেম্ফোরি। কেম্ফর লিনিমেণ্ট।

কর্পূর	...	১ আউন্স।
অলিভ অয়েল		৪ তং আউন্স।

লিনিমেণ্টম কেম্ফরি যোগে প্রস্তুত ঔষধ।

লিনিমেণ্টম ক্লোরোফর্ম্মাই	১ তং ভাগে ১ তং ভাগ।
" হাইড্রার্জাইরাই	
" টের্বিবিন্থিনি এসিটিকম	৯ ভাগে ৪ ভাগ।

৩। লিনিমেণ্টম কেম্ফরি কম্পজিটম।

কেম্ফর	১॥০ আউন্স বা ২০ ভাগ।
অয়েল অব লেভেণ্ডার	১ তং ড্রাম " ১ তং ভাগ।
ষ্ট্রং সলিউশন অব্ এমোনিয়া	৫ তং আউন্স " ৪০ তং ভাগ।
রেক্টিফাইড স্পিরিট	১৫ তং আউন্স " ১২০ তংভাগ।

৪। স্পিরিটস কেম্ফরি।

কেম্ফর	১ আউন্স।
রেক্টিফাইড স্পিরিট	৯ তং আউন্স।

মাত্রা ১০—৩০ মিনিম।

* ৫। টিংচুরা কেম্ফরি কম্পজিটা, (১ ড্রাম ।০ গ্রেণ অহিফেণ)

অহিফেণচূর্ণ	৪০ গ্রেণ।
বেনজয়িক এসিড	৯০ গ্রেণ।
কেম্ফর	৩০ গ্রেণ।
অয়েল অব্ এনিস	।০ ৩২ ড্রাম।
প্রুফ স্পিরিট	১ পাইন্ট।

মাত্রা ১৫—৬০ মিনিম।

ক্রিয়া—মাস্তিষ্ক উত্তেজক, মাদক, নিদ্রাকারক, কাসনাশক, আক্ষেপ নিবারক, বেদনা নিবারক। (পচননিবারক কীটাণু ও বৃক্ষাণুনাশক, তাপাধিক্যনিবারক)

(সেরিব্রাল, ষ্টিমুলেণ্ট, নার্কটিক, হিপনটিক, এনাফ্রোডি সিয়াক, এণ্টিসপ্যাজমডিক, এনোডাইন)

স্থানিক—উগ্রতাসাধক, বেদনা নিবারক।

ব্যবহার—এডিনেমিক জ্বর, কলেরিক ডায়েরিয়া, বিবিধ আক্ষেপযুক্ত ব্যাধি যথা—হুপিং কফ, কোরিয়া, ইপিলেপ্সী, এভিন্ন হিষ্টিরিয়া, কর্ডি। সর্দ্দি, কামোন্মাদ প্রভৃতি মনোবিকার স্থানিক—বাত, বেদনা, নিশ্চল সন্ধিস্থান।

সাসাফ্রাস রেডিক্স। সাসাফ্রাস।

সাসাফ্রাস অফিসিনেলিসের শুষ্ক মূল, ইউনাইটেড্ ষ্টেট ও কানেডা দেশে এই বৃক্ষ জন্মে।

প্রঃ—ডিককটস সার্জি কম্পজিটম ... ১ পাইণ্টে ।০ আউন্স ।

ক্রিয়া—উত্তেজক, ঘর্ম্মকারক এবং পরিবর্ত্তক ।

ব্যবহার—ক্রনিক বিউমাটিজম, চর্ম্মরোগ, উপদংশ, অন্যান্য ঔষধ সহিত মিলিত রূপে ব্যবহার হয় ।

নেকটাণ্ডি কর্টেক্স । বেবিরুবার্ক ।

নেকটাণ্ডা রোডিয়াই, গ্রিণহার্ট ট্রি বৃক্ষের ত্বক, ব্রিটিশ গোয়ানা হইতে আমদানী হয় ।

বিবেরিনি সলফাস ।

বেবিক বার্ক হইতে প্রস্তুত সলফিউরিক এসিড যুক্ত উপক্ষার ।

প্রস্তুত করিতে বেবিকবার্ক, সলফিউরিক এসিড, শ্লেকড্ লাইম, সলিউশন্ অব্ এমোনিয়া, রেক্টিফাইড স্পিরিট ডাইলিউট সলফিউরিক এসিড, জল ও চুয়ান জল প্রয়োজন ।

মাত্রা ১—১০ গ্রেণ ।

ক্রিয়া—বলকারক, পর্য্যায় নিবারক ।

(টনিক, এণ্টিপিরিয়ডিক ।)

পর্য্যায়জ্বর, রোগান্তে দুর্ব্বলতা, সপর্য্যায় শীরোপীড়া ।

এরিসটোলোকি ।

সার্পেণ্টরি রাইজোমা । সর্পেণ্টারি রাইজোম ।

এরিসটোলোকিয়া সার্পেণ্টরিয়া, সর্পেণ্টরি বা ভার্জিন স্নেকরুট এরিসটোলোকিয়া, রেটিকউলেটা নামক বৃক্ষের রাইজোম এবং ক্ষুদ্রমূল । ইউনাইটেড্ ষ্টেটে জন্মে ।

প্রঃ—ইনফিউসম সার্পেণ্টরি ... ১ পাইণ্টে ॥০ আউন্স ।

টিংচুরা সিঙ্কোনি কম্পজিটা	...	১ পাইণ্টে ॥০ আউন্স।
" সার্পেণ্টরি	...	১ পাইণ্টে ২॥০ আউন্স।

ইনফিউসম সার্পেণ্টরি।

সার্পেণ্টরি রাইজোম ২০নং চূর্ণ	...	।০ আউন্স বা ১ ভাগ।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	.	১০ তং আউন্স।

অর্দ্ধ ঘণ্টাকাল আবৃত পাত্রে ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা ১—২ তং আউন্স।

* টিংচুরা সার্পেণ্টরি।

সার্পেণ্টরি রাইজোম ৪০ নং চূর্ণ	২॥০ আউন্স।
প্রুফ স্পিরিট	১ পাইণ্ট।

১ পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা ॥০—২ তং ড্রাম।

ক্রিয়া—উত্তেজক, বলকারক, ঘর্ম্মকারক, মূত্রকারক আগ্নেয়

(ষ্টিমুলেণ্ট, টনিক, ডায়েফোরেটিক, ডায়উরেটিক।)

ব্যবহার—ডিসপেপসিয়া, ক্রনিক রিউমাটিজম, লো ফিবার, একজেম্বি মেটা, গাউট।

থাইমিলেসি।

মেজিরিয়ন কর্টেক্স। মেজিরিয়ন বার্ক।

ডাফ্নি মেজিরিয়ণ বৃক্ষের শুষ্ক ত্বক।

প্রাঃ—ডিককটম সার্জি কম্পজিটম ১ পাইণ্টে ৫৫ গ্রেণ।

একস্ট্রাকটম মেজিরিয়াই ঈথিরিয়ম।

মেজিরিয়ণ বার্ক ক্ষুদ্র২ কাটা	..	১ পাউণ্ড।
রেক্টিফাইড স্পিরিট	...	৮ পাইণ্ট।
ঈথর	.	১ পাইণ্ট।

প্রঃ—লিনিমেণ্টম সিনাপিস কম্পজিটম ১ তং আউন্স ৮ গ্রেণ।

ক্রিয়া—প্রবল স্থানিক উগ্রতাসাধক ও ফোস্কাকারক, বৃহৎ মাত্রায়—বমনকারক ও বিরেচক, অল্প মাত্রায়—ঘর্ম্মকারক মূত্রকারক পরিবর্ত্তক। সার্জ্জার সহিত ব্যবহার হয়।

ইউফর্ব্বিয়েসি।

কেসকেরিলি কর্টেক্স। কেসকেরিলাবার্ক।

ক্রোটন ইলাটুরিয়া বা কেশকেরিলা বুশ বৃক্ষের শুষ্ক বল্কল, বাহামা নামক স্থানে জন্মে।

প্রঃ—ইনফিউসম কেসকেরিলা ... ১ পাইণ্টে ২ আউন্স।

টিংচুরা কেসকেরিলা ... ১ পাইণ্টে ২॥০ আউন্স।

১। ইনফিউসম কেসকেরিলা।

কেশকেরিলা বার্ক ২০নং চূর্ণ ১ আউন্স বা ১ ভাগ।

বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার . ১০ তং আউন্স " ১০ তং ভাগ।

আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা ১—২ তং আউন্স।

* ২। টিংচুরা কেসকেরিলা।

কেসকেরিলি বার্ক ৪০ নং চূর্ণ ... ২॥০ আউন্স।

প্রুফ স্পিরিট . ১ পাইণ্ট।

পরিমাণ ১ পাইণ্ট করিবে। মাত্রা ॥০—২ তং ড্রাম।

ক্রিয়া—সুগন্ধ, আগ্নেয়, বলকারক, উত্তেজক, কফ নিঃসারক

ব্যবহার—এটনিক ডিসপেপসিয়া, ক্রনিক ব্রঙ্কাইটিস।

ওলিয়ম ক্রোটনিস। ক্রোটন অয়েল। জয়পালের তৈল।

ক্রোটন টিগ্লিয়মের বীজ হইতে ব্রিটন দেশে চাপ দ্বারা

প্রস্তুত তৈল, ইষ্ট ইণ্ডিজ দেশে জন্মে। মাত্রা ½—১ মিনিম।
প্রয়োগরূপ—লিনিমেণ্টম ক্রোটনিস ৮ ভাগে ১ ভাগ।

লিনিমেণ্টম ক্রোটনিস। লিনিমেণ্ট অফ ক্রোটন অয়েল।

ক্রোটন অয়েল	...	১ তং আউন্স বা ২তং ভাগ।
অয়েল অব্ কেজুপট	.	৩॥০ তং আউন্স " ৭ তং ভাগ।
রেক্টিফাইড স্পিরিট	...	৩॥০ তং আউন্স " ৭ তং ভাগ।

ক্রিয়া—প্রবল উগ্রতা সাধক, অতি বিরেচক।

(মোষ্ট পাওয়ারফুল ইরিটেণ্ট, ড্রাষ্টিক পর্গেটিভ।)
ব্যবহার—কঠিন কোষ্টবদ্ধ, মাস্তিষ্কীয় পীড়া, এপোপ্লেক্সী। স্থানিক—প্রয়োগে পূজপূর্ণ দানা উঠে, অলিভ অয়েল বা সোপলিনিমেণ্ট সহিত মিলাইয়া ব্যবহারে স্থানিক উগ্রতাসাধক। ব্যবহার—যক্ষ্মার প্রথম অবস্থায় বক্ষে মর্দ্দন করাযায়।

ওলিয়ম রিসিনি। কেষ্টর অয়েল। এরণ্ড তৈল।

রিসিনিস কম্মিউনিস বৃক্ষের বীজ হইতে প্রস্তুত তৈল, ইষ্ট-ইণ্ডিয়া ও আমেরিকা দেশে জন্মে, কলিকাতা হইতে আমদানি হয়। মাত্রা ১—৮ তং ড্রাম।
প্রঃ। কলোডিয়ম ফ্লেক্সাইল ... ৫০ ভাগে প্রয়ে ১ ভাগ।
লিনিমেণ্টম সিনাপিস কম্পজিটস ·· ১ আউন্সে ১ তং ড্রাম।
পাইলিউলা হাইড্রারর্জাইরাই সব ক্লোরিডাই কম্পজিটা।

ক্রিয়া—অনুগ্র অথচ দ্রুত বিরেচক। ইহার ক্রিয়া এত মধুর যে অক্লেশে অন্ত্র পরিষ্কার হয়। বিরেচনান্তে অন্যান্য বিরেচক ন্যায় কোষ্ট বদ্ধ হয় না। এরেণ্ডবীজ অতি উগ্র এমনকি বিপদ জনক।

ব্যবহার—কোষ্ঠবদ্ধ, ডিসেন্টি, দুর্ব্বল অবস্থায় ও ব্যবহার নিরাপদ, ক্রিয়া মাধুর্য্য জন্য এলিমেন্টরি কেনালও নিকটস্থ যন্ত্রের উত্তেজনা অবস্থাতেও ব্যবহার করাযায় যথা গেষ্ট্রাইটীস এন্টেরাইটীস, সিষ্টাইটীস, ডিসেন্টি, পাইলস, ইত্যাদি।

কামালা। কামালা। উর্স। কোমলাগুড়ি।

বটলরা টিংটো বয়া বৃক্ষের ফলের গাত্রসংযুক্ত ক্ষুদ্র ২ গ্রন্থি ও লোম। দেখিতে লালবর্ণ চূর্ণ। ভারতবর্ষ হইতে আমদানী হয়।

মাত্রা—৩০ গ্রেণ—০ আউন্স।

ক্রিয়া—ক্রিমিনাশক, বিরেচক।

ব্যবহার—টেপওয়ার্ম রোগে বিশেষ উপকারী।

সেণ্টেলেমি।

ওলিয়ম সেণ্টেলি। অয়েল অব সেণ্ডেল উড্।

(ওলিয়ম সেণ্টেলি ফ্লেভি) শ্বেত চন্দনের তৈল।

সেণ্টেলম এলবম উড্ বা শ্বেতচন্দন হইতে প্রস্তুত বায়ী তৈল।

বৃক্ষ ভারতবর্ষে জন্মে। মাত্র ১০—৩০ মিনিম।

ক্রিয়া—ইনভলণ্টারি বা অনৈচ্ছিক পেশী সকলের উপর উত্তেজক ক্রিয়া প্রকাশ করে, সমুদয় মিউকস মেমব্রেনের উপর অসাক্ষাৎ ভাবে সঙ্কোচক ক্রিয়া প্রকাশ করে। উত্তেজক, বায়ু নাশক।

ব্যবহার গনরিয়া, গ্লিট, লিউকোরিয়া, ডায়েরিয়া, ক্রনিক ব্রনকাইটিস।

পাইপারেসি।

পাইপার নাইগ্রম। ব্লাক পিপার। গোলমরিচ।

পিপার নাইগ্রম বৃক্ষের অপক্ক ফল, জাবা, সুমাত্রা, ইষ্টইণ্ডিজ প্রভৃতি স্থানে পাওয়া যায়। মাত্রা ৫—২০ গ্রেণ।

প্রঃ। কনফেক'সিও পাই	...	৩১ ভাগে ১ ভাগ।
" পিপারিস	...	১০ ভাগে ১ ভাগ।
পলভিস ওপাই কম্পজিটস	...	৭।।০ ভাগে ১ ভাগ।

কনফেকসিও পাইপারিস। কনফেকসন অফ্ পিপার।

ব্লাক পিপার সূক্ষ্ম চূর্ণ	...	২ আউন্স বা ২ ভাগ।
কেরওয়ে ফ্রুট সূক্ষ্মচূর্ণ	..	৩ আউন্স বা ৩ ভাগ।
ক্লেরিফাইড হনি	..	১৫ আউন্স বা ১৫ ভাগ।

সকলকে একত্রে খলে মর্দ্দন করিবে।

মাত্রা ৬০—১২০ গ্রেণ।

ক্রিয়া ও ব্যবহার—প্রধানতঃ তরকারির মসলারূপে ব্যবহার হয়, ইহা উত্তেজক, আগ্নেয়।

ব্যবহার—অর্শরোগে প্রধানতঃ ব্যবহার হয়। পর্য্যায় জ্বর ও গলবিয়াতেও ব্যবহার হইতে পারে।

কিউবেবা। কিউবেবস। কবাবচিনি।

পিপার কিউবেবা বৃক্ষের অপক্ক শুষ্ক ফল। জাবা হইতে আমদানি হয়। মাত্রা ৩০—১২০ গ্রেণ।

প্রঃ। ওলিও রেজিন কিউবেবি।

ওলিয়ম কিউবেবি।

টিংচুরা কিউবেবি ১ পাইণ্টে ২।।০ আউন্স।

ওলিও রেজিনা কিউবেবি। ওলিও রেজিন অফ কিউবেবস।

কিউবেব স্থূল চূর্ণ	...	২ পাউণ্ড।
ঈথর	...	৪ পাইন্ট বা যথা প্রয়োজন।

কিউবেবকে পর্কোলেটার মধ্যে অল্প চাপদ্বারা বেশ টান-ভাবে ভরিবে, উহার মধ্যদিয়া ঈথার অল্পে২ নির্গত করিবে, যে পর্য্যন্ত না বর্ণহীন ঈথার বাহির হইবে, নির্গত ঈথারকে প্রথমে বায়ুতে রাখিয়া ঈথার অংশ উড়াইয়া দিবে, পরে ওয়াটার বাথের তাপে অবশিষ্ট ঈথার উড়াইয়া দিবে, অথবা চুয়নযন্ত্র দ্বারা ঈথার চুয়াইয়া লইবে, অবশিষ্ট দ্রব্যকে উত্তমরূপে আবৃত পাত্রে স্থির-ভাবে রাখিয়া দিবে যে পর্য্যন্ত না দানাময় বা মোমের ন্যায় দ্রব্য নীচে পড়িয়া যায়। তৈল ও ধুনাযুক্ত অংশ ঢালিয়া লইয়া কাচের ছিপিযুক্ত বোতলে দৃঢ়ভাবে আবৃত রাখিয়াদিবে।

মাত্রা ৫—৩০ মিনিম।

ওলিয়ম কিউবেবী। অয়েল অফ্ কিউবেবস।

কিউবেব চুয়াইয়া ব্রিটন দেশে প্রস্তুত তৈল।

মাত্রা—৫—২০ মিনিম।

টিংচুরা কিউবেবী। টিংচার অফ্ কিউবেবস।

কিউবেব চূর্ণ	.	২॥০ আউন্স।
রেক্টিফাইড স্পিরিট	...	১ পাইন্ট।

পরিমাণ ১ পাইন্ট হইবে। মাত্রা ॥০—২ ড্রাম।

ক্রিয়া—মূত্রনালীর শ্লৈষ্মিক ঝিল্লির উপর বিশেষ প্রকার

ক্রিয়া প্রকাশ করে, এই ক্রিয়া উত্তেজক। ঐ স্থানের অস্বাভাবিক নিঃস্রব নিবারণ করে। ওলিও রেজিন—মূত্রকারক।

ব্যবহার—গনরিয়া।

মেটিকি ফোলিয়া। মেটিকা লিভস্।

পেপার এঙ্গষ্টি ফলিয়মের পত্র, পেরু দেশে জন্মে।

প্রঃ—ইনফিউসম মেটিকি। ইনফিউশন অফ মেটিকো।

মেটিকো পত্র ক্ষুদ্র ২ কাটা ॥০ আউন্স বা ১ ভাগ।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার ১০ তং আউন্স বা ৮ তং ভাগ।

আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা ১—২ তং আউন্স।

ক্রিয়া—প্রবল রক্তরোধক—সঙ্কোচক।

ব্যবহার—কোন স্থান হইতে রক্তপাত হইলে পাতা বা পাতাচূর্ণ লাগাইলে রক্তরোধ হয় ইনফিউশন পিচকারী দেওয়া যায়। গণরিয়া, লিচ বাইট।

স্যালিসিন।

সেলিসিনম, সেলিসিন (উইলো গাছ) হইতে প্রাপ্ত উপক্ষার।

সেলিক্স এলবা প্রভৃতি বৃক্ষের ত্বক হইতে প্রস্তুত দানাময় দ্রব্য।

মাত্রা ৩—২০ গ্রেণ।

ক্রিয়া—বলকারক, পর্য্যায় নিবারক। (টনিক, এণ্টিপিরিয়ডিক)

ব্যবহার—পালাজ্বর, নিউরালজিয়া, দুর্ব্বলতা, একিউট রিউমাটিজম। তাপাধিক্য কিন্তু একিউট রিউমাটিজম ও তাপাধিক্যে সেলিসিলিক এসিড ও সেলিসিলেট অব্ সোডাই অধিক ব্যবহৃত হয়।

লিকুইডামবরেসি।

ষ্টাইরাক্স প্রিপারেটা। প্রিপেয়ার্ড ষ্টোরাক্স।

লিকুইডেমবার ওরিয়েণ্টল বৃক্ষের ত্বক হইতে প্রাপ্ত তরল বালসাম। এসিয়ামাইনর দেশে জন্মে।

প্রঃ—টিংচুরা বেনজোয়েনি কম্পজিটা ১তং আউন্সে৩৭গ্রেণ।

ক্রিয়া। উত্তেজক, কফঃনিঃসারক।

ব্যবহার—গ্লিট, লিউকোরিয়া ক্রনিকব্রনকাইটিস ক্রনিক সিষ্টাই টিস। স্থানিক—বেডসোর অন্ হেল্ডি অলসর্।

মাত্রা ১৫—২০ গ্রেণ।

কিউপুলিফেরি।

কুয়ার্কস কর্টেক্স। ওক্বাক।

কুয়ার্কস্ রোবর (কুয়ার্কস পিডংকিউলেটা, কমন্ ওক নামক বৃক্ষের গুঁড়ি ও ক্ষুদ্র শাখার শুষ্কত্বক। ইংলণ্ড দেশে জন্মেঃ।

ক্রিয়া। সঙ্কোচক ব্যবহার উদরাময়, অতিসার বাহ্যপ্রয়োগ গণরিয়া, লিকোরিয়া।

প্রঃ—ডিক্কটম কুয়ার্কস। ডিককশন অফ ওকবার্ক।

ওকবার্ক চূর্ণ	...	১।০ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	..	১ পাইণ্ট।

আবৃত পাত্রে ১০ মিনিট ফুটাইয়া ছাঁকিয়া লইবে ডিষ্টিল্ড ওয়াটার যোগে ১ পাইণ্ট পূর্ণ করিবে। বাবলা বৃক্ষেরত্বক হইতে এই নিয়মে ডিকৃকশন করা যাইতে পারে ক্রিয়া ও ব্যবহার এই ঔষধ ন্যায়।

গ্যালা। গলস। মাজুফল।

একপ্রকার পতঙ্গ কুয়ার্কস লুসিটেনিকা ও কুয়ার্কস ইন-ফেকটোরিয়া নামক বৃক্ষের তরুণ শাখাগ্রে ছেদ করিয়া তথায় অণ্ড প্রসব করে এই অণ্ড সংযুক্ত বৃক্ষের আটা, মাজুফল নামে পরিচিত।

প্রঃ। এসিডম গ্যালিকম।

" ট্যানিকম।

টিংচুরা গ্যালি	...	১ তং আউন্সে ৫৪॥০ গ্রেণ।
অঙ্গুয়েণ্টম গ্যালি	..	১ আউন্সে ৮০ গ্রেণ।
" গ্যালিকম ওপিও		২ আউন্সে প্রায় ৮০ গ্রেণ।

এসিডম ট্যানিকম। টানিক এসিড।

মাজুফল চূর্ণ আর্দ্র বায়ুতে ২।৩ দিন রাখিয়া ঈথর যোগে পাতলা কাদার মত করিবে, উত্তমরূপে আবৃত পাত্রে ২৪ ঘণ্টা রাখিয়া দিয়া পাতলা কাপড়ের থলেতে করিয়া প্রবল চাপ দিয়া তরায় রস বাহির করিয়া লইবে, থলের মধ্যস্থ দ্রব্যকে চূর্ণ করিয়া ঈথার ও ইহার পরিমাণের ষোল ভাগের এক ভাগ জল মিলাইয়া চূর্ণের সহিত মিলাইবে এবং পুনরায় কাপড়ের মধ্যে রাখিয়া চাপ দ্বারা রস বাহির করিবে, উভয় রস একত্র করিয়া মৃদু তাপে শুষ্ক করিতে হইবে।

ক্রিয়া—সঙ্কোচক, রক্ত রোধক। মাত্রা ২—১০ গ্রেণ।

এসিডম গ্যালিকম। গ্যালিক এসিড।

মাজুফল হইতে প্রস্তুত অম্লবিশেষ।

১ ভাগ গল্‌নটের স্থূল চূর্ণ ৪ ভাগ ডাইলিউট সলফিউরিক

এসিড সহিত অর্দ্ধঘণ্টাকাল ফুটাইবে, গরম থাকিতেং কেলিকো ফিল্টার দ্বারা ছাঁকিবে, নির্গত তরল পদার্থ শীতল হইলে গ্যালিক্ এসিডের দানা উৎপন্ন হইতে থাকিবে, দানা বান্ধিয়া এনিমেল্ চারকোল দ্বারা ছাঁকিয়া বিশুদ্ধ করিতে হইবে।

ক্রিয়া—সংস্কোচক, রক্ত রোধক।

মাত্রা ২—১০ গ্রেণ।

মাজুফলের প্রয়োগরূপ।

* ১ টিংচুরা গ্যালি। টিংচার অফ্ গলস্।

মাজুফল ৪০ নং চূর্ণ	.	২॥০ আউন্স।
প্রূফ স্পিরিট	..	১ পাইন্ট।

পরিমাণ ১ পাইন্ট হইবে।

মাত্রা ॥০—২ ড্রাম।

২। অঙ্গুয়েণ্টম্ গ্যালি। অয়েণ্টমেণ্ট অফ্ গলস।

মাজুফল সূক্ষ্মচূর্ণ	..	৮০ গ্রেণ বা ১ ভাগ।
বেনোজোয়েটেড লার্ড	..	১ আউন্স বা ৫॥০ ভাগ।

ইহার প্রয়োগরূপ—অঙ্গুয়েণ্টম গেলি কম ওপিও।

৩। অয়েণ্টমেণ্ট অফ্ গলস এণ্ড ওপিয়ম।

অয়েণ্টমেণ্ট অব্ গলস	.	১ আউন্স বা ১৩৬ ভাগ
ওপিয়ম চূর্ণ		৩২ গ্রেণ বা ১ ভাগ

ট্যানিক এসিডের প্রয়োগরূপ।

১। গ্লিশিরিনম্ এসিডাই ট্যানিসাই।

ট্যানিক এসিড	.	১ আউন্স বা ১ ভাগ
গ্লিশিরিণ	...	৪ আউন্স" ৪ ভাগ।

২। সপজিটরিয়া এসিডাই ট্যানিসাই।

ট্যানিক এসিড	...	৩৬ গ্রেণ।
অয়েল অব্ থিওব্রোমা	...	১৪৪ গ্রেণ।

১২টী সপজিটরি প্রস্তুত করিবে।

৩। সপজিটরিয়া এসিডাই ট্যানিসাইকমসেপোন।

ট্যানিক এসিড	...	৩৬ গ্রেণ।
গ্লিশিরিণ অব্ ষ্টার্চ্চ		৩০ গ্রেণ।
কার্ডসোপ		১০০ গ্রেণ।
ষ্টার্চ চূর্ণ		যথা প্রয়োজন।

১২টী সপজিটরি হইবে।

৪। ট্রোচিসাই এসিডাই ট্যানিসাই।

ট্যানিক এসিড		৩৬০ গ্রেণ।
টিংচার অফ্ টোলু		॥০ তং আউন্স।
রিফাইণ্ড স্থগার চূর্ণ	..	২৫ আউন্স।
গমএকেসিয়া চূর্ণ		১ আউন্স।
মিউসিলেজ অব্ গমএকেসিয়া	..	২ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১ তং আউন্স।

৭২০ লোজেঞ্জ প্রস্তুত করিবে।

মাত্রা—১—৬ লোজেঞ্জ। প্রতি চাকিতে ॥০ গ্রেণ টেনিন।

গেলিক এসিডের প্রয়োগরূপ।

গ্লিশিরিনম এসিডাই গ্যালিসাই।

গ্যালিক এসিড	১ আউন্স বা ১ ভাগ।
গ্লিশিরিণ	৪ আউন্স বা ৪ ভাগ।

ক্রিয়া—গলনটের ক্রিয়া ট্যানিক ও গ্যালিক এসিডের উপর নির্ভর করে এজন্য ট্যানিক ও গ্যালিক এসিডের যে ২ ক্রিয়া মাজুফলের ও তাহাই।

ট্যানিক এসিডের ক্রিয়া—স্থানিক—প্রবল সঙ্কোচক, রক্ত রোধক। আভ্যন্তরিক সেবনে ও সঙ্কোচক।

গ্যালিক এসিডের ক্রিয়া—আভ্যন্তরিক সেবনে ট্যানিক এসিডের ন্যায় সঙ্কোচক। স্থানিক—অল্প সঙ্কোচক।

ব্যবহার—ট্যানিক ও গ্যালিক এসিড বিবিধ রক্তস্রাব রোগে যথা—মেনরেজিয়া, হিমাচুরিয়া, হিমপটিসিস, এভিন্ন অতিঘর্ম্ম, ডায়েরিয়া ডিসেণ্ট্রি প্রভৃতি রোগে উপকার হয়।

স্থানিক—গলনটের প্রয়োগরূপ—ট্যানিক ও গ্যালিক এসিড এবং ইহাদের প্রয়োগরূপ সকল স্থানিক রক্তরোধক, অর্শ ও গ্লিট, গনরিয়া, লিউকোরিয়া প্রভৃতিতে অধিক মিউকস নির্গমন কম করিতে ব্যবহার হয়। গ্যালিক এসিড আভ্যন্তরিক ট্যানিক এসিড স্থানিক ব্যবহার্য্য।

মোরেসি।

ফাইকস, ফিগ, ডুম্বর।

ফাইকস কেরিকার শুষ্ক ফল, এসিয়ায় জন্মে।

ক্রিয়া—স্নিগ্ধকারক, পোষক, মৃদুবিরেচক।

প্রয়োগরূপ—কনফেকসিও সেনি।

মোরি সকস। মালবেরী জুস। তুতফলের রস।

মোরস নাইগ্রা বৃক্ষের পক্ক ফলের রস, পারস্যদেশে জন্মে ব্রিটনদেশে চাস হয়।

প্রঃ। সিরপাস মোরাই। সিরপ অফ মালবেরি।

মালবেরি জুস	..	১ পাইণ্ট।
রিফাইণ্ড সুগার		২।০ পাউণ্ড।
রেক্টিফাইড স্পিরিট	.	২॥০ তং আউন্স।

পরিমাণ ৩ পাউণ্ড ৬ আউন্স হইবে।

মাত্রা   ১ তং ড্রাম

ক্রিয়া—তুতের রস, শৈত্যকারক, জ্বরাদি রোগে পানীয়-রূপে সেবন করা যাইতে পারে, ইহার সিরপ অন্যান্য ঔষধে বং করিতে ব্যবহার হয়।

কেনাবিনেসি।

কেনাবিস ইণ্ডিকা। ইণ্ডিয়ান হেম্প। গাঁজা।

কেনাবিস সেটাইভা বৃক্ষের ফল ও ফুল সংযুক্ত শুষ্ক শাখাগ্র বা ডাঁটা। ভারতবর্ষে জন্মে। গাজা গাছের পাতা ও ফুল হইতে প্রাপ্ত রজন যুক্ত রসকে চরস বলে।

প্রঃ—একষ্ট্রাক্টম কেনাবিস ইণ্ডিক.

ইণ্ডিয়ান হেম্প স্থূল চূর্ণ		১ পাউণ্ড।
রেক্টিফাইড স্পিরিট	...	৪ পাইণ্ট।

মেসিরেশন এবং ইভাপোরেশন দ্বারা প্রস্তুত করিবে।

মাত্রা   ।০—১ গ্রেণ।

প্রয়োগরূপ—টিংচুরা কেনাবিস ইণ্ডিকি। টিংচার অফ্ ইণ্ডিয়ান হেম্প।

এক্সট্রাক্ট অব্ ইণ্ডিয়ান হেম্প	..	১ আউন্স।

রেক্টিফাইড স্পিরিট ... ১ পাইণ্ট।

মাত্রা ৫—২০ মিনিম।

ক্রিয়া—উত্তেজক, মাদক, আক্ষেপ নিবারক, নিদ্রাকারক, জরায়ু সঙ্কোচক, কামোদ্দীপক।

(ষ্টিমুলেণ্ট, নার্কটিক, এণ্টিস্পাজমডিক, এনোডাইন, হিপ্‌নটিক, ইউটেরাইন মোটার ষ্টিমুলেণ্ট, এ্যফ্রোডিসিয়াক।)

ব্যবহার—বিবিধ নিউবেলজিয়া, স্পাজমডিক ব্যাধি, যথা—পার্টুসিস, এজমা, টেটেনস, হাইড্রোফোবিয়া, ষষ্টরজঃ বজোধিক্য।

লপুলস, হপ্, (হিউমিউলস)

হিউমিউলস লপুলস বা কমন্ হপ্‌লতার পুষ্পগুচ্ছ।

ইংলণ্ডদেশে চাষ হয়, ইউরোপের অনেক স্থানে পাওয়া যায়।

লপুলিনম। লপুলিন। লপুলি নিক্ গ্লাণ্ডস।

গ্রন্থিময় চূর্ণ বিশেষ, শুষ্ক লপুলস হইতে প্রস্তুত হয়।

মাত্রা ২—৫ গ্রেণ।

১। ইনফিউজম লপুলাই। ইনফিউশন অফ হপ।

হপ ... ॥০ আউন্স।

বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার ... ১০ তং আউন্স।

অর্দ্ধ ঘণ্টাকাল আবৃত পাত্রে ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা ১—২ তং আউন্স।

২। টিংচুরা লপুলাই। টিংচারঅফহপ।

হপ্ ... ২॥০ আউন্স।

প্রুফ স্পিরিট ... ১ পাইণ্ট।

পরিমাণ ১ পাইণ্ট হইবে। মাত্রা ॥০—২ তং ড্রাম।

৩। এক্‌স্‌ট্র্যাক্টম লপুলাই।

হপ	.	১ পাউণ্ড।
রেক্টিফাইড স্পিরিট	..	১॥০ পাইন্ট।
ডিষ্টিল্ড ওয়াটার		১ গ্যালন।

হপ স্পিরিটে ৭ দিন ভিজাইয়া, চাপ দ্বারা টিংচার বাহির করিয়া লইবে, হপকে পুনরায় জলে এক ঘণ্টা ফুটাইয়া চাপ দ্বারা উহার জল বাহির করিয়া লইবে, মৃদুতাপে উভয় তরল পদার্থকে ঘন করিয়া লইবে। মাত্রা ৫—১৫ গ্রেণ।

ক্রিয়া—বলকারক, আক্ষেপ, অবসাদক। বেদনা নিবারক নিদ্রাকারক, অঙ্গ সঙ্কোচক।

(টনিক, ষ্টমাকিক, শ্লাইটলি নার্কটিক এনোডাইন, হিপনটিক, স্লাইট এষ্ট্রিনজেণ্ট)। উন্মাদ।

ব্যবহার—ডিসপেপসিয়া, স্বপ্নদোষ, কর্ডি। জ্বরে অনিদ্রা, মদাতঙ্ক, টিউমার ও ব্রণ, স্পার্মেটরিয়া।

কোনিফেরি বা পাইনেসি।

ওলিয়ম টেরিবিন্থিনি অ য়ল অফ টার্পেণটাইন

তার্পিন তৈল। নামান্তর—স্পিরিটটার্পেনটাইন।

পাইনস অষ্ট্রেলিস প্রভৃতি বৃক্ষ হইতে প্রাপ্ত ওলিওরেজিনকে বাষ্পের তাপে চুয়াইয়া প্রস্তুত তৈল। আমেরিকা ও ফ্রান্স হইতে আমদানী হয়।

মাত্রা ১০—৩০ মিনিম মুত্রকারক উত্তেজক, আক্ষেপ নিবারক ২—৪ ড্রাম বিরেচক ও ক্রিমিনাশক।

রেজিনা। রেজিন। ধুনা।

ওলিওরেজিন হইতে উহার তৈল অংশ বা তার্পিণ তৈল চুয়াইয়া লইলে রেজিন অবশিষ্ট থাকে।

তার্পিণ তৈলের প্রয়োগরূপ।

১। কনফেকসিও টেরিবিন্থিনি।

অয়েল অব্ টর্পেণ্টাইন ...	১ তং আউন্স।
লিকরিসরুট চূর্ণ ...	১ আউন্স।
ক্লোরফাইড মধু ...	২ আউন্স।

লিকরিস সহিত তার্পিণ তৈল মর্দ্দন করিয়া, উহাতে মধু যোগ করিবে। মাত্রা ৬০—১২০ গ্রেণ।

২। এনিমা টেরিবিন্থিনি।

অয়েল অব্ টর্পেণ্টাইন	১ তং আউন্স।
মিউসিলেজ অব্ ষ্টার্চ	১৫ তং আউন্স।

৩। লিনিমেণ্টম টেরিবিন্থিনি এসিটিকম।

অয়েল অব্ টর্পেণ্টাইন	৪ তং আউন্স।
গ্লেশিয়েল এসিটিক এসিড	১ আউন্স।
লিনিমেণ্ট অব্ কেম্ফর	৪ তং আউন্স।

৪। লিনিমেণ্টম টেরিবিন্থিনি।

সফ্‌ট সোপ	২ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার ...	২ তং আউন্স।
কেম্ফর ...	১ আউন্স।
অয়েল অব্ টর্পেণ্টাইন ...	১৬ তং আউন্স।

৫। অঙ্গুয়েণ্টম টেরিবিন্থিনি।

অয়েল অব্ টর্পেণ্টাইন	১ তং আউন্স বা ৮ তং ভাগ।
রেজিন স্থূল চূর্ণ ...	৫৪ গ্রেণ " ১ ভাগ।

হওয়াইট ওয়াক্স	...	||০ আউন্স " ৪ ভাগ।
প্রিপেয়ার্ড লার্ড	...	||০ আউন্স " ২ ভাগ।

বেজিনের প্রয়োগরূপ।

এমপ্লাষ্ট্রম রেজিনি (এডিসিভ প্লাষ্টার)। ষ্টিকিন প্লাষ্টার।

রেজিন	...	৪ আউন্স বা ২ ভাগ।
লেড প্লাষ্টার	...	২ পাউণ্ড " ১৬ ভাগ।
কার্ডসোপ	.	২ আউন্স " ১ ভাগ।

লেডপ্লাষ্টার মৃদু তাপে গলাইয়া রেজিন ও সোপ যোগ করিবে দ্রব হইলে উত্তমরূপে নাড়িয়া মিশাইবে।

ইহার প্রয়োগরূপ—এমপ্লাষ্ট্রম বেলেডোনি এমপ্লষ্ট্রম কেলিফেসিয়েন্স। এমপ্লাষ্ট্রম ওপাই।

অঙ্গুয়েণ্টম রেজিনি। রেজিনিকন অয়েণ্টমেণ্ট।

রেজিন স্থূল চূর্ণ		৮ আউন্স।
হওয়াইট ওয়াক্স		৪ আউন্স।
সিম্পল অয়েণ্টমেণ্ট	...	১৬ আউন্স।
আমণ্ড অয়েল	.	২ তং আউন্স।

মৃদু তাপে দ্রব করিয়া গরম থাকিতে ফ্লানেল কাপড় দিয়া ছাঁকিয়া লইবে, এবং শীতল না হওয়া পর্য্যন্ত নাড়িতে থাকিবে।

ক্রিয়া—তার্পিন তৈল—অল্প মাত্রায়—উত্তেজক, আক্ষেপ নিবারক, সঙ্কোচক, মূত্রকারক। কফঃনিঃসারক, রক্ত রোধক।

বৃহৎ মাত্রায়—বিরেচক, ক্রিমি নাশক।

(ষ্টিমুলেণ্ট, এণ্টিস্পাজমডিক, এষ্ট্রীনজেণ্ট, ডাইউরেটিক, পার্গেটিভ, এন্থেলমিণ্টিক, এক্সপেকটরেণ্ট, ষ্টিপটিক।)

স্থানিক—উগ্রতাসাধক,রক্তরোধক। (রুবিফেসিয়েণ্ট, ষ্টিপটিক।)

ব্যবহার—প্রত্যাগ্রতা সাধন জন্য ও উদরাধ্মানে পেটে মালিস, রক্তপাত রোধ করা, ক্ষতাদিতে কৃমি জন্মিলে তাহা নষ্ট করা। এনিমা ও ভেপর আকারেও বাহ্য প্রয়োগ হয়। অন্ত্র ও মূত্র নালী হইতে রক্তপাত, পার্পিউরা, আইরাইটিস, টিনিয়া ও এসকেরাইড নামক ক্রিমি রোগেও ব্যবহার হয়।

টেরিবিন্থিনা কেনাডেনসিস। কেনাডা টর্পেন্টাইন।

(কেনাড বালসম।) বাম অফ গিলিয়েড।

পাইনস বালসেমিয়া বৃক্ষের গুঁড়ি ও শাখার ত্বক চ্ছেদন করিয়া প্রাপ্ত টর্পেণ্টাইন "ওলিও রেজিন" বিশেষ। কেনেডা দেশ হইতে আমদানী হয়। মাত্রা ২০—৩০ গ্রেণ।

প্রঃ—কার্টা ইপিসপাস্টিকা, কলোডিয়ম ফ্লেক্সাইল।

ক্রিয়া ও ব্যবহার—উক্ত দুইটী ঔষধ প্রস্তুত করিতে ব্যবহার হয়।

লারিসিস কর্টিক্স, লার্চ বার্ক।

পাইনস লেরিক্স বৃক্ষের উপত্বক বর্জিত ত্বক।

প্রঃ—টিংচুরা লরিসিস। টিংচার অফলার্চ।

লার্চ বার্ক ৪০ নং চূর্ণ	.	২॥০ আউন্স।
রেক্টিফাইড স্পিরিট	..	১ পাইন্ট।

পরিমাণ ১ পাইন্ট হইবে।

মাত্রা ২০—৩০ মিনিম।

ক্রিয়া—উত্তেজক কফঃনিঃসারক, মূত্রকারক।

ব্যবহার—ক্রনিক ব্রঙ্কাইটিস, সিষ্টাইটিস, পার্পিউরা।

থসএসিবিকেনস, কমনফ্রাঙ্কিনসেন্স।

পাইনস টিডিয়া, ফ্রাঙ্কিনসেন্স এবং পাইনস অষ্ট্রেলিস নামক

বৃক্ষের গুঁড়ি হইতে প্রাপ্ত ঘনীভূত টর্পেনটাইন, উত্তর আমেরিকায় পাওয়া যায়।

এমপ্লাষ্ট্রম পাইসিস প্রস্তুত করিতে ব্যবহার হয়।

পিক্স বর্গণ্ডিকা, বর্গণ্ডিপিচ।

পাইনস পিসিয়া বৃক্ষের গুঁড়ি হইতে প্রাপ্ত রজনযুক্ত রস, সুইর্জলণ্ড দেশ হইতে আমদানী হয়।

প্রয়োগরূপ—এমপ্লাষ্ট্রম পাইসিস ২ ভাগে প্রায় ১ ভাগ।
" ফরি ১১ ভাগে ২ ভাগ।

এমপ্লাষ্ট্রম পাইসিস। পিচপ্লাষ্টার।

বর্গণ্ডিপিচ	২৬ আউন্স বা ২৬ ভাগ।
কমন্ ফ্রাঙ্কিনসেন্স	১৩ আউন্স" ১৩ ভাগ।
রেজিন, ইউলো ওয়াক্স	প্রত্যেক ৪॥০ আউন্স" ৪॥০ ভাগ।
এক্সপ্রেসড্ অয়েল অব্ নটমেগ	১ আউন্স" ১ ভাগ।
অলিভ অয়েল, জল	প্রত্যেক .. ২ ত° আউন্স" ২ ভাগ।

ফ্রাঙ্কিনসেন্স, বর্গণ্ডিপিচ, রেজিন এবং ওয়াক্স একত্রে দ্রব করিয়া উহাতে জল ও তৈলগুলি যোগ করিবে, উত্তমরূপে নাড়িতে থাকিবে যে পর্য্যন্ত না উপযুক্তরূপ ঘন হয়।

ক্রিয়া—স্থানিক ঈষৎ উত্তেজক।

ওলিয়ম পাইনাই সিলভেষ্ট্রিস (ফারউল অয়েল)

পাইনস সিলভেসট্রিস, স্কচ্‌ফার বৃক্ষের সদ্য পত্র চুয়াইয়া প্রস্তুত তৈল।

প্রঃ—ভেপর ওলিয়াই পাইনাই সিলভেষ্ট্রিস।

ফারটুল অয়েল	... ..	৪০ মিনিম।
লাইট কার্ব্বনেট অব্ মেগনেসিয়া		২০ গ্রেণ।
জল	.. . .	যথা প্রয়োজন।

ফারটুল্ অয়েল কার্ব্বনেট অব্ মেগনেসিয়া সহিত মর্দ্দন করিয়া, ক্রমেঃ জল যোগ করিয়া পরিমাণ ১ তং আউন্স করিবে। এই মিশ্রণের ১ ড্রাম অর্দ্ধ পাউণ্ড স্ফুটিত জল ও অর্দ্ধ পাইণ্ট শীতল জলের সহিত মিশ্রিত করিয়া এপ্রকার যন্ত্রের মধ্যে রাখিবে যেন এই জলের মধ্যদিয়া বায়ু চালাইয়া ঐ বায়ু শ্বাসগ্রহণ করা যাইতে পারে।

ব্যবহার—মাংসপেশী ও সন্ধিস্থানের বাতরোগে ফারটুল্ অয়েল মর্দ্দন করা যাইতে পারে।

ইহার বাষ্প সোরথ্রোট ও ক্রনিক লেরিঞ্জাইটিস রোগে ব্যবহার হইতে পারে।

পিক্স লিকুইডা, টার (লাইট আলকাতরা)।

পাইনস সিলভেসট্রিস ও অন্যান্য পাইন কাষ্ঠ (ডেসট্রকটিভ ডিষ্টিলেশন) আবদ্ধ পাত্রে উচিত মতউষ্ণ করিলে তরল বিটুমেন (আলকাতরা) বিশেষ প্রস্তুত হয়। মাত্রা ২০—৬০ মিনিম।

প্রয়োগরূপ—অঙ্গুয়েন্টম পাইসিস লিকুইডি।

টার	... ..	৫ আউন্স বা ২॥০ ভাগ।
ইওলো ওয়াক্স	... ..	২ আউন্স" ১ ভাগ।

মোম মৃত্তাপে দ্রব করিয়া উহাতে টার যোগ করিবে।

ক্রিয়া—স্থানিক ও সর্ব্বাঙ্গিক উত্তেজক। কফঃ নিঃসারক, মূত্রকারক, স্থানিক উগ্রতা সাধক, দুর্গন্ধ হারক।

ব্যবহার—সোরায়েসিস, একজিমা, পিটীরায়েসিস রুব্রা প্রভৃতি চর্ম্মরোগে আভ্যন্তরিক ও স্থানিক ব্যবহার হয়। ব্রঙ্কাইটিস ও থাইসিস রোগে ভেপার ব্যবহার হয়।

ওলিয়ম জুনিপেরাই। অয়েল অফ জুনিপার।

জুনিপেরস কমিউনিস নামক বৃক্ষের পূর্ণ অবস্থা প্রাপ্ত অপক্ক ফল চুয়াইয়া ব্রিটনদেশে প্রস্তুত তৈল। এই বৃক্ষ ইউরোপের উত্তর অংশে জন্মে। মাত্রা ১—৪ মিনিম।

প্রঃ—স্পিরিটস জুনিপরাই (৫০ ভাগে ১ ভাগ)।

অয়েল অব্ জুনিপর	...	১ তং আউন্স।
রেক্টিফাইড স্পিরিট	...	৪৯ তং আউন্স।

মাত্রা ৷৷০—১ তং ড্রাম।

ইহার প্রয়োগরূপ—মিসচুরা ক্রিয়েজোটাই।

ক্রিয়া—প্রবল উত্তেজক, মূত্রযন্ত্রের উপর ইহার বিশেষ ক্রিয়া প্রকাশ পায়। এজন্য মূত্রকারক। বায়ুনাশক।

ব্যবহার—নানাপ্রকার ড্রপ্সি।

সেবিনি কেকিউমিনা, সেভিন্ টপস।

জুনিপেরস সেবিনার সদ্য ও শুষ্ক শাখাগ্র, ব্রিটনদেশে চাষ হয়। মাত্রা ৪—১০ গ্রেণ।

প্রঃ—ওলিয়ম সেবিনি (সদ্য শাখাগ্র হইতে)।

টীংচুরা সেবিনি (শুষ্ক)		১ পাইণ্টে ২৷৷৹ আউন্স।
অঙ্গুয়েণ্টম সেবিনি (সদ্য)	..	১৬ আউন্সে ৮ আউন্স।

ওলিয়ম সেবেনি। অয়েল অফ সেবিন।

সদ্য সেবিন্ টপস হইতে ব্রিটনদেশে প্রস্তুত তৈল।

মাত্রা ১—৪ মিনিম।

* টিংচুরা সেবেনি। টিংচার অফ সেবিন।

সেভিন (টপস) শাখাগ্র শুষ্ক ও স্থূল চূর্ণ	..	২॥০ আউন্স।
প্রুফ স্পিরিট	...	১ পাইণ্ট।

পরিমাণ ১ পাইণ্ট হইবে।

মাত্রা ২০ মিনিম—১ ডং ড্রাম।

অঙ্গুয়েণ্টম সেবিনি। অয়েণ্ট মেণ্ট অফ সেবিন।

সদ্য সেবিন টপস চূর্ণ	.	৮ আউন্স বা ৪ ভাগ।
ইওলো ওযাক্স	..	৩ আউন্স বা ১॥ ভাগ।
বেনজোয়েটেড লার্ড		১৬ আউন্স বা ৮ ভাগ।

লার্ড ও মোম ওযাটার বাথের তাপে একত্রে দ্রব করিবে, উহাতে সেভিন যোগ করিবে, ২০ মিনিট কাল উষ্ণ করিবে, তারপর কেলিকো দিয়া ছাঁকিয়া লইবে।

ক্রিয়া—স্থানিক ও আভ্যন্তরিক উগ্রতাসাধক, রজঃনিঃসা-শক। জরায়ু সঙ্কোচক, ক্রিমি নাশক।

(ইরিটেণ্ট ইণ্টারনেলি এবং এক্সটারনেলি, এমিনেগগ।)

ব্যবহার—ব্লিষ্টারের ক্ষত কাঁচা রাখিতে, স্থানিক ব্যবহার হয়। রজের অল্পতা (গর্ভাবস্থায় ব্যবহার নিষিদ্ধ)।

২য় শ্রেণী। এরোমেটিক গ্রুপ।

জিঞ্জিবরেসি।

জিঞ্জিবর। জিঞ্জার। শুণ্ঠি।

জিঞ্জিবর অফিসিনেল বৃক্ষের নিস্তক শুষ্ক রাইজোম, ভারত-বর্ষে ও ইষ্ট ইণ্ডিজ নামক স্থানে জন্মে।

চূর্ণ ১০—২০ গ্রেণ।

প্রঃ—কনফেকসিও ওপাই ..	১১ ভাগে প্রায় ১ ভাগ।
" স্কেমোনাই .	৬ ভাগে প্রায় ১ ভাগ।
ইনফিউসম সেনি .	১ পাইণ্টে ৫৬ গ্রেণ।
পাইলিউলা সিলি কম্পজিটা ...	৬।০ ভাগে প্রায় ১ ভাগ।
পলভিস সিনেমোমাই কম্পজিটস	৩ ভাগে ১ ভাগ।
" জালাপি কম্পজিটস ...	১৫ ভাগে প্রায় ১ ভাগ।
" ওপাই কম্পজিটস ..	৩ ভাগে ১ ভাগ।
পলভিস রিয়াই কম্পজিটস .	৯ ভাগে ১ ভাগ।
" স্কেমনাই কম্পজিটস .	৮ ভাগে . ভাগে।

সিরপস জিঞ্জিবরিস।

টিংচুরা জিঞ্জিবরিস	১ পাইণ্টে ২॥০ আউন্স।
" " ফর্সিয়র	১ পাইণ্টে ১০ আউন্স।
ভাইনম এলোজ	১ পাইণ্টে ৪০ গ্রেণ।

সিরপস জিঞ্জিবরিস। সিরপ অফ জিঞ্জার।

ষ্ট্রং টীংচার অব্ জিঞ্জার	৬ তং ড্রাম।
সিরপ	১৯ তং আউন্স।

মাত্রা ১ তং ড্রাম।

টিংচুরা জিঞ্জিবরিস।

জিঞ্জার চূর্ণ	২॥০ আউন্স।
রেক্টিফাইড স্পিরিট.	১ পাইণ্ট।

পরিমাণ ১ পাইণ্ট হইবে।

মাত্রা ১৫ মিনিম—১ তং ড্রাম।

টিংচুরা জিঞ্জিবরিস ফর্টিয়র।

ষ্ট্রং টীংচার অফ জিঞ্জার। এসেন্স অব্ জিঞ্জার।

জিঞ্জার সূক্ষ্মচূর্ণ . .. ১০ আউন্স।

রেক্টিফাইড স্পিরিট . যথাপ্রয়োজন।

১ পাইণ্ট পরিমাণ হইবে। পার্কোলেশন দ্বারা প্রস্তুত করিবে।

মাত্রা ৫—২০ মিনিম।

ইহার প্রয়োগরূপ।

এসিডম সলফিউরিকম এরোমেটিকম (২৩ ভাগে ১ ভাগ।)

পাইলিউলা রেমমাই কম্পজিটা।

সিরপস জিঞ্জিবরিস . ১ পাইণ্টে ৬ তং ড্রাম।

ক্রিয়া—সুগন্ধ, উত্তেজক, বায়ুনাশক, আগ্নেয়।

(এরোমাটিক, ষ্টিমুলেণ্ট, কার্মিনেটিভ ষ্টমাকিক।)

ব্যবহার—অজীর্ণ, উদরাধ্মান, বিরেচক ঔষধের পেটকামড়ানী নিবারণ জন্য উহাদের সহিত।

স্থানিক—চর্ব্বণ করিলে লালানিঃসারক—টনসিল ও ইউভিউলার শিথিলতায় কখন২ ব্যবহার হয়।

কার্ডেমোমাই সেমিনা। কার্ডেমমসিডস। ছোট এলাচ।

এলেটেরিয়া কার্ডেমোমম, মালেবার কার্ডেমম বৃক্ষের পক্ক বীজ, মালেবার প্রদেশে জন্মে।

প্রঃ—এক্সট্রাক্টম কলোসিন্থিডিস কম্পোজিটম ২৭ভাগে প্রায় ১ভাগ

পলভিস সিনেমোমাই কম্পজিটস ... ৩ ভাগে ১ ভাগ।

" ক্রিটি এরোমেটিকস .. ৪৪ ভাগে ১ ভাগ।

টিংচুরা কার্ডেমোমাই কম্পজিটা ১ পাণ্টে ।০ আউন্স।

" জেনসিয়েনি কম্পজিটা ... ১ পাইণ্টে।০ আউন্স।

টিংচুরা রিয়াই ... ১ পাইণ্টে ।০ আউন্স।

ভাইনম এলোজ ... ১ পাইণ্টে ৮০ গ্রেণ।

* টিংচুরা কার্ডেমোমাই কম্পজিটা।

১। কার্ডেমন সিডস চূর্ণ	...	।০ আউন্স।
২। কেরওয়ে ফ্রুট চূর্ণ		।০ আউন্স।
৩। বীজ শূন্য কিসমিস		২ আউন্স।
৪। সিনেমন বার্ক চূর্ণ		॥০ আউন্স।
৫। কোচিনিল চূর্ণ	...	৫৫ গ্রেণ।
৬। প্রুফ স্পিরিট	..	১ পাইণ্ট।

পরিমাণ ১ পাইণ্ট হইবে।

মাত্রা ॥০—২ ড্রাম।

ক্রিয়া—সুগন্ধ, উত্তেজক, আগ্নেয়, বায়ুনাশক।

(এরোমেটিক, ষ্টিমুলেণ্ট, ষ্টমাকিক কার্মিনেটিভ।)

ব্যবহার—অন্যান্য ঔষধ সহিত ব্যবহার হয়।

ইরিডেসি।

ক্রোকস্, সাফ্রাণ। ফুম্‌ফুম্, জাফ্রাণ।

ক্রোকস্ সেটাইভসের গর্ভকেশর, গ্রীস, এসিয়ামাইনর দেশে জন্মে, স্পেন, ফ্রান্স ও ইটালি হইতে আমদানি হয়।

প্রঃ—ডিকক্টম এলোজ কম্পোজিটস .. ১তং আউন্সে ২·২ গ্রেণ

পাইলিউলা এলোজ এট্‌মর্হি	.	১২ ভাগে ১ ভাগ।
পলভিস ক্রিটি এরোমেটিকস্		১৫ ভাগে ১ ভাগ।
টিংচুরা সিঙ্কোনি কম্পজিটা	.	১ পাইণ্টে ৫৫ গ্রেণ।
„ ক্রোসাই	.	১ পাইণ্টে ১ আউন্স।
„ ওপাই এমোনিয়েটা	...	১ পাইণ্টে ১৮০ গ্রেণ।
„ রিয়াই	.	১ পাইণ্টে ।০ আউন্স।

* টিংচুরা ক্রোসাই।

সাফ্রান	...	১ আউন্স।
প্রুভ স্পিরিট	...	১ পাইন্ট।

পরিমাণ ১ পাইন্ট হইবে। মাত্রা—১—২ ড্রাম।

ক্রিয়া—অল্প উত্তেজক, বায়ুনাশক রং করিবার জন্য অন্যান্য ঔষধ সহিত ব্যবহার হয়।

স্মাইলেসি।

সার্জি রেডিক্স। জামেকা সার্জাপেরিলা।

স্মাইলেক্স অফিসিনেলিস, সার্জাপেরিলার শুষ্ক মূল, মধ্য এমেরিকায় জন্মে। জেমেকা হইতে আমদানি হয়। ব্রাজিল হইতেও পাওয়া যায়।

প্রঃ—ডিকক্টম সার্জি		১ পাইন্টে ২॥০ আউন্স।
„ সার্জ কম্পজিটম		১ পাইন্টে ২॥০ আউন্স।
এক্সট্রাক্টম সার্জি লিকুইডম	...	৮ তং আউন্সে ১ পাউণ্ড।

ডিকক্টম সার্জি। ডিকক্সন অফ সার্জা।

জামেকা সার্জাপেরিলা অনুপ্রস্থভাবে কাটা	২॥০ আউন্স।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	১॥০ পাইন্ট।

সার্জাপেরিলা ফুটিত জল মধ্যে এক ঘণ্টাকাল ভিজাইয়া রাখিবে, পরে আবৃতপাত্রে ১০ মিনিটকাল ফুটাইবে, শীতল হইলে ছাঁকিয়া প্রয়োজন হইলে ডিষ্টিল্ড ওয়াটার যোগে ১ পাইন্ট পূর্ণ করিবে।

মাত্রা ২—১০ তং আউন্স।

ডিকক্টম সার্জি কম্পজিটম। কম্পাউণ্ড ডিককৃশন অফ সার্জা।

জামেকা সার্জাপেরিলা অনুপ্রস্থভাবে কাটা	...	২॥০ আউন্স।
সাসাফ্রাস রুট খণ্ড গোয়েকম উড খণ্ড শুষ্ক লিকরিস রুটচূর্ণ	প্রত্যেক ...	।০ আউন্স।
মেজিরিয়েন বার্ক		৬০ গ্রেণ।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার		১॥০ পাইণ্ট।

ব্যবহার বাত, উপদংশ।

কঠিন জিনিসগুলিকে জলে ১ ঘণ্টাকাল ভিজাইয়া, আবৃত পাত্রে ১০ মিনিটকাল ফুটাইবে, শীতল হইলে ছাঁকিয়া, প্রয়োজন হইলে ডিষ্টিল্ড ওয়াটার দ্বারা ১ পাইণ্ট পূর্ণ করিবে।

মাত্রা ২—১০ তং আউন্স।

এক্সট্রাক্টম সার্জি লিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অফ সার্জা। (লাইকরসার্জা।)

জেমেকা সার্জাপেরিলা ৪০ নং চূর্ণ	.	৪০ আউন্স।
প্রূফ স্পিরিট	...	২ পাইণ্ট।
সুগার	..	৫ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১২ পাইণ্ট।

মাত্রা ২—৪ তং ড্রাম।

ক্রিয়া—ঘর্ম্মকারক, মূত্রকারক, বলকারক, পরিবর্ত্তক।

ব্যবহার—উপদংশ, স্ক্রফিউলা, দুর্ব্বলতা, ক্রনিক রিউমাটিজম, গাউট ও চর্ম্মরোগ।

লিলিয়েসি।

সিলা। স্কুইল। (বনপেঁয়াজ ?)

অর্গিনিয়া সিলা বৃক্ষের কন্দ, বাহিরের শুষ্ক আবরণ বিরহিত, খণ্ড২ কাটা ও শুষ্ক, ভূমধ্যসাগরের নিকটবর্ত্তী দেশে জন্মে।

চূর্ণের মাত্রা ১—৩ গ্রেণ।

প্রঃ—এসিটম সিলি ... ১ পাইণ্টে প্রায় ২॥০ আউন্স।

অক্সিমেল সিলি

পাইলিউলা ইপিকাকুয়ানি কমসিলা ৭ ভাগে ১ ভাগ।

„ সিলাকম্পজিটা .. ৫ ভাগে ১ ভাগ।

সিরপস সিলি

টিংচুরা সিলি .. ১ পাইণ্টে ২॥০ আউন্স।

১। এসিটম সিলি। ভিনিগার অফ স্কুইল।

স্কুইল চূর্ণ .. ২॥০ আউন্স বা ১ ভাগ।

ডাইলিউট এসিটিক এসিড ... ১ পাইণ্ট বা ৮ ৩০ ভাগ।

স্কুইল এসিটিক এসিডে ৭ দিন ভিজাইয়া নিংড়াইয়া ছাঁকিয়া লইবে, পরে ফিল্টার করিবে। মাত্রা ১৫—৪০ মিনিম।

এসিটম সিলি দিয়া প্রস্তুত ঔষধ।

১। অক্সিমেল সিলি, ২। সিরপস সিলি।

অক্সিমেল সিলি। অক্সিমেল অফ্ স্কুইল।

ভিনিগার অব্ স্কুইল . ১ পাইণ্ট বা ৫ তং ভাগ।

ক্লেরিফাইড মধু ... ২ পাউণ্ড বা ৮ ভাগ।

মিলিত করিয়া শুষ্ক করিবে যে পর্য্যন্ত না আপেক্ষিক গুরুত্ব ১·৩২ হয়। মাত্রা ।০—১ তং ড্রাম।

৩। পাইলিউলা সিলি কম্পজিটা।

স্কুইল চূর্ণ ... ১০ আউন্স বা ১০ ভাগ।
জিঞ্জার চূর্ণ . ১ আউন্স বা ১ ভাগ।
এমোনায়েকম চূর্ণ ... ১ আউন্স বা ১ ভাগ।
হার্ডসোপ চূর্ণ ... ১ আউন্স বা ১ ভাগ।
ট্রিকেল (ওজনে) ২ আউন্স বা ২ ভাগ কিম্বা যথাপ্রয়োজন।

চূর্ণগুলিকে একত্রে মিলাইয়া, গুড যোগ করিবে ও মর্দ্দন করিয়া উত্তমরূপে মিলাইবে। মাত্রা ৫—১০ গ্রেণ

৪। পাইলিউলা ইপিকাকুয়ানি কমসিলা।

কম্পাউণ্ড পাউডার অব ইপিকাকুয়ানা ৩ আউন্স বা ৩ ভাগ
স্কুইল চূর্ণ ... ১ আউন্স বা ১ ভাগ
এমোনায়েকম পাউডার ... ১ আউন্স বা ১ ভাগ
ট্রিকেল ... যথাপ্রয়োজন।

চূর্ণগুলিকে একত্রে মিলাইয়া গুড়ের সহিত মর্দ্দন করিয়া উত্তমরূপে মিলাইবে। মাত্রা ৫—১০ গ্রেণ।

৫। সিরপাস সিলি। সিরপ অফ স্কুইল।

ভিনিগার অফ্ স্কুইল ... ১ পাইন্ট।
রিফাইণ্ড সুগার ২॥০ পাউণ্ড

মৃদুতাপে দ্রব করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

* ৬। টিংচুরা সিলি। টিংচার অফ স্কুইল।

স্কুইল চূর্ণ ... ২॥০ আউন্স
প্রুফ্ স্পিরিট .. ... ১ পাইন্ট।

পরিমাণ এক পাইন্ট হইবে। মাত্রা ১০—৩০ মিনি

ক্রিয়া—উত্তেজক কফঃনিঃসাব এবং মূত্রকারক, বৃহৎ মাত্রায়—বমন ও বিবেচন হয়।

(ষ্টিমুলেণ্ট এক্সপেক্টোরেণ্ট, ডাইউরেটিক)।

ব্যবহার—ব্রঙ্কাইটীস, থাইসিস, ড্রপ্সি।

এলো, এলোজ, মুসব্বর।

এলো বার্বেডিনসিস, বার্বেডোজ এলোজ।

এলো ভলগেরিস নামক বৃক্ষের পত্র অনুপ্রস্থভাবে কাটিলে যে রস বাহির হয় তাহা ঘন হইয়া এলোজ প্রস্তুত হয়। ইষ্ট এবং ওয়েষ্ট ইণ্ডিজ দেশে জন্মে বার্বেডোজ নামক স্থান হইতে আমদানী হয়। মাত্রা ২—৬ গ্রেণ।

প্রঃ। এলোইন

এনিমা এলোজ		১ তং আউন্সে ৪ গ্রেণ।
এক্সটাক্টম এলোজ বার্বেডেনসিস		১০ ভাগ হইতে প্রায় ৮ ভাগ।
পাইলিউলা এলোজ বার্বেডেনসিস		২ ভাগে প্রায় ১ ভাগ।
”	এলোজ এট্ ফেরি	৫।০ ভাগে প্রায় ১ ভাগ।
”	গেম্বজি কম্পজিটা	৬ ভাগে প্রায় ১ ভাগ।
”	কলসিন্থডিস কম্পজিটা	৩ ভাগে প্রায় ১ ভাগ।
”	” এট্ হায়োসায়েমাই	৪।।০ ভাগে প্রায় ১ ভাগ।

এলোইন।

এলোজ হইতে প্রস্তুত বিশেষ প্রকার দানাময় বস্তু।

মাত্রা ।।০—২ গ্রেণ।

ক্রিয়া—বিরেচক, পেটে কামড় অল্প হয়।

এলো সকট্রাইনা। সকট্রাইন এলোজ।

এলোপে ই বৃক্ষের পত্র অনুপ্রস্থভাবে কাটিলে যে রস বাহির হয় তাহা ঘন হইয়া সকট্রাইন এলোজ প্রস্তুত হয়।

মাত্রা ২—৬ গ্রেণ।

প্রঃ। এলোইন

ডিককটম এলোজ কম্পজিটম (এক্সট্রাক্ট) ১ তং আউন্সে ৪ গ্রেণ।

এনিমা এলোজ ১ তং আউন্সে ৪ গ্রেণ।

এক্সটাক্টম এলোজ সকট্রাইনি ২ ভাগ হইতে প্রায় ১ ভাগ।

এক্সট্রাক্টম কলসিন্থিডিস কম্পজিটম (এক্সট্রাক্ট) } ২।০ ভাগে প্রায় ১ ভাগ।

পাইলিউলা এলোজ এট্ এসাফিটিডি ৪ ভাগে ১ ভাগ।

" " " মর্হি ... ৩ ভাগে ১ ভাগ।

" " সকট্রাইনি ২ ভাগে প্রায় ১ ভাগ।

" বিয়াই কম্পজিটা ... ৬ ভাগে ১ ভাগ।

টিংচুরা এলোজ ... ... ১ তং আউন্সে ১১ গ্রেণ।

" বেনজোইনি কম্পজিটা .. ১ তং আউন্সে ৮ গ্রেণ।

ভাইনম এলোজ .. ১ তং আউন্সে ১৬॥০ গ্রেণ।

বার্ব্বেডোজ অথবা সকোট্রাইন এলোজের প্রয়োগরূপ।

এনিমা এলোজ।

এলোজ	৪০ গ্রেণ।
কার্ব্বনেট অব্ পটাসিয়ম	১৫ গ্রেণ।
মিউসিলেজ অব্ ষ্টার্চ	১০ তং আউন্স।

বার্ব্বেডোজ এলোজের প্রযোগরূপ।

২। একস্‌ট্রাকটম্ এলোজ বর্ব্বেডিন সিস।

বার্ব্বেডোজ এলোজ ক্ষুদ্র খণ্ড ... ১ পাউণ্ড।

বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার .. ১ গেলন।

মাত্রা ২—৬ গ্রেণ।

৩। পাইলিউলা এলোজ বার্ব্বেডেন সিস।

বার্ব্বেডোজ এলোজ চূর্ণ ... ২ আউন্স বা ১৬ ভাগ।

হার্ডসোপ চূর্ণ ... ১ আউন্স" ৮ ভাগ।

অয়েল অব্ কেরাওয়ে ... ১ তং ড্রাম" ১ তং ভাগ।

কনফেক্‌শন্ অব্ রোজেস ... ১ আউন্স" ৮ ভাগ।

মাত্রা ৫—১০ গ্রেণ।

৪। পাইলিউলা এলোজ এট ফেরি।

সলফেট অব্ আয়রণ .. ১৷৷০ আউন্স বা ১৷৷০ ভাগ।

বার্ব্বেডোজ এলোজ .. ২ আউন্স" ২ ভাগ।

কমপাউণ্ড পাউডার অব্ সিনেমন ৩ আউন্স" ৩ ভাগ।

কনফেকশন্ অব্ রোজেস ৪ আউন্স" ৪ ভাগ।

মাত্রা ৫—১০ গ্রেণ।

সকোট্রাইন এলোজের প্রযোগরূপ।

২। ডিকক্টন এলোজ কম্পজিটস।

একষ্ট্রাক্ট অব্ সকট্রাইন এলোজ ... ৷৷০ আউন্স।

মার ...
সাফ্রাণ ...
কার্ব্বনেট অব্ পটাসিয়ম

} প্রত্যেক ।০/ আউন্স।

এক্সট্রাক্ট অব্ লিকরিস ... ২ আউন্স।
কমপাউণ্ড টিংচার অব্ কার্ডেমম ... ১৫ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার ... যথাপ্রয়োজন যোগ করিয়া ৫০ তং আউন্স পূর্ণ করিবে।

১ আউন্সে ৪ গ্রেণ এক্সট্রাক্ট অফ এলোজ আছে।

মাত্রা ৷৷০—২ তং আউন্স।

৩। একস্ট্রাক্টম এলোজ সকট্রাইনি।

সকোট্রাইন এলোজ ক্ষুদ্র২ খণ্ড ... ১ পাউণ্ড।
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার ... ১ গেলন।

মাত্রা ২—৬ গ্রেণ।

৪। পাইলিউলা এলোজ সকোট্রাইনি।

সকোট্রাইন এলোজ চূর্ণ ... ২ আউন্স বা ১৬ ভাগ।
হার্ডসোপ চূর্ণ ... ১ আউন্স „ ৮ ভাগ।
ভলেটাইল অয়েল অব্ নট্মেগ ... ১ তং ড্রাম " ১ তং ভাগ।
কনফেকশন অব্ রোজেস ... ১ আউন্স " ৮ ভাগ।

মাত্রা ৫—১০ গ্রেণ।

৫। পাইলিউলা এলোজ এট্ এসাফিটিডি।

সকোট্রাইন এলোজ চূর্ণ ... ১ আউন্স বা ১ ভাগ।
এসাফিটিডা ... ১ আউন্স" ১ ভাগ।
হার্ডসোপ চূর্ণ ... ১ আউন্স" ১ ভাগ।
কনফেকশন অব্ রোজেস ... প্রায় ১ আউন্স" ১ ভাগ বা যথাপ্রয়োজন।

মাত্রা ৫—১০ গ্রেণ।

৬। পাইলিউলা এলোজ এট্ মর্হি।

সকোট্রাইন এলোজ ...	২ আউন্স বা ২ ভাগ।
মার ..	১ আউন্স বা ১ ভাগ।
সাফ্রাণ শুষ্ক	॥০ আউন্স বা ॥০ ভাগ।
ট্রিকেল	১ আউন্স বা ১ ভাগ।
গ্লিশিরিণ	যথাপ্রয়োজন।

মাত্রা ৫—১০ গ্রেণ।

৭। টিংচুবা এলোজ।

সকোট্রাইন এলোজ স্থূল চূর্ণ	॥০ আউন্স।
এক্সট্রাক্ট অব্ লিকবিস ...	১॥০ আউন্স।
প্রুফ স্পিরিট	যথাপ্রযোজন।

পরিমাণ ১ পাইণ্ট হইবে।

মাত্রা ১—২ তং ড্রাম।

৮। ভাইনম এলোজ। প্রতি আউন্স ১৬॥০ গ্রেণ।

সকোট্রাইন এলোজ	১॥০ আউন্স।
কার্ডেমম সিডস চূর্ণ	৮০ গ্রেণ।
জিঞ্জাব স্থূল চূর্ণ	৮০ গ্রেণ।
সেবি ...	২ পাইণ্ট।

পবিনাণ ২ পাইণ্ট হইবে। মাত্রা ১—২ ড্রাম।

ক্রিয়া--বিরেচক, রজঃনিঃসারক, অগ্নেয়, বলকারক।

(পর্গেটিভ, এমিনেগগ, ষ্টমাকিক, টনিক)

ব্যবহার—অভ্যস্থ কোষ্টবদ্ধ, ক্রনিক ডিসপেপসিয়া, এমি-নোরিয়া।

মিলানথেসি।

ভিরাট্রাই ভিরিডিস রাইজোমা, গ্রীণহেলেবোর রাইজোম।

ভিরাট্রম ভিরিডি বৃক্ষের শুষ্ক রাইজোম ও ক্ষুদ্র মূল, ইউনাইটেড ষ্টেট ও কেনেডা দেশে জন্মে। চূর্ণ মাত্রা—১ –৩ গ্রেণ।

প্রয়োগরূপ—টিংচুরা ভিরাট্রি ভিরিডিস (১ পাইন্টে ৪ আং)।

গ্রিণহেলেবোর ৪০ নং চূর্ণ .. ৪ আউন্স।

রেক্টিফাইড স্পিরিট . ১ পাইন্ট।

মেসিরেশন ও পর্কোলেশন দ্বারা প্রস্তুত করিয়া স্পিরিট যোগে ১ পাইন্ট পূর্ণ করিবে। মাত্রা ৫—২০ মিনিম।

ক্রিয়া—অবসাদক। স্থানিক উগ্রতা সাধক।

ব্যবহার—প্রদাহ, তরুণ বাত, জ্বর। সাবধানে ব্যবহার কর্ত্তব্য কারণ সহজে বিষ ক্রিয়া করে। রোগী হঠাৎ অত্যন্ত অবসন্ন হইয়া পড়ে।

স্যাবাডিলা। সিভাডিলা।

আসাগ্রি অফিসিনেলের শুষ্ক পক্ক বীজ, মেক্সিকো দেশ হইতে আমদানী হয়।

ভিরাট্রিনা। ভিরাট্রাইন। নামান্তর—ভিয়াট্রিয়া।

সিবাডিল্লা হইতে প্রাপ্ত উপক্ষার বা উপক্ষার সকল।

প্রস্তুত করিতে—সিবাডিলা, ডিষ্টিল্ড ওয়াটার রেক্টিফাইড স্পিরিট, সলিউসন অব্ এমোনিয়া, হাইড্রোক্লোরিক এসিড ও পিউরিফাইড এনিমেল চারকোল আবশ্যক। (মাত্রা ১/৬০—১/১৬ গ্রেণ)।

প্রঃ। অঙ্গুয়েণ্টম ভিরাট্রিনি। অয়েণ্টমেণ্ট অব্ ভিরাট্রাইন।

ভিরাট্রাইণ	.	৮ গ্রেণ বা ১ ভাগ।
হার্ডপেরাফিণ		।০ আউন্স" ১৪ ভাগ।
সফ্ট পেরাফিণ	.	৸০ আউন্স ৪১ ভাগ।
ওলিভ অয়েল	.	১ ড্রাম" ৭ ভাগ।

ভিরাট্রাইনি ও তৈল একত্রে মর্দ্দন করিয়া, হার্ড ও সফ্ট পেরাফিণ একত্রে গলাইয়া শীতল হইবার কালে ঘন হইতে আরম্ভ হইলে সমুদয় একত্রে মিলাইবে ও শীতল হওয়া পর্য্যন্ত নাড়িতে থাকিবে।

ক্রিয়া—নাসিকার ভিতর লাগিলে অত্যন্ত হাঁচি হয়। ইহা অবসাদক, স্থানিক উগ্রতা সাধক।

ব্যবহার—রিউমাটিজম, গাউট, প্রদাহ, জ্বর।

স্থানিক—নিউরাল্জিয়া।

কল্চিসাই কর্ম্মস। কল্চিকম কর্ম্ম্। (মূ।)।

কল্চিকম অটমনেল, মেডো স্যাফ্রোণের সদ্য কন্দ।

মাত্রা ২—৮ গ্রেণ।

প্রঃ। এক্সট্রাকটম কল্চিসাই।

" " এসেটিকম।

ভাইনম কল্চিসাই ১ আউন্সে ৮৮ গ্রেণ।

কল্চিসাই সেমিনা। কল্চিকম সিডস (বীজ)।

কল্চিকম অটমনেলের পক্ক বীজ।

প্রঃ। টিংচুরা কল্চিসাই সেমিনা। ১ ও° আউন্সে ৪৩।০ গ্রেণ।

১৮—

কন্দের প্রয়োগরূপ

এক্সট্রাকটম কলচিসাই।

সদ্য কলচিকম কন্দ ত্বকবিবহিত ৭ পাউণ্ড।

চূর্ণ করিয়া রস বাহির করিবে ঐ রস ২১২ ফাঃ তাপে উষ্ণ করিয়া ফ্লানেলদিয়া ছাঁকিবে, ১৬০ ফাঃ তাপে উপযুক্ত রূপ ঘন করিয়া লইবে। মাত্রা ॥০—২ গ্রেণ।

এক্‌সট্রাকটম কলচিসাই এসিটিকম।

ত্বকবিবহিত সদ্য কন্দ ৭ পাউণ্ড।

এসিটিক এসিড ... ৬ তং আউন্স।

কন্দ চূর্ণ করিয়া এসিটিক এসিড যোগ করত রস বাহির করিবে গুঁড়াবৎ দ্রব্য অধঃস্থ হইতে দিয়া তরল দ্রব্য ২১০ ফাঃ তাপে উষ্ণ করিবে, ফ্লানেলদিয়া ছাঁকিয়া ওয়াটার বাথের ১৬০ ফাঃ তাপে উপযুক্তরূপ ঘন করিয়া লইবে।

মাত্রা ।০—২ গ্রেন।

ভাইনম কলচিসাই। ওয়াইন অফকলচিকম।

নিস্তুক শুষ্ক কলচিকম কন্দ ২০ নং চূর্ণ ৪ আউন্স।

সেরি ... ১ পাইণ্ট।

পরিমাণ ১ পাইণ্ট হইবে।

মাত্রা ১০—৩০ মিনিম।

বীজের প্রয়োগরূপ।

টিংচুরা কলচিসাই সেমিনম। টিংচার অফ্ কলচিকম সিডস।

কলচিকম বীজ চূর্ণ ... ২॥০ আউন্স।

প্রুফ স্পিরিট .. ১ পাইণ্ট।

পরিমাণ ১ পাইণ্ট হইবে। মাত্রা ১০—৩০ মিনি

ক্রিয়া—পরিবর্ত্তক, অবসাদক, বেদনা নিবারক, পিত্ত নিঃসারক, স্বেদজনক, মূত্রকারক, অধিক মাত্রায়—বিরেচন ও বমন হয়।

(অলটারেটিভ, সিডেটিভ, এনোডাইন, কোলেগগ, ডায়েফোরেটিক, ডাইউরেটিক।)

ব্যবহার—গাউট, বাত, প্রদাহ, যকৃত পীড়া, গাউটরোগের উৎকৃষ্ট ঔষধ।

গ্রানিনেসি। হুইটেন ফ্লাওয়ার।

ফেরিনা ট্রিটিসাই। গমের ময়দা।

ট্রিটিকম সেটিভম বা গমের ময়দা, পৃথিবীর অনেক স্থানে জন্মে।

প্রয়োগরূপ—কেটাপ্লাজমা ফর্ম্মেণ্টাই।

মাইকা প্যানিস, ক্রম্ব অব্ ব্রেড।

(পাঁওরুটীর ভিতরের অংশ)

প্রয়োগরূপ—কেটাপ্লাজমা কার্ব্বনিস।

এমাইলম। ষ্টার্চ। শ্বেতসার।

ময়দা, চাউল, মেজ প্রভৃতি শস্য হইতে প্রস্তুত শ্বেতসার।

পেঃ। গ্লিসিরিনম এমিলাই	...	১১ ভাগে ১ ভাগ (ওজনে)
মিউসিলেগো এমিলাই	.	১ তং আউন্সে ১২ গ্রেণ।
পলভিস ট্রগেকান্থি কম্পজিটস	...	৬ ভাগে ১ ভাগ।

সপজিটরিয়া এসিডাই ট্রেনিসাই কমসেপোন

মর্ফিনি কম্‌সেপোন

গ্লিসিরিনম এমিলাই। গ্লিশরিন অফ ষ্টার্চ।

ষ্টার্চ	...	১ আউন্স বা ১ ভাগ।
গ্লিসিরিণ	...	৫ তং আউন্স বা ৫ তং ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার	..	৩ তং আউন্স বা ৩ তং ভাগ।

পর্সিলেন ডিসে একত্র করিয়া নাড়িয়া দিবে, তাপপ্রয়োগ করিবে ও নাড়িতে থাকিবে যে পর্য্যন্ত না অর্দ্ধস্বচ্ছ দ্রব্য প্রস্তুত হয়।

প্রয়োগরূপ—সপজিটরিয়া এসিডাই কার্ব্বলিসাই কম্‌সেপোন, সপজিটরিয়া টেনিসাই কম্‌সেপোন, সপজিটরিয়া মর্ফিনি কম-সেপোন।

মিউসিলেগো এমিলাই।

ষ্টার্চ	..	১২০ গ্রেণ বা ২৮ ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার		১০ তং আউন্স বা ৮৭৫ তং ভাগ।

ক্রিয়া—পোষক, স্নিগ্ধকারক, আবরক, আর্দ্রকারক।

ইহার প্রয়োগরূপ।

এনিমা এলোজ	এনিমা ওপাই।
" মেগনেসি সলফেটিস	" টেরিবিন্থিনি।

ক্রিয়া ও ব্যবহার—ময়দা—কুটীর শস্য আকারেই বড়ি বান্ধিবার জন্য ব্যবহার হয়, এবং পুল্টিসও প্রস্তুত হয়, ষ্টার্চ—মৃদু পুষ্টিকর, স্নিগ্ধকারক, চর্ম্মের রুক্ষতা ও চিলাব্লেন্স রোগে গ্লিসরিণ সহিত ব্যবহারে বিশেষ উপকার হয়।

হর্ডিয়ম ডিকর্টিকেটম। পারল্ বার্লি। নিস্তুক যব।

হর্ডিয়ম ডিষ্টিকনের নিস্তুক বীজ, ব্রিটনদেশে চাষ হয়।

প্রঃ। ডিককটম হর্ডিই। ডিককশন অফ বার্লি

বার্লিওয়াটার।

পাবল বার্লি	...	২ আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১৷৷০ পাইণ্ট।

শীতল জলে বার্লি ধৌত করিয়া, ধৌত জল ত্যাগ করিবে, ধৌত যবকে আবৃত পাত্রে ডিষ্টিল্ড জলে ২০ মিনিট ফুটাইবে, ছাঁকিয়া লইয়া তরল অংশে ডিষ্টিল্ড জলযোগে ১ পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা যথেচ্ছা।

ক্রিয়া ও ব্যবহার—মৃদুপোষক ও স্নিগ্ধকর পানীয়। পিপাশা নিবারক।

আর্গটা, আর্গট।

সিকেলি সিরিয়েল বা কমন রাই নামক শস্য বিকৃত অবস্থা প্রাপ্ত। মাত্রা ২০—৩০ গ্রেণ।

প্রঃ। এক্সট্রাক্টট আর্গটি লিকুইডম		১ তং আউন্সে ১ আউন্স।
ইনফিউসম আর্গটি	...	১ তং আউন্সে ১১ গ্রেণ।
টিংচুরা আর্গটি	...	১ তং আউন্সে ১০৯ গ্রেণ।

১। এক্সট্রাক্টম আর্গটি লিকুইডম।

আর্গট চূর্ণ	...	১ পাউণ্ড।
ডিষ্টিল্ড ওয়াটার	...	৬ পাইণ্ট।
রেক্টিফাইড স্পিরিট	...	৬ তং আউন্স।

পরিমাণ ১৬ তং আউন্স হইবে। মাত্রা ১০—৩০ মিনিম।

ইহার প্রয়োগরূপ—আর্গটিনম।

২। ইনফিউসম আর্গটি।

আর্গট চূর্ণ	...	।০ আউন্স বা ১ ভাগ।

বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার ... ১০ তং আউন্স বা ৪০ তং ভাগ।

আবৃত পাত্রে অর্দ্ধ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা ১—২ তং আউন্স।

* ৫। টিংচুরা আর্গটি।

আর্গট চূর্ণ	৫ আউন্স।
প্রুফ স্পিরিট	১ পাইন্ট।

১ পাইন্ট পূর্ণ করিবে। ইহার ৪॥০ মিনিমে ১ গ্রেণ আছে।

মাত্রা ৫—৩০ মিনিম।

আর্গটিনম, আর্গটিন।

শোধিত এক্সট্রাক্টকে সাধারণতঃ আর্গটিন বা বনজিনেন্স আর্গটিন বলে।

লিকুইড এক্সট্রাক্ট অব্ আর্গট	...	৪ তং আউন্স।
রেক্টিফাইড স্পিরিট	...	৪ তং আউন্স।

ফ্লুইড এক্সট্রাক্ট ওয়াটার বাথ তাপে ঘন করিবে, সিরপসদৃশ ঘন হইলে, নামাইয়া শীতল হইবার পর স্পিরিট যোগ করিবে, অর্দ্ধ ঘণ্টা স্থিরভাবে রাখিয়া ফিল্টার করিবে, ফিল্টার করা তরল দ্রব্যকে সফ্ট এক্সট্রাক্ট সদৃশ ঘন করিবে।

মাত্রা ২—৫ গ্রেণ।

৫। ইনজেকসিও আর্গটিনি হাইপোডার্ম্মিকা।

আর্গটিন	..	১০০ গ্রেণ বা ১ ভাগ।
কেম্ফর ওয়াটার	..	২০০ তং গ্রেণ বা ২ তং ভাগ।

সদ্য প্রস্তুত করা আবশ্যক।

মাত্রা হাইপোডার্ম্মিক ইনজেক্সন জন্য—৩—১০ মিনিম।

ক্রিয়া—জরায়ু সঙ্কোচক, রক্তরোধক। রজঃ নিবারক।

ব্যবহার- প্রসবকার্য্যে জরায়ু সঙ্কোচন জন্য, বিবিধ রক্ত-স্রাব, পেরাপ্রিভিয়া।

স্যাকেরম পিউরিফিকেটম। পিউরিফাইড সুগর।

শোধিত শর্করা। (স্যাক্রোজ)

স্যাকারম অফিসিনেলিস ইক্ষু নামক বৃক্ষের রস হইতে প্রস্তুত। উষ্ণপ্রধানদেশে জন্মে।

ক্রিয়া—স্নিগ্ধকারক, পোষক, শৈত্যকারক।

প্রঃ। কনফেকসিও রোজি কেনাইনি। এক্সট্রাক্টম সার্সিলিকুইডম।
" " গ্যালিসি। ফেরি কার্বনাস স্যাকারেটা।
" সেনি। লাইকর কেলসিস স্যাকারেটস।
মিশ্চুরা ফেরি কম্পোজিটা। পল্‌ভিস ক্রিটি অরোমেটিকস।
" গোয়েসাই। " গ্লিসিরহিজি কম্পজিটস
" স্পিরিটস ভাইনাই গ্যালিসাই। " ট্রেগেকান্থি কম্পজিটস।
পাইলিউলা ফেরাই আইওডাইড। সোডাই সিট্রো টার্টাস এফারভেসেন্স
পলভিস এমিগডেলি কম্পজিটস। সমুদয় সিরপ ও লোজেঞ্জ।

সিরপস। সিরপ। শর্করার পাক।

রিফাইণ্ড সুগার	৫ পাউণ্ড।
ডিষ্টিল্ড ওয়াটার ...	২ পাইন্ট।

তাপ প্রয়োগ করিয়া জলে শর্করা দ্রব করিবে, শীতল হইলে যথাবশ্যক শর্করা যোগ করিয়া পরিমাণ ৭॥০ পাউণ্ড করিবে, আপেক্ষিক গুরুত্ব ১·৩৩ হইবে।

প্রঃ। কনফেকসিও ওপাই
স্কেমনাই

মিসচুরা ক্রিটি

„ ক্রিয়েজোটাই

পাইলিউলা গেম্বোজিয়া কম্পোজিটা। „ সিরপস ক্লোরাল

সিরপস অবেনসাই " „ জিঞ্জিবরিস

টিংচুরা ক্লোরোফর্ম্মাই এট মর্ফিনি।

ক্রিয়া—শর্করা—স্নিগ্ধকারক। পোষক।

থিরিয়েকা, ট্রিকেল, মেলোসেস, বারগুড়।

গুড় হইতে দানাশীল অংশ বা শর্করা পৃথক করিয়া লইলে যে তরল অংশ থাকে তাহাকে ট্রিকেল বলে।

প্রঃ। পাইলিউলা এলোজ এট্ মর্হি। পাইলিউলা ইপিকাকুয়ানি কমসিলা।

» এসাফিটিডি কম্পজিটা » রিয়াই কম্পজিটা।

„ কোনাই কম্পজিটা » সিলি কম্পজিটা।

ক্রিয়া—মৃদু বিরেচক। মাত্রা একড্রাম ও তদূৰ্দ্ধ।

টিংচুরা ক্লোরোফর্ম্মাই এট্ মর্ফিনি

৩য় শ্রেণী একোটাইলিডোনিস।

এক্রোজিনি।

ফিলিসিস।

ফিলিক্স মাস, মেলফারন।

এসপিডিয়ম ফিলিক্স মাস নামক বৃক্ষের শুষ্ক রাইজোম বা কন্দ, ইংলণ্ড দেশে জন্মে। চুর্ণেরমাত্রা—৬০—১৮০ গ্রেণ।

প্রয়োগরূপ।

প্রঃ। একস্‌ট্রাকটম ফিলিসিস লিকুইডম।

(ইহাকে অয়েল অফ মেলফর্ণ বলে।)

মেলফরণ স্থূল চূর্ণ ... ২ পাউণ্ড।

ইথর ... ৪ পাইণ্ট বা যথা প্রয়োজন।

মেলফরণ পর্কোলেটারে টানভাবেবাখিয়া উহার মধ্যদিয়া ঈথর চুয়াইবে যেপর্য্যন্ত না বর্ণহীন ঈথর নির্গত হয়। লব্ধ ঈথর তাপে শুষ্ক বা চুয়াইলে অবশিষ্ট তৈলাক্ত এক্সট্রাক্ট থাকে।

মাত্রা ১৫—৩০ মিনিম।

ক্রিয়া—ক্রিমিনাশক।

ব্যবহার—টেপ ওয়ারম।

থেলোফাইট।

লাইকেনস।

সিট্রেরিয়া, আইসল্যাণ্ড মস।

সিট্রেরিয়া আইলেণ্ডিকা নামক শৈবাল বিশেষের সমুদয় অংশ, আইসলণ্ড দেশে জন্মে।

প্রঃ। ডিককটম সিট্রেরিয়া। ডিককশন অফ্ আইসলেণ্ড মস।

আইসলেণ্ড মস ... ১ আউন্স।

ডিষ্টিল্ড ওয়াটার ... ১ পাইণ্ট।

শীতল জল দিয়া আইসলেণ্ড মস ধৌত করিবে।

আবৃত পাত্রে ডিষ্টিল্ড জলে ১০ মিনিট ফুটাইবে, গরম

থাকিতে২ চাপ দ্বারা ছাঁকিয়া লইবে, ডিষ্টিল্ড জল দ্বারা ১ পাইণ্ট পূর্ণ করিবে।

মাত্রা   ১—৪ তং আউন্স।

ক্রিয়া—স্নিগ্ধকারক, অল্প বলকারক। পোষক।

প্রাণীজ ঔষধ সকল।

ম্যামেলিয়া.

রুমিনেনসিয়া।

মসকস। মস্ক। মৃগনাভী।

মস্কস মসকিফিরস নামক মৃগের জননেন্দ্রিয়ের নিকটস্থ কোষ বিশেষ হইতে নিঃসৃত দ্রব্য বিশেষ, চীন ও ভারতবর্ষ হইতে আমদানি হয়। এই মৃগ তিব্বত দেশে জন্মে।

মাত্রা   ৫—১০ গ্রেণ।

ক্রিয়া—উত্তেজক, আক্ষেপ নিবারক, বায়ুনাসক, মূত্রকারক, কামোদ্দীপক।

(ষ্টিমুলেণ্ট, এণ্টিস্পাজমটিক কার্ম্মিনেটিভ)

ব্যবহার—হিষ্টিরিয়া, ইপিলেপ্সী, অবসন্ন অবস্থা। জ্বর, নিমোনিয়া

সিভমপ্রিপারেটস। প্রিপেয়ার্ড স্যুয়েট। মেষেরবসা।

ওভিস এরিস বা মেষের উদরের মধ্যস্থ মেদ, দ্রব করিয়া ছাঁকিলে শোধিত হয়।

প্রঃ। এমপ্লাষ্ট্রম কেনথারাইডিস। অঙ্গুয়েণ্টম হাইড্রার্জাইরাই।

ক্রিয়া—আর্দ্রকারক। (ইমোলিয়েণ্ট।)

ল্যাক, মিল্ক, দুগ্ধ।

গাভীর সদ্য দুগ্ধ, স্কেমনিমিক্সচার প্রস্তুত করিতে ব্যবহার হয়।

সেকেরম ল্যাকটিস। সুগর অফ্ মিল্ক। দুগ্ধ শর্করা।

দুগ্ধ সংযত করিয়া, দধি পৃথক করত, ঘোল উপযুক্ত রূপ ঘন করিয়া উহাতে কষ্ঠ খণ্ড বা দড়ি মগ্ন করিয়া রাখিলে উহার উপর দুগ্ধ শর্করা সংযত হয়।

ক্রিয়া—স্নিগ্ধ কারক, পোষক।

প্রঃ। পলভিস ইলাটিরিনি কম্পজিটস।

ক্রিয়া ও ব্যবহার—গাভী দুগ্ধে জল ও দুগ্ধ শর্করা মিলাইয়া মানুষের দুগ্ধের পরিবর্ত্তে ব্যবহার হইতে পারে, কেলমেল, মর্ফিনা প্রভৃতি উগ্র ঔষধ সকলেরচূর্ণ সহিত দুগ্ধশর্করা মিলাইয়া ব্যবহার হয়। পাক স্থানের উপর ইক্ষু শর্করা অপেক্ষা কম উগ্রতা গুণ এজন্য ছেলেদের জন্য চিনির পরিবর্ত্তে ব্যবহার হইতে পারে।

ফেল্‌বভিনম পিউরিফিকেটম। পিউরিফাইড অক্সগাইল। শোধিত বৃষ পিত্ত।

এক পাইণ্ট সদ্য বৃষ পিত্ত তাপে ঘন করিয়া ৫ আউন্স করিবে। একটী বোতলে করিয়া ইহার সহিত অর্দ্ধ পাইণ্ট রেক্টিফাইড স্পিরিট সঞ্চালন করত মিলাইবে, স্থির ভাবে রাখিয়া দিলে সেডিমেণ্ট নীচে পড়িয়া যাইবে, উপরের পরিষ্কার অংশ ঢালিয়া লইয়া, নীচের অংশ ফিল্টার করিয়া লইবে এবং ফিল্টারের মধ্যস্থ দ্রব্য কতকটা রেক্টিফাইড স্পিরিটদ্বারা ধৌত করিয়া লইবে।

স্পিরিটের অধিকাংশ চুয়াইয়া লইবে, অবশিষ্ট অংশ উপযুক্ত রূপ ঘন করিবে ।

ক্রিয়া—মৃদু বিরেচক। পিত্তনিঃসারক, কৃমি নাসক, বলকারক ।

মাত্রা ৫—১০ গ্রেণ ।

ব্যবহার—কোষ্ঠবদ্ধ, ডিস্পেপসিয়া, পাণ্ডু ।

পেপসিন । পেপসিন ।

মেষ, বৎস কিম্বা শূকরের সুস্থ পাকস্থলীর মিউকস মেম্ব্রেণ হইতে প্রস্তুত দ্রব্যবিশেষ । সদ্যবধ করা মেষ, শূকর বা বৎসের পাকস্থলী চিরিয়া ফেলিতে হইবে, একখানি তক্তার উপর প্রসারিতভাবে রাখিবে যেন পাকস্থলীর ভিতর দিক উপরে থাকে, উহার মধ্যস্থ মিউকস মেম্ব্রেণে সংলগ্ন খাদ্য দ্রব্যাদি পৃথক করিয়া মিউকস মেম্ব্রেণকে অতি শীঘ্র শীতল জল দ্বারা অল্প ধৌত করিতে হইবে, তারপর উহাকে একটী মোটা ধার ছুরি বা তাদৃশ কোন অস্ত্র দিয়া চাঁছিয়া ফেলিতে হইবে, যে আঠাল দ্রব্য পাওয়া যাইবে, তাহাকে কাচপাত্রে রাখিয়া ১০০ ফাঃ তাপের অনধিক উত্তাপে শীঘ্র শুষ্ক করিয়া চূর্ণকরতঃ ষ্টপারযুক্ত কাচের ছিপিতে রাখিবে। দুইপ্রকার পেপসিন আছে ।১। পোর্সাই শূকর হইতে প্রাপ্ত ।২ পেপসিনা বোডালটস বৎস হইতে প্রাপ্ত । ক্রিয়া- পাচক, বলকারক, পচননিবারক ।

পেপসিনা পোর্সাই । মাত্রা ২—৫ গ্রেণ

(বোডাল্টস মাত্রা ১০—২০ গ্রেণ ।)

ব্যবহার—অজীর্ণ, এজমা ।

পেকিউডর্ম্মেটাণ

এডেপ্সপ্রিপারেটস, প্রিপেয়ার্ড লার্ড,

শোধিত শূকরের বসা।

শূকরের পেটের মধ্যস্থ বসা মৃদুতাপে দ্রব করিয়া ছাঁকিয়া শোধিত করিতে হয়। ক্রিয়া। স্নিগ্ধ কারক, আবরক।

পেঃ। এডেপ্স বেনজোয়েটস	অঙ্গুয়েণ্টম	আইওডাই
এমপ্লাষ্ট্রন কেম্থারাইডিস	"	টেরিবিন্থিনি
	"	হাইড্রারর্জাইরাই নাইট্রেটিস

এডেপ্স বেনজোয়েটস। বেনজোয়েটেড লার্ড।

প্রিপেয়ার্ড লার্ড	...	১ পাউণ্ড বা ৫০ ভাগ।
বেনজোইন স্থূল চূর্ণ	...	১৪০ গ্রেণ বা ১ ভাগ।

ওয়াটার বাথের তাপে লার্ড দ্রব করিয়া তাহাতে বেনজো-ইন যোগ করিবে, ক্রমাগত নাড়িতে থাকিবে ও দুই ঘণ্টাকাল তাপ প্রয়োগ করিবে, পরে নামাইয়া অদ্রব বেনজোইন হইতে ছাঁকিয়া লইবে।

প্রয়োগরূপ	
অঙ্গুয়েণ্টম একোনিটাইনি	অঙ্গুয়েণ্টম আওডোফর্ম্মাই
" এট্রোপাইনি	" প্লাম্বাই এসিটেটিস
" বেলেডোনি	" পটাসি আইওডিডাই
" কেলেমিনি	" সেবিনি
" ক্রাইসরোবিনি	" সিপ্পেক্স
" গেলি	" ষ্টেফিসেগ্রি
" হাইড্রারর্জাইরাই সবক্লোরিডাই	" সল্ফিউরিস
	" জিনসাই।

অঙ্গুয়েণ্টম সিম্‌প্লেক্স। সিম্পল অয়েণ্ট মেণ্ট।

হুয়াইট ওয়াক্স	...	২ আউন্স বা ১ ভাগ।
বেনজোয়েটেড লার্ড	...	৩ আউন্স বা ১৷৷০ ভাগ।
আমণ্ড অয়েল	..	৩ তং আউন্স বা ১৷৷০ তং ভাগ।

ওয়াটার বাথের তাপে লার্ড ও মোম তৈলে দ্রব করিবে, তাপ হইতে অন্তর করিয়া শীতল হইবার কালে ক্রমাগত না-ড়িতে থাকিবে।

প্রঃ। অঙ্গুয়েণ্টম এণ্টিমনাই টার্টারেটাই " অঙ্গুয়েণ্টম বেঞ্জিনি প্লম্বাইকার্ব্বনেটিস

" ক্রিয়েজোটাই

" ইলিমাই " হাইড্রার্জ আইও ডিডাই রুব্রাই

" হাইড্রারর্জাইরাই এমোনিয়েটি " আইওডিডাই

ক্রিয়া। লার্ড—ইমোলিয়েণ্ট

সিটেসিয়া।

সিটেসিয়ম, স্পার্ম্মেসিটাই, তিমির বসা।

স্পারম হোয়েল, ফাইসেটার মেক্রোসিফেলন নামক তিমির মস্তক ও এনট্রম অফ্ হাইমোর হইতে প্রাপ্ত ঘন মেদ, তৈল মিশ্রিত অবস্থায় পাওয়া যায়, মৎস্য প্রশান্ত মহাসাগর ও ভারতসাগরে বাস করে।

প্রঃ। কার্টাইপিস্পাষ্টিকা,

অঙ্গুয়েণ্টম সিটেসিয়াই

অঙ্গুয়েণ্টম সিটেসিয়াই। অয়েণ্ট মেণ্ট অফ স্পার্ম্মেসিটাই।

স্পারমেসিটাই	...	৫ আউন্স বা ১০ ভাগ।
হুয়াইট ওয়াক্স	.	২ আউন্স বা ৪ ভাগ।

আমণ্ড অয়েল ... ১ পাইণ্ট বা ৪০ ভাঃ ভাগ।
বেনজোইন স্থূল চূর্ণ ... ।০ আউন্স বা ১ ভাগ।

প্যারমেসিটাই, ওয়াক্স ও বাদাম তৈল একত্রে দ্রব করিয়া বেনজোইন যোগ করিবে, ক্রমাগত নাড়িতে থাকিবে, দুই ঘণ্টা পর্য্যন্ত তাপ প্রয়োগ করিবে, তাপ হইতে অন্তর করিয়া অদ্রবনীয় বেনজোইন ছাঁকিয়া লইবে, শীতল হইবারকালে অনবরত নাড়িতে থাকিবে।

ক্রিয়া—ইমোলিযেণ্ট (আর্দ্রকারক), স্থানিক ব্যবহার হয়।

ওভাই এলবিউমেন। এগ এলবিউমেন। অণ্ডলাল,

(ডিম্বের আঠাল বা তরল অংশ)

ওভাই ভাইটেলস, ইওক অব্ এগ। অণ্ডকুসুম।

(ডিম্বের রঞ্জিত বা মধ্যের অংশ)

প্রয়োগরূপ—ব্রাণ্ডিমিক্সশ্চার।

ক্রিয়া—পোষক, স্নিগ্ধকারক।

ব্যবহার অণ্ডলাল—করোসিভ সবলিমেট ও সলফেট অব্ কপার দ্বারা বিষাক্ত হইলে ব্যবহার হয়। অণ্ডকুসুম লঘুপাক ও পুষ্টিকর, অবসন্ন ও দুর্ব্বল অবস্থায় ব্যবহার হয়। অণ্ডলাল ফটকিরির সহিত মিলাইয়া সঙ্কোচক ক্রিয়া জন্য স্থানিক ব্যবহার হয়।

ওলিয়ম মরহুই, কডলিবার অয়েল।

ওলিয়ম জেকরিস এসেলাই।

(কড্ মৎস্যের যকৃতের তৈল)

গেডস্ মরহুয়া মৎসের সদ্য যকৃত হইতে অনধিক ১৮০ ফাঃ তাপে প্রস্তুত তৈল।

তিন প্রকারে তৈল প্রস্তুত হইতে পারে,

১। একটী লম্বা পাত্রে সদ্য যকৃত রাখিয়া রৌদ্রে দেওয়া হয় ঐ পাত্রের উপর, মধ্য ও নীচে এই তিন স্থানে তিনটী মুখ থাকে উপরের মুখ হইতে নির্গত তৈল পেইল অয়েল, মধ্য মুখ হইতে নির্গত তৈল লাইটব্রাউণ বা অল্প কটা, নীচের মুখ হইতে নির্গত তৈল ডার্ক ব্রাউন বা ঘোর কটা।

২। যকৃত জলে সিদ্ধ করিলে তৈল ভাসিয়া উঠে, উহাকে পৃথক করিয়া লইতে হয়।

৩। সদ্য ও বিশুদ্ধ যকৃত সংগ্রহ করিয়া, ১৮০ ফাঃ তাপ প্রয়োগে তৈল বাহির করা হয়, তৈল ছাঁকিয়া ৫০ ফাঃ তাপে শীতল করাতে কঠিন মেদ সকল পৃথক হইয়া যায় পুনরায় ফিল্টার করিয়া উত্তমরূপে আবৃত ভাবে বোতলে রাখা হয়।

মাত্রা ১--৮ ড্রাম।

ক্রিয়া—পরিবর্ত্তক, বলকারক, পোষক, সংস্কারক।

(অল্টারেটিভ, টনিক, নিউট্রিটিভ, রিপ্যারেটিভ)

ব্যবহার—যক্ষ্মাকাশ, স্ক্রফিউলা, দুর্ব্বলতা, উপদংশ, নিউ-রেলজিয়া, চর্ম্মরোগ, রিউমাটিজম। স্কেবিজ, কোরিয়া, মৃগী, এম্ফিসিমা। জল, দুগ্ধ, পোর্ট কিম্বা লাইম ওয়াটার সহ ইমলসন আকারে আহারান্তে সেব্য। বিবমিসা হইলে শয়নকালে সেব্য।

মেল, হনি, মধু।

এপিস মেলিফিকা নামক পতঙ্গ কর্ত্তৃক মধুর চক্রে সংগৃহীত মিষ্ট দ্রব্য বিশেষ বা মধু।

প্রঃ। মেল ডেপুরেটম। ক্লেরিফাইড হনি। শোধিত মধু।

মধু ... ৫ পাউণ্ড।

ওয়াটার বাথের তাপে উষ্ণ করিয়া উষ্ণ থাকিতে, ফ্লানেল গরম জলে ভিজাইয়া ঐ ভিজা ফ্লানেল দিয়া ছাঁকিয়া লইবে।

প্রঃ। কনফেকসিও পাইপারিস		...	২০ ভাগে ১৫ ভাগ।
,,	স্কেমনাই	...	৬ ভাগে প্রায় ১ ভাগ।
,,	টেরিবিন্থিনি		২ ভাগে প্রায় ১ ভাগ।
মেল বোরেসিস		...	৯ ভাগে প্রায় ৮ ভাগ।
অকজিমেল		...	৫০ ভাগে ৫০ ভাগ।
,,	সিলি		

অকজিমেল। অকজিমেল।

ক্লেরিফায়েড হনি		৪০ আউন্স বা ৮ ভাগ।
এসেটিক এসিড	.	৫ তং আউন্স " ১ তং ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার	..	৫ তং আউন্স " ১ তং ভাগ।

তাপ দ্বারা হনি তরল করিয়া এসিটিক এসিড ও জল যোগ করিবে।

মাত্রা ১—২ তং ড্রাম।

ক্রিয়া—শর্করার মত, কিন্তু মৃদু বিরেচক, অন্যান্য ঔষধ সহিত ব্যবহার হয়।

সিরা ফ্লেভা। ইওলো ওয়াক্স। পীতমোম।

এপিস মেলিফিকা বা মধুমক্ষিকার নির্ম্মিত মধু চক্র হইতে প্রস্তুত।

সিরা আলবা, হুয়াইট ওয়াক্স, শ্বেত মোম।

পীতমোমকে, আর্দ্রতা, বায়ু ও আলো দ্বারা শুভ্রীকৃত করিয়া প্রস্তুত হয়।

প্রয়োগরূপ।

পিয়া আলবা।	অঙ্গুয়েণ্টম সিটেসিয়াই।
কার্টা টপিসপাসটিকা,	„ সিমপ্লেক্স।
এমপ্লাষ্ট্রম কেলিফিসিয়েন্স	„ কেস্থাবাই ডিস।
„ কেনথারাইডিস	„ হাইড্রার্জাইবাই কম্পজিটম
„ গেলবেনাই	„ প্যাইসিস লিকুইডি
„ পাইসিস	„ রেজিনি
„ সেপোনিস ফসকম	„ সেবিনি
„ পাইলিউলা ফসফোরাই	„ টেবিথিয়ম্মি

অঙ্গুয়েণ্টম সিমপ্লেক্স, সিম্পাল অয়েণ্টমেণ্ট :

হুয়াইট ওয়াক্স	...	২ আউন্স বা ১ ভাগ।
বেনজোয়েটেড্ লার্ড	...	৩ আউন্স „ ১॥০ ভাগ।
আমণ্ড অয়েল	...	৩ তং আউন্স „ ১॥০ তং ভাগ।

ওয়াটার বাথের তাপে মোম ও চর্ব্বি তৈলে দ্রব করিবে, তাপ হইতে অন্তর করিয়া শীতল হইবার কালে ক্রমাগত নাড়িতে থাকিবে।

ইহার প্রয়োগরূপ। অঙ্গুয়েণ্টম এণ্টিমনাই টার্টারেটাই।

অঙ্গুয়েণ্টম ক্রিয়েজোটাই

„ ইলিমাই

„ হাইড্রারর্জাইবাই এমোনিয়েটাই

„ „ আইওডিডাই রুব্রাই

„ প্লম্বাই কার্ব্বনেটিস

„ „ আইওডিডাই

„ রেজিনি

ক্রিয়া—স্নিগ্ধকারক, অন্যান্য ঔষধ প্রস্তুত করিতে ব্যবহার হয়।

কেমিপাটিবা।

ককস, কোচিনীল, কৃমিদানা।

ককস ক্যাকটাই নামক স্ত্রীজাতীয পতঙ্গবিশেষ, মেক্সিকো প্রভৃতি স্থানে পাওয়া যায়।

ক্রিয়া—আক্ষেপ নিবারক।

প্রঃ। টিংচুরা কার্ডেমোমাই কম্পজিটা ··· ৩ পাইন্টে ৫৫ গ্রেণ।

" সিঙ্কোনি কম্পোজিটা ··· ১ পাইন্টে ২৮ গ্রেণ।

" কক্কাই · ১ পাইন্টে ২॥০ আউন্স।

* টিংচুরা কক্কাই।

কোচিনীল চূর্ণ	···	২॥০ আউন্স।
প্রুফ স্পিরিট	·	১ পাইন্ট।

আবৃতপাত্রে ৭ দিন ভিজাইয়া, মধ্যে২ নাড়িয়া দিবে, চাপ দিযা ছাঁকিয়া লইবে, ফিল্টার করিয়া প্রুফ স্পিরিট যোগে পরিমাণ ১ পাইন্ট করিবে। মাত্রা ॥০—১॥০ ড্রাম।

ব্যবহার—হুপিংকফ ও অন্যান্য ঔষধ রংকরিতে।

কেন্থারিশ, কেন্থারিডিজ।

কেন্থারিস ভেসিকেটোরিযা বা ব্লিষ্টার বীটেল বা স্পেনিস-ফ্লাই নামক পতঙ্গ, রুষিয়া, সিসিলি ও হঙ্গেরি দেশে পাওয়া যায়।

প্রঃ। এসিটম কেন্থারিডিজ ১ পাইন্টে ২ আউন্স।

কার্টা ইপিসস্পাসটিকা

এমপ্লাষ্ট্রম কেলিফেসিয়েন্স	·	২৪ ভাগে প্রায় ১ ভাগ।
,, কেন্থারিডিজ	···	৩ ভাগে ১ ভাগ।
লাইকর ইপিসস্পাসটিকস	·	৪ তং আউন্সে ১ আউন্স।
টিংচুরা কেন্থারিডিজ		১ তং আউন্সে ৫॥০ গ্রেণ।
অঙ্গুয়েণ্টম কেন্থারিডিজ		৮ ভাগে প্রায় ১ ভাগ।

১। এসিটম কেন্থারিডিজ। ভিনিগার অফ কেন
থারিডিস। লাইকর সিটি।

কেন্থারিডিজ চূর্ণ		২ আউন্স বা ১ ভাগ।
গ্লেসিয়েল এসিটিক এসিড	...	২ তং আউন্স বা ১ তং ভাগ।

এসিটিক এসিড যথাবশ্যক যোগ করিয়া ২০ আউন্স বা ১ তং ভাগ করিবে। পরিমাণ ১ পাইণ্ট হইবে।

২। কার্টা ইপিসস্পাষ্টিকা। ব্লিষ্টারিং পেপার।

হোয়াইট ওয়াক্স	···	৪ আউন্স বা ১৬ ভাগ।
স্পারমেসিটাই		১॥০ আউন্স বা ৬ ভাগ।
ওলিভ ওয়েল	···	২ তং আউন্স বা ৮ তং ভাগ।
রোজিন		৸০ আউন্স বা ৩ ভাগ।
কেনেডা বালসম	··	।০ আউন্স বা ১ ভাগ।
কেন্থারিডিজ চূর্ণ	·	১ আউন্স বা ৪ ভাগ।
ডিষ্টিল্ড ওয়াটার	···	৬ তং আউন্স বা ২৪ তং ভাগ।

৩। এমপ্লাষ্ট্রম কেন্থারিডিজ। কেন্থারিডিস্ প্লাষ্টার।

কেন্থারিডিজ চূর্ণ	· ·	১২ আউন্স বা ৪ ভাগ।
ইওলো ওয়াক্স }		প্রত্যেক ৭॥০ আউন্স বা ৪ ভাগ।
প্রিপেয়ার্ড সুয়েট }		

প্রিপেয়ার্ড লার্ড	..	৬ আউন্স বা ২ ভাগ।
রেজিন	..	৩ আউন্স বা ১ ভাগ।

৪। এমপ্লাষ্ট্রম কেন্থারিডিস, ওয়ার্মিং প্লাষ্টার।

কেন্থারিডিজ স্থূল চূর্ণ এক্সপ্রেসড অয়েল অব্ নটমেগ ইওলো ওয়াক্স রেজিন	প্রত্যেক ৪ আউন্স বা ১ভাগ

রেজিন প্লাষ্টার	...	৩।০ পাউণ্ড বা ১৩ ভাগ।
সোপ প্লাষ্টার	..	২ পাউণ্ড বা ৮ ভাগ।
বয়েলিং ওয়াটার	..	১ পাইন্ট বা ৫ তং ভাগ।

৫। লাইকর ইপিসপ্যাসটিকস, ব্লিষ্টারিং লিকুইড।

কেন্থারিডিজ চূর্ণ	.	৫ আউন্স।
এসিটিক ঈথার	..	যথা প্রয়োজন।

পরিমাণ ২০ আউন্স হইবে। (৪ আং ১ আং।)

প্রয়োগরূপ—কলোডিয়ম ভেসিকেন্স।

* ৬। টিংচুরা কেন্থারিডিজ। টিংচার অফ কেনথারিডিস।

কেন্থারিডিজ স্থূল চূর্ণ	...	।০ আউন্স।
প্রুফ স্পিরিট	..	১ পাইন্ট।

৭ দিন পর্য্যন্ত আবৃতপাত্রে ভিজাইয়া, মধ্যে২ নাড়িয়া দিবে, চাপ দিয়া ছাঁকিয়া লইবে, ফিল্টার করিয়া, প্রুফ স্পিরিট যোগে পরিমাণ ১ পাইন্ট পূর্ণ করিবে।

মাত্রা ৫—২০মিনিম।

৭। অঙ্গুয়েণ্টম কেন্থারিডিজ। অয়েণ্টমেণ্ট অফ্ কেনথারিডিন।

কেন্থারিডিজ ইওলো ওয়াক্স	...	প্রত্যেক ১ আউন্স বা ১ ভাগ।
ওলিভ অয়েল	...	৬ তং আউন্স বা ৬ ভাগ।

আবৃতপাত্রে কেন্থারিডিজ ১২ ঘণ্টাকাল তৈলে ভিজাইয়া স্ফুটিত জলের উপর উক্ত পাত্র ১৫ মিনিটকাল রাখিবে, মসলিন কাপর দিয়া ছাঁকিয়া লইবে, মোম গলাইয়া তাহাতে এই ছাঁকা কেন্থারিডিজযুক্ত তৈল যোগ করিবে, এবং শীতল হওয়া পর্য্যন্ত নাড়িতে থাকিবে।

ক্রিয়া—স্থানিক উগ্রতাসাধক, ফোস্কাকারক।

আভ্যন্তরিক—মূত্রকারক, কামোদ্দীপক। উত্তেজক।

ব্যবহার—পেরাপ্লিজিয়া, ইনকণ্টিনেন্স অব্ ইউরিণ, চর্ম্মরোগ, গ্লীট, লিউকোরিয়া, ধ্বজভঙ্গ।

স্থানিক—বিবিধ আভ্যন্তরিক যন্ত্রের প্রদাহ রোগের তরুণ অবস্থারপর প্রত্যুগ্রতাসাধন ও শোষণ জন্য, যথা নিউমোনিয়া, প্লুরিসি এবং পেরিকার্ডাইটিস পেরিঅসটাইটিস, বিবিধ সন্ধিপীড়া, গাউট, রিউমাটিজম, সাইনোভাইটিস, নিউরালজিয়া, সায়েটিকা, মস্তিষ্কে রক্তাধিক্য। বৃষ্টর কাঁচা রাখিতে অয়েণ্টমেণ্ট ও কার্টা ব্যবহার্য্য।

হিরিউডো, লীচ, জলোকা।

সেনগুই শুগা মেডিসিনেল ও সেনগুই শুগা অফিসিনেলিস নামক জলোকা। স্পেইন, ফ্রান্স, ইটালি এবং হঙ্গেরিদেশ হইতে সংগৃহীত হয়। একএকটী ২।৩ ড্রাম রক্ত লইতে পারে।

ব্যবহার—স্থানিক রক্তমক্ষণ জন্য ব্যবহার হয়।

নূতন ঔষধ সকল।

১। এসিডম ফ্লুরিকম ডাইলিউটম। ফ্লুওরিক এসিড। অম্ল-বিশেষ। মাত্রা ১৫—৬০ মিনিম। ইহাতে শতকরা ॥০ ভাগ বিশুদ্ধ এসিড আছে। ব্যবহার—গইটার, থাইসিস্, ডিস্‌পেপ্সিয়া।

২। ফ্লুরাইড অফ্ এমোনিয়ম। এক আউন্স ডিষ্টিল্ড জলে ৪ গ্রেণ দ্রব করিয়া ইহা ৫—২০ মিনিম মাত্রায় আহারান্তে সেব্য। ব্যবহার—বিবৰ্দ্ধিত প্লীহা। ফ্লুওরাইড অফ্ আয়রন মাত্রা $\frac{1}{2}$—॥০ গ্রেণ।

ফ্লুরাইড অফ্ কুইনাইন—বিবৰ্দ্ধিত প্লীহা ও রিকেটস-রোগে বিশেষ ফলপ্রদ।

৩। সেলোল। মাত্রা ১০—৩০ গ্রেণ। দুগ্ধ অথবা মিউসিলেজ মধ্যে সেব্য। সেবন করিলে ষ্টমাকে দ্রব হয় না; ক্ষুদ্রঅন্ত্রে কার্ব্বলিক এসিড ও সেলিসিলিক এসিডে পরিণত হয়। ইহাতে কার্ব্বলিক এসিড শতকরা ৩৮ অংশ আছে। ক্রিয়া—পচননিবারক, তাপাধিক্য নাশক, স্থানিক পচননিবারক। ব্যবহার একিউটরিউমাটিজম, সায়াটিকা, সমার ডায়েরিয়, কলের., নিউরালজিয়া, চক্ষু ও কর্ণবেদনা। স্থানিক-মুখের ঘায়ে কুল্লি, ক্ষতাদিতে ড্রেস।

৪। এপোমর্ফিন হাইড্রোক্লোরাস, (সেবন) মাত্রা $\frac{1}{32}$—$\frac{1}{16}$ গ্রেণ কফঃ নিঃসারক। $\frac{1}{10}$—।০ গ্রেণ বমন কারক (হাইপোডার্ম্মিক) $\frac{1}{16}$—$\frac{1}{8}$ গ্রেণ বমন কারক।

৫। ব্রোমাল হাইড্রাস। মাত্রা ২—৫ গ্রেণ। ক্রিয়া—বেদনানিবারক, নিদ্রাকারক।

৬। ব্রাইওনিয়া। টিংচুরা ব্রাইওনিয়া মাত্রা ১—১০ মিনিম

ও তদূর্দ্ধ। ব্যবহার—প্লুরিসি অল্পমাত্রায় ব্যবহারে কাশীকম ও বেদনা নিবারণ হয়। অধিক মাত্রায় অতি বিরেচক।

৭। ক্যাফিনি ক্রিয়া—আগ্নেয়, বলকারক, বিধান পরিবর্ত্তন ও দেহক্ষয় খর্ব্বকারক, ব্যবহার—ডায়েরিয়া, নিউরালজিয়া, থাইসিস, হেডেক, ইপিলেপ্সী।

৮। কেম্ফোরা মন ব্রোমেটা। মাত্রা ২—১০ গ্রেণ। ক্রিয়া নিদ্রাকারক। ব্যবহার ডিলিরিয়ম ট্রিমেন্স, অনিদ্রা, কোরিয়া, হিষ্টিরিয়া, হুপিং কফ, এজমা, ইপিলেপ্সি, কনভলশন্‌।

৯। কলোফাইলিন। মাত্রা ১।৪ গ্রেণ, মূল হইতে প্রাপ্ত রজনাক্ত চূর্ণ, ক্রিয়া—মূত্র কারক, ঘর্ম্মকারক, কৃমীনাসক, রজঃ নিঃসারক, জরায়ু সঙ্কোচক, আক্ষেপ নিবারক, জরায়ুর উপর ইহার বিশেষ ক্রিয়া আছে ব্যবহার জরায়ুর বিবিধ পীড়া।

১০। ক্রাইসোফানিক এসিড। ক্রাইসরোবাইনের সারপদার্থ। ক্রিয়া—পরাঙ্গপুষ্টনাশক। ব্যবহার-দাউদ, সোরায়েসিস। ভেজিলিন কিম্বা লেনলিন যোগে প্রস্তুত মলম বিশেষ উপকারী। ॥০—১ ভাগ ক্রাইসোফানিক এসিড এক আউন্স ভেজলিন কিম্বা লেনলিনে মিলাইলে উৎকৃষ্ট মলম হয়। ইহা ব্যবহারে গাত্র ও কাপড়ে লালদাগ হয়, লাইকর পটাসি। বেন জোল, কিম্বা ব্লিচিং পাউডারের জলে ধৌত করিলে ঐ দাগ উঠিয়া যায়।

১১। এণ্টিফেব্রিন। মাত্রা ৪—১৫ গ্রেণ, জলে সম্পূর্ণ দ্রবণীয় নহে এজন্ত মিউসিলেজ মধ্যে সেব্য। ক্রিয়া—জ্বরঘ্ন, সন্তাপাধিক্য নিবারক, নিদ্রাকারক, অবসাদক, মৃগী নিবারক, এণ্টিস্‌প্টিক, নার্ভাইনটনিক। ব্যবহার—মেলিগ্ননেণ্ট স্বল্পক্স,

এল কোহলিক ডিলিরিয়ম, থাইসিস, হেলিক ফিভার, লোকো মোটার এটাক্স, রিউমাটিজম। জ্বর।

১২। এণ্টিপাইরিন (এনালজিসিন) মাত্রা ৪—১০ গ্রেণ। ক্রিয়া-স্নায়ুবেদনানিবারক, জ্বরঘ্ন, রক্তরোধক, তাপাধিক্য নিবারক। ব্যবহার— টাইফয়েড, রিলাপ্সিং, স্কার্লেট, পিয়রপারল ও হেক্‌টিকজ্বর, নিমোনিয়া, প্লুরিসি, থাইসিস, ইরিসিপেলাস, লোকোমোটার এটাক্সি, মাইগ্রেণ, ফেসিয়েল নিউরালজিয়া, সি সিকনেস, লাম্বেগো, সায়েটিকা, এনজাইনা পেক্টরিস, বিলিয়ারি ও রিনেল কলিক, ডিসমেনরিয়া, হিমপটিসিস, ডায়েবিটিস।

১৩। এণ্টিথার্মিন। মাত্রা ৮ গ্রেণ। ক্রিয়া-তাপাধিক্য নিবারক। ব্যবহারে পাকাশয়ে বেদনা হয় এজন্য প্রায় ব্যবহার হয় না।

১৪। ফেনাসিটিন। মাত্রা ৪—৮-১৫ গ্রেণ। জলে অল্প দ্রবনীয় এজন্য সুগন্ধ ও সিরপ প্রভৃতি যোগে ঘন জলের সহিত মিকশ্চাররূপে সেব্য। ক্রিয়া-প্রবল তাপাধিক্য নিবারক।

১৫। কনভেলেরিয়া মেজেলিস। লিলি অবদি ভেলি। ইহার টিংচারের মাত্রা ৫—২০ মিনিম। এক্সট্রাক্টের মাত্রা ২—৮ গ্রেণ। লিকুইড এক্সট্রাক্ট ২—১০ মিনিম। ক্রিয়া-প্রবল মূত্রস্রাবক, ডিজিটেলিসের ন্যায় হৃদপিণ্ডের বলকারক। ব্যবহার নানাপ্রকার হৃদ্‌ রোগ।

১৬। আইওডোল। মাত্রা ১—৩ গ্রেণ। ক্রিয়া ও ব্যবহার আয়োডফর্ম্মের ন্যায়, বিশেষ এই যে ইহার গন্ধ নাই।

১৭। ইরিডিন। ইরিসিন। মাত্রা ১—৫ গ্রেণ। বৃক্কের

মূল হইতে প্রস্তুত এক্সট্রাক্ট, ক্রিয়া—বিরেচক, পরিবর্ত্তক, মূত্র-কারক। ব্যবহার—যকৃত পীড়া, পাণ্ডু, কোষ্ঠবদ্ধ।

১৮। লেনোলিনম। উলফ্যাট। মেষের লোম হইতে প্রস্তুত বসা বিশেষ। ক্রিয়া—চর্ম্মে সহজে শোষিত হয়, উগ্রতা-মাত্র নাই। চর্ম্ম পথে কুইনাইন, মার্ফিয়া প্রভৃতি ঔষধ শোষন জন্য ইহা দিয়া মলম প্রস্তুত হয়।

১৯। প্যাপেইন। পেপেওটিন। পেপের আটা হইতে প্রস্তুত, মাত্রা ১—৮ গ্রেণ পেপেরশুষ্ক আটা বা দুগ্ধ (Dried papow milk)মাত্রা ৩—১০গ্রেণ। ক্রিয়া—আগ্নের পেপসিনের ন্যায় মাংসাদিজীর্ণহয়। ব্যবহার—ফাইব্রিণ ইহাতে জীর্ণ হয়। স্থানিক-ডিপথিরিয়া ও ক্রুপ, ওযার্ট, কবণ, চর্ম্মের দৃঢ়তা ও স্থূলতা। ১ আউন্স জলে ৫০ গ্রেণ দ্রব করিলে লোসন হয়।

২০। পল্‌সেটিলা, পুষ্পিত বৃক্ষ। টিংচারের মাত্রা ১—৫ মিনিম, ব্যবহার আক্ষেপযুক্ত কষ্ট রজঃ, রজঃ লোপ, কাশি, বাত, অর্কাইটিস।

২১। সেকেরিনম। সেকেরিন। আলকাতরা হইতে প্রস্তুত শর্করা বিশেষ। মাত্রা ॥০—২ গ্রেণ। অতিশয় মিষ্ট, ইক্ষু শর্করা অপেক্ষা ৩০০ গুণ মিষ্ট। ব্যবহার-বহু মূত্র রোগে শর্ক-রার পরিবর্ত্তে ব্যবহার হয়।

২২। ষ্টিলিঞ্জিয়া। বৃক্ষের মূল। লিকুইড এক্সট্রাক্টের মাত্রা। ১৫—৬০ মিনিম। ক্রিয়া পরিবর্ত্তক। ব্যবহার উপদংশ, স্ক্রফিউলা, পাইল্‌স, জণ্ডিস।

২৩। ষ্ট্রোফ্যানথস। বৃক্ষেরবীজ। টিংচারের মাত্রা ২—১০ মিনিম। ক্রিয়া—মূত্রকারক হৃদপিণ্ডের বলকারক। ব্যবহার ডিজিটেলিসের ন্যায়।

২৪। টঙ্গা। বৃক্ষের শুঁড়িরত্বক। হইতে প্রস্তুত ঘোরকটা-বর্ণ তরল দ্রব্য। মাত্রা ১—২ ড্রাম। ব্যবহার নিউরালজিয়া।

২৫। কুরেরা। উরেরী মাত্রা ২/১—॥০ গ্রেণ। ১ ড্রামজলে ৫ গ্রেণ দ্রব করিয়া তাহার হাইপোডার্ম্মিক মাত্রা ১—৬ মিনিম, ব্যবহার হাইড্রোফোবিয়া, টেটেনস।

২৬। ডামিয়ানা। বৃক্ষের পত্র। এক্সট্রাক্টিডামিনি লিকুইডম মাত্রা ১—২ ড্রাম। ক্রিয়া স্নায়বিয় বলকারক। ব্যবহার ধ্বজভঙ্গ, ইন্দ্রিয়শিথিলতা। পেরাপ্লিজিয়া, হেমিপ্লিজিয়া প্রভৃতি পক্ষাঘাত, মিলাঙ্কলিয়া।

২৭। ইউকেলিপটাই গম্মাই। রেড্গম। বৃক্ষের ঘণীভূতরস অষ্ট্রেলিয়া দেশ হইতে নিত। মাত্রা ২—৬ গ্রেণ, । দেখিতে কাইনোর মত। জলে দ্রব হয়। ক্রিয়া-সঙ্কোচক, রক্ত রোধক। ব্যবহার—ডায়ে রয়া, ডিসেণ্ট্রি, গলদেশের শিথিলতা। স্থানিক নাসিকা হইতে রক্তপাত, ক্ষত হইতে রক্তপাত। ১ পাইণ্ট জলে ১ ড্রাম মিলাইয়া যোনীপ্রণালীতে পিচকারি ও গার্গল। লিকুইড এক্সট্রাক্ট অফ রেডগম মাত্রা ৩০—৬০ মিনিম। টীংচারের মাত্রা ২০—৪০ মিনিম।

২৮। ইউওনমিন। বৃক্ষের মূলের ত্বক হইতে প্রস্তুত এক্সট্রাক্টের চূর্ণ। মাত্রা ॥—৫ গ্রেণ। ক্রিয়া—পিত্তনিঃসারক বলকারক, বিরেচক, মূত্র কারক, পর্য্যায় নিবারক। ইহার টীংচারের মাত্রা ১০—৪০ মিনিম।

২৯। আয়রন এলম। ফেরিএট্ এমোনি সলফ্। দ্বৈধলবণ মাত্রা। ৩—১০ গ্রেণ। ক্রিয়া সঙ্কোচক, রক্ত রোধক, বলকারক ব্যবহার বিবিধ রক্তস্রাব।

৩০। ব্লাডার রেক, সি রেক। সমুদ্রের চারাগাছ। মাত্রা ৩—৮ গ্রেণ, আহারের পূর্ব্বে সেব্য, ইহার একষ্ট্রাক্টের মাত্রা—১—২ ড্রাম। ক্রিয়া—মেদ নাশক, শোষক। ব্যবহার মেদাধিক্য।

৩১। হেমেমেলিস। ইউচ হেজেল। বৃক্ষের ত্বক পত্র ও শাখাগ্র। ক্রিয়া—রক্ত রোধক, সঙ্কোচক। ব্যবহার—হিমপ-টীসিস, হেমরহয়েড, মেনরেজিয়া। ইহার টীংচারের মাত্রা ১—৫ মিনিম ও তদূর্দ্ধ। হেমেমেলিনের মাত্রা ॥০—২ গ্রেণ।

৩২। হাইড্রসটীন। মাত্রা ২—৬ গ্রেণ। ক্রিয়া পচন নিবারক। মৃত্ত বিরেচক, পিত্ত নিঃসারক, আগ্নেয়, বলকারক। ব্যবহার—গ্রামনোরিয়া, লিকোরিয়া, গনোরিয়া, একজিমা।

৩৩। বিসার্সিন। মাত্রা ৫—১৫ বা ৩০ গ্রেণ। ক্রিয়া-প্রবল পচন নিবারক, তাপাধিক্য নিবারক, জ্বরঘ্ন। অতিশয় ঘর্ম্ম হয় এবং তাপহ্রাস ক্রিয়া ক্ষাণক। ব্যবহার জ্বর। স্থানিক, গনরিয়া, লিকোরিয়া নানাপ্রকার ক্ষত শোষন ব্যবহার হয়।

৩৪। কাইট লাক্লিন। বৃক্ষের মূল হইতে প্রস্তুত শুষ্ক একষ্ট্রাক্ট। মাত্রা। ১—৫ গ্রেণ। ক্রিয়া বমনকারক, বিরেচক, পরিবর্ত্তক। উপদংশ নাসক, স্কর্ভিনাশক। ব্যবহার উপদংশ, বাত। স্থানিক-স্তনে বেদনা, এই রোগে আভ্যন্তরিক ও ব্যবহার হয়, অর্কাইটীস। টীংচারের মাত্রা ৩—১০ মিনিম

৩৫। পেনক্রিয়াস—মানবজাতির পেনক্রিয়াসের রসে বা ক্লোমরসে,শ্বেতসার তৈল ও অণ্ডলাংশিক এই ত্রিবিধ খাদ্য পরিপাক হইতে পারে। এজন্য বৃদ্ধ, দুর্ব্বল ও অজীর্ণ রোগাক্রান্ত ব্যক্তির খাদ্যদ্রব্যের সহিত শূকরের ক্লোমরস মিলাইয়া ব্যবহারে

খাদ্য অনায়াসে জীর্ণ হয়। প্রয়োগরূপ ১। এক্সট্রাক্টম পেন-ক্রিয়েটীস (ফেয়ার চাইলডস) এমেরিকা দেশে প্রস্তুত, ইহা তিন প্রকার বিক্রয় হয় (ক) অমিশ্র চূর্ণ ।০ আউন্স ও ১ আউন্স বোতলে বিক্রয় হয়। ব্যবহার কালে বাইকার্ব্বনেট অব্ সোডা যোগ করিতে হয়। (খ) চাক্তি, প্রত্যেকটী ওজনে ৩ গ্রেণ। মাত্রা ১ কিম্বা ২ চাক্তি আহারের ১ ঘণ্টা পরে সেব্য। (গ) পেপ্ট না-ইজিং পাউডার কাচনলে আবদ্ধ, প্রত্যেক নলে ৫ গ্রেণ পেনক্রি-য়েটীন ও ১৫ গ্রেণ বাইকার্ব্বনেট অফ্ সোডা থাকে। ২। পেন-ক্রিয়েটীন। মাত্রা ২—৪ গ্রেণ। ৩। বেন্‌জার্স লাইকর পেন-ক্রিয়েটীকস। মাত্রা ১—২ ড্রাম। জলের সহিত আহার কালে সেব্য। ৪। পেনক্রিয়েটীক ইমলসন মাত্রা ১—৩ ড্রাম।

৩৬ মাল্ট, মাইন। যবশস্য ভিজাইয়া রাখিলে অঙ্কুরিত হয়, এই অঙ্কুরিত অবস্থায় শুষ্ক করিয়া নিস্তুক ও চূর্ণ করিলে মাল্ট পাউডার প্রস্তুত হয়। ইহা শ্বেতসারিয় খাদ্য পরিপাকের বিশেষ সাহায্য করে। ইহার এক্সট্রাক্ট আছে মাত্রা ১—৪ ড্রাম। মাল্ট পাউডার পাওয়া যায় মাত্রা ১—২ ড্রাম। ব্যবহার অজীর্ণ, দুর্ব্বলতা

৩৭। এক্সট্রাক্টঅফমিট। লিবিগস্ এক্সট্রাক্ট। ক্রিয়া উত্তেজক, বলকারক, পোষক। ব্যবহার—অবসন্ন, দুর্ব্বলতা। মাত্রা একচা চামচের এক চতুর্থাংশ বা ১৫ গ্রেণ, এক ব্রেকফাষ্ট কপফুল বা আট আউন্স ফুটীত জলে দ্রব করিলে উত্তম বিফটী প্রস্তুত হয়। ইহাতে ইচ্ছামত সুগন্ধ দ্রব্য ও লবণযোগ করিয়া ইচ্ছামত সেবন করা যায়। সচরাচর ১ আউন্স জলে ১০ গ্রেণ মিলাইয়া পূর্ণ বয়স্কের ১ডোজ মিকশ্চার করা হয়।

দেশীয় ঔষধ।

১। ইশবগুল।—ইহা একপ্রকার বৃক্ষের বীজ। বৃক্ষ ভারতবর্ষের নানাস্থানে, বিশেষতঃ আসাম প্রদেশে জন্মে। ক্রিয়া—স্নিগ্ধকারক, মৃদু সঙ্কোচক। ব্যবহার—ডায়েরিয়া, ডিসেণ্ট্রী, অন্ত্রের উত্তেজন, প্রমেহ। মাত্রা ১॥০ ড্রাম অর্দ্ধ ড্রাম মিছরির সহিত সেব্য। কেহ২ বলেন শুষ্কবীজ মিছরির সহিত সেবন করিলে উদর মধ্যে জল শোষণ করিয়া ক্রমশঃ স্ফীত ও মণ্ড নির্গত হইতে থাকে ঐ মণ্ড অন্ত্রের নিম্ন অংশে সংলেপিত হয় বীজকে অল্প উষ্ণ করিয়া চূর্ণ করিলে পাউডার প্রস্তুত হয়। মাত্রা ॥০—১॥০ ড্রাম সম পরিমাণ শর্করা সহ সেব্য। ইসবগুল ২ ড্রাম ১ পাইণ্ট জলে আবৃত পাত্রে ১০ মিনিট ফুটাইয়া ছাঁকিবে, এই ডিককশানের মাত্রা ২—৪ আউন্স দিবসে ৩।৪ বার। ইসবগুল শীতল জলে ভিজাইলে ও মণ্ড প্রস্তুত হয়, ইহা বীজ শুদ্ধ অথবা বীজ অন্তর করিয়া শর্করা সহযোগে পান করা যায়। এই নিয়মে সাধারণ লোকে সচরাচর ইশবগুল পান করে। ইহাতেও উপকার হয়।

২। বীহিদানা। বৃক্ষের বীজ, কাবুল হইতে আমদানী হয়। ক্রিয়া—স্নিগ্ধকারক। মিউকস মেম্ব্রেণের প্রদাহ ও উগ্রতা নিবারণার্থ উপকারী শীতল ও উষ্ণ উভয় জলে ভিজালে মণ্ডনির্গত হয়। ইসবগুলের ন্যায় ইহার ২ ড্রাম ১ পাইণ্ট জলে মৃদুতাপে ১০মিনিট ফুটালে মণ্ড বা ডিককশন প্রস্তুত হয়। ছাঁকিয়া ২—৪ আউন্স মাত্রায় দিবসে ৩। ৪ বার দেওয়া যায়। শীতল জলে ভিজাইয়াও ব্যবহার হয়।

৩। কুঁচমূল। কুঁচফল দ্বারা স্বর্ণকার ও পোদ্দার গণ স্বর্ণ ওজন করিয়া থাকে ৬টী কুচ ওজনে এক আনা। এই কুঁচবৃক্ষবঙ্গদেশের অনেক স্থানে জন্মে। কুঁচফল বিষাক্ত কিন্তু ইহার মূলের ক্রিয়া—স্নিগ্ধকারক সকলমতে যৈষ্ঠ মধুর ন্যায়। উহার পরিবর্তে ব্যবহার করা যাইতে পারে। সদ্য ও শুষ্ক উভয় অবস্থায় ব্যবহার হয়। কুঁচমূল চূর্ণ করিয়া জলে ১২ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া ফুটাইবে, ছাঁকিয়া তাপে ঘন করিয়া লইবে। মাত্রা ॥০—১ ড্রাম।

৪। বামনহাটী। ঢেঁড়স। বৃক্ষের ফল। বঙ্গদেশের সর্বত্র জন্মে। সচরাচর লোকে ইহার তরকারি খাইয়া থাকে। কাঁচাফলে প্রচুর পরিমাণ পিচ্ছিল মণ্ড (মিউসিলেজ) থাকে। ক্রিয়া—স্নিগ্ধকারক, মূত্রকারক, পোষক। পাতার পুল্টিস হয়। ব্যবহার—শ্বাসযন্ত্রের উগ্রতা ও কাশিরোগে ব্যবহার হয়। কচি ঢেঁড়স খণ্ড২ কাটা ৪ আউন্স, জল ১ পাইন্ট ২০ মিনিট ফুটাইয়া ছাঁকিবে। মাত্রা-যথেচ্ছা।

৫। বাবুইতুলসীবীজ। বৃক্ষের বীজ। ভারতবর্ষের অনেকস্থানে জন্মে। ক্রিয়া স্নিগ্ধকারক, শিথিল কারক, গনরিয়া ও মূত্র নলের শৈষ্মিক ঝিল্লির যাবতীয় প্রদাহ। শর্দ্দি, ডিসেণ্ট্রি, ক্রনিকডায়েরিয়া, প্রসবান্তে বেদনা, গ্যাষ্ট্রিকইরিটেশন, প্রদাহিত স্থানে স্থানিক। ১ড্রাম বীজ ৮আউন্স জলে ২ঘণ্টা ভিজাইলে মণ্ড প্রস্তুত হয়। মাত্রা যথেচ্ছা। বাবুইতুলসীবীজ জলে ভিজাইয়া রাখিলে ফুলিয়া উঠে তদবস্থায় পাতলা নেকড়ার থলের মধ্যে করিয়া পুল্টিস ব্যবহার করা যায়।

তেওড়িমূল। বৃক্ষের মূল। বঙ্গদেশের প্রায় সর্বত্র জন্মে। ক্রিয়া—বিরেচক, উগ্রতা গুণনাই। ব্যবহার কোষ্টবদ্ধ। শুষ্কমূলের

ত্বক চূর্ণের মাত্রা ২০—৪০ গ্রেণ। চিনির সহিত সেব্য। সচরাচর ২০ গ্রেণ ব্যবহৃত হয়। গ্রাম্য লোকে কাঁচামূল ও ব্যবহার করে।

কালাদানা। লতারবীজ। ভারতবর্ষের সকলস্থানে জন্মে। ক্রিয়া—বিরেচক, ইহা নিরাপদ ও নিশ্চিত। ক্রিমাক্রুত এবং জালাপ ও রেউচিনির মধ্যবর্ত্তী। জালাপের পরিবর্ত্তে ব্যবহার হয়। জালাপপাউডার পুরাতন হইলে অনেকসময় ভেদ না হইয়া পেট গরম ও পেটে বেদনাহয় কিন্তু কালাদানা টাটকা ভাগিয়া চূর্ণ করিলে প্রায় বিফল হয় না। জালাপের ন্যায় ইহাসেবনে বমনেচ্ছা হয় না। ব্যবহার—কোষ্ঠ বদ্ধ ইত্যাদি। চূর্ণেরমাত্রা ৩০—৫০ গ্রেণ। কালাদানা চূর্ণ ৫ ড্রাম, ক্রিম অফটার্টার ৯ ড্রাম, শুণ্ঠার চূর্ণ ১ ড্রাম একত্রে চূর্ণ ও মিলিত করিয়া, পাতলা কাপড়ে ছাঁকিবে। মাত্রা ৫০—৬০ গ্রেণ।

সোণামুখী। বৃক্ষের বীজ। ভারতবর্ষের উত্তর পশ্চিম অঞ্চলে জন্মে। পাটনা প্রভৃতি স্থান হইতে আমদানি হয়। ক্রিয়া বিরেচক, বলকারক। ক্রিয়া মৃদু ও নিরাপদ। চূর্ণের মাত্রা ২০—৩০ গ্রেণ। চর্ম্মরোগে বিরেচনজন্য ব্যবহার হয়। ইহাতে ২। ৩ টী দাস্ত হয়। বমনইচ্ছা ও পেটে কামড় হয় না।

হরিতকী। বৃক্ষের ফল, মহীসূর ও বঙ্গদেশে জন্মে। বালহরিতকী বা জঙ্গিহরিতকী অপক্ক ফল, ইহার বীজনাই ক্রিয়া বিরেচক। বড় হরিতকী পক্ক ইহা সঙ্কোচক গুনবিশিষ্ট। ক্রিয়া সাধারনতঃ বিরেচক, পাকা ফল সঙ্কোচক। মাত্রা বীজবিহিন অপক্ক হরিতকী চূর্ণের বিরেচক মাত্রা ১—২ ড্রাম। মধু মিলিত করিয়া সেব্য। হরিতকীফলের মাত্রা ৩—৬ টী।

৬টী হরিতকী চূর্ণ, দারুচিনি কিম্বা লবঙ্গ চূর্ণ ১ ড্রাম, জল

কিম্বা দুগ্ধ ৪ আউন্স। ১০মিনিট ফুটাইলে, ছাঁকিয়া শীতল হইতে দিবে। এই পরিমাণ পূর্ণবয়স্কে সেবন করিলে, পেটে বেদনা বা বমন ইত্যাদি কোন অসুখ ব্যতীত ৩।৪ দাস্ত হয়। ১২—১৪ বৎসর বয়স্কের জন্য পরিমাণ উহার অর্দ্ধেক। বালক ও শিশুদের জন্য হরিতকি অব্যবস্থা। সকল প্রকার হরিতকী স্থানিক ব্যবহারে সংকোচক, পক্ক হরিতকী সংকোচন ক্রিয়া জন্য স্থানিক ব্যবহার হয়। বয়ড়া ২ আমলা ৪ ও হরিতকী ১ ভাগ লইয়া জলে সিদ্ধ করিলে ত্রিফলাজল প্রস্তুত হয়। এই জল দন্তমূল ও মুখক্ষতে কুল্লি এবং শ্বেত প্রদরাদিতে পিচকারি দেওয়া যায়।

তেঁতুল। বৃক্ষের পক্কফল। বঙ্গদেশে বিস্তর জন্মে। ক্রিয়া শৈত্যকারক, মৃদু বিরেচক। পুরাতন তেঁতুল সচরাচর ব্যবহার হয়। বিরেচক মাত্রা।০ আউন্স।

পটোল। পত্র, ফল ও লতা ব্যবহার হয়। ফল তরকারি, পাতা রোগান্তে দুর্ব্বলাবস্থায় ঝোলরূপে ব্যবহার হয় উহার কন্দ বা মূলের মোটা অংশ অতিবিরেচক, ইলাটী রিনমের ন্যায় ভেদ হয়।

ঘৃতকুমারী। দেশীয়। বৃক্ষের নির্য্যাস রস শুষ্ক করা। ইহাকে মুশব্বর বলে। ক্রিয়া বিরেচক কঁচাপাতাহইতে প্রস্তুত মিউসিলেজ স্নিগ্ধকারক। গনরিয়ায় ব্যবহার হয়।

নাটাকরঞ্জা, কটকরঞ্জা। বৃক্ষের বীজ। বঙ্গদেশে জন্মে ক্রিয়া-বলকারক, জ্বরঘ্ন ফলমধ্যস্থ শস্যচূর্ণ .০—১৫ গ্রেণ মাত্রায় ব্যবহার হয়। পালাজ্বরে বিশেষ উপকারক। কুইনাইন দুষ্প্রাপ্য হইলে উহার পরিবর্তে ব্যবহার্য্য।

নাটাফলচূর্ণ ২ আং গোলমরিচচূর্ণ ১ আং একত্রমিলিত করিয়া

উত্তমরূপে আবদ্ধ বোতলে রাখিবে মাত্রা ১০—১৫ গ্রেণ দিবসে ৩ বার, এইপ্রকারে ব্যবহার বিশেষ ফলপ্রদ ও সুগন্ধহয়।

আতিস। বৃক্ষের কন্দ ভারতবর্ষে জন্মে। ক্রিয়া—তিক্ত, বলকারক, পর্য্যায় নিবারক। ব্যবহার—দুর্ব্বলতা, পালাজ্বর। চূর্ণের মাত্রা২০—৩০ গ্রেণ পর্য্যায় নিবারক। ৫—১০ গ্রেণ বলকারক।

বাসাক্ত। বৃক্ষের মূল ও শাখা হইতে জলদ্বারা প্রস্তুত সার বিশেষ। হিমালয় প্রদেশেজন্মে। ক্রিয়া—বলকারক,পর্য্যায় নিবারক। ব্যবহার—দুর্ব্বলঅবস্থা, পর্য্যায় জ্বর, স্থানিক—চক্ষু প্রদাহে অক্ষিপুটে লেপাদেয়। মাত্রা ১০—২০ গ্রেণ।

কালমেঘ। ঔষধির মূল ও কন্দ। বঙ্গদেশের সর্ব্বত্র জন্মে। ক্রিয়া—তিক্ত, বলকারক, আগ্নেয়। রোগান্তে দুর্ব্বলতা ও অজীর্ণ রোগে ব্যবহার হয়। ক্রিয়া—কুয়াশিয়ার ন্যায়। ||০ আউন্স কালমেঘচূর্ণ, ৬০ গ্রেণ কমলাত্বক, ৬০ গ্রেণ ধনে ১০আউন্স ফুটিত জল আবৃত পাত্রে ১ঘণ্টা ভিজাইয়া ছাকিবে। মাত্রা ১—২ আং। কালমেঘ খণ্ডং বিভক্ত ৬ আউন্স, মার ১ আউন্স, এলোজ ১ আউন্স ব্রাণ্ডি ২ পাইন্ট, সপ্তাহকাল আবৃত পাত্রে ভিজাইয়া মধ্যেং নাড়িবে, ফিল্টার বা পার্কোলেট করিবে। মাত্রা ১—২ ড্রাম বলকারক, উত্তেজক, বিরেচক

নিম্ববল্কল। নিমছাল। ক্রিয়া বলকারক, পর্য্যায় নিবারক অল্পসঙ্কোচক। ব্যবহার—পালাজ্বর, দুষণ অবস্থা। নিমপাতা সিদ্ধ জলে ক্ষত ধৌতকরিলে উপকার হয়। নিমপাতা বাঁটিয়া লইলে উত্তম পুল্টিশ প্রস্তুতহয়। নিম্ববল্কলের অভ্যন্তর অংশ ২ আং জল ১||০ পাইন্ট আবৃত পাত্রে ১৫ মিনিট সিদ্ধ করিয়া ছাঁকিয়া লইবে মাত্রা ১—২ আউন্স।

ছাতিম। বৃক্ষেবল্কল। বঙ্গদেশে অনেক জন্মে। ক্রিয়া বলকারক, পর্য্যায় নিবারক, সঙ্কোচক। ব্যবহার ক্রনিক ডায়েরিয়া ওডিসেণ্ট্রী, তুর্ব্বলতা মাত্রা—চূর্ণ ৩—৫ গ্রেণ। ছাতিম ২॥০ আউন্স প্রুফস্পিরিট ১ পাইণ্ট পার্কোলেশন বা মেসিরেশনদ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১—২ ড্রাম। ছাতিম বল্কল ।।০ আউন্স স্ফুটিত জল ১০ আউন্স আবৃত পাত্রে ১ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে। মাত্রা ১—২ আউন্স।

গোলঞ্চ। দেশীয় লতা। মূল ও কন্দ ঔষধে ব্যবহার হয়। ক্রিয়া—বলকারক, পর্য্যায়নিবারক, মূত্রকারক, পরিবর্ত্তক। ব্যবহার—পালাজ্বর, তুর্ব্বলতা, বাত, উদরি ও শোথ, যকৃতসংযুক্ত পুরাতনজ্বর, প্রমেহ, উপদংশ। গোলঞ্চ খণ্ড২ কাটা ১ আউন্স শীতল জল ১০আউন্স, আবৃত পাত্রে ৩ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে মাত্রা ১—৪আউন্স দিবসে তিনবার। টিনাফক্টসন সিনামন সমপরিমাণ মিলাইয়া ব্যবহারে সেবনে কষ্ট হয় না। গোলঞ্চের পালবা একষ্ট্রাক্ট ব্যবহার হয়। ডিককশন সার্জাডিককশন ন্যায় প্রস্তুত হয়। পাল শ্বেতবর্ণ, ময়দার মত চূর্ণ, অতিশয় তিক্ত।

ভাঁট, ঘেটু। দেশীয়। বৃক্ষের পাতারস। ক্রিয়া—কৃমী নাশক, পর্য্যায় নিবারক, বলকারক, শিশুদের জন্য বিশেষ উপযোগী। প্রাপ্ত বয়স্কের মাত্রা ১—৪ ড্রাম ব্যবহার—কৃমী, রাউণ্ড ও থ্রেড ওয়ারম, পালাজ্বর, অজীর্ণ।

ক্ষেতপাপড়া। দেশীয় উদ্ভিদ। সমুদয় অংশ ঔষধে ব্যবহার হয়। ক্রিয়া—তিক্ত বলকারক, মূত্রকারক, পরিবর্ত্তক, মৃদুবিরেচক, রক্তশোধক, জ্বরঘ্ন। ব্যবহার—অজীর্ণ, পুরাতনজ্বর, দুর্ব্বলতা পালাজ্বর, যকৃতের ক্রিয়াবিকার ইত্যাদি। ইহা অনেকঅংশে

টেরাক্সিকামেরন্যায়, কবিরাজগণ প্রায়ই অন্যান্য ঔষধ সহিত ক্বাথ বা পাচন আকারে ব্যবহার করেন। ক্ষেতপাপড়ার অমিশ্র টিংচার ও প্রস্তুত করাযায়। ক্ষেতপাপড়া ১ আউন্স, জল ১ পাইন্ট ১০ মিনিট ফুটাইয়া ছাঁকিবে। মাত্রা ১—২ আউন্স।

কণ্টকলিকা। দেশীয়। বৃক্ষের মূল। ক্রিয়া মূত্রকারক, বলকারক। ব্যবহার—শোথ, পাথুরী। কণ্টকলিকামূল ১ আউন্স জল ১ পাইন্ট সিদ্ধ করিয়া ১৪ আউন্স থাকিতে নামাবে। ছাঁকিয়া ব্যবহার করাযায় মাত্রা ॥০—১॥০ আউন্স।

গোক্ষুরা ফল। বড় গোক্ষুরা। দেশীয়। বৃক্ষের ফল। ক্রিয়া—মূত্রকারক, বলকারক, স্নিগ্ধ কারক, কামোদ্দীপক। ব্যবহার—প্রমেহ, কাশ, ধ্বজভঙ্গ। মূত্রযন্ত্রের উগ্রতা ইত্যাদি।

লালতে পাতা। পাটপাতা। দেশীয়। পাট গাছের পাতা। পাটপাতা শুষ্ক করিয়া লালতে পাতা নামে বিক্রয় হয়। ক্রিয়া—তিক্ত, বলকারক, আগ্নেয়। ব্যবহার—জ্বরান্তে দুর্ব্বলতা, পুরাতন জ্বর, আমাশয় ও উদরাময়ের পর দুর্ব্বলতা, অজীর্ণ। লালতে পাতা ।০—॥০ আউন্স পরিষ্কার শীতল জল ১০ আউন্স এক ঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আউন্স। সচরাচর পাটপাতা শীতল জলে সমস্ত রাত্রি ভিজাইয়া প্রাতে ছাঁকিয়া ব্যবহার করিয়া থাকে।

গন্ধ ভাদুলী। গাঁদাল। দেশীয়। লতার সমুদয় অংশ ব্যবহার হয়। অত্যন্ত দুর্গন্ধ বলিয়া এই নাম হইয়াছে। ক্রিয়া—স্নিগ্ধকারক ও মৃদু সঙ্কোচক গুন বলিয়া উদরাময় ও আমাশয়ের রোগীর তরকারি রূপে বিস্তর ব্যবহার হয়। রন্ধন করিলে দুর্গন্ধ অনেক দূর হয়।

রক্তম কাষ্ঠ। শ্যামদেশ জাত। ফরিদপুর প্রভৃতি স্থানে ও জন্মে। ক্রিয়া—সঙ্কোচক। ক্রিয়া ব্যবহার ও প্রয়োগরূপ লগউডের অনুরূপ এবং উহার পরিবর্ত্তে ব্যবহার হইতে পারে।

বাবলাছাল। দেশীয়। ইহার আঠা গমএ্যাকেসিয়ার পরিবর্ত্তে ব্যবহার হইতে পারে। বাবলাছাল প্রবল সঙ্কোচক, ওকবার্কের পরিবর্ত্তে ব্যবহার হইতে পারে। বাবলার ডিকক্শন, কুল্লি ও শ্বেতপ্রদরাদিতে যোনীপ্রনালী প্রভৃতিতে পিচকারী রূপে ব্যবহারে বিশেষ উপকার হয়। প্রয়োগরূপ ওকবার্কের ন্যায়।

গাব। দেশীয়। ফলের রসে শতকরা ৬০ ভাগ ট্যানিক এসিড আছে। ক্রিয়া—সঙ্কোচক। গাব ফলের রস বাহির করিয়া ওয়াটার বাথের তাপে শুষ্ক করিলে এক্সট্রাক্ট প্রস্তুত হয়। মাত্রা ১—৫ গ্রেণ। ২ ড্রাম এক্সট্রাক্ট ১ পাইণ্ট জলে দ্রব করিলে কুল্লি ও পিচকারির জল প্রস্তুত হয়। ব্যবহার ক্রণিক ডায়েরিয়া ও ক্রণিক ডিসেণ্টি। স্থানিক—লিকোরিয়া, দন্তমাড়ির স্ফীততা।

কুরচি। কুটজ। দেশীয়। বৃক্ষের মূলের ত্বক অধিক উপযোগী। ক্রিয়া—ডিসেণ্টি নাশক, সঙ্কোচক, পর্য্যায় নিবারক, বলকারক। ব্যবহার—ডায়েরিয়া, ডিসেণ্ট্রি প্রভৃতি উদরগহ্বরের পীড়া। রক্তামাশয়ে ইহা প্রায় অব্যর্থ, ইহার বীজকে ইন্দ্রযব বলে। ইন্দ্রযব ক্রিমিনাশক। কুরচি মূলের বল্কল চূর্ণ ৪ আউন্স ১ পাইণ্ট জলে সিদ্ধ করিয়া অর্দ্ধেক বা ১০ আউন্স থাকিতে নামাইয়া উষ্ণাবস্থায় ছাঁকিবে। মাত্রা ১—২ আউন্স। মূলের বল্কল কাঁচা ও শুষ্ক উভয় অবস্থায় ব্যবহার হইতে পারে।

জ্বরান্তে দুর্ব্বলতা সহ উদরাময় কিম্বা আমাশয়ের সঞ্চার থাকিলে বিশেষ উপযোগী।

পলাস। কিংসুক। দেশীয়। বৃক্ষের ত্বক হইতে নিঃসৃত গঁদ। ইহাকে বেঙ্গল কাইনোবলে, গ্রীষ্মকালে বৃক্ষের ত্বক ছেদ করিলে লালবর্ণ রস নির্গত হয়, এই রস ক্রমে ঘন হইয়া গঁদ প্রস্তুত হয়। ইহাতে প্রচুর পরিমাণ টেনিক ও গেলিক এসিড আছে। রাসায়নিক উপাদান ও ভেষজ গুণ ঠিক কাইনোর ন্যায়। মাত্রা ৫—৩০গ্রেণ। দারুচিনি সহিত চূর্ণাকারে সেব্য। ক্রিয়া—সঙ্কোচক। ব্যবহার পুরাতন উদরাময়, পাইরোসিস ইত্যাদি। সঙ্কোচক ক্রিয়া জন্য বাহ্যপ্রয়োগ হয়। পলাসবীজ উৎকৃষ্ট কৃমী নাশক।

রক্তচন্দন। দেশীয়। বৃক্ষের কাষ্ঠ। ক্রিয়া সঙ্কোচক। কবিরাজগণ রক্তস্রাবাদি রোগে ব্যবহার করেন।

বহেড়া। দেশীয়। বৃক্ষের ফল। ক্রিয়া—সঙ্কোচক, মৃদু বিরেচক, বলকারক, আগ্নেয়। ব্যবহার—উদরাময়াদি রোগ। অজীর্ণ। স্থানিক—শ্বেত প্রদরে পিচকারি, মুখগহ্বর ও গলার রোগে কুল্লি।

আমলকি। আমলা। বৃক্ষের ফল। ক্রিয়া—সঙ্কোচক। কাঁচাফল অম্ল ও বিরেচক, স্নিগ্ধকারক, আগ্নেয়। শুষ্ক ফল সঙ্কোচক। ইহার মোরব্বা প্রস্তুত হয়। ব্যবহার—অজীর্ণ, উদরাময়, স্কার্ভি। আমলারমাথা ঘসিলে, কেশ পরিষ্কার ও সুরভি হয়; আমলার কচিশাখা জলে দিলে জল পরিষ্কার হয়।

নাগকেশর। নাগেশ্বর। বৃক্ষের ফুল। ক্রিয়া—সঙ্কোচক ব্যবহার অর্শ। মাত্রা—শুষ্ক পুষ্পচূর্ণ ২০—৬০ গ্রেণ মাখনের

সহিত সেব্য। নাগেশ্বর বীজের তৈলকে নহুর অয়েল বলে পাচড়া রোগে উপকারী।

সোমরাজ। ওষধি। বঙ্গদেশের সর্ব্বত্র জন্মে। বৃক্ষের সকল অংশ অত্যন্ত তিক্ত কিন্তু বীজমাত্র ঔষধে ব্যবহার হয়। ক্রিয়া—তিক্ত, কৃমী নাশক, মূত্রকারক। বীজচূর্ণের মাত্রা ২০গ্রেণ।

পিপুল। লতার শুষ্ক ফল। বঙ্গদেশেজন্মে। ক্রিয়া—বায়ুনাশক, উত্তেজক, পরিবর্ত্তক, মৃদুবিরেচক। ব্যবহার—কফ, কাশি প্রভৃতি শ্বাস যন্ত্রের পীড়া, অজীর্ণ। পিপুল, গোলমরিচ ও আদা একত্রে বাঁটিয়া খাইলে বায়ুজনিত (পেট ফাঁপা) শূলপীড়ায় অতিশয় উপকারি। আমাদের দেশীয় প্রথায় প্রসবের পর যে ঝাল দেওয়া হয় তাহার প্রধান দ্রব্য পিপুল, কফ ও শ্লেষ্মার দমন করিয়া শরীরকে উত্তেজিত রাখিবার জন্য সম্ভবতঃ এইপ্রকারে পিপুল ব্যবহার হয়। চূর্ণের মাত্রা ২—৮ গ্রেণ। পিপুল, চাট্নি, ডিককশন, ইনফিউশন ইত্যাদি আকারে ব্যবহার হয়।

বাকশ। বৃক্ষের পত্র ও মূলের বন্ধল। ভারতবর্ষের সর্ব্বত্রজন্মে। ক্রিয়া—কফঃ নিঃসারক, আক্ষেপ নিবারক। ব্যবহার যক্ষ্মাকাশ ও তৎসহজ্বর, এজমারোগে অনেক সময় এরূপ আশ্চর্য্য ফলদেয় যে তদ্দর্শনে কেহকেহ ইহাদ্বারা এই রোগের পেটেণ্ট ঔষধ প্রস্তুত করিয়াছেন। পালাজ্বরেও ইহারদ্বারা উপকার হয়। মাত্রা—পাতার রস ১ ড্রাম দিবসে ২ বার, স্পিরিট সহিত সকস প্রস্তুত করিয়া ব্যবহার করাযায়। পাতার ও মূলের ইনফিউজনওডিককশন এবং সিরপ ব্যবহার করাযাইতে পারে।

উলটকমল। বৃক্ষের মূলের বন্ধল। পূর্ব্বওউত্তরবঙ্গে জন্মে। ক্রিয়া—রজোনিঃসারক, জরায়ুর উপর বিশেষপ্রকার ক্রিয়া আছে।

কষ্টরজঃ, রজোলোপ, রক্তের অনিয়মিততা, লিকোরিয়া, গনরিয়া প্রভৃতি রোগে বিশেষ উপকারক জরায়ু ও ঋতু সম্বন্ধীয় রোগে বন্ধ্যাতা জন্মিলে উলট কম্বলে প্রায় আরোগ্য হয়। শুষ্ক মূলের বল্কল ১০।১৫ গ্রেণ মাত্রায় গোলমরিচ সহিত জলদিয়া বাটিয়া প্রত্যহ প্রাতে শূন্যোদরে একবার করিয়া ঋতুর তিনদিন পূর্ব্বে খাইতে হয়। একবারে আরাম না হইলে বার ২ এই নিয়মে ব্যবহার্য্য। আমরা সচরাচর বার আনাওজন কাঁচা মূল (ত্বক ও কাষ্ঠসহ) ৭টী গোলমরিচ সহিত ৷৹ হইতে ১ ছটাক জলে বাটিয়া ঋতুর ৭ দিন পূর্ব্বে প্রত্যহ খাইতে ব্যবস্থাদিয়া যথেষ্ট উপকার হইতে দেখিয়াছি। কষ্টরজঃ বা বাধক পীড়াতেই সচরাচর অধিক ব্যবহার হয়। ইহার টিংচার প্রস্তুত হইতে পারে।

কাঁচামূলে যথেষ্ট মিউসিলেজ আছে একিউট গনরিয়ায় বিশেষ উপকারী

মুক্তঝুরি। ক্ষুদ্র বৃক্ষের মূল, পত্র ও শাখা। বঙ্গদেশের সর্ব্বত্র জন্মে। ক্রিয়া— পত্রের রস বমনকারক, কফনিঃসারক, বালক ও শিশুদের জন্য উপযোগী। অবসাদকগুণ নাই। বালক ও শিশুদের কফ কাশী রোগে ব্যবহার্য্য। সরস পত্রের রস সচরাচর ব্যবহার হয়। মাত্রা ১ ড্রাম। পত্র ও মূলের রস মৃদু বিরেচক।

গন্ধবিরোজা। ইণ্ডিয়েন টেরিবিন্থিনি। গঁদ ও ধুনাযুক্ত নির্য্যাস। বৃক্ষ হিমালয় প্রদেশ, সাহাবাদ ও মধ্য ভারতবর্ষে জন্মে। ক্রিয়া—স্থানিক উত্তেজক, উগ্রতাসাধক। পুরাতন ক্ষত উত্তেজিত করিয়া আরোগ্য করিতে ইহার মলম ব্যবহার হয়। পীত মোম ১ ভাগ, গন্ধবিরোজা ১ ভাগ তিলতৈল ২ ভাগ, একত্র গলাইলে মলম প্রস্তুত হয়।

চালমুগরা। বৃক্ষের বীজ হইতে প্রস্তুত তৈল। আসাম প্রদেশে জন্মে। চালমুগরা তৈল স্নিগ্ধকারক, পরিবর্ত্তক। বিবিধ চর্ম্মরোগে স্থানিক ব্যবহার হয়। চালমুগরা তেল ১ পাইন্ট, স্পার্ম্মেসিটাই ২ আউন্স মোম ৬ আউন্স তাপে গলাইয়া ছাঁকিলে মলম প্রস্তুত হয়।

নির্ম্মালী। বৃক্ষের বীজ। ক্রিয়া—জলপরিষ্কারক। একটী বীজ মলিন জলপূর্ণ কলসের মধ্যে ২।৩ মিনিট কাল ঘ সয়া দিলে অল্পকাল মধ্যে জল নির্ম্মল হয়।

ভেলা। বৃক্ষের বীজ। ভারতবর্ষের পার্ব্বত্য প্রদেশে জন্মে। ভেলার আঠা কাপড়ে লিখিলে উঠে না। চুনদিলে আরও পাকা হয়। ভেলার রস তীব্র। উলকী (গোদানী) টিপ প্রভৃতি দ্বারা গাত্রে স্থায়ীদাগ করিতে ব্যবহার হয়। গাত্রে লাগিলে ঘা হয়। ঘা শীঘ্র আরাম হয় না। এই ঘায়ের রস গাত্রের সুস্থস্থানে লাগিলে তথায় ঘা হয়। লিকোডর্ম্মা ও এ্যানেস্থেসিয়া রোগে অনেকে ব্যবহার করেন। ফল সন্তোষ প্রদ নহে। যাতনা অধিক। ভেলার তেল ফোস্কাকারক।

জৈন্তি। বৃক্ষ। বঙ্গদেশে বিস্তর জন্মে। ইহার পাতা ঔষধে ব্যবহার হয়। জৈন্তি পাতার পুল্টিস অর্কাইটিস, হাইড্রোসিলের প্রথম ও প্রদাহ অবস্থা, হাত, পা প্রভৃতি স্থানে গোদ, লিম্ফেন্জাইটিস প্রভৃতি রোগে সাধারণ লোক বিস্তর ব্যবহার করিয়া থাকে। পাতা উষ্ণ জলের সহিত অল্প পিষিয়া বা বাঁটীয়া পুল্টিস ব্যবহার করে। ক্রিয়া—শোষক, বেদনানিবারক।

পুদিনা। বমননিবারক। আগ্নেয়, বায়ুনাশক। সাধারণ লোক বমন নিবারণ জন্য ইহার পাতা ব্যবহার করে।

ক্যাকমারি। বৃক্ষের ফল। অতিশয় বিষ। চূর্ণ ৮০ গ্রেণ, ১ আউন্স উষ্ণবসাব সহিত মিলাইয়া মলম হয়। উকুন রোগে স্থানিক ব্যবহাব উপকারী। মস্তকের চর্ম্মে ক্ষত থাকিলে, এবং বিস্তৃত স্থানে ব্যবহার নিষিদ্ধ।

শজিনা। সদ্য মূল। গন্ধাস্বাদ ও আকাব প্রকার বিলাতী হর্সরেডিস ন্যায়। ক্রিয়া—উত্তেজক, মূত্রকারক। স্থানিক প্রয়োগে উগ্রতাসাধক, ফোস্কাকারক, লালানিঃসারক। শজিনার মূলের রস মাষ্টার্ড সহিত মিশাইয়া ব্যবহার করিলে ক্রিয়া প্রবল ও দ্রুত হয়।

লালচিত্রা। বৃক্ষ। ক্রিয়া উগ্রতা সাধক, ফোস্কাকারক, মূলের বল্কল বাঁটীয়া চালগুঁড়ার সহিত মিশ্রিত করিয়া লাগাইলে ফোস্কা হয়। ইহাদ্বারা ফোস্কা হইলে অত্যন্ত যন্ত্রণা হয়। ইতর লোকেরা গর্ভপাত জন্য চিতা ব্যবহার করে।

জোয়ান্। বৃক্ষের বীজ। ক্রিয়া আগ্নেয়, উত্তেজক, বায়ু-নাশক। ব্যবহার—অজীর্ণ, শূল।

তাড়ি। তাল ও খেজুরের রস রাখিয়া দিলে পচিয়া ফেনা উঠে—ইহাকে তাড়ি বলে। তাড়ির স্থানিক ক্রিয়া ইষ্টের ন্যায় পচন নিবারক, দুর্গন্ধহারক, উত্তেজক। পচাক্ষত, কার্ব্বঙ্কল, প্রভৃতিতে তাড়ির পুল্টিশ ব্যবহার হয়। তাড়ি ময়দা কিম্বা চাল গুঁড়া সহিত মিলাইয়া গরম স্থানে রাখিলে ফুলিয়া উঠে, উহাকে মৃদু তাপে উষ্ণ করিয়া পুল্টিশ প্রস্তুত করা হয়। তাড়ি বায়ুতে রাখিয়া দিলে সুরাতে পরিনত হয়। উহাকে চুয়াইলে দেশী মদ্য হয়। (নিম্নে একটী নূতন ঔষধ)—

কোটোবার্ক। বৃক্ষেরত্বক। চূর্ণের মাত্রা ১—৮ গ্রেণ দিবসে ৪—৬ বার। এক্সট্রাক্টম কোটো লিকুইডম মাত্রা ২—৬

মিলিন। টিংচুরা কোটো মাত্রা ১০ফোটা মিউসিলেজ কিম্বা সিরপ সহ সেবা।

কোটোইন কোটবার্ক হইতে প্রস্তুত মাত্রা ॥০--২ গ্রেণ।

ক্রিযা—সঙ্কোচক। ব্যবহার, ডায়েরিযা, কলেরা, যক্ষ্মাসংসৃষ্ট ডায়েরিয়া, শিশুদের ডায়েরিয়া, কেটার অফ দি ষ্টমাক।

পেটেণ্ট ঔষধ।

ওয়ার বর্গস ফিভার টিংচার। ইহা সলফেট অফ কুইনাইন, এলোজ, অহিফেন, রুবার্ব, কেম্ফার ও কয়েকটী সুগন্ধ দ্রব্যের টিংচার। ক্রিয়া জ্বরঘ্ন, পর্য্যায় নিবারক, ঘর্ম্মকারক। ব্যবহার রেমিটেণ্ট ও ইণ্টার মিটেণ্ট ফিবার। মাত্রা ১—৪ ড্রাম।

এটকিনস সিরপ বা ইষ্টনস সিরপ। ইহাতে ফস্ফেট অফ আয়রণ, ফস্ফেট অফ কুইনাইন ও ফাস্ফেট অফ ষ্ট্রীক নাইন, সিরপ সহিত মিশ্রিত। মাত্রা ১ ড্রাম ক্রিয়া—বলকারক, পর্য্যায় নিবারক।

পেরিসেস কেমিকেল ফুড। সিরপ ফেরি ফস্ফেটিস, লাইম, সোডা এবং পটাস। ক্রিয়া-পোষক, বলকারক। মাত্রা ১ ড্রাম। বালকের জন্য ১০ ফোঁটা জলের সহিত আহারান্তে সেবা।

ফেলোজ সিরপ। সিরপ অফ হাইপো ফস্ফাইটস অফ পটাস, লাইম, আয়রণ মেনগেনিজ, কুইনাইন এবং ষ্ট্রিকনাইন। ক্রিয়া-পোষক, বলকারক, পর্য্যায় নিবারক। মাত্রা ১ ড্রাম, জলের সহিত আহারান্তে সেবা।

রুবিনিস কেম্ফর স্পিরিট। কর্পূর সমপরিমাণ আলকোহলে দ্রব। ক্রিয়া ধারক। ব্যবহার ডায়েরিয়া, কলেরা। মাত্রা ৫—১০ ফোঁটা। চিনির সহিত সেবা।

ক্লোরোডাইন। ইহাতে মর্ফিয়া, ক্লোরোফরম, হাইড্রোসি-

ফ্লানিক এসিড, রেক্টিফাইড্ স্পিরিট্ কেনাবি সইণ্ডিকা, সিরপ, গুড়, । জৈষ্ট মধুব সাব পেপাবমিণ্টতৈল, লঙ্কামরিচ প্রভৃতি থাকে ক্লোরোডাইন নানাপ্রকাব ইহাব উপাদান ও বিবিধ। কিন্তু সকল গুলির প্রধান উপাদান প্রথমোক্ত ৩টী কি ৪টী দ্রব্য। মাত্রা কলিস ব্রাউনের ১০—৭০ ফোটা ১ আউন্স জলে ৩। ৪ ঘণ্টান্তব সেব্য। ক্রিয়া বেদনা নিবাবক, আক্ষেপ নিবাবক, বমন নিবারক। ধাবক, নিদ্রাকাবক।

কড্লিবার অয়েল। কেপশাবেব মাণ্ট এক্সট্রাক্ট সহ ইমলসন ইহা গন্ধহীন। সুমিষ্ট, সহজে জীর্ণ হয়।

স্কটস ইমলসন অফ্ কড্ লিভাব অয়েল, হাইপো ফস্ফাইট অফ লাইম ও সোডাসহ ইমলসন। ইহাতে কড্লিভার অয়েলের দুর্গন্ধ নাই, মিষ্ট, সহজে জীর্ণহয় ক্রিয়া পোষক, পরিবর্ত্তক, বল কারক। মৃদুবিরেচক। মাত্রা ৪ ড্রাম।

গ্রিমণ্টস সিরপ অফ্ হাইপো ফস্ফাইট অফ লাইম। ক্রিয়া—বলকারক। ব্যবহার থাইসিস ক্রনিক ব্রঙ্কাইটিস। মাত্রা ৪ ড্রাম।

ডুস্যাটস্ সিরপ অফ্ লেকটো ফস্ফেট অফ লাইম। ক্রিয়া—বলকারক, পোষক। ব্যবহার স্ক্রফিউলা, দুর্ব্বলতা, রিকেটস, মাত্রা ৪ ড্রাম আহারের পূর্ব্বে সেব্য।

কলেরা পিলস্। (১) ধাবক—আফিম ১ গ্রেণ হিং ১ গ্রেণ, কর্পূর ১ গ্রেণ, গোলমরিচ চূর্ণ ১ গ্রেণ একত্রে মিশ্রিত করিয়া ১টী বটিকা প্রস্তুত কর। প্রতিদাস্তের পর ১টী করিয়া বা অবস্থা বিশেষে ১।২ কি ৩ ঘণ্টাপর সেব্য। (২) উত্তেজক পিল ধারক পিলের মত কেবল প্রতিপিলে ১ গ্রেণ অহিফেন নাদিয়া তৎপরিবর্ত্তে ১ বিন্দু কাজুপটি তৈল দেওয়া হয়। (৩ লেড কলরা পিলস অহিফেন ·০ গ্রেণ সুগর অফ্ লেড ৩ গ্রেণ মধু যথাবশ্যক এক বটীকা প্রস্তুত করিবে।

সম্পূর্ণ।